- * সমবাহু ত্রিভুজের বাহুগুলোর মধ্যবিন্দু যোগকরণে যে ত্রিভুজটি পাওয়া যায়, তাও সমবাহু ত্রিভুজ হবে।
- △ সমদ্বিবাহু ত্রিভুজ : কোনো ত্রিভুজের দুইটি বাহু সমান হলে, তাকে সমদ্বিবাহু ত্রিভুজ বলা হয়।




চিত্রে, $\triangle ABC$: $AB = AC$: $\triangle ABC$ একটি সমদ্বিবাহু ত্রিভুজ।

- কোনো ত্রিভুজের ভূমির প্রান্ত বিন্দুদ্বয় থেকে বিপরীত বাহুর উপর অঙ্কিত লম্বত্রয় যদি সমান হয়, তবে ত্রিভুজটি সমদ্বিবাহু।
- *কোনো ত্রিভুজের ভূমির প্রান্ত বিন্দুদ্বয় থেকে বিপরীত বাহুর উপর অঙ্কিত মধ্যমাত্রয় যদি সমান হয়, তবে ত্রিভুজটি সমদ্বিবাহু।
- কোন ত্রিভুজের শিরঃকোণের সমদ্বিবাহুকে যদি ভূমির উপর লম্ব হয়, তবে ত্রিভুজটি সমদ্বিবাহু।
- △ বিষমবাহু ত্রিভুজ : যে ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্যই ভিন্ন ভিন্ন; অর্থাৎ একটির দৈর্ঘ্যের সাথে আরেকটির মিল নেই, তাকে বিষমবাহু ত্রিভুজ বলা হয়।



$\triangle ABC$: $AB \neq BC \neq CA$ $\triangle ABC$ একটি বিষমবাহু ত্রিভুজ।

সমকোণী ত্রিভুজ : যে ত্রিভুজের একটি কোণ সমকোণ, অর্থাৎ একটি কোণের পরিমাপ 90° , তাকে সমকোণী ত্রিভুজ বলে।



সমকোণী ত্রিভুজের সমকোণের বিপরীত বাহুকে বলা হয়, অতিভুজ।

সমকোণী ত্রিভুজের অতিভুজই বৃহত্তম বাহু।

সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের একটি ভূমি এবং অন্যটিকে লম্ব বলে।

সমকোণী ত্রিভুজের সমকোণ ভিন্ন অন্য দুইটি কোণ হবে সূক্ষকোণ।

কোনো ত্রিভুজের একটি কোণ যদি অপর দুইটি কোণের সমষ্টির সমান হয়, তবে ত্রিভুজটি সমকোণী।


বি.প্র: সমকোণী ত্রিভুজ থেকে পরীক্ষাতে প্রায়ই প্রশ্ন থাকে। মনে রাখতে হবে, সমকোণী ত্রিভুজে বাহুগুলোর দৈর্ঘ্যের সাধারণ অনুপাত হলো, ৩,৪,৫; ৬,৮,১০; ১২, ১৩, ৫; ১৫,১৭,৮।

সূক্ষকোণী ত্রিভুজ : যে ত্রিভুজের তিনটি কোণই সূক্ষকোণ, অর্থাৎ প্রত্যেকটি কোণই 90° থেকে ছোট, তাকে সূক্ষকোণী ত্রিভুজ বলে।



ABC ত্রিভুজের $\angle A, \angle B, \angle C$ হলেওটি কোণই সূক্ষকোণ। ... ত্রিভুজটি সূক্ষকোণী।

স্থূলকোণী ত্রিভুজ : যে ত্রিভুজের একটি কোণ স্থূলকোণ, অর্থাৎ একটি কোণ 90° থেকে বড় কিন্তু 180° থেকে ছোট, তাকে স্থূলকোণী ত্রিভুজ বলে।




ABC ত্রিভুজের $\angle B$ স্থূলকোণ। অতএব, ত্রিভুজটি স্থূলকোণী।

$\angle A, \angle C$ হলেওটি কোণই হবে সূক্ষকোণ।

স্থূলকোণী ত্রিভুজের স্থূলকোণ ভিন্ন অন্য দুইটি কোণ সূক্ষকোণ।

সর্বসম ত্রিভুজ : দুইটি ক্ষেত্র সর্বসম হবে যদি একটি ক্ষেত্র অন্যটির সাথে সার্বিকভাবে মিলে যায়। সর্বসম বলতে আকার ও আকৃতি সমান বোঝায়।

সর্বসমতা নির্দেশক চিহ্ন :



$\triangle ABC \cong \triangle DEF$

$AB=DE, AC=DF, BC=EF$ এবং

$\angle A=\angle D, \angle B=\angle E, \angle C=\angle F$

$\triangle ABC \cong \triangle DEF$

দুইটি ত্রিভুজের নিম্নলিখিত বিষয়গুলো সমান হলেই ত্রিভুজ দু'টি সর্বসম হবে।

১) দুই বাহু এবং তাদের অন্তর্ভুক্ত কোণ।

২) তিন বাহু।

৩) দুইটি কোণ এবং একটি বাহু।

৪) একটি কোণ সমকোণ, অতিভুজ এবং এক বাহু।

বি.প্র: মনে রাখতে হবে, ত্রিভুজ দুইটি সর্বসম হলে তার ক্ষেত্রফলও সমান হবে। কিন্তু ক্ষেত্রফল সমান হলে ত্রিভুজ দুইটি সর্বসম নাও হতে পারে।

সদৃশকোণী : দুইটি ত্রিভুজের একটির তিনটি কোণ অপর ত্রিভুজটির তিনটি কোণের সমান হলে, ত্রিভুজ দুইটিকে সদৃশকোণী ত্রিভুজ বলা হয়।



$\triangle ABC \sim \triangle DEF$

$\angle A=\angle D, \angle B=\angle E, \angle C=\angle F$

$\triangle ABC \sim \triangle DEF$ সদৃশকোণী

$$\frac{AB}{DE} = \frac{BC}{EF} = \frac{AC}{DF}$$

Important Suggestion for Exam

১. একটি সমকোণী ত্রিভুজের ভূমির দৈর্ঘ্য লম্বের দৈর্ঘ্য অপেক্ষা মিটার কম এবং লম্ব অপেক্ষা অতিভুজের দৈর্ঘ্য ১ মিটার বেশি হলে ত্রিভুজটির অতিভুজের দৈর্ঘ্য কত?

ক. ৩

খ. ৫

গ. ৬

ঘ. ৪

ঙ.

ব্যাখ্যা : ধরি, লম্বের দৈর্ঘ্য = x মিটার

তাহলে, ভূমি = x - ১ মিটার

এবং অতিভুজ = x + ১ মিটার

আমরা জানি, ভূমি^২ + লম্ব^২ = অতিভুজ^২

$$\Rightarrow (x-1)^2 + x^2 = (x+1)^2$$

$$\Rightarrow x^2 - 2x + 1 + x^2 = x^2 + 2x + 1$$

$$\Rightarrow x^2 - 2x + 1 + x^2 - x^2 - 2x - 1 = 0$$

$$\Rightarrow x^2 - 8x = 0$$

$$\Rightarrow x(x-8) = 0$$

$$\Rightarrow x-8 = \frac{0}{x}$$

$$\Rightarrow x-8 = 0$$

$$\therefore x = 8$$

$$\therefore \text{অতিভুজের দৈর্ঘ্য} = 8 + 1 = 9$$

২. কোন ৩টি বাহু দিয়ে ত্রিভুজ গঠন করা যাবে না?

ক. ২, ৪, ৫

খ. ৪, ৫, ৬

গ. ২, ৪, ৭

ঘ. ৩, ৪, ৬

ঙ.

ব্যাখ্যা : তিনটি বাহু দেয়া থাকলে তাদের দ্বারা ত্রিভুজ গঠন করার শর্ত হলো- যেকোনো দুই বাহুর সমষ্টি তার তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর হতে হবে।

অপশন ক : $2 + 8 = 10 > 5$; ত্রিভুজ গঠন সম্ভব।

অপশন খ : $8 + 5 = 13 > 6$; ত্রিভুজ গঠন সম্ভব।

অপশন গ : $2 + 8 = 10 < 9$; ত্রিভুজ গঠন সম্ভব নয়।

অপশন ঘ : $3 + 8 = 11 > 6$; ত্রিভুজ গঠন সম্ভব।

৩. একটি ত্রিভুজের ৩টি বাহুর দৈর্ঘ্য ৪, ৫ ও ৩ হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

ক. ২০

খ. ১২

গ. ৮

ঘ. ৬

উ. ঘ

ব্যাখ্যা : ত্রিভুজের বাহুগুলোর দৈর্ঘ্য দেখে বোঝা যায় ত্রিভুজটি সমকোণী ত্রিভুজ।

$$\begin{aligned} \therefore \text{ত্রিভুজটির ক্ষেত্রফল} &= \frac{1}{2} \times \text{সমকোণ সংলগ্ন বাহুদ্বয়ের গুণফল} \\ &= \frac{1}{2} \times 8 \times 3 \\ &= 6 \text{ বর্গ একক} \end{aligned}$$

৪. সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয় ৩ ও ৪ সেমি হলে এর অতিভুজের মান কত?

ক. ৮ সেমি

খ. ৪ সেমি

গ. ৫ সেমি

ঘ. ৭ সেমি

উ. গ

ব্যাখ্যা : আমরা জানি,

সমকোণী ত্রিভুজের ক্ষেত্রে,

$$\text{অতিভুজ}^2 = \text{লম্ব}^2 + \text{ভূমি}^2$$

$$\Rightarrow \text{অতিভুজ}^2 = 3^2 + 4^2$$

$$\Rightarrow \text{অতিভুজ} = \sqrt{25}$$

$$\therefore \text{অতিভুজ} = 5$$

৫. একটি সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল ১৪৪ বর্গ একক। সমকোণ সন্নিহিত বাহুদ্বয়ের একটির দৈর্ঘ্য ১২ একক হলে অপরটি কত একক?

ক. ১৫

খ. ৩০

গ. ২৪

ঘ. ২০

উ. গ

ব্যাখ্যা : আমরা জানি,

$$\text{সমকোণী ত্রিভুজের ক্ষেত্রফল} = \frac{1}{2} \times \text{সমকোণ সংলগ্ন সন্নিহিত বাহুদ্বয়ের গুণফল।}$$

$$\Rightarrow 144 = \frac{1}{2} \times 12 \times \text{অপর বাহু}$$

$$\Rightarrow 12 \times \text{অপর বাহু} = 288$$

$$\therefore \text{অপর বাহু} = 24 \text{ একক}$$

৬. সমকোণী ত্রিভুজের বাহুগুলির অনুপাত কোনটি?

ক. ১৩ : ১২ : ৫

খ. ৬ : ৪ : ৩

গ. ৬ : ৫ : ৩

ঘ. ১২ : ৮ : ৪

উ. ক

ব্যাখ্যা : পিথাগোরাসের উপপাদ্য অনুযায়ী, $\text{ভূমি}^2 + \text{লম্ব}^2 = \text{অতিভুজ}^2$

$$\text{(ক)} \quad 12^2 + 5^2 = 144 + 25 = 169 = 13^2$$

$$\text{(খ)} \quad 8^2 + 3^2 = 64 + 9 = 73 \neq 6^2$$

$$\text{(গ)} \quad 5^2 + 3^2 = 25 + 9 = 34 \neq 6^2$$

$$\text{(ঘ)} \quad 8^2 + 6^2 = 64 + 36 = 100 \neq 12^2$$

সুতরাং উপরোক্ত অপশনগুলোর মধ্যে শুধুমাত্র (ক) অপশনটি সমকোণী ত্রিভুজের বাহুর অনুপাত প্রকাশ করে। অতএব, (ক) ১৩ : ১২ : ৫ সঠিক উত্তর।

৭. স্থলকোণী ত্রিভুজের স্থলকোণের সংখ্যা-

ক. ৩টি

খ. কোনোটিই নয়

গ. ১টি

ঘ. ২টি

উ. গ

ব্যাখ্যা : যে ত্রিভুজের একটি কোণ স্থলকোণ অর্থাৎ 90° অপেক্ষা বৃহত্তর তাকে স্থলকোণী ত্রিভুজ বলে। স্থলকোণী ত্রিভুজের একটি স্থলকোণ ব্যতীত বাকি দুটি কোণ অবশ্যই সূক্ষ্মকোণ।

৮. সমকোণী ত্রিভুজের সমকোণের বিপরীত একটি কোণ 50° হলে অপর কোণটি কত?

ক. 50°

খ. 20°

গ. 30°

ঘ. 40°

উ. ঘ

ব্যাখ্যা : আমরা জানি, ত্রিভুজের যেকোনো ৩টি কোণের সমষ্টি = 180° । সমকোণী ত্রিভুজের বৃহত্তম কোণ = এক সমকোণ বা 90° । সুতরাং, অপর কোণটি = $180^\circ - (90 + 50)^\circ$
 $= 180^\circ - 140^\circ = 40^\circ$

৯. একটি সমবাহু ত্রিভুজের একটি বাহু ১৬ মিটার। ত্রিভুজটির ক্ষেত্রফল কত?

ক. ৬৪ বর্গমিটার

খ. $64\sqrt{3}$ বর্গমিটার

গ. ১৬ বর্গমিটার

ঘ. 32 বর্গমিটার

উ. খ

ব্যাখ্যা : আমরা জানি, যে ত্রিভুজের তিনটি বাহু সমান এবং প্রত্যেকটি কোণ সূক্ষ্ম কোণ, তাকে সমবাহু ত্রিভুজ বলে।

$$\text{সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল} = \frac{\sqrt{3}}{4} (\text{বাহু})^2$$

$$= \frac{\sqrt{3}}{4} \times (16)^2$$

$$= \frac{\sqrt{3}}{4} \times 16 \times 16$$

$$= 64\sqrt{3} \text{ বর্গমিটার}$$

১০. কোন ত্রিভুজের শীর্ষবিন্দু হতে বিপরীত বাহুর মধ্যবিন্দুর উপর অঙ্কিত রেখাকে ঐ ত্রিভুজের কি বলা হয়?

(ক) সমদ্বিখণ্ডক


(খ) অতিভুজ

(গ) লম্ব

(ঘ) মধ্যমা

উ. গ

ব্যাখ্যা : কোনো ত্রিভুজের শীর্ষবিন্দু হতে বিপরীত বাহুর মধ্যবিন্দুর উপর অঙ্কিত রেখাকে ঐ ত্রিভুজের মধ্যমা বলা হয়।



চিত্রে, $\triangle ABC$ -এর শীর্ষবিন্দু A, B এবং C যথাক্রমে BC, AB এবং AC বিপরীত বাহুর মধ্যবিন্দু D, E এবং F এর উপর অঙ্কিত মধ্যমা।

১১. একটি ত্রিভুজাকৃতি জমির জুঁমি ৭৫ মিটার এবং উচ্চতা ২০ মিটার। প্রতি বর্গমিটারে ২.০০ টাকা হিসেবে ঘাস লাগাতে কত খরচ হবে?
- (ক) ১২৫০ টাকা (খ) ১৫০০ টাকা
(গ) ১৪০০ টাকা (ঘ) ১৬০০ টাকা উ. খ

ব্যাখ্যা : ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{১}{২} \times ৭৫ \times ২০$ বর্গ মি.
= ৭৫০ বর্গ মিটার


∴ ঘাস লাগাতে খরচ হতে (৭৫০ × ২.০০) টাকা
= ১৫০০ টাকা

১২. ত্রিভুজের যে কোন দুটি মধ্যমা পরস্পর সমান হলে ত্রিভুজটি—
- (ক) সমকোণী ত্রিভুজ (খ) বিষমবাহু ত্রিভুজ
(গ) সমদ্বিবাহু ত্রিভুজ (ঘ) সমবাহু ত্রিভুজ উ. গ

ব্যাখ্যা : ত্রিভুজের যে কোনো দুটি মধ্যমা পরস্পর সমান হলে ত্রিভুজটি সমদ্বিবাহু। তিনটি মধ্যমা সমান হলে ত্রিভুজটি সমবাহু। ত্রিভুজের একটি কোণ সমকোণ হলে ত্রিভুজটি সমকোণী এবং ভিন্ন ভিন্ন তিনটি বাহু নিয়ে গঠিত ত্রিভুজকে বলা হয় বিষমবাহু ত্রিভুজ।

১৩. একটি ত্রিভুজের মধ্যমাত্রয় পরস্পর সমান হলে ত্রিভুজটি—
- (ক) বিষমবাহু (খ) সমদ্বিবাহু
(গ) সমকোণী (ঘ) সমবাহু উ. ঘ

ব্যাখ্যা : একটি ত্রিভুজের মধ্যমাত্রয় পরস্পর সমান হয় ত্রিভুজটি সমবাহু ত্রিভুজ। সমবাহু ত্রিভুজের প্রতিটি বাহু, প্রতিটি মধ্যমা এবং প্রতিটি কোণ পরস্পর সমান।



১৪. সমদ্বিবাহু ত্রিভুজের সমান বাহুদ্বয় বর্ধিত করলে উৎপন্ন কোণদ্বয় হবে—
- (ক) সরল কোণ (খ) সমকোণ
(গ) সূক্ষ্মকোণ (ঘ) স্থূল কোণ উ. ঘ

ব্যাখ্যা :



এখানে, $AB = AC$


B ও C বিন্দুতে বর্ধিত করলে যে কোণ উৎপন্ন হয় তার পরিমাপ এক সমকোণ অর্থাৎ 90° এর চেয়ে বেশি। তাই উৎপন্ন কোণদ্বয়ো স্থূলকোণ হবে।

১৫. সমকোণী ত্রিভুজের অতিভুজের সৈধ্য সেমা থাকলে—
- (ক) একটিমাত্র ত্রিভুজ অঁকা যায়
(খ) দুটিমাত্র ত্রিভুজ অঁকা যায়
(গ) কোনো ত্রিভুজ অঁকা যায় না
(ঘ) অনেকগুলো ত্রিভুজ অঁকা যায় উ. খ

ব্যাখ্যা : একটি ত্রিভুজ অঁকতে হলে ন্যূনতম একটি কোণ ও একটি বাহু থাকতে হবে। সেক্ষেত্রে সমকোণী ত্রিভুজের অতিভুজ সেওয়া থাকলে ত্রিভুজ অঁকান করা সম্ভব। অতিভুজের সৈধ্যতে ঠিক রেখে লম্ব ও জুঁমির বাহুতে ছেঁটি ও বড় করে অনেকগুলো ত্রিভুজ অঁকা যাবে।

১৬. ত্রিভুজের দুইটি কোণের সমষ্টি তৃতীয় কোণের সমান হলে ত্রিভুজটি—
- (ক) সমবাহু (খ) সমদ্বিবাহু
(গ) সমকোণী (ঘ) কোনোটিই নয় উ. গ


ব্যাখ্যা : আমরা জানি, ত্রিভুজের তিন কোণের সমষ্টি = 180° । সমকোণী ত্রিভুজের একটি কোণ = 90° এবং অপর দুটি কোণের সমষ্টির = 90° । সুতরাং, কোনো ত্রিভুজের একটি কোণ, অপর দুটি কোণের সমষ্টির সমান হলে ত্রিভুজটি অবশ্যই সমকোণী ত্রিভুজ হবে।



১৭. কোনো ত্রিভুজের একটি কোণ অপর দুটি কোণের সমষ্টির সমান হলে ত্রিভুজটি—
- (ক) সমবাহু (খ) সমকোণী
(গ) সূক্ষ্মকোণী (ঘ) স্থূলকোণী

ব্যাখ্যা : আমরা জানি, ত্রিভুজের তিন কোণের সমষ্টি = 180° । সমকোণী ত্রিভুজের একটি কোণ = 90° এবং অপর দুটি

কোণের সমষ্টি = 360° । সুতরাং, কোনো ত্রিভুজের একটি কোণ, অন্য দুটি কোণের সমষ্টির সমান হলে ত্রিভুজটি অনশ্যষ্ট সমকোণী ত্রিভুজ হবে।



১৮. ত্রিভুজের যেকোনো বাহুকে উভয়দিকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণদ্বয়ের সমষ্টি-

- ক. দুই সমকোণ অপেক্ষা ক্ষুদ্রতর
খ. দুই সমকোণ অপেক্ষা বৃহত্তর
গ. দুই সমকোণের সমান
ঘ. দুই সমকোণের অর্ধেক

উ. খ

ব্যাখ্যা : ত্রিভুজের যেকোনো একটি বাহুকে বর্ধিত করলে বহিঃস্থ কোণ অন্তঃস্থ বিপরীত কোণদ্বয়ের সমষ্টির সমান। অতএব ত্রিভুজের যেকোনো একটি বাহুকে উভয় দিকে বর্ধিত করলে বহিঃস্থ কোণটি দুই সমকোণ অপেক্ষা বৃহত্তর হবে।

১৯. তিন কোণ দেয়া থাকলে যে সকল ত্রিভুজ আঁকা যায় তাদের কী ত্রিভুজ বলে?

- ক. সদৃশ ত্রিভুজ খ. সমান ত্রিভুজ
গ. সর্বসম ত্রিভুজ ঘ. সমানুপাতিক ত্রিভুজ

উ. ক

ব্যাখ্যা: তিন কোণ দেয়া থাকলে যে সকল ত্রিভুজ আঁকা যায় তাদের সদৃশ ত্রিভুজ বলে।

২০. কোনো ত্রিভুজের শিরঃকোণের সমদ্বিখণ্ডক যদি ভূমির উপর লম্ব হয়, তবে ত্রিভুজটিকে কি বলে?

- ক. সমদ্বিবাহু খ. সমবাহু
গ. সমকোণী ঘ. স্থূলকোণী

উ. ক

ব্যাখ্যা : আমরা জানি, সমদ্বিবাহু ত্রিভুজের শিরঃকোণের সমদ্বিখণ্ডক ভূমিকে সমদ্বিখণ্ডিত করে এবং ভূমির উপর লম্ব হয়।


২১. কোন ত্রিভুজের একটি বাহু উভয় দিকে বর্ধিত করায় উৎপন্ন বহিঃস্থ কোণগুলি পরস্পর সমান হলে ত্রিভুজটি-

- ক. বিষ্ণুবাহু খ. সমবাহু
গ. সমকোণী ঘ. সমদ্বিবাহু

উ. খ

ব্যাখ্যা : সমবাহু ত্রিভুজের প্রত্যেকটি বাহু সমান। অতএব, সমবাহু ত্রিভুজের একটি বাহু উভয় দিকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণগুলি পরস্পর সমান হবে।

ΔABC এর BC বাহু বর্ধিত করায় উৎপন্ন বহিঃস্থ $\angle ABD =$ বহিঃস্থ $\angle ACE$



আবার, $\angle ABD + \angle ABC = 180^\circ$

$\angle ACE + \angle ACB = 180^\circ$

$\therefore \angle ABD + \angle ABC = \angle ACE + \angle ACB$

$\Rightarrow \angle ABD + \angle ABC = \angle ABD + \angle ACB$

$\therefore \angle ABC = \angle ACB$

ত্রিভুজটির দুটি কোণ সমান

\therefore এভাবে অন্য কোণগুলো প্রমাণ করা যায়। সুতরাং ত্রিভুজটি সমবাহু।

২২. ত্রিভুজের তিন বাহু, এর অন্তর্ভুক্তের-

- ক. জ্যা খ. ব্যাসার্ধ
গ. স্পর্শক ঘ. ব্যাস

উ. গ


ব্যাখ্যা : ত্রিভুজের তিন বাহু, এর অন্তর্ভুক্তের স্পর্শক। কারণ, কোনো ত্রিভুজের ভিতরে একটি পূর্ণাঙ্গ বৃত্ত অঙ্কন করলে, সেই বৃত্তটি ত্রিভুজের তিনটি বাহুকেই স্পর্শ করে।

২৩. কোনো ত্রিভুজের তিন কোণের সমদ্বিখণ্ডকগুলো যে বিন্দুতে ছেদ করে, তাকে বলে-

- (ক) ভরকেন্দ্র (খ) পরিকেন্দ্র
(গ) অন্তঃকেন্দ্র (ঘ) লম্ববিন্দু

উ. গ

ব্যাখ্যা : কোনো ত্রিভুজের তিন কোণের সমদ্বিখণ্ডকগুলো যে বিন্দুতে ছেদ করে, তাকে বলে অন্তঃকেন্দ্র।



আন্তঃকেন্দ্র

চিত্রে, ΔABC -এ AO, BO এবং CO হলো যথাক্রমে $\angle A$, $\angle B$ এবং $\angle C$ এর সমদ্বিখণ্ডক। এই তিনটি কোণের সমদ্বিখণ্ডক O বিন্দুতে ছেদ করেছে। অতএব, O হলো ত্রিভুজটির আন্তঃকেন্দ্র।

২৪. কোনো ত্রিভুজের বাহুগুলোর লম্ব-দ্বিখণ্ডক তিনটি যে বিন্দুতে ছেদ করে তাকে বলে-

- (ক) ভরকেন্দ্র (খ) পরিকেন্দ্র
(গ) অন্তঃকেন্দ্র (ঘ) লম্ববিন্দু

উ. ঘ

বাখ্যা : কোনো ত্রিভুজের বাহুগুলোর লম্ব-দ্বিখণ্ডক তিনটি যে বিন্দুতে ছেদ করে তাকে বলে পরিকেন্দ্র।




পরিকেন্দ্র

চিত্রে, $\triangle ABC$ -এ D, E, F যথাক্রমে BC, AB এবং AC এর মধ্যবিন্দু। OD, OE এবং OF যথাক্রমে BC, AB এবং AC বাহুর উপর লম্ব এবং বাহুগুলো পরস্পর পরস্পরকে O বিন্দুতে ছেদ করেছে। এখানে O হলো ত্রিভুজটির পরিকেন্দ্র।

২৫. কোনো ত্রিভুজের মধ্যমা তিনটি যে বিন্দুতে ছেদ করে তাকে বলে-

- (ক) ভবকেন্দ্র (খ) পরিকেন্দ্র
(গ) অন্তঃকেন্দ্র (ঘ) লম্ববিন্দু উ. ক

বাখ্যা : কোনো ত্রিভুজের মধ্যমা তিনটি যে বিন্দুতে ছেদ করে, তাকে বলে ভবকেন্দ্র।



ভবকেন্দ্র

চিত্রে, $\triangle ABC$ -এ D, E, F যথাক্রমে BC, AB এবং AC এর মধ্যবিন্দু। OD, OE, OF যথাক্রমে O বিন্দু হতে BC, AB এবং AC বাহুর উপর লম্ব। O হলো ত্রিভুজটির ভবকেন্দ্র।

[আন্তঃকেন্দ্র, পরিকেন্দ্র এবং ভবকেন্দ্র মনে রাখার সহজ কৌশল: এগুলো যতই পড়বেন কিছু দিন পর ভুলে যেতে পারেন। আমি যেভাবে এগুলো মনে রেখেছিলাম- আমরা জানি, বিভিন্ন বিভাগের মধ্যে যে খেলা হয় তাকে আন্তঃবিভাগ খেলা বলে; আবার বিভিন্ন জেলার মধ্যে যে খেলা হয় তাকে আন্তঃজেলা খেলা হয়। ঠিক একইভাবে ত্রিভুজের তিন কোণের সমদ্বিখণ্ডকগুলো যে বিন্দুতে ছেদ করে, তাকে বলে অন্তঃকেন্দ্র বলে। 'পরী' অনেক আকর্ষণীয় হয়। 'পরী'কে নিজের করে নেয়ার জন্য বাহুশক্তিধর অনেকেই জড়ো হতে পারে; কিন্তু, যার বাহুতে জোর বেশি সে 'পরী'কে চিনিয়ে আনতে পারে। অর্থাৎ, কোনো ত্রিভুজের বাহুগুলোর লম্ব-দ্বিখণ্ডক তিনটি যে বিন্দুতে ছেদ করে তাকে পরিকেন্দ্র বলে। কোনো পরিবারে বোন ও ভাইয়ে ঝগড়া লাগলে দেখা যায় অধিকাংশ ক্ষেত্রে মা সেই ঝগড়ার মধ্যস্থতা করে এবং মা মধ্যস্থানে থেকে দুই সন্তানের ভার নিতে হয়। মা-ই এখানে ভবসার কেন্দ্র। অর্থাৎ, কোনো ত্রিভুজের মধ্যমা তিনটি যে বিন্দুতে ছেদ করে, তাকে ভবকেন্দ্র বলে।]

চতুর্ভুজ

কলেজ পর্যায়

- একটি আয়তাকার ঘরের মেঝের ক্ষেত্রফল 192 বর্গমিটার। মেঝের দৈর্ঘ্য 4 মিটার কমালে ও প্রস্থ 4 মিটার বাড়ালে ক্ষেত্রফল অপরিবর্তিত থাকে। মেঝের দৈর্ঘ্য কত? (১৭তম কলেজ নিবন্ধন-২০২২)
ক. 16 মিটার খ. 12 মিটার
গ. 8 মিটার ঘ. 6 মিটার উ. ক
- একটি সরলরেখার উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফল ঐ সরলরেখার এক-তৃতীয়াংশের উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফল এর কতগুণ? (১৬তম কলেজ নিবন্ধন-২০১৯)
ক. ৩ খ. ৯
গ. ১৮ ঘ. ২৭ উ. ঘ
- একটি আয়তাকার বাগানের ক্ষেত্রফল 800 বর্গমিটার এবং প্রস্থ 1৬ মিটার। বাগানের পরিসীমা কত মিটার? (১৬তম কলেজ নিবন্ধন-২০১৯)
ক. ১৬ খ. ২৫
গ. 8১ ঘ. ৮২ উ. ঘ
- একটি বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য $4\sqrt{2}$ একক হলে, ঐ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত বর্গ একক? (১৫তম কলেজ নিবন্ধন-২০১৯)
ক. 24 বর্গ একক খ. 8 বর্গ একক
গ. 16 বর্গ একক ঘ. 32 বর্গ একক উ. গ
- একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য এর প্রস্থের তিনগুন এবং পরিসীমা ২৪ মিটার, বাগানটির ক্ষেত্রফল কত? (১৪তম কলেজ নিবন্ধন-২০১৭)
ক. ২৭ বর্গমিটার খ. ৩০ বর্গমিটার
গ. ১৮ বর্গমিটার ঘ. ৯ মিটার উ. ক
- তলের মাত্রা কয়টি? (১৪তম কলেজ নিবন্ধন-২০১৭)
ক. 2 টি খ. 3 টি
গ. 4 টি ঘ. 6 টি উ. ক
- একটি ট্রাপিজিয়ামের উচ্চতা 8 সে. মি. এবং সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে 9 সে.মি. এবং 7 সে. মি. হলে এর ক্ষেত্রফল কত বর্গ সে.মি.? (১৪তম কলেজ নিবন্ধন-২০১৭)
ক. 24 খ. 64
গ. 96 ঘ. 100 উ. ঘ
- একটি রম্বসের প্রতিটি বাহুর দৈর্ঘ্য 5 সে. মি.। রম্বসটির ক্ষেত্রফল কত বর্গ সে.মি.? (১৪তম কলেজ নিবন্ধন-২০১৭)
ক. 24 খ. 60
গ. 12 ঘ. 48 উ. ক
- একটি সরলরেখার উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফল ঐ সরলরেখার এক-চতুর্থাংশের উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফলের কতগুণ? (১০তম কলেজ নিবন্ধন-২০১৬)
ক. ২ খ. ৪
গ. ৮ ঘ. ১৬ উ. ঘ

১০. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য প্রস্থের দেড়গুণ, এর ক্ষেত্রফল 384 বর্গমিটার হলে পরিসীমা কত? (১৩তম কলেজ নিবন্ধন-২০১৬)
- ক. 70 মিটার খ. 80 মিটার
গ. 90 মিটার ঘ. 96 মিটার উ. খ
১১. একটি বর্গের কর্ণের দৈর্ঘ্য $4\sqrt{2}$ একক হলে ঐ বর্গের ক্ষেত্রফল কত? (১৩তম কলেজ নিবন্ধন-২০১৬)
- ক. 16 বর্গ একক খ. 32 বর্গ একক
গ. 8 বর্গ একক ঘ. $16\sqrt{2}$ বর্গ একক উ. ক
১২. একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য বিস্তারের ৩ গুণ। দৈর্ঘ্য 8৮ মিটার হলে, ক্ষেত্রটির পরিসীমা কত? (১২তম কলেজ নিবন্ধন-২০১৫)
- ক. ৬৪ মিটার খ. ১২৮ মিটার
গ. ৯৬ মিটার ঘ. ২২৮ মিটার উ. খ
১৩. একটি বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য 6cm হলে এর ক্ষেত্রফল কত হবে? (১১তম কলেজ নিবন্ধন-২০১৪)
- ক. 12 sq.cm খ. 18 sq.cm
গ. 24 sq.cm ঘ. 36 sq.cm উ. খ
১৪. একটি রম্বসের কর্ণদ্বয় যথাক্রমে 4 সে. মি. এবং 6 সে. মি. হলে, রম্বসটির ক্ষেত্রফল কত? (১০ম কলেজ নিবন্ধন-২০১৪)
- ক. 12 বর্গ সে.মি. খ. 6 বর্গ সে.মি.
গ. 28 বর্গ সে.মি. ঘ. 24 বর্গ সে.মি. উ. ক
১৫. সুখম ষড়ভুজের একটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণের পরিমাণ কত ডিগ্রি? (১০ম কলেজ নিবন্ধন-২০১৪)
- ক. 75° খ. 60°
গ. 90° ঘ. 180° উ. খ
১৬. যদি কোনো বর্গক্ষেত্রের প্রত্যেক বাহুর পরিমাণ ১০% বৃদ্ধি পায়, তবে তার ক্ষেত্রফল শতকরা কত বৃদ্ধি পাবে? (৯ম কলেজ নিবন্ধন-২০১৩)
- ক. ২১% খ. ২৩%
গ. ২০% ঘ. ২২% উ. ক
১৭. একটি আয়তক্ষেত্রের প্রস্থ অপেক্ষা দৈর্ঘ্য ৪ মিটার বেশি। পরিসীমা ৫৬ মিটার হলে ক্ষেত্রফল কত? (৮ম কলেজ নিবন্ধন-২০১২)
- ক. ১৮২ বর্গমিটার খ. ১৮৬ বর্গমিটার
গ. ১৯২ বর্গমিটার ঘ. ১৯৬ বর্গমিটার উ. গ
১৮. একটি রম্বসের কর্ণদ্বয় 40 সেমি ও 60 সেমি। রম্বসের ক্ষেত্রফল কত? (৭ম কলেজ নিবন্ধন-২০১১)
- ক. 2400 বর্গ সেমি খ. 1200 বর্গ সেমি
গ. 600 বর্গ সেমি ঘ. 48 বর্গ সেমি উ. খ
১৯. একটি চৌবাচ্চার দৈর্ঘ্য ৫ মিটার, প্রস্থ ৪ মিটার ও উচ্চতা ৩ মিটার। চৌবাচ্চাটিতে কত লিটার পানি ধরবে? (৭ম কলেজ নিবন্ধন-২০১১)
- ক. ৬০ লিটার খ. ৬০০ লিটার
গ. ৬০০০ লিটার ঘ. ৬০০০০ লিটার উ. ঘ
২০. একটি ট্রাপিজিয়াম-এর সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য ১২ সেমি, ১৮ সেমি এবং এদের মধ্যবর্তী দূরত্ব ১০ সেমি হলে ইহার ক্ষেত্রফল- (৭ম কলেজ নিবন্ধন-২০১১)
- ক. ১৫০ বর্গ মিটার খ. ১৫০ বর্গ সেমি
গ. ১৫০ বর্গ একক ঘ. কোনোটিই নয় উ. খ
২১. একটি বর্গক্ষেত্রের একটি বাহুর দৈর্ঘ্য 1 একক হলে উহার কর্ণের দৈর্ঘ্য- (৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০)
- ক. $\sqrt{2}$ খ. 1
গ. 5 ঘ. 2 উ. ক
২২. একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য ৪০ মিটার ও প্রস্থ ৩০ মিটার। এর ভিতরের চতুর্দিকে ১ মিটার চওড়া একটি রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল কত? (৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০)
- ক. ১৩৬ বর্গমিটার খ. ১০৬ বর্গমিটার
গ. ১৩০ বর্গমিটার ঘ. ১০৭ বর্গমিটার উ. ক
২৩. সামান্তরিকের ভূমি a মিটার এবং উচ্চতা h মিটার হলে সামান্তরিকটির ক্ষেত্রফল কত? (৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০)
- ক. $\frac{1}{2} ah$ বর্গ মিটার খ. ah বর্গ মিটার
গ. $a^2 h$ বর্গ মিটার ঘ. $a^2 h^2$ বর্গ মিটার উ. খ

স্কুল পর্যায়ে

১. একটি আয়তাকার ঘরের প্রস্থ তার দৈর্ঘ্যের $\frac{2}{3}$ অংশ। ঘরটির পরিসীমা ৪০ মিটার হলে তার ক্ষেত্রফল কত বর্গমিটার? (১৭তম স্কুল নিবন্ধন-২০২২)
- ক. ৯৬ খ. ৭২
গ. ৬৪ ঘ. ৬০ উ. ক
২. ৬৯. যদি একটি রম্বসের কর্ণদ্বয় যথাক্রমে 4 সে. মি. এবং 6 সে. মি. হয়, তবে রম্বসের ক্ষেত্রফল কত বর্গ সে.মি.? (১৭তম স্কুল নিবন্ধন-২০২২)
- ক. 6 খ. 8
গ. 12 ঘ. 24 উ. গ
৩. ABCD চতুর্ভুজে $AB \parallel CD$, $AC = BD$ এবং $\angle A = 90^\circ$ হলে সঠিক চতুর্ভুজ কোনটি? (১৭তম স্কুল নিবন্ধন-২০২২)
- ক. সামান্তরিক খ. রম্বস
গ. আয়তক্ষেত্র ঘ. ট্রাপিজিয়াম উ. গ
৪. কোনো সামান্তরিকের একটি কোণ সমকোণ হলে উহা একটি- (১৬তম স্কুল নিবন্ধন ২০১৯)
- ক. বর্গ খ. রম্বস
গ. ট্রাপিজিয়াম ঘ. আয়তক্ষেত্র উ. ঘ
৫. সাতটি সরলরেখার দৈর্ঘ্য যথাক্রমে 1, 2, 3, 4, 6 ও 7 সে. মি.। কয়টি ক্ষেত্রে এদের চারটি বাহু দিয়ে চতুর্ভুজ অঙ্কন সম্ভব নয়? (১৬তম স্কুল নিবন্ধন ২০১৯)
- ক. 2 খ. 3
গ. 4 ঘ. 5 উ. খ
৬. নিচের কোনটি বৃহত্তর চতুর্ভুজ হয় না? (১৬তম স্কুল নিবন্ধন ২০১৯)
- ক. বর্গ খ. আয়ত
গ. ট্রাপিজিয়াম ঘ. রম্বস উ. ঘ

৭. একটি বর্গক্ষেত্রের পরিসীমা এর কর্ণের দৈর্ঘ্যের কত গুণ?
(১৬তম স্কুল নিবন্ধন ২০১৯)

ক. $\frac{\sqrt{2}}{2}$ খ. $\sqrt{2}$

গ. $2\sqrt{2}$ ঘ. 2 উ. গ

৮. একটি বর্গের কর্ণের দৈর্ঘ্য $6\sqrt{2}$ একক হলে উহার পরিসীমার অর্ধেক— (১৭তম স্কুল নিবন্ধন ২০১৯)

ক. 6 একক খ. 12 একক

গ. 20 একক ঘ. 24 একক উ. খ

৯. 4 একক ধারবিশিষ্ট একটি ঘনকের দুইটি কর্ণের সমষ্টি কত একক? (১৫তম স্কুল নিবন্ধন ২০১৯)

ক. $\sqrt{3}$ খ. $4\sqrt{3}$

গ. $8\sqrt{3}$ ঘ. $16\sqrt{3}$ উ. গ

১০. ঘনকের ধার a একক হলে ঘনকের সম্মতলের ক্ষেত্রফল কত?
(১৪তম স্কুল নিবন্ধন ২০১৭)

ক. $\sqrt{6a^2}$ খ. $6a^2$

গ. a^3 ঘ. $6a$ উ. খ

১১. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য, প্রস্থের দেড়গুণ। এর ক্ষেত্রফল 294 বর্গমিটার হলে, পরিসীমা কত? (১৪তম স্কুল নিবন্ধন ২০১৭)

ক. 40 মিটার খ. 50 মিটার

গ. 60 মিটার ঘ. 70 মিটার উ. ঘ

১২. ABCD সামান্তরিকের AB = 12 সেমি এবং D বিন্দু থেকে AB এর লম্ব-দূরত্ব 6 সেমি সামান্তরিকের ক্ষেত্রফল— (১০তম স্কুল নিবন্ধন ২০১৬)

ক. 18 বর্গ সেমি খ. 36 বর্গ সেমি

গ. 72 বর্গ সেমি ঘ. 144 বর্গ সেমি উ. গ

১৩. আয়তাকার একটি ক্ষেত্রের প্রস্থ অপেক্ষা দৈর্ঘ্য ১২ মিটার বড় এবং ক্ষেত্রটির পরিসীমা ১৩৬ মিটার হলে ক্ষেত্রটির দৈর্ঘ্য ও প্রস্থ কত? (১২তম স্কুল নিবন্ধন ২০১৫)

ক. ৪০ ও ৫২ খ. ৪০ ও ২৮

গ. ৪২ ও ৩২ ঘ. ৩৮ ও ৩৬ উ. খ

১৪. একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ১৮ বর্গমিটার হলে, কর্ণের দৈর্ঘ্য কত? (১২তম স্কুল নিবন্ধন ২০১৫)

ক. ১২ মিটার খ. ৯ মিটার

গ. ৬ মিটার ঘ. ৩ মিটার উ. গ

১৫. সামান্তরিকের কর্ণদ্বয় পরস্পর সমান হলে সামান্তরিকটি হবে— (১২তম স্কুল নিবন্ধন ২০১৫)

ক. আয়তক্ষেত্র খ. রম্বস

গ. ট্রাপিজিয়াম ঘ. বর্গক্ষেত্র উ. ক

১৬. একটি রেখাংশের উপর অঙ্কিত বর্গক্ষেত্র ঐ রেখাংশের এক-তৃতীয়াংশের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের কতগুণ? (১২তম স্কুল নিবন্ধন ২০১৫)

ক. $\frac{1}{9}$ গুণ খ. $\frac{1}{3}$ গুণ

গ. 9 গুণ ঘ. 3 গুণ উ. গ

১৭. ৫ সে. মি. ব্যাসবিশিষ্ট বর্গের কর্ণের দৈর্ঘ্য কত? (১১তম স্কুল নিবন্ধন ২০১৪)

ক. $2\sqrt{5}$ সে. মি. খ. $\sqrt{10}$ সে. মি.

গ. $5\sqrt{2}$ সে. মি. ঘ. $5\sqrt{5}$ সে. মি. উ. গ

১৮. একটি রম্বসের কর্ণদ্বয় 5 সে. মি. ও 6 সে. মি. হলে, এর ক্ষেত্রফল কত? (১১তম স্কুল নিবন্ধন ২০১৪)

ক. 30 বর্গ সে. মি. খ. 25 বর্গ সে. মি.

গ. 20 বর্গ সে. মি. ঘ. 15 বর্গ সে. মি. উ. ঘ

১৯. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য, প্রস্থ অপেক্ষা 4 মিটার বেশি। ঘরটির পরিসীমা 32 মিটার হলে, এর ক্ষেত্রফল কত? (১০ম স্কুল নিবন্ধন ২০১৪)

ক. 6 বর্গ মিটার খ. 60 বর্গ মিটার

গ. 10 বর্গ মিটার ঘ. 64 বর্গ মিটার উ. খ

২০. ট্রাপিজিয়ামের দুটি সমান্তরাল বাহু a সে. মি. ও b সে. মি.। তাদের মধ্যবর্তী দূরত্ব h সে. মি. হলে, এর ক্ষেত্রফল কত? (১০ম স্কুল নিবন্ধন ২০১৪)

ক. $(a+b)h$ খ. $2(a+b)h$

গ. $\frac{1}{2} \times (a+b) \times h$ ঘ. $\frac{1}{2}(a-b)h$ উ. গ

২১. রম্বসের ক্ষেত্রফল নিচের কোনটি? (৯ম স্কুল নিবন্ধন ২০১৩)

ক. $\frac{1}{2} \times$ ভূমি \times উচ্চতা খ. ভূমি \times উচ্চতা

গ. $\frac{1}{2} \times$ কর্ণদ্বয়ের গুণফল ঘ. দৈর্ঘ্য \times প্রস্থ উ. গ

২২. একটি রম্বসের কর্ণদ্বয় 40 সেমি ও 60 সেমি। এর ক্ষেত্রফল কত বর্গ সেমি? (৮ম স্কুল নিবন্ধন ২০১২)

ক. 2400 বর্গ সেমি খ. 1200 বর্গ সেমি

গ. 144 বর্গ সেমি ঘ. 3600 বর্গ সেমি উ. খ

২৩. একটি চতুর্ভুজের চারটি বাহুর মধ্যবিন্দু পরস্পর যুক্ত করলে কিরূপ ক্ষেত্র পাওয়া যাবে? (৭ম স্কুল নিবন্ধন ২০১১)

ক. বর্গক্ষেত্র খ. আয়তক্ষেত্র

গ. ট্রাপিজিয়াম ঘ. সামান্তরিক উ. ঘ

২৪. একটি ট্রাপিজিয়াম আকৃতির লোহার পাতের সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে 3 সেমি ও 1 সেমি এবং এদের লম্ব দূরত্ব 2 সেমি। পাতটির ক্ষেত্রফল কত বর্গ সেমি? (৭ম স্কুল নিবন্ধন ২০১১)

ক. 1 খ. 2

গ. 3 ঘ. 4 উ. ঘ

২৫. একটি ঘনকের ছয়টি পৃষ্ঠতলের ক্ষেত্রফল 216 বর্গ সেমি হলে, ঘনকটির আয়তন কত? (৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০)

ক. 64 ঘন সেমি খ. 126 ঘন সেমি

গ. 216 ঘন সেমি ঘ. 316 ঘন সেমি উ. গ

২৬. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য বিস্তারের দ্বিগুণ। এর ক্ষেত্রফল 512 বর্গমিটার হলে, পরিসীমা কত? (৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০)

ক. 96 মিটার খ. 112 মিটার

গ. 15 মিটার ঘ. 20 মিটার উ. ক

২৭. একটি সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন বাহুদ্বয় 4 সে. মি. ও 3 সে. মি.। অতিভুজের উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত? [বিশেষ শিক্ষক নিবন্ধন ২০১০]
- ক. 2.5 সে. মি. খ. 49 বর্গ সে. মি.
গ. $(2 + \sqrt{3})$ বর্গ সে. মি. ঘ. 25 বর্গ সে. মি. উ. ঘ
২৮. বর্গের এক বাহুর দৈর্ঘ্য $\sqrt{3}$ সে. মি. হলে, বর্গটির কর্ণের দৈর্ঘ্য কত? [বিশেষ শিক্ষক নিবন্ধন ২০১০]
- ক. $2\sqrt{3}$ সে. মি. খ. $\sqrt{6}$ সে. মি.
গ. $4\sqrt{3}$ সে. মি. ঘ. $2\sqrt{2}$ সে. মি. উ. খ
২৯. একটি রম্বসের কর্ণদ্বয় যথাক্রমে 40 সেমি এবং 60 সেমি। রম্বসের ক্ষেত্রফল কত? [বিশেষ শিক্ষক নিবন্ধন ২০১০]
- ক. 600 বর্গ সে. মি. খ. 2400 বর্গ সে. মি.
গ. 4800 বর্গ সে. মি. ঘ. 1200 বর্গ সে. মি. উ. ঘ
৩০. কোনো ঘনকের ধার 10 সে. মি. হলে, তার সমগ্রতলের ক্ষেত্রফল কত? [বিশেষ শিক্ষক নিবন্ধন ২০১০]
- ক. 75 বর্গ সে. মি. খ. 100 বর্গ সে. মি.
গ. 300 বর্গ সে. মি. ঘ. 600 বর্গ সে. মি. উ. ঘ


স্কুল পর্যায়-২

১. কতটি স্বতন্ত্র উপাত্ত জানা থাকলে নির্দিষ্ট চতুর্ভুজ আঁকা যায়? [১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]
- ক. 2 টি খ. 3 টি
গ. 4 টি ঘ. 5 টি উ. ঘ
২. রম্বসের কর্ণদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ কত? [১৭তম স্কুল-২ নিবন্ধন ২০২২]
- ক. 45° খ. 90°
গ. 120° ঘ. 150° উ. খ
৩. একটি ঘনকের প্রতিটি ধার 5 সে. মি. হলে কর্ণের দৈর্ঘ্য কত? [১৬তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
- ক. $5\sqrt{3}$ সে. মি. খ. $3\sqrt{5}$ সে. মি.
গ. $5\sqrt{5}$ সে. মি. ঘ. $5\sqrt{2}$ সে. মি. উ. ক
৪. ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্র কোনটি? [১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
- ক. $\frac{1}{2}(a+b)h$ খ. $\frac{\sqrt{3}}{4}a^2$
গ. $6a^2$ ঘ. $\pi r^2 h$ উ. ক
৫. রম্বসের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্র কোনটি? [১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯]
- ক. $\frac{1}{2} \times \text{ভূমি} \times \text{উচ্চতা}$ খ. কর্ণদ্বয়ের গুণফল
গ. $\frac{1}{2} \times \text{কর্ণদ্বয়ের গুণফল}$ ঘ. দৈর্ঘ্য \times প্রস্থ উ. গ
৬. বর্গক্ষেত্রের একবাহু 4 মিটার হলে কর্ণ কত মিটার? [১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
- ক. $4\sqrt{2}$ খ. 16
গ. 32 ঘ. $32\sqrt{2}$ উ. ক

৭. একটি রম্বসের ক্ষেত্রফল 52 বর্গ সে.মি. হলে এর কর্ণদ্বয়ের গুণফল কত? [১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬]
- ক. 26 বর্গ সে.মি. খ. 52 বর্গ সে.মি.
গ. 104 বর্গ সে.মি. ঘ. 108 বর্গ সে.মি. উ. গ
৮. একটি রম্বসের কর্ণদ্বয়ের দৈর্ঘ্য 8 সে. মি. এবং ৬ সে. মি.। এর ক্ষেত্রফল কত? [১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫]
- ক. ৪৮ বর্গ সে. মি. খ. ১০ বর্গ সে. মি.
গ. ১২ বর্গ সে. মি. ঘ. ২৪ বর্গ সে. মি. উ. গ
৯. একটি বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য x একক হলে এর কর্ণের দৈর্ঘ্য কত একক? [১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪]
- ক. $x\sqrt{2}$ খ. $x\sqrt{3}$
গ. $2\sqrt{2}x$ ঘ. \sqrt{x} উ. ক

বিস্তারিত আলোচনা

- চতুর্ভুজ : চারটি বাহু দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্রকে চতুর্ভুজ বলে। চতুর্ভুজের চারটি অন্তঃকোণের সমষ্টি 8 সমকোণ বা 360° । (কিছু ত্রিভুজের তিনটি অন্তঃকোণের সমষ্টি ২ সমকোণ বা 180°)।



চিত্রে : চতুর্ভুজ


- ← চতুর্ভুজের ক্ষেত্রফল নির্ণয়ের স্পেশাল টেকনিক: চতুর্ভুজের একটি কোণকে বর্গ করে ২ দ্বারা ভাগ করলে ক্ষেত্রফল পাওয়া যায়।
- অর্থাৎ চতুর্ভুজের ক্ষেত্রফল = $\frac{\text{কর্ণ}^2}{2}$
- এই সংক্রান্ত একটি প্রশ্ন দেখে নেয়া যাক:- প্রশ্ন: একটি বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য ৮ সেমি হলে এর ক্ষেত্রফল কত?

সমাধান: ক্ষেত্রফল = $\frac{\text{কর্ণ}^2}{2}$

= $\frac{8^2}{2}$ বর্গ সেমি


= $\frac{64}{2}$ বর্গ সেমি = ৩২ বর্গ সেমি (উত্তর)

- আয়তক্ষেত্র : যে চতুর্ভুজের বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান ও সমান্তরাল এবং প্রত্যেকটি কোণ এক সমকোণ, তাকে আয়তক্ষেত্র বলে।



কর্ণ AC = কর্ণ BD


- ☐ আয়তক্ষেত্রের বিপরীত বাহুদ্বয় সমান ও সমান্তরাল।
- ☐ আয়তক্ষেত্রের প্রত্যেকটি কোণ এক সমকোণ।
- ☐ আয়তক্ষেত্রের কর্ণদ্বয় পরস্পর সমান।
- ☉ পরিমিতি :
- ☐ আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = দৈর্ঘ্য \times প্রস্থ
- ☐ আয়তক্ষেত্রের পরিসীমা = $2(\text{দৈর্ঘ্য} + \text{প্রস্থ})$
- ☐ সামান্তরিক : যে চতুর্ভুজের বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান ও সমান্তরাল কিন্তু কোনো কোণই সমকোণ নয়, তাকে সামান্তরিক বলে।



কর্ণ $AC \neq$ কর্ণ BD

- ☐ সামান্তরিকের বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান।
- ☐ সামান্তরিকের যে কোনো দুইটি সন্নিহিত কোণ পরস্পরের সম্পূরক; অর্থাৎ যে কোনো দুইটি সন্নিহিত কোণের সমষ্টি 180° ।
- ☐ সামান্তরিকের কর্ণদ্বয় অসমান।
- ☐ সামান্তরিকের কর্ণদ্বয় পরস্পরকে সমদ্বিখণ্ডিত করে।
- ☉ পরিমিতি :
- ✓ সামান্তরিকের ক্ষেত্রফল = ভূমি \times উচ্চতা
- ✓ সামান্তরিকের পরিসীমা = $2(\text{দৈর্ঘ্য} + \text{প্রস্থ})$


- ☐ বর্গক্ষেত্র : যে চতুর্ভুজের প্রত্যেকটি বাহু পরস্পর সমান ও সমান্তরাল এবং প্রত্যেকটি কোণ এক সমকোণ, তাকে বর্গক্ষেত্র বলে।



কর্ণ $AC =$ কর্ণ BD

- ☐ বর্গক্ষেত্রের সকল বাহু সমান হয়।
- ☐ বর্গক্ষেত্রের প্রত্যেকটি কোণ এক সমকোণ।
- ☐ বর্গক্ষেত্রের কর্ণদ্বয় পরস্পর সমান।
- ☐ বর্গক্ষেত্রের কর্ণদ্বয় পরস্পরকে সমকোণ সমদ্বিখণ্ডিত করে।
- ☉ পরিমিতি :
- ☐ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = একবাহু^২।
- ☐ বর্গক্ষেত্রের পরিসীমা = $4 \times$ একবাহুর দৈর্ঘ্য

- ☐ রম্বস : যে চতুর্ভুজের প্রত্যেকটি বাহু পরস্পর সমান কিন্তু কোনো কোণই সমকোণ নয় তাকে রম্বস বলে।



কর্ণ $AC \neq$ কর্ণ BD

- ☐ রম্বসের সকল বাহু সমান হয়।
- ☐ রম্বসের বিপরীত কোণগুলো পরস্পর সমান।
- ☐ রম্বসের একটি কোণও সমকোণ নয়।


- ☐ রম্বসের কর্ণদ্বয় অসমান।

- ☉ পরিমিতি :

- ☐ রম্বসের ক্ষেত্রফল = $\frac{1}{2} \times$ কর্ণদ্বয়ের গুণফল।

- ☐ রম্বসের পরিসীমা = $4 \times$ একবাহুর দৈর্ঘ্য

- ☐ ট্রাপিজিয়াম : যে চতুর্ভুজের দুটি বাহু পরস্পর সমান্তরাল কিন্তু অসমান এবং অন্য বাহুদ্বয় অসমান্তরাল, তাকে ট্রাপিজিয়াম বলে।



- ☐ ট্রাপিজিয়ামের কেবল দুটি বাহু সমান্তরাল, বাকি দুটি অসমান্তরাল।
- ☐ ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয়ের একটি একটিকে ভূমি এবং অসমান্তরাল বাহুদ্বয়কে তির্যক বাহু বলে।
- ☐ ট্রাপিজিয়ামের অসমান্তরাল বাহুদ্বয় সমান হলে ট্রাপিজিয়ামটিকে 'সমদ্বিবাহু ট্রাপিজিয়াম' বলে।
- ☐ ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয় কখনও সমান হতে পারে না। ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয় সমান হলে এটি একটি আয়তক্ষেত্র বা বর্গক্ষেত্রে পরিণত হবে।

- ☉ পরিমিতি :

- ☐ ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল = $\frac{1}{2} \times$ উচ্চতা \times সমান্তরাল বাহুদ্বয়ের

সমষ্টি। অর্থাৎ, $\frac{1}{2} h (a+b)$

- ☐ ট্রাপিজিয়ামের পরিসীমা = বাহুগুলোর দৈর্ঘ্যের যোগফল। অর্থাৎ, $a + b + c + d$

বি.দ্র: চতুর্ভুজগুলো মনে রাখতে পারেন এইভাবে, আয়তক্ষেত্রের বিপরীত হলো সামান্তরিক; বর্গক্ষেত্রের বিপরীত রম্বস (বর্গ বড্ড বেড়ে গিয়ে ছিল তাই চাপ দিয়ে রস বের করেছে!)। ট্রাপিজিয়াম আলাদা, সে জিম নিয়ে বাস্তব তাই।

- ঘনবস্তু: যে বস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা আছে তাকে ঘনবস্তু বলে।
- আয়তকার ঘনবস্তু: তিন জোড়া সমান্তরাল আয়তকার সমতল বা পৃষ্ঠ দ্বারা আবদ্ধ ঘনবস্তুকে আয়তকার ঘনবস্তু বলে।
- ঘনক: যে ঘনবস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা সমান তাকে ঘনক বলে।
- ✗ আয়তকার ঘনবস্তুর আয়তন = দৈর্ঘ্য × প্রস্থ × উচ্চতা। অর্থাৎ, abc
- ✗ আয়তকার ঘনবস্তুর ক্ষেত্রফল = $2(ab+bc+ca)$
- ✗ ঘনকের দৈর্ঘ্য, প্রস্থ, উচ্চতা = a হলে, ঘনকের আয়তন = a^3
- ✗ ঘনকের সমগ্র তলের ক্ষেত্রফল = $6a^2$

Important Suggestion for Exam

১. কোনো চতুর্ভুজের বিপরীত কৌণিক বিন্দুর সংযোজন রেখাংশ দুটির প্রত্যেকটিকে বলে-

- (ক) ভূমি (খ) কর্ণ
(গ) মধ্যমা (ঘ) উচ্চতা উ: খ

ব্যাখ্যা : কোনো চতুর্ভুজের বিপরীত কৌণিক বিন্দুর সংযোজন রেখাংশ দুটির প্রত্যেকটিকে বলে কর্ণ (উত্তর)।

২. একটি আয়তকার ক্ষেত্রের দৈর্ঘ্য ২০% বৃদ্ধি, প্রস্থ ১০% হ্রাস করা হলে, ক্ষেত্রফলের শতকরা কত পরিবর্তন হবে?

- (ক) ১০৮% বৃদ্ধি (খ) ১০৮% হ্রাস
(গ) ৮% হ্রাস (ঘ) ৮% বৃদ্ধি উ: ঘ

ব্যাখ্যা : ধরি, দৈর্ঘ্য = ১০০ একক এবং প্রস্থ = ১০০ একক

$$\therefore \text{ক্ষেত্রফল} = ১০০ \times ১০০ = ১০,০০০ \text{ বর্গ একক}$$

$$২০\% \text{ বৃদ্ধিতে দৈর্ঘ্য} = ১২০ \text{ একক}$$

$$১০\% \text{ হ্রাসে প্রস্থ} = ৯০ \text{ একক}$$

$$\therefore \text{ক্ষেত্রফল} = ১২০ \times ৯০ = ১০,৮০০ \text{ বর্গ একক}$$

$$\therefore \text{ক্ষেত্রফল বৃদ্ধি} = (১০,৮০০ - ১০,০০০) \text{ বর্গ একক} \\ = ৮০০ \text{ বর্গ একক।}$$

১০,০০০ বর্গ এককে ক্ষেত্রফল বৃদ্ধি পায় = ৮০০ বর্গ একক

$$\therefore ১ \text{ বর্গ এককে ক্ষেত্রফল বৃদ্ধি পায়} = \frac{৮০০}{১০০০} \text{ বর্গ একক}$$

$$\therefore ১০০ \text{ বর্গ এককে ক্ষেত্রফল বৃদ্ধি পায়} = \frac{৮০০ \times ১০০}{১০০০} \text{ বর্গ একক} \\ = ৮ \text{ বর্গ একক বৃদ্ধি পায় (উত্তর)}$$

৩. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ২০% বাড়ানো হল এবং প্রস্থ ২০% কমানো হল। ক্ষেত্রফল-

- (ক) ৪% কমবে (খ) ৪% বাড়বে
(গ) ২% (ঘ) অপরিবর্তিত থাকবে উ: ক

$$\text{ব্যাখ্যা : হ্রাস-বৃদ্ধি/বৃদ্ধি-হ্রাসের সহজ শর্টকাট: } A + B + \frac{AB}{100} \\ = ২০ - ২০ + \frac{২০ \times (-২০)}{100}$$

$$= \frac{-400}{100}$$

$$= -8$$

\therefore ক্ষেত্রফল ৪% কমবে (উত্তর)

৪. একটি আয়তকার বাগানের দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে ১৫০ মিটার ও ১০০ মিটার। বাগানটির দৈর্ঘ্য ২০% এবং প্রস্থ ১০% বৃদ্ধি করলে নতুন বাগানটির ক্ষেত্রফল কত বর্গমিটার হবে?

ক. ১৮৫০০

খ. ১৫৫০০

গ. ২০৫০০

ঘ. ১৯৮০০ উ: ঘ

ব্যাখ্যা : ২০% দৈর্ঘ্য বৃদ্ধিতে

$$১০০ \text{ মিটারে নতুন দৈর্ঘ্য} = ১২০ \text{ মিটার}$$

$$\therefore ১ \text{ " " " " " } = \frac{১২০}{১০০} \text{ "}$$

$$\therefore ১৫০ \text{ " " " " " } = \frac{১২০ \times ১৫০}{১০০} \text{ "}$$

$$= ১৮০ \text{ "}$$

১০% প্রস্থ বৃদ্ধিতে,

$$১০০ \text{ মিটার নতুন প্রস্থ} = ১১০ \text{ মিটার}$$

$$\therefore \text{নতুন বাগানের ক্ষেত্রফল} = ১৮০ \times ১১০ \text{ বর্গমিটার} \\ = ১৯৮০০ \text{ বর্গমিটার (উত্তর)।}$$

৫. একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের ৩ গুণ। আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল ৩০০ বর্গমিটার হলে উহার পরিসীমা কত?

(ক) ৯০ মিটার

(খ) ৭০ মিটার

(গ) ৭৫ মিটার

(ঘ) ৮০ মিটার উ: ঘ

ব্যাখ্যা : ধরি, আয়তক্ষেত্রের প্রস্থ = x মিটার

$$\therefore \text{ " " " " " দৈর্ঘ্য} = ৩x \text{ "}$$

$$\therefore \text{ক্ষেত্রফল} = x \times ৩x = ৩x^2 \text{ বর্গমিটার}$$

$$\text{সুতরাং, } ৩x^2 = ৩০০$$

$$\text{বা, } x^2 = ১০০$$

$$\therefore x = ১০$$

$$\therefore \text{প্রস্থ} = ১০ \text{ মিটার এবং দৈর্ঘ্য} (৩ \times ১০) \text{ মিটার} = ৩০ \text{ মিটার}$$

$$\therefore \text{পরিসীমা} = ২ (৩০ + ১০) \text{ মিটার}$$

$$= ৮০ \text{ মিটার (উত্তর)}$$

৬. একটি আয়তকার ঘরের দৈর্ঘ্য বিস্তারের দ্বিগুণ। এর ক্ষেত্রফল ৫১২ বর্গমিটার হলে, পরিসীমা কত?

(ক) ৯৬ মিটার

(খ) ২৫৬ মিটার

(গ) ১২৮ মিটার

(ঘ) ৪৮ মিটার উ: ক

ব্যাখ্যা : ধরি, বিস্তার x মিটার

∴ দৈর্ঘ্য $2x$ মি.

শর্তমতে, $2x \times x = 512$

$$\Rightarrow x^2 = \frac{512}{2}$$

$$\Rightarrow x^2 = 256$$

$$\therefore x = 16$$

∴ দৈর্ঘ্য = ৩২ মিটার এবং বিস্তার বা প্রস্থ = ১৬ মিটার।

$$\therefore \text{পরিসীমা} = 2(32 + 16)$$

$$= 2 \times 48$$

$$= 96 \text{ মি. (উত্তর)}$$

৭. একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত ৩ : ১।

উহার পরিসীমা ২০০ মিটার হলে আয়তাকার ক্ষেত্রটির ক্ষেত্রফল কত?

ক. ১৮৭৫

খ. ১৬৭৫

গ. ১৫৭৫

ঘ. ১৭৭৫

উ: ক

ব্যাখ্যা : ধরি, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = $3x$

" " প্রস্থ = x

আমরা জানি, আয়তক্ষেত্রের পরিসীমা = $2(\text{দৈর্ঘ্য} + \text{প্রস্থ})$

$$= 2(3x + x) \text{ মিটার}$$

$$= 6x + 2x \text{ মিটার}$$

$$= 8x \text{ মিটার}$$

প্রশ্নমতে, $8x = 200$

$$\therefore x = 25$$

$$\therefore \text{দৈর্ঘ্য} = 3 \times 25 = 75 \text{ মিটার}$$

$$\text{প্রস্থ} = 25 \text{ মিটার}$$

$$\therefore \text{ক্ষেত্রফল} = 75 \times 25 = 1875 \text{ মিটার (উত্তর)}$$

৮. কোন ক্ষেত্রটি সামান্তরিক নয়?

ক. ট্রাপিজিয়াম

খ. আয়তক্ষেত্র

গ. বর্গক্ষেত্র

ঘ. রম্বস

উ: ক

ব্যাখ্যা: সামান্তরিকের বিপরীত বাহুগুলো পরস্পর সমান ও সমান্তরাল।

ট্রাপিজিয়ামের কোনো বাহু পরস্পর সমান নয় কিন্তু আয়তের

বিপরীত বাহুগুলো সমান আর বর্গক্ষেত্র ও রম্বসের সবগুলো

বাহু পরস্পর সমান (উত্তর)।

৯. সামান্তরিকের বিপরীত কোণের অন্তর্দ্বিখণ্ডকদ্বয়—

ক. পরস্পর সমান

খ. পরস্পর একটি বিন্দুতে ছেদ করে

গ. পরস্পরের উপর লম্ব

ঘ. পরস্পর সমান্তরাল

উ: ক

ব্যাখ্যা : সামান্তরিকের বিপরীত কোণের অন্তর্দ্বিখণ্ডকদ্বয় পরস্পর সমান।

১০. সামান্তরিকের কর্ণদ্বয় পরস্পর সমান হলে সামান্তরিকটি হবে—

ক. আয়তক্ষেত্র

খ. ট্রাপিজিয়াম

গ. রম্বস

ঘ. বর্গক্ষেত্র

উ: ক

ব্যাখ্যা : সামান্তরিকের কর্ণদ্বয় পরস্পর সমান হলে সামান্তরিকটি হবে আয়তক্ষেত্র। আমরা জানি, আয়তক্ষেত্রের বিপরীত বাহুদ্বয় পরস্পর সমান ও সমান্তরাল এবং প্রত্যেক কোণ সমান = এক সমকোণ।

১১. কোনটি সামান্তরিকের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্র?

(ক) $\frac{1}{2}$ (ভূমি \times উচ্চতা) (খ) দৈর্ঘ্য \times প্রস্থ

(গ) 2 (দৈর্ঘ্য + প্রস্থ) (ঘ) ভূমি \times উচ্চতা উ: ঘ

ব্যাখ্যা : সামান্তরিকের ক্ষেত্রফল = ভূমি \times উচ্চতা (উত্তর)।

অন্যদিকে, আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = দৈর্ঘ্য \times প্রস্থ।

১২. একটি বর্গাকার বাগানের ক্ষেত্রফল ২০২৫ বর্গমিটার। এর চারিদিকে বেড়া আছে। বেড়ার মোট দৈর্ঘ্য কত?

ক. ২১০

খ. ২০০

গ. ১৮০

ঘ. ২২০

উ: গ

ব্যাখ্যা : আমরা জানি,

$$\text{বর্গক্ষেত্রের বাহু} = \sqrt{\text{ক্ষেত্রফল}}$$

$$\therefore \text{বাহু} = \sqrt{2025}$$

$$= 45 \text{ মিটার}$$

$$\text{বর্গক্ষেত্রের পরিসীমা} = 4 \times \text{বাহু}$$

$$= (4 \times 45) \text{ মিটার}$$

$$= 180 \text{ মিটার (উত্তর)}$$

১৩. একটি বর্গক্ষেত্রের পরিসীমা একটি আয়তক্ষেত্রের পরিসীমার সমান। আয়তক্ষেত্রের দৈর্ঘ্য প্রস্থের ৩ গুণ এবং ক্ষেত্রফল ৭৬৮ বর্গমিটার। বর্গক্ষেত্রটির একবাহুর দৈর্ঘ্য কত মিটার?

ক. ৩১

খ. ৩২

গ. ৩৩

ঘ. ৩০

উ: খ

ব্যাখ্যা : ধরি, আয়তক্ষেত্রের প্রস্থ = x মিটার

$$\therefore \text{আয়তক্ষেত্রের দৈর্ঘ্য} = 3x \text{ মিটার}$$

$$\text{আয়তক্ষেত্রের ক্ষেত্রফল} = \text{দৈর্ঘ্য} \times \text{প্রস্থ}$$

$$\text{প্রশ্নমতে, } 3x \times x = 968$$

$$\Rightarrow x^2 = \frac{968}{3}$$

$$\Rightarrow x^2 = 256$$

$$\therefore x = 16$$

$$\therefore \text{আয়তক্ষেত্রের দৈর্ঘ্য} = 3x \text{ মিটার} = 3 \times 16 = 48 \text{ মিটার}$$

$$\therefore \text{আয়তক্ষেত্রের প্রস্থ} = x \text{ মিটার} = 16 \text{ মিটার}$$

$$\text{অতএব, আয়তক্ষেত্রের পরিসীমা} = 2(48 + 16) \text{ মিটার}$$

$$= 2 \times 64 \text{ মিটার}$$

$$= 128 \text{ মিটার}$$

$$\text{প্রশ্নমতে, বর্গক্ষেত্রের পরিসীমা} = \text{আয়তক্ষেত্রের পরিসীমা}$$

$$\therefore \text{বর্গক্ষেত্রের পরিসীমা} = 128 \text{ মিটার}$$

$$\therefore \text{" " একবাহু} = \frac{128}{4} \text{ বা } 32 \text{ মিটার (উত্তর)}$$

১৪. একটি রম্বসের একটি কর্ণ ১০ মিটার এবং ক্ষেত্রফল ১২০ বর্গমিটার হলে, অপর কর্ণের দৈর্ঘ্য কত মিটার?

- ক. ২০ মিটার খ. ২২ মিটার
গ. ২৪ মিটার ঘ. ২৬ মিটার

ব্যাখ্যা : আমরা জানি,

$$\text{রম্বসের ক্ষেত্রফল} = \frac{1}{2} \times \text{কর্ণদ্বয়ের গুণফল}$$

$$\Rightarrow 120 = \frac{1}{2} \times 10 \times \text{অপর কর্ণ}$$

$$\Rightarrow \text{অপর কর্ণ} = \frac{240}{10}$$

∴ অপর কর্ণ = ২৪ (উত্তর)

১৫. একটি বর্গাকার বাগানের ক্ষেত্রফল ২০২৫ বর্গমিটার। এর চারদিকে বেড়া দেয়া আছে। বেড়ার মোট দৈর্ঘ্য কত?

- (ক) ১৮০ মিটার (খ) ২০০ মিটার
(গ) ২২০ মিটার (ঘ) ১৬০ মিটার

ব্যাখ্যা : বাগানের ক্ষেত্রফল ২০২৫ বর্গ মি.

$$\therefore \text{বাগানের দৈর্ঘ্য} = \sqrt{2025} \text{ মি.} = ৪৫ \text{ মি.}$$

$$\therefore \text{বাগানের পরিসীমা তথা বেড়ার দৈর্ঘ্য} = (৪৫ \times ৪) \text{ মি.} = ১৮০ \text{ মি. (উত্তর)}$$

১৬. যে চতুর্ভুজের বাহুগুলি পরস্পর সমান ও সমান্তরাল কিন্তু কোণগুলো সমকোণ নয় তাকে কি বলে?

- (ক) সামান্তরিক (খ) রম্বস
(গ) ট্রাপিজিয়াম (ঘ) আয়তক্ষেত্র

উ: খ

ব্যাখ্যা : আমরা জানি, যে চতুর্ভুজের বাহুগুলি পরস্পর সমান ও সমান্তরাল হয়; কিন্তু কোণগুলো সমকোণ নয় তাকে রম্বস বলে। আবার, যে চতুর্ভুজের বাহুগুলি পরস্পর সমান ও সমান্তরাল হয় এবং প্রত্যেকটি কোণ সমান একসমকোণ, তাকে বর্গক্ষেত্র বলে। উত্তর: রম্বস

১৭. একটি বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য ৭.৫ ফুট হলে, বর্গক্ষেত্রটির ক্ষেত্রফল কত?

- (ক) ১২.৭২৫ বর্গফুট (খ) ২৮.১২৫ বর্গফুট
(গ) ৩৬.৫০ বর্গফুট (ঘ) ৯.৩৭৫ বর্গফুট

উ: খ

ব্যাখ্যা : আমরা জানি, বর্গক্ষেত্রের একবাহুর দৈর্ঘ্য = a হলে,

$$\text{বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য} = a\sqrt{2}$$

$$\text{প্রশ্নমতে, } a\sqrt{2} = ৭.৫$$

$$\text{বা, } a = \frac{৭.৫}{\sqrt{2}}$$

$$\therefore \text{বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য } a = \frac{৭.৫}{\sqrt{2}} = ৫.৩০৩$$

$$\text{বর্গের ক্ষেত্রফল} = a^2$$

$$= (৫.৩০৩)^2 \text{ বর্গফুট}$$

$$= ২৮.১২৫ \text{ বর্গ ফুট (উত্তর)}$$

১৮. একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ১৬০০ বর্গমিটার। এর পরিসীমা কত?
(ক) ২০০ (খ) ১৭২
(গ) ১৮০ (ঘ) ১৬০

উ: গ

ব্যাখ্যা : ধরি, বর্গক্ষেত্রের বাহু a মি.

$$\therefore a^2 = ১৬০০$$

$$\text{বা, } a = \sqrt{১৬০০}$$

$$\therefore a = ৪০$$

$$\therefore \text{পরিসীমা} = 4a \text{ মি.}$$

$$= (৪ \times ৪০) \text{ মি.}$$

$$= ১৬০ \text{ মি. (উত্তর)}$$

১৯. একটি সরলরেখার উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফল ঐ সরলরেখার এক চতুর্থাংশের উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফলের কত গুণ?

- (ক) ২ (খ) ৪
(গ) ৮ (ঘ) ১৬

উ: ঘ

ব্যাখ্যা : ধরি, সরলরেখাটির দৈর্ঘ্য x একক

∴ এর ওপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল x^2 বর্গ একক

সরলরেখার এক-চতুর্থাংশের দৈর্ঘ্য $\frac{x}{4}$ একক

$$\therefore \text{এর উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল} = \left(\frac{x}{4}\right)^2 \text{ বর্গ}$$

$$= \frac{x^2}{16} \text{ বর্গ একক}$$

ছোট ক্ষেত্রের ক্ষেত্রফল বড় ক্ষেত্রের ক্ষেত্রফলের যত ভাগ, বড় ক্ষেত্রের ক্ষেত্রফল ছোট ক্ষেত্রের ক্ষেত্রফল তত গুণ।

$$\therefore x^2 \div \frac{x^2}{16}$$

$$= x^2 \times \frac{16}{x^2}$$

$$= ১৬ \text{ গুণ। (উত্তর)}$$

২০. একটি সরলরেখার উপর অঙ্কিত বর্গ ঐ সরলরেখার অর্ধেকের উপর অঙ্কিত বর্গের কত গুণ?

- (ক) দ্বিগুণ (খ) তিনগুণ
(গ) চারগুণ (ঘ) পাঁচগুণ

উ: গ

ব্যাখ্যা : ধরি, সরলরেখাটির দৈর্ঘ্য = a একক

∴ এর উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = a^2 বর্গ একক


সরলরেখাটির অর্ধেকের $\left(\frac{a}{2}\right)$ উপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল

$$\left(\frac{a}{2}\right)^2 \text{ বর্গ একক} = \frac{a^2}{4} \text{ বর্গ একক। ছোট ক্ষেত্রের ক্ষেত্রফল}$$

বড় ক্ষেত্রের ক্ষেত্রফলের যত ভাগ, বড় ক্ষেত্রের ক্ষেত্রফল ছোট ক্ষেত্রের ক্ষেত্রফলের তত গুণ ছোট।

$$\therefore a^2 + \frac{a^2}{4} = a^2 \times \frac{4}{a^2} = 4 \text{ গুণ (উত্তর)।}$$

২১. একটি চতুর্ভুজের চারটি বাহুর বিপরীত দুটি সমান্তরাল কিন্ন অসমান। একে বলে—
ক. আয়তক্ষেত্র খ. সামান্তরিক
গ. বর্গক্ষেত্র ঘ. ট্র্যাপিজিয়াম উ. ঘ
ব্যাখ্যা : যে চতুর্ভুজের চারটি বাহুর বিপরীত দুটি সমান্তরাল কিন্ন অসমান তাকে ট্র্যাপিজিয়াম বলে।



১. π ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের কোনো চাপ কেন্দ্রে x° কোণ উৎপন্ন করলে, চাপের দৈর্ঘ্য কত? (১৭তম কলেজ নিবন্ধন-২০২২)
ক. $\frac{\pi x}{180^\circ}$ একক খ. $\frac{rx}{180^\circ}$
গ. rx একক ঘ. $\frac{\pi x}{180^\circ}$ একক উ. ক
২. একটি বৃত্তের ক্ষেত্রফল একটি বর্গের ক্ষেত্রফলের সমান হলে তাদের পরিসীমার অনুপাত কত হবে? (১৭তম কলেজ নিবন্ধন-২০২২)
ক. $\pi : 2$ খ. $2 : \pi$
গ. $\pi : 2\sqrt{\pi}$ ঘ. $2\sqrt{\pi} : \pi$ উ. গ
৩. একটি সমবৃত্তভূমিক বেলনের ভূমির ব্যাসার্ধ π এবং উচ্চতা h হলে উহার আয়তন—
ক. πr^2 খ. $2\pi rh$
গ. $2\pi r(r+h)$ ঘ. $\pi r^2 h$ উ. ঘ
৪. একক ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের ক্ষেত্রফল কত হবে? (১৬তম কলেজ নিবন্ধন-২০১৯)
ক. ১ বর্গ একক খ. ২ বর্গ একক
গ. π বর্গ একক ঘ. π^2 বর্গ একক উ. গ
৫. কোনো বৃত্তের অধিচাপে অন্তর্লিখিত কোণ— (১৬তম কলেজ নিবন্ধন-২০১৯)
ক. সূক্ষ্ম কোণ খ. স্থূল কোণ
গ. সমকোণ ঘ. পূরক কোণ উ. ক
৬. বৃত্তের ব্যাস তিনগুণ বৃদ্ধি করলে ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পাবে? (১৫তম কলেজ নিবন্ধন-২০১৯)
ক. ৪ খ. ৯
গ. ১২ ঘ. ১৬ উ. খ
৭. দুটি বৃত্তের ব্যাসার্ধের অনুপাত ৪ : ৫। বৃত্ত দুটির ক্ষেত্রফলের অনুপাত কত? (১৫তম কলেজ নিবন্ধন-২০১৯)
ক. ১৬ : ২৫ খ. ১৬ : ৫
গ. ৪ : ২৫ ঘ. ২৫ : ১৬ উ. ক

৮. একটি বৃত্তের ব্যাস ২৬ সে. মি. হলে এর পরিধি কত? (১৮তম কলেজ নিবন্ধন-২০১৭)
ক. 13π সেমি খ. 26π সেমি
গ. 52π সেমি ঘ. 39π সেমি উ. খ
৯. বৃত্তের বহিঃস্থ কোনো বিন্দু হতে ঐ বৃত্তে কয়টি স্পর্শক আঁকা যায়? (১৩তম কলেজ নিবন্ধন-২০১৬)
ক. ১টি খ. ২টি
গ. ৩টি ঘ. ৪টি উ. খ
১০. বৃত্তের কেন্দ্র ছেদকারী জ্যাকে কী বলে? (১৩তম কলেজ নিবন্ধন-২০১৬)
ক. ব্যাস খ. ব্যাসার্ধ
গ. বৃত্তচাপ ঘ. পরিধি উ. ক
১১. ৩ cm, ৪ cm এবং ৫ cm ব্যাসার্ধবিশিষ্ট তিনটি গোলক গিলিয়ে একটি গোলক তৈরি করা হলে নতুন গোলকের ব্যাসার্ধ কত? (১৩তম কলেজ নিবন্ধন-২০১৬)
ক. ৫ cm খ. ৬ cm
গ. ৭ cm ঘ. ৮ cm উ. খ
১২. একটি বৃত্তের ক্ষেত্রফল ৯ গুণ বৃদ্ধি করলে ব্যাসার্ধ কত গুণ বৃদ্ধি পাবে? (১১তম কলেজ নিবন্ধন-২০১৪)
ক. ৩ গুণ খ. ৬ গুণ
গ. ৯ গুণ ঘ. ১৮ গুণ উ. ক
১৩. নিচের কোনটি বৃত্তের সমীকরণ? (১১তম কলেজ নিবন্ধন-২০১৪)
ক. $3x^2 + 4y^2 = 2$ খ. $xy = 1$
গ. $x + y = 4$ ঘ. $x^2 + y^2 = 5$ উ. ঘ
১৪. নিচের কোনটি উপবৃত্তের সমীকরণ? (১০ম কলেজ নিবন্ধন-২০১৪)
ক. $\frac{x^2}{3^2} + \frac{y^2}{4^2} = 1$ খ. $\frac{x^2}{3^2} + \frac{y^2}{3^2} = 1$
গ. $y^2 = 4ax$ ঘ. $\frac{x^2}{a^2} - \frac{y^2}{b^2} = 1$ উ. ক
১৫. r ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের পরিধি কোনটি? (৯ম কলেজ নিবন্ধন-২০১৩)
ক. $4\pi r^2$ খ. πr^2
গ. $2\pi r$ ঘ. $2\pi r^2$ উ. গ
১৬. কোনটি বৃত্তের সমীকরণ? (৯ম কলেজ নিবন্ধন-২০১৩)
ক. $ax^2 + bx + c = 0$ খ. $y^2 = ax$
গ. $3x^2 + 3y^2 = 15$ ঘ. $y^2 = 4x + 4$ উ. গ
১৭. একটি গোলকের ব্যাসার্ধ ৫ সেমি হলে এর পৃষ্ঠের ক্ষেত্রফল কত? (৭ম কলেজ নিবন্ধন-২০১১)
ক. 80π বর্গ সেমি খ. 100π বর্গ সেমি
গ. 200π বর্গ সেমি ঘ. 300π বর্গ সেমি উ. খ
১৮. ACB বৃত্তে AB জ্যা-এর মধ্যবিন্দু D, $\angle ADC = 90^\circ$, $DC = ২$ সেমি এবং বৃত্তটির ব্যাস ১০ সেমি হলে AB = কত? (৭ম কলেজ নিবন্ধন-২০১১)
ক. ৯ সেমি খ. ৮ সেমি
গ. ৬ সেমি ঘ. ৪ সেমি উ. খ

১৯. একটি বৃত্তের ক্ষেত্রফল ১৬ বর্গমিটার, পরিধি ৮ মিটার, বৃত্তটির ব্যাসার্ধ কত? *(৬ষ্ঠ ক্লাসের নিবন্ধন-২০১০)*
- ক. ২ মিটার খ. ৩ মিটার
 গ. ৪ মিটার ঘ. $2\frac{1}{2}$ মিটার উ. গ
২০. কোন কুমার গভীরতা ১০ মিটার এবং ব্যাসার্ধ ১ মিটার হলে ঐ কুমার আয়তন কত? *(৬ষ্ঠ ক্লাসের নিবন্ধন-২০১০)*
- ক. 100π ঘনমিটার খ. 10π ঘনমিটার
 গ. 1000 ঘনমিটার ঘ. π^3 ঘনমিটার উ. খ

স্কুল পর্যায়

১. দুইটি বৃত্তের ব্যাসার্ধের অনুপাত ৩ : ২। বৃত্তদ্বয়ের ক্ষেত্রফলের অনুপাত কত হবে? *(১৭তম স্কুল নিবন্ধন-২০২২)*
- ক. ২ : ৩ খ. ৩ : ৪
 গ. ৪ : ৯ ঘ. ৯ : ৪ উ. ঘ
২. অর্ধবৃত্তস্থ কোণের মান কত? *(১৭তম স্কুল নিবন্ধন-২০২২)*
- ক. 60° খ. 70°
 গ. 90° ঘ. 120° উ. গ
৩. ২ সে. মি. ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের কেন্দ্র হতে ৫ সে. মি. দূরের কোনো বিন্দু হতে অঙ্কিত স্পর্শকের দৈর্ঘ্য কত সে. মি.? *(১৬তম স্কুল নিবন্ধন ২০১৯)*
- ক. ৪.৫৪ খ. ৫.৩৪
 গ. ৩ ঘ. ৫ উ. ক
৪. বৃত্তের ব্যাস তিনগুণ বৃদ্ধি করলে এর ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পাবে? *(১৬তম স্কুল নিবন্ধন ২০১৯)*
- ক. ৪ খ. ৯
 গ. ১২ ঘ. ১৬ উ. খ
৫. বৃত্তের সমান সমান জ্যা কেন্দ্র হতে সর্বদা নিচের কোনটি? *(১৪তম স্কুল নিবন্ধন ২০১৭)*
- ক. সমদূরবর্তী খ. অসমদূরবর্তী
 গ. সমান্তরাল ঘ. কোনটিই নয় উ. ক
৬. দুইটি বৃত্তের ব্যাসার্ধের অনুপাত ৩:২। বৃত্ত দুইটির ক্ষেত্রফলের অনুপাত নিচের কোনটি? *(১৪তম স্কুল নিবন্ধন ২০১৭)*
- ক. ২ : ৩ খ. ৩ : ৪
 গ. ৪ : ৯ ঘ. ৯ : ৪ উ. ঘ
৭. বৃত্তের ব্যাস ৩ গুণ বৃদ্ধি করলে ক্ষেত্রফল বৃদ্ধি পাবে— *(১৩তম স্কুল নিবন্ধন ২০১৬)*
- ক. ৪ খ. ৯
 গ. ১২ ঘ. ১৬ উ. খ
৮. নিচের তথ্যগুলো লক্ষ করুন— *(১২তম স্কুল নিবন্ধন ২০১৫)*
- i. বৃত্তে স্পর্শক স্পর্শবিন্দুগামী ব্যাসার্ধের ওপর লম্ব
 ii. অর্ধবৃত্তস্থ কোণ এক সমকোণ
 iii. বৃত্তের সকল সমান জ্যা কেন্দ্র থেকে সমদূরবর্তী

- ওপরের তথ্যের আলোকে নিম্নের কোনটি সঠিক?
- ক. i ও ii খ. i ও iii
 গ. ii ও iii ঘ. i, ii ও iii উ. ঘ
৯. বৃত্তের ব্যাস তিনগুণ বৃদ্ধি করলে, ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পাবে? *(১২তম স্কুল নিবন্ধন ২০১৫)*
- ক. ৪ খ. ৯
 গ. ১২ ঘ. ১৬ উ. ঘ
১০. ২ সে. মি. বাহুবিশিষ্ট একটি বর্গের অভ্যন্তরে অন্তর্লুকিত অঙ্কিত হলো। বৃত্তদ্বারা বর্গের অনধিকৃত অংশের ক্ষেত্রফল কত বর্গ সে. মি.? *(১১তম স্কুল নিবন্ধন ২০১৪)*
- ক. $\pi - 4$ খ. $8 - \pi^2$
 গ. $4 - \pi$ ঘ. $2 - \pi$ উ. গ
১১. বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত কত? *(১০ম স্কুল নিবন্ধন ২০১৪)*
- ক. π খ. πr
 গ. ২ ঘ. $2r$ উ. ক
১২. একটি বৃত্তের ব্যাসার্ধ r হলে বৃত্তের ক্ষেত্রফল কত? *(৯ম স্কুল নিবন্ধন ২০১৩)*
- ক. πr^2 খ. $2r^2\pi$
 গ. $2\pi r$ ঘ. কোনোটিই নয় উ. ক
১৩. বৃত্তের উপরস্থ কোনো বিন্দুতে কয়টি স্পর্শক আঁকা যায়? *(৮ম স্কুল নিবন্ধন ২০১২)*
- ক. একটি খ. চারটি
 গ. দুইটি ঘ. তিনটি উ. ক
১৪. নিচের কোনটি দ্বারা বৃত্তের ক্ষেত্রফল নির্দেশ করে? *(৮ম স্কুল নিবন্ধন ২০১২)*
- ক. $2\pi r$ খ. $\frac{4}{3}\pi r^3$
 গ. $4\pi r^2$ ঘ. πr^2 উ. ঘ
১৫. বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত কোনটি? *(৮ম স্কুল নিবন্ধন ২০১২)*
- ক. ২ : ৪ : ৭ খ. ৭ : ৪ : ২২
 গ. ২ : ৪ : ৬ ঘ. ২ : ৪ : ৫ উ. ক
১৬. দুটি বৃত্ত পরস্পরকে অন্তঃস্পর্শ করল। বৃত্তদ্বয়ের ব্যাসার্ধ ৬ সেমি এবং কেন্দ্রদ্বয়ের দূরত্ব ২ সেমি। অপর বৃত্তের ব্যাসার্ধ কত? *(৭ম স্কুল নিবন্ধন ২০১১)*
- ক. ২ সেমি খ. ৪ সেমি
 গ. ৬ সেমি ঘ. ৪ সেমি উ. খ
১৭. একটি বৃত্তাকার মাঠের ব্যাস ২৬ মিটার। মাঠটির বাইরে চারদিকে ২ মিটার চওড়া রাস্তা রয়েছে। রাস্তাসহ মাঠটির ক্ষেত্রফল কত বর্গমিটার? *(৭ম স্কুল নিবন্ধন ২০১১)*
- ক. 225π খ. 169π
 গ. 121π ঘ. 144π উ. ক
১৮. একটি চাকার ব্যাস ৪.২ মিটার। চাকাটি ৩৩০ মিটার পথ অতিক্রম করতে কতবার ঘুরবে? *(৭ম স্কুল নিবন্ধন ২০১১)*
- ক. ৩২ খ. ৩০
 গ. ২৫ ঘ. ২২ উ. গ

১৯. একটি বেলনের বক্রতলের ক্ষেত্রফল 100 বর্গ সেমি এবং আয়তন 150 ঘন সেমি। বেলনের ভূমির ব্যাসার্ধ কত? (৭ম কুল নিবন্ধন ২০১১)
- ক. 5 সেমি
খ. 4 সেমি
গ. 3 সেমি
ঘ. 6 সেমি
উ. গ
২০. বৃত্তকম্বার ক্ষেত্রফল কোনটি সঠিক? (৬ষ্ঠ কুল নিবন্ধন ২০১০)
- ক. $\frac{\theta}{360} \pi r^2$ বর্গ একক
খ. $\frac{\theta}{90} \pi r^2$ বর্গ একক
গ. $\frac{\theta}{210} \pi r^2$ বর্গ একক
ঘ. $\frac{\theta}{180} \pi r^2$ বর্গ একক
উ. ক
২১. একটি কোণকের ভূমির ব্যাসার্ধ 5 সে. মি. এবং উচ্চতা 12 সে. মি. হলে, এর হেলানো উচ্চতা কত? (৬ষ্ঠ কুল নিবন্ধন ২০১০)
- ক. 6 সেমি
খ. 8 সেমি
গ. 10 সেমি
ঘ. 13 সেমি
উ. ঘ
২২. বৃত্তস্থ সামান্তরিক একটি— (৬ষ্ঠ কুল নিবন্ধন ২০১০)
- ক. বর্ষস
খ. আয়তক্ষেত্র
গ. ট্রাপিজিয়াম
ঘ. বর্গক্ষেত্র
উ. খ
২৩. বহিঃস্থ কোনো বিন্দু হতে একটি বৃত্তে— (বিশেষ শিক্ষক নিবন্ধন ২০১০)
- ক. দুইটি স্পর্শক আঁকা যায়
খ. একটি স্পর্শক আঁকা যায়
গ. চারটি স্পর্শক আঁকা যায়
ঘ. কোনো স্পর্শক আঁকা যায় না
উ. ক
২৪. 10 সে. মি. উচ্চতাবিশিষ্ট একটি বেলনের ভূমির ব্যাস 8 সে. মি. বেলনের আয়তন কত? (বিশেষ শিক্ষক নিবন্ধন ২০১০)
- ক. 640π ঘন সে. মি.
খ. 320π ঘন সে. মি.
গ. 160π ঘন সে. মি.
ঘ. 80π ঘন সে. মি.
উ. গ
২৫. কোণকের ভূমির ব্যাসার্ধ r , উচ্চতা h ও হেলান উন্নতি l হলে, নিম্নের কোন সম্পর্কটি সঠিক? (বিশেষ শিক্ষক নিবন্ধন ২০১০)
- ক. $l^2 = \sqrt{h^2 + r^2}$
খ. $l = \sqrt{h^2 + r^2}$
গ. $l = \pm \sqrt{h^2 + r^2}$
ঘ. $l = \frac{h^2 + r^2}{2\pi r}$
উ. খ

স্কুল পর্যায়-২


১. বৃত্তের ব্যাস তিনগুণ বৃদ্ধি করলে ক্ষেত্রফল কতগুণ বৃদ্ধি পাবে? (১৭তম কুল-২ নিবন্ধন ২০২২)
- ক. 3
খ. 9
গ. 12
ঘ. 16
উ. খ
২. O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে OD, AB জ্যা এর উপর লম্ব। AD = 3 সেমি. হলে AB = কত সেমি? (১৬তম কুল-২ নিবন্ধন ২০১৯)
- ক. 3 সেমি.
খ. 4 সেমি.
গ. 5 সেমি.
ঘ. 6 সেমি.
উ. ঘ
৩. কোনো বৃত্তের ব্যাস 10 cm হলে ক্ষেত্রফল কত? (১৫তম কুল-২ নিবন্ধন ২০১৯)
- ক. 5π
খ. 10π
গ. 25π
ঘ. 100π
উ. গ

৪. বৃত্তের ব্যাস 20 মিটার হলে পরিধি কত? (১৪তম কুল-২ নিবন্ধন ২০১৭)
- ক. 20π
খ. 10π
গ. 100π
ঘ. 400π
উ. ক
৫. কোনো বৃত্তের ব্যাসার্ধ 7 সেমি হলে বৃত্তের বৃহত্তম জ্যা এর দৈর্ঘ্য নিচের কোনটি? (১৩তম কুল-২ নিবন্ধন ২০১৬)
- ক. 2 সেমি
খ. 6 সেমি
গ. 14 সেমি
ঘ. 12 সেমি
উ. গ
৬. একটি বৃত্তের ব্যাস r হলে বৃত্তটির ক্ষেত্রফল কত? (১৩তম কুল-২ নিবন্ধন ২০১৬)
- ক. πr^2
খ. $\frac{\pi r^2}{2}$
গ. $4\pi r^2$
ঘ. কোনোটিই নয়
উ. ঘ
৭. দুইটি বৃত্তের ব্যাসার্ধের অনুপাত 3 : 2 হলে, বৃত্ত দুইটির ক্ষেত্রফলের অনুপাত কত? (১৩তম কুল-২ নিবন্ধন ২০১৫)
- ক. 2 : 3
খ. $\sqrt{3} : \sqrt{2}$
গ. 8 : 9
ঘ. 9 : 8
উ. ঘ
৮. বৃত্তের ব্যাসার্ধ 5 একক হলে, বৃত্তের ক্ষেত্রফল কত বর্গ একক? (১০ম কুল-২ নিবন্ধন ২০১৪)
- ক. 5π
খ. 10π
গ. 20π
ঘ. 25π
উ. ঘ

বিস্তারিত আলোচনা

- বৃত্ত : বৃত্ত হলো একটি বিন্দুর সম্ভারপথ যা একই সমতলে অবস্থিত একটি নির্দিষ্ট বিন্দু হতে সর্বদা সমান দূরত্ব বজায় রাখে। নির্দিষ্ট বিন্দুটিকে বলা হয় বৃত্তের কেন্দ্র।

বৃত্ত- বৃত্ত একটি অংশ বক্ররেখা দ্বারা প্রত্যেক বিন্দু হিতের একটি বিন্দু থেকে সমান দূরে।



- ☐ জ্যা : বৃত্তের যে কোনো দুইটি ভিন্ন বিন্দুর সংযোজক রেখাংশকে বৃত্তের জ্যা বলে।
- ☐ ব্যাস : বৃত্তের কোনো জ্যা যদি কেন্দ্র দিয়ে যায় তবে জ্যাটিকে বৃত্তের ব্যাস বলে। অর্থাৎ, বৃত্তের বৃহত্তম জ্যা হলো বৃত্তের ব্যাস।
- ☐ ব্যাসার্ধ : বৃত্তের কেন্দ্র থেকে বৃত্তের কোনো বিন্দুর দূরত্বকে ঐ বৃত্তের ব্যাসার্ধ বলে। বৃত্তের ব্যাস = $2 \times$ ব্যাসার্ধ
- ☐ পরিধি : বৃত্তের দৈর্ঘ্যকে তার পরিধি বলা হয়।
- ☐ চাপ : বৃত্তের পরিধির যে কোনো অংশকে বৃত্তের চাপ বলে।
- ☐ পাই (π) : বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাতকে π বলে।

৭. বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত -

(ক) ৩

(খ) ৫

(গ) $2\pi/৯$

(ঘ) $2\pi/৭$

উ : ঘ

ব্যাখ্যা : আমরা জানি, বৃত্তের পরিধি $2\pi r$ এবং বৃত্তের ব্যাস = $2r$ ।

সুতরাং, বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত = $2\pi r : 2r$

$$= \pi : 1$$

$$\therefore \pi = \frac{22}{7} \text{ বা } ৩.১৪ \text{ (উত্তর)}$$

৮. দুটি পরস্পর ছেদী বৃত্তে কয়টি সাধারণ স্পর্শক আঁকা যেতে পারে?

(ক) ১টি


(খ) ২টি

(গ) ৩টি

(ঘ) ৪টি

উ : খ

ব্যাখ্যা : ২টি।



A ও B দুইটি পরস্পর ছেদী বৃত্তে CD ও EF দুটি সাধারণ স্পর্শক। এছাড়া আর কোনো সাধারণ স্পর্শক এক্ষেত্রে আঁকা সম্ভব নয়। উত্তর: ২টি।

৯. একই চাপের উপর দণ্ডায়মান পরিধিহীন কোণের পরিমাণ 60° ডিগ্রি হলে কেন্দ্রস্থ কোণের পরিমাণ হবে-

(ক) 1৮০°

(খ) 1২০°

(গ) ৬০°

(ঘ) ৩০°

উ : খ

ব্যাখ্যা : আমরা জানি, একই চাপের উপর দণ্ডায়মান কেন্দ্রস্থ কোণ পরিধিহীন কোণের দ্বিগুণ। অতএব, পরিধিহীন 60° কোণের কেন্দ্রস্থ কোণের পরিমাণ = $(60^\circ \times ২)$ বা 1২০° (উত্তর)।

১০. দুইটি বৃত্তের ব্যাসের অনুপাত ১ : ৩। এদের ক্ষেত্রফলের অনুপাত কত?

(ক) ১ : ৭

(খ) ১ : ৯

(গ) ১ : ১২

(ঘ) ১ : ১৮

উ : খ

ব্যাখ্যা : ধরি,

$$1ম \text{ বৃত্তের ব্যাস} = 2r \quad \therefore \text{ব্যাসার্ধ} = r$$

$$2য় \text{ ,, ,, } = ৩ \times ২ = ৬r$$

$$\therefore \text{ব্যাসার্ধ} = ৩r$$

$$\therefore 1ম \text{ বৃত্তের ক্ষেত্রফল} = \pi(r)^2 = \pi r^2$$

$$2য় \text{ ,, ,, } = \pi(৩r)^2 = ৯\pi r^2$$

$$\frac{1ম \text{ বৃত্তের ক্ষেত্রফল}}{2য় \text{ বৃত্তের ক্ষেত্রফল}} = \frac{\pi r^2}{৯\pi r^2} = \frac{১}{৯}$$

1ম বৃত্তের ক্ষেত্রফল : 2য় বৃত্তের ক্ষেত্রফল = ১ : ৯ (উত্তর)।

১১. ABCD বৃত্তে AB এবং CD দুটি সমান জ্যা পরস্পর P বিন্দুতে ছেদ করলে কোনটা সত্য?

ক. PC = PD


খ. PB = PD

গ. PB = PA

ঘ. PB = PA

উ : খ

ব্যাখ্যা :



ABD বৃত্তে AB এবং CD দুটি সমান জ্যা পরস্পর P বিন্দুতে ছেদ করেছে।

$\therefore PA = PC$; এবং $PB = PD$ । উত্তর: $PB = PD$

১২. একটি বৃত্তের ব্যাসার্ধ অপর একটি বৃত্তের ব্যাসার্ধের দ্বিগুণ হলে প্রথমটির ক্ষেত্রফল দ্বিতীয়টির ক্ষেত্রফলের কত গুণ হবে?

(ক) ২

(খ) ৪

(গ) ৮

(ঘ) ১৬

উ : খ

ব্যাখ্যা : ধরি, বৃত্তের ব্যাসার্ধ = r

$$\therefore \text{ক্ষেত্রফল} = \pi r^2$$

ব্যাসার্ধ দ্বিগুণ হলে, ব্যাসার্ধ = $2r$

$$\therefore \text{ক্ষেত্রফল} = \pi(2r)^2 = 4\pi r^2$$

ক্ষেত্রফল বৃদ্ধি পাবে $\frac{4\pi r^2}{\pi r^2}$ বা 4 গুণ (উত্তর)।

১৩. বৃত্তস্থ সামান্তরিক একটি-

(ক) আয়তক্ষেত্র

(খ) বর্গক্ষেত্র

(গ) রম্বস

(ঘ) ট্রাপিজিয়াম

উ : ক

ব্যাখ্যা : বৃত্তে অন্তর্লিখিত চতুর্ভুজ সংক্রান্ত উপপাদ্যের একটি অনুসিদ্ধান্ত। বৃত্তে অন্তর্লিখিত সামান্তরিক একটি আয়তক্ষেত্র (উত্তর)।

১৪. বৃত্তের কেন্দ্র হতে ২৪ সে.মি. দীর্ঘ জ্যা-এর উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য ৫ সে.মি. হলে ব্যাসার্ধের দৈর্ঘ্য হবে-

ক. ১৩ সে.মি.


খ. ১৪ সে.মি.

১০. বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় প্রথম কোন জেলা শত্রুমুক্ত হয়? (১৪তম কুল-২ নিবন্ধন ২০১৭)
ক. মাগুরা খ. মেহেরপুর উ. গ
গ. যশোর ঘ. ময়মনসিংহ
১১. যুক্তফ্রন্টের ২১ দফার ১ম দফাটি ছিল- (১৪তম কুল-২ নিবন্ধন ২০১৭)
ক. বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে প্রতিষ্ঠা করা উ. ক
খ. পাটকল জাতীয়করণ করা
গ. চাকরিতে সকলের সমান অধিকার নিশ্চিত করা
ঘ. পূর্ব পাকিস্তানের সুযমউন্নয়ন নিশ্চিত করা
১২. 'জীবন থেকে নেয়া' চলচ্চিত্রের পরিচালক কে? (১৩তম কুল-২ নিবন্ধন ২০১৬)
ক. চাষী নজরুল ইসলাম খ. আলমগীর কবির উ. গ
গ. জহির রায়হান ঘ. সুভাষ দত্ত
১৩. এগার-দফা আন্দোলন কখন হয়েছিল? (১৩তম কুল-২ নিবন্ধন ২০১৬)
ক. ১৯৫৪ সালে খ. ১৯৬৬ সালে উ. ঘ
গ. ১৯৬৮ সালে ঘ. ১৯৬৯ সালে
১৪. 'মাটির ময়না' ছবি নির্মাণ করেন কে? (১২তম কুল-২ নিবন্ধন ২০১৫)
ক. অপর্ণা সেন খ. মৃণাল সেন উ. গ
গ. তারেক মাসুদ ঘ. মুস্তফা মনোয়ার
১৫. পূর্ব পাকিস্তান জাতীয় পরিষদে আসন সংখ্যা ছিল- (১২তম কুল-২ নিবন্ধন ২০১৫)
ক. ১৬৮টি খ. ১৬৯টি উ. ঘ
গ. ১৭০টি ঘ. ১৬৭টি
১৬. বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার গঠিত হয়েছিল কবে? (১১তম কুল-২ নিবন্ধন ২০১৪)
ক. ১৯৭০ সালের ১০ এপ্রিল খ. ১৯৭০ সালের ১৭ এপ্রিল উ. গ
গ. ১৯৭১ সালের ১০ এপ্রিল ঘ. ১৯৭১ সালের ১৭ এপ্রিল

কুল পরীক্ষা-২

১. 'আমার দেখা নয়াচীন' গ্রন্থের রচয়িতা কে? (১৭তম কুল-২ নিবন্ধন ২০২২)
ক. মওলানা আবদুল হামিদ খান ভাসানী
খ. শেরে বাংলা এ কে ফজলুল হক
গ. হোসেন শহীদ সোহরাওয়ার্দী
ঘ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান উ. ঘ
২. বঙ্গবন্ধুর জন্ম শতবার্ষিকী অনুষ্ঠান কত তারিখে শুরু হয়? (১৭তম কুল-২ নিবন্ধন ২০২২)
ক. ১৭ই মার্চ ২০২০ খ. ১৭ই মার্চ ২০১৯ উ. ঘ
গ. ১৭ই মার্চ ২০২১ ঘ. ১৭ই মার্চ ২০২২
৩. আগরতলা মামলা প্রত্যাহার করা হয়- (১৬তম কুল-২ নিবন্ধন ২০১৯)
ক. ২২ ফেব্রুয়ারি ১৯৬৯ খ. ২০ মার্চ ১৯৬৯ উ. ঘ
গ. ১৮ ফেব্রুয়ারি ১৯৭০ ঘ. ৫ ডিসেম্বর ১৯৬৮
৪. মুজিবনগর সরকারের অর্থমন্ত্রী কে ছিলেন? (১৬তম কুল-২ নিবন্ধন ২০১৯)
ক. ক্যাপ্টেন এম মনসুর আলী
খ. তাজউদ্দীন আহমদ
গ. সৈয়দ নজরুল ইসলাম
ঘ. খন্দকার মোশতাক আহমেদ উ. ক

১৭ জাতীয় প্রতিপত্তি কয়টি ফলাফল আছে? (১০৫ কৃষ্ণ-২ বিকল্প ২০১৪)
ক. ৫টি খ. ৬টি
গ. ৭টি ঘ. ৮টি

উ. গ

8.1 পাকিস্তান শাসনামল

- প্রশ্ন: পাকিস্তানের প্রথম প্রধানমন্ত্রী কে ছিলেন?
উ: নিয়াকত আলী খান।
- প্রশ্ন: পাকিস্তানের প্রথম প্রেসিডেন্ট কে ছিলেন?
উ: ইক্বাশ্বার মির্জা।
- প্রশ্ন: পাকিস্তানের প্রথম গভর্নর জেনারেল কে ছিলেন?
উ: মুহাম্মদ আলী জিন্নাহ।
- প্রশ্ন: পূর্ব পাকিস্তানের/পূর্ব বাংলার প্রথম মুখ্যমন্ত্রী কে ছিলেন?
উ: খাজা নাজম উদ্দিন।
- প্রশ্ন: পূর্ব বাংলার প্রথম গভর্নর কে ছিলেন?
উ: চৌধুরী খালেদুজ্জামান।
- প্রশ্ন: পাকিস্তানের প্রথম গণপরিষদের প্রথম অধিবেশন কোথায় বসে?
উ: করাচিতে।
- প্রশ্ন: পাকিস্তানের গণপরিষদের প্রথম অধিবেশন কবে বসে?
উ: ২৩ ফেব্রুয়ারি ১৯৪৮ সালে।
- প্রশ্ন: পাকিস্তানের গণপরিষদে প্রথম বাংলায় বক্তৃতা প্রদান করেন কোন ব্যক্তি?
উ: মাওলানা আব্দুর রশীদ তর্কবাগীশ।
- প্রশ্ন: বাংলাদেশ কতবছর পাকিস্তানের অঙ্গভুক্ত ছিল?
উ: ২৪ বছর।
- প্রশ্ন: 'পূর্ব-পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ' (বর্তমান- বাংলাদেশ আওয়ামী লীগ) কবে প্রতিষ্ঠিত হয়?
উ: ২৩ জুন, ১৯৪৯ সালে। (নোট: কিন্তু ১৯৫৫ সালে দলটির নাম থেকে 'মুসলিম' শব্দটি বাদ দিয়ে ধর্মনিরপেক্ষতার নীতি গ্রহণ করে দলটি।)
- প্রশ্ন: আওয়ামী লীগের প্রথম সভাপতি কে হন?
উ: মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী।
- প্রশ্ন: আওয়ামী লীগের প্রথম সাধারণ সম্পাদক কে হন?
উ: শামসুল হক।
- প্রশ্ন: পাকিস্তানের প্রথম শাসনতন্ত্র/সংবিধান কবে গ্রহীত হয়?
উ: ২৯ ফেব্রুয়ারি, ১৯৫৬ সালে।
- প্রশ্ন: পাকিস্তানের প্রথম শাসনতন্ত্র/সংবিধান কবে কার্যকর হয়?
উ: ২৩ মার্চ, ১৯৫৬ সালে।
- প্রশ্ন: 'পূর্ব বাংলার' নাম 'পূর্ব পাকিস্তান' করা হয় কখন?
উ: ২৩ মার্চ, ১৯৫৬ সালে।
- প্রশ্ন: হোসেন শহীদ সোহরাওয়ার্দী কবে পাকিস্তানের প্রধানমন্ত্রী হন?
উ: ১৯৫৬ সালে।
- প্রশ্ন: ঐতিহাসিক কাগমারী সম্মেলন কবে অনুষ্ঠিত হয়?
উ: ১৯৫৭ সালের ৭-১০ ফেব্রুয়ারি।
- প্রশ্ন: ঐতিহাসিক কাগমারী সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়?
উ: টাঙ্গাইল জেলার কাগমারীর সন্তোষ নামক স্থানে।

- প্রশ্ন: কার সভাপতিত্বে কাগমারী সম্মেলন অনুষ্ঠিত হয়?
উ: মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী।
- প্রশ্ন: কাগমারী সম্মেলনের মাধ্যমে গণপরিষদ কোন দাবি তুলে দেন হয়?
উ: স্বায়ত্তশাসনের দাবি।
- প্রশ্ন: পাকিস্তানের জাতীয় পরিষদের প্রথম অধিবেশন কোথায় বসে?
উ: ঢাকায়। (কিন্তু পাকিস্তানের গণপরিষদের প্রথম অধিবেশন বসে করাচিতে।)
- প্রশ্ন: পাকিস্তানের প্রথম শাসনতন্ত্রের কে, কবে বাতিল করেন?
উ: ইক্বাশ্বার মির্জা কর্তৃক ৭ অক্টোবর, ১৯৫৮ সালে।
- প্রশ্ন: পাকিস্তানের প্রথম কে, কবে সামরিক আইন জারি করেন?
উ: ইক্বাশ্বার মির্জা, ৭ অক্টোবর, ১৯৫৮ সালে।
- প্রশ্ন: আইয়ুব খান কবে ইক্বাশ্বার মির্জার স্থলাভিষিক্ত হন?
উ: ১৯৫৮ সালে।
- প্রশ্ন: 'মৌলিক গণতন্ত্রের' প্রবর্তক কে?
উ: আইয়ুব খান।
- প্রশ্ন: প্রথম পাক-ভারত যুদ্ধ কবে শুরু হয়?
উ: ১৯৪৭ সালে। (সূত্র: বাংলাদেশের ইতিহাস (১৯৫২-১৯৪৭), ড. আবু মোঃ দেলোয়ার হোসেন। উল্লেখ্য, অংশে ১৯৪৭ না থাকলে ১৯৬৫ নিতে হবে।)
- প্রশ্ন: প্রথম পাক-ভারত যুদ্ধের কারণ কী ছিল?
উ: পাকিস্তানের ভারত অধিকৃত কাশ্মীর দখলের চেষ্টা।

8.2 যুক্তফ্রন্টের নির্বাচন

- প্রশ্ন: যুক্তফ্রন্ট কবে গঠিত হয়?
উ: ১৯৫৩ সালের, ০৪ ডিসেম্বর।
- প্রশ্ন: ১৯৫৪ সালে পূর্ব বাংলার প্রাদেশিক নির্বাচন তথা যুক্তফ্রন্টের নির্বাচন কবে অনুষ্ঠিত হয়?
উ: ১৯৫৪ সালের ৮ মার্চ।
- প্রশ্ন: যুক্তফ্রন্ট মন্ত্রিসভা কবে, কার নেতৃত্বে গঠিত হয়?
উ: ০৩ এপ্রিল, ১৯৫৪। এ. কে. ফজলুল হকের।
- প্রশ্ন: কয়টি দলের সমন্বয়ে যুক্তফ্রন্ট গঠিত হয়? উ: ৪টি দল।
- প্রশ্ন: কোন কোন দলের সমন্বয়ে যুক্তফ্রন্ট গঠিত হয়?
উ: ১। আওয়ামী মুসলিম লীগ ২। কৃষক-শ্রমিক পার্টি ৩। নেজামে ইসলাম ৪। বামপন্থী গণতন্ত্রী দল।
- প্রশ্ন: ১৯৫৪ সালে যুক্তফ্রন্টের নির্বাচনের সময় পূর্ব-বাংলার প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন কে?
উ: মো: আজফার।
- প্রশ্ন: কার নেতৃত্বে যুক্তফ্রন্ট মন্ত্রিসভা গঠিত হয়?
উ: শেরে বাংলা এ.কে. ফজলুল হক।
- প্রশ্ন: কিসের ভিত্তিতে যুক্তফ্রন্ট নির্বাচনী ইশতিহার গঠিত?
উ: ২১-দফা।
- প্রশ্ন: ২১-দফার প্রথম দফা কী ছিল?
উ: বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা করা।

- প্রশ্ন: যুক্তফ্রন্টের নির্বাচনী প্রতীক কী ছিল? উঃ নৌকা।
- প্রশ্ন: ১৯৫৪ সালে পূর্ব বাংলার প্রাদেশিক নির্বাচন (যুক্তফ্রন্টের নির্বাচন) এর সময় পূর্ব বাংলার প্রাদেশিক পরিষদের আসন সংখ্যা কত ছিল?
- উঃ মোট ৩০৯টি আসন। এর মধ্যে ২৩৭টি মুসলিম আসন এবং ৭২টি আসন অমুসলিমদের জন্য সংরক্ষিত ছিল।
- প্রশ্ন: যুক্তফ্রন্ট কয়টি আসন লাভ করে?
- উঃ পূর্ব-বাংলার প্রাদেশিক পরিষদের ৩০৯টি আসনের মধ্যে সংরক্ষিত আসনসহ মোট ২৩৬টি আসনে জয়লাভ করে যুক্তফ্রন্ট। তবে অমুসলিমদের জন্য সংরক্ষিত আসন ছাড়া ২৩৭টি মুসলিম আসনের মধ্যে যুক্তফ্রন্ট ২২৩টি আসন লাভ করে এবং অমুসলিমদের জন্য সংরক্ষিত ৭২টি আসনের মধ্যে ১৩টি আসন লাভ করে যুক্তফ্রন্ট।
- প্রশ্ন: যুক্তফ্রন্টের নেতৃত্বে কারা ছিলেন?
- উঃ শেবে বাংলা এ.কে. ফজলুল হক, মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী, মাওলানা আতাউর আলী এবং হাজী মোহাম্মদ দানেশ। তবে যুক্তফ্রন্টের সমন্বয় হিসেবে ছিলেন হোসেন শহীদ সোহরাওয়ার্দী।
- প্রশ্ন: যুক্তফ্রন্টের নির্বাচনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন আসন থেকে নির্বাচন করে জয়লাভ করেন?
- উঃ গোপালগঞ্জ আসন থেকে।
- প্রশ্ন: যুক্তফ্রন্টের মন্ত্রিসভায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন মন্ত্রণালয়ের দায়িত্বে ছিলেন?
- উঃ কৃষি, বন, সমবায় ও পল্লী মন্ত্রী।
- প্রশ্ন: যুক্তফ্রন্টের মন্ত্রিসভায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন মন্ত্রণালয়ের দায়িত্বে ছিলেন?
- উঃ কৃষি, বন, সমবায় ও পল্লী মন্ত্রী।

৪.৩ ৬-দফা আন্দোলন ও গণঅভ্যুত্থান

- প্রশ্ন: 'বাঙালির মুক্তির সনদ' নামে কোনটিকে অভিহিত করা হয়?
- উঃ ছয় দফাকে।
- প্রশ্ন: ইংল্যান্ডের 'ম্যাগনাকার্টার' সাথে কোনটিকে তুলনা করা হয়?
- উঃ ছয় দফাকে।
- প্রশ্ন: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান 'ছয় দফা' কর্মসূচি প্রথম কবে ঘোষণা করেন?
- উঃ ৫ ফেব্রুয়ারি, ১৯৬৬ সালে।
- প্রশ্ন: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রথম কোথায় 'ছয় দফা' কর্মসূচি কবে ঘোষণা করেন?
- উঃ লাহোরে। (মনে রাখতে হবে, 'লাহোর প্রস্তাব'-ও লাহোরে উত্থাপিত হয়)
- প্রশ্ন: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আনুষ্ঠানিকভাবে 'ছয় দফা' কর্মসূচি ঘোষণা করেন কবে?
- উঃ ২৩ মার্চ, ১৯৬৬ সালে।
- প্রশ্ন: আওয়ামী লীগের দলীয় কাউন্সিল অধিবেশনে 'ছয়-দফা' গৃহীত হয় কবে?
- উঃ ১৮ মার্চ, ১৯৬৬ সালে।
- প্রশ্ন: 'ছয় দফা' দিবস কবে?
- উঃ ৭-ই জুন।

- প্রশ্ন: কিসের ভিত্তিতে 'ছয় দফা' রচিত?
- উঃ ঐতিহাসিক লাহোর প্রস্তাবের ভিত্তিতে।
- প্রশ্ন: ছয় দফার প্রথম দফা কী ছিল?
- উঃ প্রাদেশিক স্বায়ত্তশাসন।
- প্রশ্ন: ছয় দফার দ্বিতীয় দফা কী ছিল?
- উঃ কেন্দ্রীয় সরকারের ক্ষমতা
- প্রশ্ন: ছয় দফার কতটি দফা অর্থনীতি বিষয়ক?
- উঃ মোট ৩টি দফা অর্থনীতি বিষয়ক।
- প্রশ্ন: ছয় দফার উপর প্রকাশিত পুস্তিকার নাম কী?
- উঃ 'ছয় দফা: আমাদের বাঁচার দাবি' (প্রকাশিত হয় ১৯৬৬ সালের ২১ ফেব্রুয়ারি)
- প্রশ্ন: ছয় দফা আন্দোলনের মুখপাত্র ছিল কোন পত্রিকা?
- উঃ দৈনিক আওয়াজ [নোট: অপশনে দৈনিক আওয়াজ না থাকলে দৈনিক ইত্তেফাক দিতে হবে]
- প্রশ্ন: আগরতলা ষড়যন্ত্র মামলা কী নামে দায়ের করা হয়েছিল?
- উত্তর: রাষ্ট্র বনাম শেখ মুজিবুর রহমান ও অন্যান্য।
- প্রশ্ন: আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করা হয়?
- উঃ ৩ জানুয়ারি, ১৯৬৮।
- প্রশ্ন: আগরতলা ষড়যন্ত্র মামলায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গ্রেফতার করা হয় কবে?
- উঃ ১৮ জানুয়ারি, ১৯৬৮।
- প্রশ্ন: আগরতলা ষড়যন্ত্র মামলার বিশেষ আদালতের প্রধান বিচারক কে ছিলেন?
- উঃ পাকিস্তানের প্রধান বিচারপতি এস.এ. রহমান।
- প্রশ্ন: আগরতলা ষড়যন্ত্র মামলার বিচার হয়?
- উঃ ১৯৬৮ সালে।
- প্রশ্ন: আগরতলা ষড়যন্ত্র মামলার আসামির সংখ্যা কতজন ছিলেন?
- উঃ ৩৫ জন।
- প্রশ্ন: 'আগরতলা ষড়যন্ত্র' মামলার প্রধান আসামি কে ছিলেন?
- উঃ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।
- প্রশ্ন: আগরতলা ষড়যন্ত্র মামলা কবে প্রত্যাহার করা হয়?
- উঃ ২২ ফেব্রুয়ারি, ১৯৬৯।
- প্রশ্ন: আগরতলা ষড়যন্ত্র মামলা থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে মুক্তি দেওয়া হয় কবে?
- উঃ ২২ ফেব্রুয়ারি, ১৯৬৯।
- প্রশ্ন: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধি দেওয়া হয় কবে?
- উঃ ২৩ ফেব্রুয়ারি, ১৯৬৯ সালে ঢাকার রেইসকোর্স ময়দানে।
- প্রশ্ন: আইয়ুব খান কবে কেন পদত্যাগ করতে বাধ্য হয়?
- উঃ ২৫ মার্চ, ১৯৬৯ সালে। রাজনৈতিক সংকটের জন্য।
- প্রশ্ন: পুলিশের গুলিতে শহীদ আসাদ কবে নিহত হন?
- উঃ ২০ জানুয়ারি, ১৯৬৯। শহীদ আসাদ এর স্মরণে ঢাকার মোহাম্মদপুরের 'আইয়ুব গেট' এর নাম পরিবর্তন করে রাখা হয় 'আসাদ গেট'।
- প্রশ্ন: শহীদ আসাদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন বিভাগের ছাত্র ছিলেন?
- উঃ ইতিহাস বিভাগের।

- প্রঃ পূর্বদেশে গঠিত শরীয় মজলিসে বহমান করে শরীয় হুকুম
উঃ ২৪ জানুয়ারি, ১৯৬৯
- প্রঃ মজলিসে বহমান কোন বিদ্যালয়ের ছাত্র ছিলেন?
উঃ মাকদুম ইসলামী টিচার্স স্কুলে শ্রমিক ছাত্র ছিলেন।
- প্রঃ ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানে সন্য আশ্রয়লা বহনকারী মজলিসে
কোনো ছাত্রের সক্রিয় ভূমিকা হওয়ার গুণি করে হত্যা করা হয় করে?
উঃ ১১ জানুয়ারি, ১৯৬৯
- প্রঃ ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানে সন্য শরীয় হওয়া প্রথম
সুন্নীত্বীয় নম্ব কী?
উঃ হকিমুলী বিশ্ববিদ্যালয়ের ইসলাম বিজ্ঞানের শিক্ষিত অধ্যাপক
শমসুজ্জাম
- প্রঃ গণঅভ্যুত্থানে কয়েক প্রসিদ্ধিত আইনব্র বহন করে পলাতান করেন?
উঃ ১১ মার্চ, ১৯৬৯
- প্রঃ আইনব্র বহন করে নিম্নে পত্রিকায়ের ক্রমক্রম সফল করেন?
উঃ মঙ্গল দুসক ইয়াহিয়া খানের নিম্নে।
- প্রঃ পত্রিকায়ের ক্রমক্রম 'মৌলিক গণতন্ত্র' প্রবর্তন করেন কে?
উঃ জেনারেল আইনব্র বহন।
- প্রঃ ১৯৬৯ সালের গণ-অভ্যুত্থানে উপর রচিত অবতরণক্রম
ইতিহাসে বিখ্যাত উপনামের নাম কী?
উঃ সিলভেরের সেশাই।
- প্রঃ কবর শের মুজিবুর বহমানকে জাতির জনক বোলা নো হয় করে?
উঃ ০৫ মার্চ, ১৯৭১।
- প্রঃ কবর শের মুজিবুর বহমানকে জাতির জনক উপাধি নো কে?
উঃ জা.স.ম অবদুর বর।
- প্রঃ কবর শের মুজিবুর বহমানকে 'রাজনীতির কবি' (Poet of
Politics) উপাধি নো কে?
উঃ বঙ্গবাহুর বিখ্যাত মাসপত্রিক 'নিউজইন্ডার' (Newsweek)
- প্রঃ কবর শের মুজিবুর বহমানকে 'রাজনীতির কবি' (Poet of
Politics) উপাধি নো হয় করে?
উঃ ১৯৭১ সালের ০৫ এপ্রিলে। এই উপাধি নো কবর ৭-ই মার্চের
ইতিহাসিক ভাষণের জন্য।
- প্রঃ কবর শের মুজিবুর বহমানকে ইতিহাসিক ৭-ই মার্চের ভাষণে
ইতিহাসে 'নেমোদি অব না জেনারেল' হিসেবে স্বীকৃতি নো করে?
উঃ ১৯৭৭ সালের ৩০ অক্টোবর।

কবর শের মুজিবুর ছর দকা দাবি সন্ব:

- নক-১ : শাসনতন্ত্রিক কঠামো ও রাষ্ট্রের হুকৃতি লাহেব
কঠামে ভিত্তিত সন্বিধে কনা কত্র পত্রিকায়ের একটি
কোম্পানে পবিত্র করে হর, বেধানে সন্বদীর পত্রিকায়ের সন্বদর
হরবে এক প্রাক্করক নাগরিকায়ের ভোটে নির্বাচিত আইন পবিত্র
সন্বদায় হরবে।
- নক-২ : কেন্দ্রীয় সন্বদায়ের কঠামো: কোম্পানে সন্বদায়ের হাতে
করবে স্ত্রু দুটি বিবর, প্রতিক্রমা ও বৈদেশিক সন্বদর, একে অপর সন্ব
বিবর কোম্পানে অত্রকৃত রাজসন্বদায়ের হাতে নত্র ধরবে।

- নক-৩ : মুদ্রা বা অর্থ বিবরক কঠামো: স্ত্রু ১ পত্রিকায়ের
পত্রিকায়ের জন্য দুটি পত্রক কঠামে সন্বদায়ের বৈদেশিক মুদ্রা স্ত্রু
কঠামে হরবে যদি স্ত্রু সন্বদায়ের না হর হরকালে সন্বদায়ের পত্রিকায়ের জন্য
কঠামে সন্বদায়ের বিবরকঠামে একটিই মুদ্রাকঠামে হরকালে, একটি
কঠামে বিবরকঠামে হরকালে ১ দুটি কঠামে বিবরকঠামে হরকালে
হরবে একে স্ত্রু পত্রিকায়ের হরবে স্ত্রু হরবে পত্রিকায়ের
পত্রিকায়ের হরবে না পত্রিকায়ের হরবে সন্বদায়ের সন্বদায়ের
সন্বদায়ের কঠামে হরবে।
- নক-৪ : ক্র, রাজস বা স্ত্রু বিবরক কঠামো: দুই কঠামে
বৈদেশিক মুদ্রা কঠামে পত্রিকায়ের হরকালে একে অত্রিক বৈদেশিক
মুদ্রা কঠামে হরবে হরকালে হরবে কোম্পানে সন্বদায়ের জন্য
প্রতিক্রমীয় বৈদেশিক মুদ্রা দুই কঠামে হরবে সন্বদায়ের বিবর
বিবরকঠামে কঠামে হরবে অন্য কঠামে হরবে।
- নক-৫ : বৈদেশিক বাণিজ্য বিবরক কঠামো: দুই কঠামে
নৌকায় স্ত্রু বিবরকঠামে কঠামে একে হরকালে হরবে না একে
কঠামে হরবে হরকালে বিবরকঠামে হরকালে সন্বদায়ের সন্বদায়ের
পত্রিকায়ের সন্বদায়ের হরবে বিবরকঠামে হরবে।
- নক-৬ : অত্রিক সন্বদায়ের পত্রিকায়ের কঠামো: প্রতিক্রমীয়
পত্রিকায়ের হরকালে কঠামে হরকালে অত্র-সন্বদায়ের বৈদেশিক
পত্রিকায়ের স্ত্রু কঠামে হরকালে একে সন্বদায়ের সন্বদায়ের
নকঠামে পত্রিকায়ের হরকালে হরবে।

□ স্ত্রু কঠামে হরকালে সন্বদায়ের কঠামে: জামি, এই ৬টি কঠামে
কঠামে স্ত্রু অত্রকঠামে বিবরকঠামে হরকালে বেশি কঠামে
কঠামে, অত্র-সন্বদায়ের সন্বদায়ের নিম্নে এই ৬টি কঠামে
কঠামে সন্বদায়ের কঠামে।

শাসন কেন্দ্রিত মুদ্রা কঠামে বৈদেশিক অত্রকঠামে (অর্থ, শাসন কেন্দ্রিত
মুদ্রা কঠামে বৈদেশিক অত্রকঠামে)
কঠামে কঠামে।

- ক নক-১ : শাসন = শাসনতন্ত্রিক কঠামো ও রাষ্ট্রের হুকৃতি
- ক নক-২ : কেন্দ্রিত = কেন্দ্রীয় সন্বদায়ের কঠামো
- ক নক-৩ : মুদ্রা = মুদ্রা বা অর্থ বিবরক কঠামো
- ক নক-৪ : ক্র = ক্র, রাজস বা স্ত্রু বিবরক কঠামো
- ক নক-৫ : বৈদেশিক = বৈদেশিক বাণিজ্য বিবরক কঠামো
- ক নক-৬ : অত্রকঠামে = অত্রিক সন্বদায়ের পত্রিকায়ের কঠামো

8.8 ১৯৭০ সালের নির্বাচন

- প্রঃ কোন তারিখে ১৯৭০ সালের পত্রিকায়ের সন্বদায়ের নির্বাচন
জাতির পত্রিকায়ের নির্বাচন অনুষ্ঠিত হরবে?
উঃ ১৯৭০ সালের ৭ ডিসেম্বর ও ১৯৭১ সালের ১৭ জানুয়ারি
- প্রঃ ১৯৭০ সালের নির্বাচন পত্রিকায়ের জাতির পত্রিকায়ের
সন্বদায়ের মেট কঠামে হরবে।
উঃ ৩১৩টি। (মেট: হর হরবে ৩০০টি সন্বদায়ের কঠামো ও ১৩টি
সন্বদায়ের কঠামো)

প্রশ্ন: ১৯৭০ সালের নির্বাচনে পাকিস্তানের জাতীয় পরিষদের ৩১৩টি আসনের মধ্যে পূর্ব পাকিস্তানের অংশে মোট কতটি আসন ছিল এবং পশ্চিম পাকিস্তানের অংশে কতটি আসন ছিল?

উঃ পূর্ব পাকিস্তানের অংশে ১৬৯টি আসন (এর মাঝে ৭টি আসন ছিল সংরক্ষিত এবং ১৬২টি ছিল সাধারণ আসন) এবং পশ্চিম পাকিস্তানের অংশে ১৪৪ টি আসন (এর মাঝে ৬টি আসন ছিল সংরক্ষিত এবং ১৩৮টি ছিল সাধারণ আসন)। মোট $১৬৯+১৪৪= ৩১৩$ টি আসন।

প্রশ্ন: ১৯৭০ সালের নির্বাচনে আওয়ামী লীগ জাতীয় পরিষদের কয়টি আসনে জয়লাভ করে?

উঃ ১৬৭ টি আসন। (আওয়ামী লীগ জাতীয় পরিষদের পূর্ব পাকিস্তানের অংশের ১৬৯টি আসনের ১৬৭টি আসনে জয়লাভ করে। এর মাঝে ১৬০টি ছিল সাধারণ আসন এবং ৭টি ছিল সংরক্ষিত মহিলা আসন)

প্রশ্ন: ১৯৭০ সালের নির্বাচনে পাকিস্তানের জাতীয় পরিষদে 'পাকিস্তান পিপলস পার্টি' কতটি আসন লাভ করে?

উঃ পশ্চিম পাকিস্তানের অংশের ১৪৪টি আসনের মধ্যে মোট ৮৮টি আসন লাভ। [এখানে উল্লেখ্য যে, 'পাকিস্তান পিপলস পার্টি' প্রধান বিরোধী দল হিসেবে নির্বাচিত হয়]

প্রশ্ন: ১৯৭০ সালের নির্বাচনে আওয়ামী লীগের নির্বাচনী প্রতীক কী ছিল?

উঃ নৌকা। (নোট: ১৯৭০ সালের নির্বাচনে 'পাকিস্তান পিপলস পার্টি' এর নির্বাচনী প্রতীক ছিল- তরোয়ার।)

প্রশ্ন: পাকিস্তানের প্রথম সাধারণ নির্বাচনে কতটি রাজনৈতিক দল অংশগ্রহণ করেছিল?

উঃ ২৪টি দল।

প্রশ্ন: ১৯৭০ সালের নির্বাচনের সময় পাকিস্তানের প্রধান নির্বাচন কমিশনার কে ছিলেন?

উঃ বিচারপতি আব্দুস সাত্তার।

প্রশ্ন: ১৯৭০ সালের নির্বাচনে পূর্ব পাকিস্তানের প্রাদেশিক পরিষদের মোট আসন সংখ্যা কত ছিল?

উঃ ৩১০ টি। এর মধ্যে ৩০০টি সাধারণ আসন এবং ১০ টি আসন ছিল মহিলাদের জন্য সংরক্ষিত।

প্রশ্ন: ১৯৭০ সালের নির্বাচনে পূর্ব পাকিস্তানের প্রাদেশিক পরিষদের নির্বাচনে আওয়ামী লীগ কতটি আসন লাভ করে?

উঃ ২৯৮ টি আসন (এর মধ্যে ২৮৮টি সাধারণ আসন এবং ১০টি আসন ছিল সংরক্ষিত)।

প্রশ্ন: ১৯৭০ সালের পাকিস্তানের সাধারণ নির্বাচনে সংখ্যাগরিষ্ঠ দলের নেতা কে ছিলেন?

উঃ আওয়ামী লীগের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান (দ্বিতীয় সংখ্যাগরিষ্ঠ দলের নেতা 'পাকিস্তান পিপলস পার্টি' এর জুলফিকার আলী ভুট্টো)।

প্রশ্ন: : ১৯৭০ সালের নির্বাচনের পর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সঙ্গে আলোচনা ভেঙ্গে দিয়ে ইয়াহিয়া ঢাকা ত্যাগ করেন কবে?

উঃ ২৫ মার্চ, ১৯৭১ সালের রাতে।

৪.৫ ১৯৭১ সালের বাংলাদেশ-পাকিস্তান যুদ্ধ

প্রশ্ন: বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে সর্বাধিনায়ক কে ছিলেন?

উঃ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

প্রশ্ন: বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে প্রধান সেনাপতি/ সামরিক বর্ষিক প্রধান কে ছিলেন?

উঃ এম.এ.জি ওসমানী।

প্রশ্ন: বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে 'উপ-প্রধান সেনাপতি' কে ছিলেন?

উঃ এ. কে. খন্দকার।

প্রশ্ন: বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে বিমান বাহিনীর প্রধান কে ছিলেন?

উঃ এ. কে. খন্দকার।

প্রশ্ন: বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে চিফ অব স্টাফ কে ছিলেন?

উঃ কর্নেল এম এ রব।

প্রশ্ন: ১৯৭১ সালে বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানের সেনাবাহিনীর প্রধান কে ছিলেন?

উঃ জেনারেল হামিদ খান। (নোট: ১৯৭১ সালে বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের সময় পূর্ব পাকিস্তান তথা ইস্টার্ন অঞ্চলের প্রধান ছিলেন আমির আব্দুল্লাহ খান নিয়াজী)

প্রশ্ন: বাংলাদেশের পতাকা কে প্রথম উত্তোলন করেন?

উঃ আ স ম আব্দুর রব। [নোট: কিন্তু বিদেশের মাটিতে প্রথম বাংলাদেশের পতাকা উত্তোলনকারী হলেন- এম হোসেন আলী]

প্রশ্ন: বাংলাদেশের পতাকা প্রথম কোথায় উত্তোলন করা হয়?

উঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রসভায়।

প্রশ্ন: প্রথম কবে বাংলাদেশের পতাকা উত্তোলন করা হয়?

উঃ ০২ ই মার্চ, ১৯৭১।

প্রশ্ন: বাংলাদেশের 'জাতীয় পতাকা দিবস' কবে?

উঃ ০২ ই মার্চ।

প্রশ্ন: কবে, কোথায় স্বাধীনতার ইশতেহার পাঠ করা হয়?

উঃ ০৩ মার্চ, ১৯৭১ সালে পল্টন ময়দানে।

প্রশ্ন: ১৯৭১ সালের কোন তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক 'অহযোগ আন্দোলন' শুরু হয়?

উঃ ১৯৭১ সালের ২ মার্চ।

প্রশ্ন: বঙ্গবন্ধু ঐতিহাসিক ৭-ই মার্চের ভাষণ কোথায় পেশ করেন?

উঃ ঢাকার রেইসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যানে)

প্রশ্ন: বঙ্গবন্ধু ঐতিহাসিক ৭-ই মার্চের ভাষণের সময় কোন আন্দোলন চলছিল?

উঃ অসহযোগ আন্দোলন।

প্রশ্ন: বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭-ই মার্চের ভাষণের বিষয়বস্তু কয়টি ছিল?

উঃ ৪টি।

প্রশ্ন: কোনটিকে বাংলাদেশের স্বাধীনতার 'পরোক্ষ ঘোষণা' হিসেবে অবহিত করা হয়?

উঃ বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭-ই মার্চের ভাষণকে।

প্রশ্ন: বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭-ই মার্চের ভাষণে 'RTC' দ্বারা কী বোঝায়?

উঃ Round Table Conference

প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় রাজধানী ঢাকা কত নং সেক্টরের অধীনে ছিল?

উঃ ২ নং সেক্টর। তবে, ঢাকা জেলা ছিল ২নং ও ৩নং সেক্টরের অধীনে।

প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় মুজিবনগর কত নং সেক্টরের অধীনে ছিল?

উঃ ৮ নং সেক্টর। (মানে রাণুণ, মুজিবনগর আটে আটকানো ছিল)

প্রশ্ন: মুক্তিযুদ্ধ চলাকালে সমগ্র বাংলাদেশকে কয়টি ব্রিগেড ফোর্স আকারে ভাগ করা হয়েছিল?

উঃ ৩ টি।

প্রশ্ন: মুক্তিযুদ্ধ চলাকালে সমগ্র বাংলাদেশকে যে ব্রিগেড ফোর্স আকারে ভাগ করা হয়েছিল তার নাম কী কী?

উঃ ১। এস-ফোর্স: মেজর সফিউল্লাহ

২। কে-ফোর্স: মেজর খালেদ মোশাররফ

৩। জেড ফোর্স: মেজর জিয়াউর রহমান

(উল্লেখ্য যে, তাঁদের নামের ইংরেজি প্রথম অক্ষর দিয়ে নামকরণ করা হয়েছে)

প্রশ্ন: মুক্তিবাহিনী কখন গঠন করা হয়?

উঃ ১৯৭১ সালের ১১ জুলাই। [তথ্যসূত্র: দৈনিক প্রথম আলো, ১৪ আগস্ট, ২০১৬]

প্রশ্ন: মুক্তিবাহিনীর প্রধান সেনাপতি কে ছিলেন?

উঃ জেনারেল মুহাম্মদ আতাউল গণি ওসমানি (এম.এ.জি. ওসমানি)

প্রশ্ন: মুক্তিবাহিনীকে কয়টি ব্রিগেড ফোর্স আকারে ভাগ করা হয়েছিল?

উঃ ৩ টি। [তথ্যসূত্র: দৈনিক প্রথম আলো, ১৪ আগস্ট, ২০১৬]

প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় মুক্তিযোদ্ধাদের প্রিয় স্লোগান কী ছিল?

উঃ 'জয় বাংলা'। [তথ্যসূত্র: দৈনিক প্রথম আলো, ১৪ আগস্ট, ২০১৬]

প্রশ্ন: 'মুজিব বাহিনী' কোথায় গঠিত হয়?

উঃ ভারতের উত্তরাখণ্ডের রাজ্যের দেৱাদুনে।

প্রশ্ন: 'মুজিব বাহিনী'-কে কোথায় প্রশিক্ষণ দেয়া হতো?

উঃ মেজর উবানের প্রত্যক্ষ তত্ত্বাবধানে ভারতের উত্তরাখণ্ডের রাজ্যের দেৱাদুনে।

প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় গঠিত 'মুজিব বাহিনী' এর প্রধান কে ছিলেন?

উঃ শেখ ফজলুল হক মণি।

প্রশ্ন: 'মুজিব বাহিনী' এর অপর নাম কী ছিল?

উঃ বাংলাদেশ লিবারেশন ফোর্স (বিএলএফ)।

প্রশ্ন: মুক্তিবাহিনী (যার প্রথম নাম ছিল- মুক্তিফৌজ) গঠিত হয় কবে?

উঃ ১১ জুলাই, ১৯৭১ সালে।

প্রশ্ন: মুক্তিবাহিনী বা মুক্তিফৌজ কোথায় গঠিত হয়?

উঃ হবিগঞ্জ জেলার তেলিয়াপাড়ায়।

প্রশ্ন: কার নেতৃত্বে মুক্তিবাহিনী বা মুক্তিফৌজ গঠিত হয়?

উঃ জেনারেল এম এ জি ওসমানী।

প্রশ্ন: মুক্তিবাহিনী বা মুক্তিফৌজ এর প্রধান কে ছিলেন?

উঃ জেনারেল এম এ জি ওসমানী।

প্রশ্ন: মহান মুক্তিযুদ্ধের প্রথম সেনা দপ্তরের স্মৃতিসৌধ কোথায় অবস্থিত?

উঃ হবিগঞ্জ জেলার তেলিয়াপাড়ায়।

প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালে বাংলাদেশের প্রথম নৌবহর

তথা নৌবাহিনী গঠন করা হয়?

উঃ ৯ নভেম্বর ১৯৭১ সালে।

প্রশ্ন: ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর বুদ্ধিজীবীদের ব্যাপক হত্যা মূল পরিকল্পনাকারী ও বুদ্ধিজীবী হত্যাকাণ্ডের নেতৃত্ব কে দিয়ে ছি উঃ পূর্ব পাকিস্তানের গভর্নরের সামরিক উদ্যোগে মেজর জেনারেল ফরমান আলী।

প্রশ্ন: ১৯৭১ সালের ১৪ ডিসেম্বর বুদ্ধিজীবীদের ব্যাপক হত্যা এদেশীয় কোন দুটি সংগঠন জড়িত ছিল?

উঃ আল-বদর ও আল-শামস।

প্রশ্ন: ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় 'পোড়ামাটির গ্রহণ করেছিল কে? উঃ পাকিস্তানের সেনাবাহিনী

প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধে আর্থিক সহযোগিতা করার জন্য 'কনসার্ট ফর বাংলাদেশ' আয়োজন করেন?

উঃ জর্জ হ্যারিসন ও পণ্ডিত রবিশঙ্কর।

প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধে আর্থিক সহযোগিতা করার জন্য 'কনসার্ট ফর বাংলাদেশ' আয়োজন করা হয়?

উঃ যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক সিটির ম্যাডিসন স্কয়ারে। (মানে রা জাতিসংঘের সদর দপ্তর যে শহরে সেই শহরে এই অনুষ্ঠান হয়ে যেন সারাবিশ্বের নেতারা সহজে জানতে পারে)

প্রশ্ন: 'কনসার্ট ফর বাংলাদেশ' সঙ্গীতানুষ্ঠানে গান পরিবেশন করেন কে উঃ জর্জ হ্যারিসন।

প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় 'কনসার্ট ফর বাংলাদেশ' প্রধান উদ্যোক্তা কে ছিলেন?

উঃ জর্জ হ্যারিসন। [তথ্যসূত্র: দৈনিক প্রথম আলো, ১২ ডিসেম্বর, ২০১৬]

প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় 'কনসার্ট ফর বাংলাদেশ' প্রধান উদ্যোক্তা জর্জ হ্যারিসনের ব্যান্ড দলের নাম কী ছিল?

উঃ বিটলস।

প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় 'কনসার্ট ফর বাংলাদেশ' অনুষ্ঠানের আয়োজন করা হয় কখন?

উঃ ১৯৭১ সালের ১ আগস্ট।

প্রশ্ন: ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধের উপর 'সেক্টর ৩ যশোর রোড' নামে বিখ্যাত কবিতাটি কে রচনা করেন?

উঃ আমেরিকান কবি এলেন জিঙ্গবার্গ।

প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধে একজন ইতালির নাগরিক মৃত্যুব করেন তাঁর নাম কী ছিল?

উঃ মাদার মারিও ভেরেনজি।

প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধে অংশগ্রহণের জন্য কোন ফর্ম সাহিত্যিক ইচ্ছা পোষণ করেন?

উঃ আন্দ্রে ময়রা।

প্রশ্ন: ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় ভারত-বাংলাদেশ যৌথ বাহিনী গঠন করা হয় কবে?

উঃ ২১ নভেম্বর, ১৯৭১। (নোট: 'ভারত-বাংলাদেশ যৌথ বাহিনী' এর অফিসিয়াল নাম ছিল 'মিত্র বাহিনী')

প্রশ্ন: ১৯৭১ সালে কার নেতৃত্বে ভারত-বাংলাদেশ যৌথ বাহিনী গঠিত হয়?

উঃ লেফটেন্যান্ট জেনারেল জগজিৎ সিং অরোরা।

প্রশ্ন: ভারত-বাংলাদেশ যৌথ বাহিনীর প্রধান কে ছিলেন?

উঃ ভারতীয় সেনাবাহিনীর লেফটেন্যান্ট জেনারেল জগজিৎ সিং অরোরা।

প্রশ্ন: ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় পাকিস্তান কবে ভারতের বিরুদ্ধে আনুষ্ঠানিকভাবে যুদ্ধ ঘোষণা করে?

উঃ ৩ ডিসেম্বর, ১৯৭১ সালে।

প্রশ্ন: ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় পাকিস্তান কবে ভারতের ভূখণ্ডে হামলা চালায়?

উঃ ৩ ডিসেম্বর, ১৯৭১ সালে।

প্রশ্ন: ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় ভারত কবে পাকিস্তানের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে?

উঃ ৪ ডিসেম্বর, ১৯৭১ সালে।

প্রশ্ন: ভারত-বাংলাদেশ যৌথ বাহিনী কবে পাকিস্তানি হানাদার বাহিনীর বিরুদ্ধে আনুষ্ঠানিকভাবে যুদ্ধ শুরু করে?

উঃ ৬ ডিসেম্বর, ১৯৭১।

প্রশ্ন: ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় কোন তারিখে পাকিস্তান ভারতের সাথে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করে?

উঃ ৬ ডিসেম্বর, ১৯৭১ সালে।

প্রশ্ন: বাংলাদেশের প্রথম শত্রুমুক্ত জেলা কোনটি?

উঃ যশোর জেলা। | শত্রুমুক্ত হয় ৬ ডিসেম্বর, ১৯৭১।

প্রশ্ন: ভারত-বাংলাদেশ যৌথ কমান্ডের সেনাধ্যক্ষ কে ছিলেন?

উঃ লেফটেন্যান্ট জেনারেল জগজিৎ সিং অরোরা। (উল্লেখ্য যে, বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় ভারতের সেনাবাহিনীর প্রধান ছিলেন- জেনারেল স্যাম মানেকশ)

প্রশ্ন: পাকিস্তানের পক্ষে কে আত্মসমর্পণ করেন?

উঃ জেনারেল এ. এ. কে নিয়াজি।

প্রশ্ন: ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর মুক্তিযুদ্ধের আত্মসমর্পণ দলিল কোথায় স্বাক্ষরিত হয়?

উঃ ঢাকার রেসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যানে।)

প্রশ্ন: লেফটেন্যান্ট জেনারেল এ. এ. কে নিয়াজি ঢাকার রেইসকোর্স ময়দানে কার নিকট আত্মসমর্পণ করেন?

উঃ জেনারেল জগজিৎ সিং অরোরার।

প্রশ্ন: আত্মসমর্পণ অনুষ্ঠানে বাংলাদেশের পক্ষে কে নেতৃত্ব প্রদান করেন?

উঃ বিমান বাহিনীর প্রধান এয়ার কমান্ডার এ কে খন্দকার।

প্রশ্ন: কোন পাক সেনানায়ক সর্বপ্রথম আত্মসমর্পণ করেন?

উঃ মেজর জেনারেল জামশেদ।

প্রশ্ন: জেনারেল এ. এ. কে নিয়াজি আত্মসমর্পণের সময় পাকিস্তানের সৈন্যবাহিনীর সংখ্যা কত ছিল?

উঃ ৯৩ হাজার।

প্রশ্ন: ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর বাংলা সন অনুযায়ী তারিখ কত ছিল?

উঃ ১ পৌষ, ১৩৭৮ বঙ্গাব্দ; বৃহস্পতিবার [নেটি: ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারিও বৃহস্পতিবার ছিল।]

প্রশ্ন: কোন সাহিত্যিক মুক্তিযুদ্ধে অবদানের জন্য বীর প্রতীক খেতাব লাভ করেন?

উঃ আবদুস সাত্তার।

প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের 'চরমপত্র' ও 'জন্মাদের দরবার' নামক কথিকা কে পাঠ করতেন?

উঃ এম. আর. আখতার মুকুল।

প্রশ্ন: ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় 'ANNIHILATE THESE DEMONS' বা 'এই জানোয়ারদের হত্যা করতে হবে' শিরোনামে জেনারেল ইয়াহিয়া খানের মুখ্যমন্ত্রি একেছিলেন কে?

উঃ কামরুল হাসান।

প্রশ্ন: ১৯৭১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র মৃত্যুর প্রতিবাদে কোন উপাচার্য পদত্যাগ করেছিলেন?

উঃ উপাচার্য নিচারপতি আবু সাঈদ চৌধুরী।

প্রশ্ন: ২৬ মার্চ কে 'স্বাধীনতা দিবস' ঘোষণা করা হয় কখন?

উঃ ১৯৮০ সালে।

প্রশ্ন: বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে বিশেষ অবদানের জন্য বিদেশি নাগরিকদের মুক্তিযুদ্ধ সম্মাননা প্রদান করে করে বাংলাদেশে সরকার?

উঃ ২০১২ সালে।

প্রশ্ন: 'অপারেশন জ্যাকপট' কী?

উঃ বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় ১৯৭১ সালের ১৫ আগস্ট বাঙালি নৌ-কমান্ডো বাহিনী কর্তৃক পাকিস্তানি বাহিনীর বিরুদ্ধে 'নৌ-সেট্টরে' তথা ১০ নং সেট্টরে একযোগে ৪টি বন্দরে (চট্টগ্রাম, মংলা, নারায়ণগঞ্জ ও চাঁদপুর) পরিচালিত নৌ-কমান্ডো বাহিনীর অভিযান।

প্রশ্ন: 'ক্র্যাক প্রাটিন' কী?

উঃ বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় গঠিত একটি গেরিলা দল। যারা ঢাকা শহরে পাকিস্তানি বাহিনীর উপর অতর্কিত হামলা চালাতো।

প্রশ্ন: 'অপারেশন সার্চলাইট' কী?

উঃ বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় ১৯৭১ সালের ২৫-ই মার্চ কালো রাত থেকে ১৯৭১ সালে ১৬ ডিসেম্বর পর্যন্ত পাকিস্তানি হানাদার বাহিনী কর্তৃক নিরস্ত্র বাঙালির উপর পরিচালিত গণহত্যা। এতে প্রায় অর্ধ লক্ষ মানুষ মারা যায়।

প্রশ্ন: ১৯৭১ সালে 'অপারেশন সার্চলাইট' এর প্রথম পর্যায়ের সময়কাল কত?

উঃ ১৯৭১ সালের ২৫ মার্চ থেকে মে মাসের মধ্য পর্যন্ত।

প্রশ্ন: ১৯৭১ সালে 'অপারেশন সার্চলাইট' এর মূল পরিকল্পনাকারী কে ছিলেন?

উঃ তৎকালীন পূর্ব পাকিস্তানের লেফটেন্যান্ট জেনারেল টিক্কা খান

প্রশ্ন: ১৯৭১ সালে 'অপারেশন সার্চলাইট' তৈরি করেছিলেন কে?

উঃ রাও ফরমান আলী ও খাদিম হোসেন রাজা

প্রশ্ন: ১৯৭১ সালের 'অপারেশন সার্চলাইট' এর সার্বিক অবস্থা পর্যবেক্ষণের (মনিটরিংয়ের) দায়িত্বে কে ছিলেন?

উঃ তৎকালীন পূর্ব পাকিস্তানের লেফটেন্যান্ট জেনারেল টিক্কা খান

প্রশ্ন: ১৯৭১ সালে ঢাকা শহরে 'অপারেশন সার্চলাইট' পরিচালনার মূল দায়িত্বে কে ছিলেন?

উঃ মেজর জেনারেল রাও ফরমান আলী।

প্রশ্ন: ১৯৭১ সালে ঢাকা শহর ব্যতীত বাংলাদেশের (পূর্ব পাকিস্তানের) অন্যান্য অঞ্চলে 'অপারেশন সার্চলাইট' পরিচালনার মূল দায়িত্বে কে ছিলেন?

উঃ মেজর জেনারেল খাদিম হোসেন রাজা।

প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্র কোথায় স্থাপন করা হয়?

উঃ চট্টগ্রামের কালুরঘাটে।

প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্র কখন স্থাপন করা হয়?

উঃ ২৬ মার্চ, ১৯৭১ (চট্টগ্রামের কালুরঘাটে)।

প্রশ্ন: চট্টগ্রামের স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে সর্বপ্রথম স্বাধীনতার ঘোষণা পাঠ করা হয় কখন?
উঃ ২৬ মার্চ, ১৯৭১।

প্রশ্ন: ২৬ মার্চ, ১৯৭১ সালে স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পক্ষে স্বাধীনতার ঘোষণা সর্বপ্রথম পাঠ করেন কে?
উঃ চট্টগ্রামের আওয়ামী লীগের নেতা- এম.এ হান্নান।

প্রশ্ন: ২৭ মার্চ, ১৯৭১ সালে স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পক্ষে স্বাধীনতার ঘোষণা দ্বিতীয়বারের মতো পাঠ করেন কে?
উঃ তৎকালীন মেজর জিয়াউর রহমান।

প্রশ্ন: 'চরমপত্র' কী?
উঃ এক প্রকার কথিকা।

প্রশ্ন: ১৯৭১ সালে স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে প্রচারিত 'চরমপত্র' নামক কথিকার পরিচালক, উপস্থাপক ও স্ক্রিপ্ট লেখক কে ছিলেন?
উঃ এম. আর. আখতার মুকুল।

প্রশ্ন: ১৯৭১ সালে স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে 'চরমপত্র' নামক কথিকাটি পাঠ করতেন কে?
উঃ এম. আর. আখতার মুকুল।

প্রশ্ন: স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে 'জন্মদেব দরবার' নামক কথিকাটি পাঠ করতেন কে?
উঃ এম. আর. আখতার মুকুল।

প্রশ্ন: মুজিবনগর সরকারের মুখপাত্র ছিল কোন পত্রিকা?
উঃ 'জয়বাংলা' পত্রিকা

৪.৬ মুজিবনগর সরকার/প্রথম অস্থায়ী সরকার

প্রশ্ন: বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার/মুজিবনগর সরকার কবে গঠিত হয়েছিল?
উঃ ১০ এপ্রিল, ১৯৭১।

প্রশ্ন: বাংলাদেশের অস্থায়ী সরকার/মুজিবনগর সরকার কবে শপথগ্রহণ করেছিল?
উঃ ১৭ এপ্রিল, ১৯৭১। (মনে রাখবেন, আগে গঠন করে, পরে শপথ নেয়। যদি মন্ত্রিসভা গঠিতই না হয় তাহলে শপথ নিবে কিভাবে?)

প্রশ্ন: 'মুজিবনগর দিবস' বা 'মুজিবনগর সরকার দিবস' কবে?
উঃ ১৭ এপ্রিল। (মনে রাখুন, যে দিন মুজিবনগর সরকার শপথ নিয়েছিল সেদিন)

প্রশ্ন: বাংলাদেশের 'স্বাধীনতার ঘোষণাপত্র' জারি করা হয় কবে?
উঃ ১০ এপ্রিল, ১৯৭১। [সূত্র: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান, সপ্তম তফসিল। তবে বাংলাদেশের 'স্বাধীনতার ঘোষণাপত্র' পাঠ করা হয় ১৭ এপ্রিল, ১৯৭১।]

প্রশ্ন: বাংলাদেশকে প্রজাতন্ত্র ঘোষণা করা হয়েছিল কবে?
উঃ ১০ এপ্রিল, ১৯৭১। (যেদিন বাংলাদেশের 'স্বাধীনতার ঘোষণাপত্র' জারি করা হয়, সেদিন 'স্বাধীনতার ঘোষণাপত্র' জারির মাধ্যমে বাংলাদেশ প্রজাতন্ত্রে পরিণত হয়।)

প্রশ্ন: মুজিবনগর সরকার বাংলাদেশের স্বাধীনতা ঘোষণাপত্র পাঠ করে কখন?
উঃ ১৭ এপ্রিল, ১৯৭১ সালে।

প্রশ্ন: বাংলাদেশের স্বাধীনতা ঘোষণাপত্র পাঠ করা হয় কখন?
উঃ ১৭ এপ্রিল, ১৯৭১ সালে।

প্রশ্ন: বাংলাদেশের/মুজিবনগর সরকারের স্বাধীনতা ঘোষণাপত্র পাঠ করেন কে?
উঃ অধ্যাপক এম ইউসুফ আলী।

প্রশ্ন: সর্বপ্রথম কবে বাংলাদেশের স্বাধীন মন্ত্রিসভা গঠিত হয়?
উঃ ১০ এপ্রিল, ১৯৭১।

প্রশ্ন: বাংলাদেশের অস্থায়ী সরকারের/মুজিবনগর সরকারের সদস্য সংখ্যা কত ছিল?
উঃ ৬ জন।

প্রশ্ন: মুজিবনগর সরকারের সর্বদলীয় উপদেষ্টা কমিটি সভাপতি/চেয়ারম্যান কে ছিলেন?
উঃ মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী।

প্রশ্ন: মুজিবনগর সরকারের শপথবাক্য পাঠ করান কে?
উঃ অধ্যাপক ইউসুফ আলী।

প্রশ্ন: মুজিবনগর সরকারের শপথগ্রহণ অনুষ্ঠান পরিচালনা করেন কে?
উঃ এম এ মন্নান।

প্রশ্ন: বাংলাদেশের অস্থায়ী সরকারের/মুজিবনগর সরকারের রাজধানী কোথায় ছিল?
উঃ মেহেরপুর জেলার মুজিবনগরে (বৈদ্যনাথতলার ভবের পাড়া গ্রামে)।

প্রশ্ন: মুজিবনগর সরকারের অস্থায়ী সচিবালয় কোথায় ছিল?
উঃ ৮ নং থিয়েটার রোড, কলকাতা।

প্রশ্ন: মুজিবনগর সরকারের সদর দপ্তর কোথায় ছিল?
উঃ ৮ নং থিয়েটার রোড, কলকাতা। (বর্তমান নাম: শেরপুরের সরণি)

প্রশ্ন: কলকাতার ৮নং থিয়েটার রোডে 'বাংলাদেশ বাহিনী' গঠিত হয় কবে?
উঃ ১১ এপ্রিল, ১৯৭১ সালে।

প্রশ্ন: কলকাতার ৮নং থিয়েটার রোডে 'বাংলাদেশ বাহিনী' এর সদরদপ্তর স্থাপন হয় কবে?
উঃ ১২ এপ্রিল, ১৯৭১ সালে। (অর্থাৎ, ১২ এপ্রিল থেকে এই সদরদপ্তর কার্যক্রম শুরু করে।)

প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় সমগ্র বাংলাদেশ কত সেক্টর ও সাব-সেক্টরে বিভক্ত ছিল?
উঃ ১১টি সেক্টর ও ৬৪টি সাব-সেক্টরে।

প্রশ্ন: মুজিবনগরের পুরাতন নাম কী ছিল?
উঃ বৈদ্যনাথ তলার ভবের পাড়া।

প্রশ্ন: কে বৈদ্যনাথ তলার নাম 'মুজিবনগর' রাখেন?
উঃ তাজউদ্দিন আহমদ।

প্রশ্ন: মুজিবনগর সরকার/বাংলাদেশের প্রবাসী সরকার কর্তৃক প্রকাশিত পত্রিকার নাম কী?
উঃ জয় বাংলা

প্রশ্ন: মুজিবনগর স্মৃতিসৌধের স্থপতি কে?
উঃ তানভীর কবির। (কিন্তু জাতীয় স্মৃতিসৌধের স্থপতি- সৈয়দ মাইনু হোসেন)

প্রশ্ন: মুজিবনগর স্মৃতিসৌধের ফলক কয়টি?
উঃ ২৩টি।

- প্রশ্ন: মুজিবনগর স্মৃতিসৌধের উদ্বোধন করা হয় কবে?
উঃ ১৯৮৭ সালে। (নোট: জাতীয় স্মৃতিসৌধ উদ্বোধন করা হয়- ১৯৮২ সালে)
- প্রশ্ন: মুজিবনগর সরকারের রাষ্ট্রপতি কে ছিলেন?
উঃ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।
- প্রশ্ন: মুজিবনগর সরকারের উপ-রাষ্ট্রপতি/অস্থায়ী রাষ্ট্রপতি কে ছিলেন?
উঃ সৈয়দ নজরুল ইসলাম।
- প্রশ্ন: মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রী কে ছিলেন?
উঃ তাজউদ্দিন আহমদ।
- প্রশ্ন: মুজিবনগর সরকারের প্রতিরক্ষামন্ত্রী কে ছিলেন?
উঃ তাজউদ্দিন আহমদ।
- প্রশ্ন: অর্থনীতি বিষয়ক ও পরিকল্পনা বিভাগের দায়িত্বে কে ছিলেন?
উঃ তাজউদ্দিন আহমদ।
- প্রশ্ন: মুজিবনগর সরকারের অর্থ, বাণিজ্য, শিল্প ও যোগাযোগ মন্ত্রী ছিলেন কে?
উঃ ক্যাপ্টেন এম. মনসুর আলী।
- প্রশ্ন: মুজিবনগর সরকারের পররাষ্ট্র, আইন ও সংসদ বিষয়ক মন্ত্রী কে ছিলেন?
উঃ খন্দকার মোশতাক আহমেদ।
- প্রশ্ন: মুজিবনগর সরকারের স্বরাষ্ট্র, ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রী ছিলেন কে?
উঃ এ.এইচ.এম কামারুজ্জামান
- প্রশ্ন: বাংলাদেশের অস্থায়ী সরকারের প্রথম বিমান বাহিনীর প্রধান কে ছিলেন?
উঃ ক্যাপ্টেন এ কে খন্দকার।
- প্রশ্ন: মুজিবনগর সরকারের বহির্বিশ্বে বিশেষ দূত কে ছিলেন?
উঃ বিচারপতি আবু সাঈদ চৌধুরী।
- প্রশ্ন: মুজিবনগর সরকারের মুখ্য সচিব কে ছিলেন?
উঃ রুহুল কুদ্দুস।
- প্রশ্ন: মুজিবনগর সরকারের মন্ত্রিপরিষদ সচিব (কেবিনেট সেক্রেটারি) কে ছিলেন?
উঃ এইচ. টি. ইমাম (হোসেন তাওফিক ইমাম)।

৪.৭ বাংলাদেশের মুক্তিযুদ্ধে বিদেশি পক্ষ-বিপক্ষ শক্তি

- প্রশ্ন: বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের সময় বিরোধিতা করে কোন দুটি পরাশক্তির দেশ?
উঃ মার্কিন যুক্তরাষ্ট্র ও চীন।
- প্রশ্ন: ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশের পক্ষে সরাসরি কাজ করে কোন দেশ?
উঃ ভারত ও সাবেক সোভিয়েত ইউনিয়ন (বর্তমান রাশিয়া)।
- প্রশ্ন: ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশের বিজয়ের দ্বারপ্রান্তে পৌঁছালে জাতিসংঘের নিরাপত্তা পরিষদে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রতিনিধি যুদ্ধবিরতির প্রস্তাব পেশ করলে কোন দেশ বাংলাদেশের পক্ষে ভেটো প্রদান করে?
উঃ সাবেক সোভিয়েত ইউনিয়ন (বর্তমান রাশিয়া)।
- প্রশ্ন: ১৯৭১ সালের ৪ ডিসেম্বর মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশের বিপক্ষে জাতিসংঘের নিরাপত্তা পরিষদে ভেটো প্রদান করে কোন দেশ?
উঃ চীন। (মনে রাখুন: যুক্তরাষ্ট্র ছিল যুদ্ধবিরতির প্রস্তাবক, রাশিয়া বাংলাদেশের পক্ষে ভোট দেয়, চীন বাংলাদেশের বিপক্ষে ভোট দেয়।

- এই চীনই ১৯৭২ সালের ১০ আগস্ট বাংলাদেশ জাতিসংঘের সদস্য হতে চাইলে ভেটো প্রদান করে)।
- প্রশ্ন: বাংলাদেশের জাতিসংঘে সদস্যপদ লাভে কোন দেশ বাংলাদেশের বিপক্ষে ভেটো প্রদান করেছিল?
উঃ চীন। (জাতিসংঘে নিয়োজিত চীনের প্রতিনিধি- তয়াং তয়া এই ভেটো প্রদান করে)
- প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানকে সহযোগিতা করার জন্য কোন দেশ বঙ্গোপসাগরে 'সপ্তম নৌবহর' প্রেরণ করেছিল?
উঃ মার্কিন যুক্তরাষ্ট্র।
- প্রশ্ন: মার্কিন যুক্তরাষ্ট্র কখন পাকিস্তানকে সহযোগিতা করার জন্য কোন দেশ 'সপ্তম নৌবহর' প্রেরণ করেছিল?
উঃ ১৯৭১ সালের ৯ ডিসেম্বর।
- প্রশ্ন: মুক্তিযুদ্ধের সময় মার্কিন যুক্তরাষ্ট্রের পাঠানো সপ্তম নৌবহরের সমন্বয়ে কী গঠন করা হয়েছিল?
উঃ টার্কফোর্স ৭৪
- প্রশ্ন: ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশকে সহযোগিতা করার জন্য কোন দেশ বঙ্গোপসাগরে পারমাণবিক ক্ষেপণাস্রবাহী দুটি 'সাবমেরিন' প্রেরণ করেছিল?
উঃ সাবেক সোভিয়েত ইউনিয়ন (বর্তমান রাশিয়া)।
- প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় ভারত ও সোভিয়েত ইউনিয়নের (রাশিয়ার) মধ্যকার কোন চুক্তি বাংলাদেশের যুদ্ধের মোড় ঘুরিয়ে দেয়?
উঃ 'ভারত-সোভিয়েত মৈত্রী চুক্তি'। (২০ বছর মেয়াদি এই চুক্তি ভারতের নয়া দিল্লিতে স্বাক্ষরিত হয়)
- প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় ভারত ও সোভিয়েত ইউনিয়নের (রাশিয়ার) মধ্যে 'ভারত-সোভিয়েত মৈত্রী চুক্তি' কবে স্বাক্ষরিত হয়?
উঃ ৯ আগস্ট, ১৯৭১ সালে।
- প্রশ্ন: ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের পর ভারতীয় সৈন্যবাহিনী কবে বাংলাদেশ ত্যাগ করে?
উঃ ১৯৭২ সালের ১২ মার্চ।
- প্রশ্ন: বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময় জাতিসংঘের (United Nations) মহাসচিব কে ছিলেন?
উঃ জাতিসংঘের তৃতীয় মহাসচিব ও মিয়ানমারের নাগরিক উ থাট।
- প্রশ্ন: বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময় ওআইসি (OIC)-এর মহাসচিব কে ছিলেন?
উঃ ওআইসি (OIC)-এর প্রথম মহাসচিব ও মালয়েশিয়ার নাগরিক টেংকু আবদুল রহমান

৪.৮ বিশিষ্ট মুক্তিযোদ্ধাদের রাষ্ট্রীয় খেতাব

- প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধে অবদানের জন্য মুক্তিযোদ্ধাদের খেতাব দেয়া হয় কবে?
উঃ ১৯৭৩ সালের ১৫ ডিসেম্বর।
- প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধে অবদানের জন্য রাষ্ট্রীয় খেতাব কয়টি ও কী কী?
উঃ ৪টি। ১. বীরশ্রেষ্ঠ, ২. বীর উত্তম, ৩. বীর বিক্রম ও ৪. বীর প্রতীক।
- প্রশ্ন: স্বাধীনতা যুদ্ধে কত জন 'বীরশ্রেষ্ঠ' উপাধি লাভ করেন?
উঃ ৭ জন। (মুক্তিযুদ্ধে অবদানের জন্য 'বীরশ্রেষ্ঠ' সর্বোচ্চ রাষ্ট্রীয় খেতাব)

প্রশ্ন: স্বাধীনতা যুদ্ধে কত জন 'বীরউত্তম' খেতাব লাভ করেন?
উঃ ৬৮ জন। (বি.দ্র: নতুন যাদের এই উপাধি দেয়া হয়েছে তাদের
জনা সরকারি গেজেট এখনো হয়নি। মুক্তিযুদ্ধে অবদানের জন্য
'বীরউত্তম' দ্বিতীয় সর্বোচ্চ রাষ্ট্রীয় খেতাব।)

প্রশ্ন: স্বাধীনতা যুদ্ধে কত জন 'বীর বিক্রম' উপাধি লাভ করেন?
উঃ ১৭৫ জন। মুক্তিযুদ্ধে অবদানের জন্য 'বীরবিক্রম' তৃতীয় সর্বোচ্চ
রাষ্ট্রীয় খেতাব।

প্রশ্ন: স্বাধীনতা যুদ্ধে বিশেষ অবদানের জন্য 'বীর প্রতীক' খেতাব
মুক্তিযোদ্ধার সংখ্যা কত?
উঃ ৪২৬ জন। মুক্তিযুদ্ধে অবদানের জন্য 'বীরপ্রতীক' চতুর্থ ও সর্বনিম্ন
সর্বোচ্চ রাষ্ট্রীয় খেতাব।

প্রশ্ন: স্বাধীনতা যুদ্ধে অবদানের জন্য মোট কতজনকে রাষ্ট্রীয় খেতাব
দেওয়া হয়?

উঃ ৬৭৬ জন।

[বি.দ্র: আমরা চাইলে এগুলো মোবাইল নম্বরের মতো করে মনে
রাখতে পারি। যেমন: ০১৭ ৬৮-১৭৫ ৪২৬।

প্রশ্ন: কোন বীরশ্রেষ্ঠের মৃতদেহ সাথে সাথে উদ্ধার করা সম্ভবপর হয়নি?
উঃ বীরশ্রেষ্ঠ রফুল আমীন।

প্রশ্ন: কোন বীরশ্রেষ্ঠের কবর পাকিস্তান থেকে দেশে এনে সমাহিত করা
হয়েছে?

উঃ বীরশ্রেষ্ঠ মতিউর রহমান।

প্রশ্ন: বীরশ্রেষ্ঠ মতিউর রহমানের কবর কোথায় ছিল?

উঃ পাকিস্তানের করাচির মশরুর বিমান ঘাঁটিতে।

প্রশ্ন: কোন বীরশ্রেষ্ঠের দেহাবশেষ ভারত থেকে এনে সমাহিত করা হয়?

উঃ বীরশ্রেষ্ঠ হামিদুর রহমানের।

প্রশ্ন: বীরশ্রেষ্ঠ হামিদুর রহমানের কবর কোথায় ছিল?

উঃ ভারতের ত্রিপুরা রাজ্যে।

প্রশ্ন: বাংলাদেশে সর্বকনিষ্ঠ খেতাবধারী মুক্তিযোদ্ধা কে?

উঃ বীর প্রতীক খেতাবপ্রাপ্ত শহীদুল ইসলাম (লালু)।

প্রশ্ন: দুইজন খেতাবধারী মহিলা মুক্তিযোদ্ধার নাম কী?

উঃ ক্যাপ্টেন সেতারা বেগম (বাড়ি কিশোরগঞ্জ, ২নং সেটরে যুদ্ধ করেন) ও তারামন বিবি (বাড়ি কুড়িগ্রাম, ১১নং সেটরে যুদ্ধ করেন)।

প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধে অবদানের জন্য কোন নারী 'মুক্তিবোটি'
নামে পরিচিত?

উঃ কাঁকন বিবি।

প্রশ্ন: বাংলাদেশের মুক্তিযুদ্ধে অবদানের জন্য কোন নারী সর্বপ্রথম
'বীরপ্রতীক' খেতাব লাভ করেন?

উঃ ড. সেতারা বেগম।

প্রশ্ন: একমাত্র বীর বিক্রম খেতাবধারী উপজাতি মুক্তিযোদ্ধা কে ছিলেন?

উঃ ইউ কে চিং মারমা। [বাড়ি: বান্দরবান জেলায়; কিন্তু যুদ্ধ করেন
৬নং সেটরে]

প্রশ্ন: স্বাধীনতা যুদ্ধে বীর প্রতীক খেতাব প্রাপ্ত একমাত্র বিদেশি কে
নাগরিক কে?

উঃ নেদারল্যান্ডের বংশোদ্ভূত অস্ট্রেলিয়ান নাগরিক ডব্লিউ এ এস
ওডারল্যান্ড।

৪.৯ অতি সংক্ষেপে ৭জন বীরশ্রেষ্ঠের পরিচিতি

● সাতজন বীরশ্রেষ্ঠ নিয়ে পরীক্ষায় যেসব প্রশ্ন পাঠানো হয়েছে সে
থাকে, কেবল এমন সব গুরুত্বপূর্ণ তথ্য নিচে দেয়া হলো-

যুদ্ধক্ষেত্রে অতুলনীয় সাহস ও আত্মত্যাগের নিদর্শন স্থাপনকারী
যোদ্ধার স্বীকৃতিস্বরূপ বীরশ্রেষ্ঠ পদক দেয়া হয়। বাংলাদেশের
স্বাধীনতা যুদ্ধে শহীদ সাতজন মুক্তিযোদ্ধাকে এই পদক দেয়া হয়েছে।
বীরশ্রেষ্ঠ বীরত্বের জন্য প্রদত্ত বাংলাদেশের সর্বোচ্চ সামরিক পদক বা
রাষ্ট্রীয় সম্মাননা আর বীর প্রতীক হলো সর্বনিম্ন সামরিক পদক বা
রাষ্ট্রীয় সম্মাননা। গুরুত্বের ত্রৈমাসিক বীরত্বের জন্য প্রদত্ত
বাংলাদেশের ৪টি সামরিক পদক হল-

১। বীরশ্রেষ্ঠ ২। বীর উত্তম ৩। বীর বিক্রম ৪। বীর প্রতীক।

১৯৭৩ সালের ১৫ ডিসেম্বর বাংলাদেশ গেজেটের একটি অতিরিক্ত
সংখ্যায় প্রকাশিত বিজ্ঞপ্তির মাধ্যমে এই পদকপ্রাপ্তদের নাম রাষ্ট্রীয়ভাবে
ঘোষণা করা হয়। সাতজন বীরশ্রেষ্ঠের নামের তালিকা নিচে দেয়া হলো-

১. সিপাহী মোস্তফা কামাল
২. সিপাহী হামিদুর রহমান
৩. ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান
৪. ইঞ্জিনরুম আর্টিফিশার রফুল আমিন
৫. ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ
৬. ল্যান্স নায়েক মুগী আবদুর রউফ
৭. ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর।

● সাত জন বীরশ্রেষ্ঠের নাম ও পদবি :

- বীরশ্রেষ্ঠ হামিদুর রহমানের পদবি ছিল- সিপাহী
- বীরশ্রেষ্ঠ মোহাম্মদ মোস্তফা কামালের পদবি ছিল- সিপাহী
- বীরশ্রেষ্ঠ মহিউদ্দিন জাহাঙ্গীরের পদবি ছিল- ক্যাপ্টেন
- বীরশ্রেষ্ঠ মুগী আবদুর রউফের পদবি ছিল- ল্যান্স নায়েক
- বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ শেখ - ল্যান্স নায়েক
- বীরশ্রেষ্ঠ মোহাম্মদ রফুল আমিন- ইঞ্জিনরুম আর্টিফিশার
- বীরশ্রেষ্ঠ মতিউর রহমানের পদবি ছিল- ফ্লাইট লেফটেন্যান্ট

প্রশ্ন: বীরশ্রেষ্ঠদের মধ্যে সেনাবাহিনীর কতজন ছিলেন?

উত্তর: ৩ জন। যথা: ১. সিপাহী মোস্তফা কামাল, ২. সিপাহী হামিদুর
রহমান ও ৩. ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর।

প্রশ্ন: বীরশ্রেষ্ঠদের মধ্যে ইপিআর (ইস্ট পাকিস্তান রেজিমেন্ট) তথা
বিজিবি-এর কতজন ছিলেন?

উত্তর: ২ জন। যথা: ১. ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ ও ২. ল্যান্স
নায়েক মুগী আবদুর রউফ

প্রশ্ন: বীরশ্রেষ্ঠদের মধ্যে নৌবাহিনীর কতজন ছিলেন?

উত্তর: ১ জন; ইঞ্জিনরুম আর্টিফিশার রফুল আমিন।

প্রশ্ন: বীরশ্রেষ্ঠদের মধ্যে বিমান বাহিনীর কতজন ছিলেন?

উত্তর: ১ জন; ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান।

প্রশ্ন: বীরশ্রেষ্ঠদের মধ্যে প্রথম শহিদ হন কে?

ব্যাখ্যা: সঠিক উত্তর- বীরশ্রেষ্ঠদের মধ্যে প্রথম শহিদ হন বীরশ্রেষ্ঠ মুগী
আবদুর রউফ। তিনি ১৯৭১ সালের ৮ এপ্রিল তারিখে শহিদ হন।

প্রশ্ন: প্রকাশিত কিছু বইয়ে 'বীরশ্রেষ্ঠ সিপাহী মোস্তফা কামালের শহীদত্বের তারিখ ৮ এপ্রিল ১৯৭১ সাল দেয়া' এটি কুল তথ্য। কতক জনকের 'বঙ্গবন্ধু' এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.molwa.gov.bd এও তথ্যমতে, বীরশ্রেষ্ঠ মুক্তি আবদুর বউজ শহিদ হন ১৯৭১ সালের ৮ এপ্রিল তারিখ এবং বীরশ্রেষ্ঠ সিপাহী মোস্তফা কামাল শহিদ হন ১৯৭১ সালের ১৭ এপ্রিল তারিখে।

প্রশ্ন: বীরশ্রেষ্ঠ মুক্তি আবদুর বউজের কবর কোথায় অবস্থিত?

উত্তর: বাঙ্গামাটি জেলার নানিয়াবড় উপজেলায়

প্রশ্ন: বীরশ্রেষ্ঠদের মধ্যে সর্বশেষ মৃত্যুবরণ করেন কে?

উত্তর: বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দীন জাহাঙ্গীর (১৪ ডিসেম্বর, ১৯৭১)।

প্রশ্ন: বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দীন জাহাঙ্গীরের কবর কোথায় অবস্থিত?

উত্তর: চাঁপাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলার ছোট সোনা মসজিদ প্রাঙ্গণে।

প্রশ্ন: বীরশ্রেষ্ঠদের মধ্যে সর্বকনিষ্ঠ কে ছিলেন?

উত্তর: বীরশ্রেষ্ঠ সিপাহী হামিদুর রহমান।

প্রশ্ন: বীরশ্রেষ্ঠ সিপাহী হামিদুর রহমানের কবর কোথায় অবস্থিত?

উত্তর: মিরপুর শহীদ বুদ্ধিজীবী কবরস্থানে। তবে, ২০০৭ সালের পূর্বে তাঁর কবরস্থান ছিল ভারতের ত্রিপুরার আমবাসা গ্রামে। ২০০৭ সালে তাঁর কবর বাংলাদেশে আনা হয়।

প্রশ্ন: বীরশ্রেষ্ঠ রুহুল আমিনের কবর কোথায় অবস্থিত?

উত্তর: খুলনার রূপসা নদীর পাড়ে [তথ্যসূত্র: দৈনিক প্রথম আলো, ১৬ ডিসেম্বর, ২০১৭]। বীরশ্রেষ্ঠ রুহুল আমিনের কবর খুলনা জেলার রূপসা উপজেলার বাগমারা নামক স্থানে রূপসা নদীর পাড়ে অবস্থিত।

প্রশ্ন: বীরশ্রেষ্ঠ মতিউর রহমানের কবর কোথায় অবস্থিত?

উত্তর: তাঁর কবর ছিল পাকিস্তানের করাচির মাসরুর বিমানঘাটিতে, কিন্তু ২০০৬ সালে তাঁর কবর বাংলাদেশে আনা হয় এবং মিরপুর শহীদ বুদ্ধিজীবী কবরস্থানে কবর দেয়া হয়।

প্রশ্ন: বীরশ্রেষ্ঠ ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান কোন বিমানটি ছিনিয়ে আনতে গিয়ে শহীদ হন?

উত্তর: টি-৩৩। 'টি-৩৩' বিমানটির ছদ্মনাম ছিল- ব্লু বার্ড।

প্রশ্ন: বীরশ্রেষ্ঠ ইঞ্জিনরুম আর্টিফিশার রুহুল আমিন কোন গানবোটো কবে যুদ্ধ করার সময় শহীদ হন?

উত্তর: পলাশ। [বি.দ্র. মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশের প্রথম যে রণতরীটি ধ্বংসপ্রাপ্ত হয়, তার নাম 'পদ্মা'। বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় ভারত সরকার দুটি গানবোট বা রণতরী বাংলাদেশকে প্রদান করে। গানবোট বা রণতরী দুটির নাম- 'পদ্মা' ও 'পলাশ'।]

প্রশ্ন: বীরশ্রেষ্ঠ রুহুল আমিন কত নং সেট্টরে যুদ্ধ করেছিলেন?

উত্তর: প্রথমে ২ নং সেট্টরে যোগদান করেন এবং নৌবাহিনী গঠিত হলে তিনি নৌ-বাহিনীর অধীন ১০নং সেট্টরে যোগদান করেন।

প্রশ্ন: বীরশ্রেষ্ঠ সিপাহী মোস্তফা কামালের কবর কোথায় অবস্থিত?

উত্তর: ব্রাহ্মণবাড়িয়া জেলার আখাউড়া উপজেলার মোগাড়ায়

প্রশ্ন: বীরশ্রেষ্ঠ ন্যাস নায়ক নূর মোহাম্মদ শেখের কবর কোথায় অবস্থিত?

উত্তর: যশোর জেলার শার্শা উপজেলার কাশিপুরে।

বীরশ্রেষ্ঠের নাম	সমাধির অবস্থান	সেট্টর
ন্যাস নায়ক মুসী আব্দুর বউজ	নানিয়াবড়, বাঙ্গামাটি	১নং
সিপাহী মোস্তফা কামাল	আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া	২নং
সিপাহী হামিদুর রহমান	শহীদ বুদ্ধিজীবী কবরস্থান, মিরপুর	৪নং
ক্যাপ্টেন মহিউদ্দীন জাহাঙ্গীর	শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ	৭নং
ন্যাস নায়ক নূর মোহাম্মদ শেখ	শার্শা, যশোর	৮নং
ইঞ্জিনরুম আর্টিফিশার রুহুল আমিন	রূপসা, খুলনা	২নং ও ১০নং
ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান	শহীদ বুদ্ধিজীবী কবরস্থান, মিরপুর	---

৪.১০ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী থেকে কেবল পরীক্ষায় আসার মতো গুরুত্বপূর্ণ সর্ভক্ষণ প্রশ্ন ও উত্তর নিচে দেয়া হলো:

১) 'অসমাপ্ত আত্মজীবনী' বইটির লেখকের নাম কী?

উত্তর: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

২) 'অসমাপ্ত আত্মজীবনী' বইটি কত সালে প্রকাশিত হয়?

উত্তর: ২০১২ সালে (তবে তিনি 'অসমাপ্ত আত্মজীবনী' গ্রন্থটি রচনা করেন ১৯৬৬-১৯৬৯ সালে কারাগারে অস্ত্রীণ থাকার অবস্থায়। এই গ্রন্থে তাঁর শৈশব থেকে ১৯৫৫ সালের ঘটনা পর্যন্ত বর্ণিত আছে। এটি বঙ্গবন্ধু কর্তৃক রচিত প্রথম আত্ম-জীবনীমূলক গ্রন্থ।)

৩) 'অসমাপ্ত আত্মজীবনী' বইটির প্রকাশক কে?

উত্তর: দি ইউনিভার্সিটি প্রেস লিমিটেড (ইউপিএল)।

৪) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর অসমাপ্ত আত্মজীবনীইংরেজি নাম- The Unfinished Memoirs (ইংরেজি অনুবাদক- ড. ফকরুল আলম)।

৫) 'অসমাপ্ত আত্মজীবনী' বইটির সম্পাদক কে?

উত্তর: অধ্যাপক শামসুজ্জামান খান।

৬) 'কারাগারের রোজনামা' বইটির লেখকের নাম কী?

উত্তর: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। (তবে 'রাজবন্দীর রোজনামা' নামক স্মৃতিকথামূলক গ্রন্থটি লিখেছেন শহীদুল্লা কায়সার)

৭) 'কারাগারের রোজনামা' বইটি কত সালে প্রকাশিত হয়?

উত্তর: ২০১৭ সালে বঙ্গবন্ধুর ৯৮তম জন্মদিনে। (গ্রন্থটিতে ১৯৬৬-১৯৬৮ সালের ঘটনা বর্ণিত আছে।)

৮) 'কারাগারের রোজনামা' বইটির প্রকাশক কে?

উত্তর: বাংলা একাডেমি।

৯) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর 'কারাগারের রোজনামা' এর ইংরেজি নাম- 'The Prison Diaries' (ইংরেজি অনুবাদক- ড. ফকরুল আলম)।

১০) বঙ্গবন্ধু রচিত তৃতীয় আত্মজীবনীমূলক গ্রন্থের নাম কী?

উত্তর: আমার দেখা নয়ান। (প্রকাশিত: ১ ফেব্রুয়ারি, ২০২০। বইটি প্রকাশ করে: বাংলা একাডেমি)

- ১১) 'আমার দেখা নয়াচীন' বইটির ইংরেজি নাম কী?
উত্তর: New China 1952
- ১২) 'আমার দেখা নয়াচীন' বইটির ইংরেজি ভাষার অনুবাদক কে?
উত্তর: অধ্যাপক ড. ফকরুল আলম
- ১৩) 'আমার দেখা নয়াচীন' বইটির সম্পাদক কে?
উত্তর: অধ্যাপক শামসুজ্জামান খান।
- ১৪) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর মুক্তিযুদ্ধ উপর রচিত গ্রন্থের নাম- আমার কিছু কথা।
- ১৫) 'পলাশী থেকে ধানমতি' বঙ্গবন্ধুর শেখ মুজিবুর রহমানের জীবনীর উপর রচিত আবদুল গাফফার চৌধুরী কর্তৃক রচিত উপন্যাস। পরবর্তীতে আবদুল গাফফার চৌধুরী উক্ত উপন্যাস থেকে 'পলাশী থেকে ধানমতি' নামে একটি চলচ্চিত্র নির্মাণ করেন।
- ১৬) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত সালে, কোথায় জন্মগ্রহণ করেন?
উত্তর: ১৯২০ সালের ১৭ মার্চ, গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায়। এজন্য ১৭ মার্চকে 'জাতীয় শিশু দিবস' হিসেবে পালন করা হয়।
- ১৭) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গ্রামটি (টুঙ্গিপাড়া) কোন নদীর তীরে অবস্থিত?
উত্তর: বাইগাব নদীর তীরে অবস্থিত। (কিন্তু বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জেলা গোপালগঞ্জ মধুমতি নদীর তীরে অবস্থিত)
- ১৮) বঙ্গবন্ধুর শিক্ষাজীবন শুরু হয় কোন স্কুলে?
উত্তর: গোপালগঞ্জের গিমাডাসা প্রাথমিক বিদ্যালয়ে।
- ১৯) বঙ্গবন্ধু ঢাকা বিশ্ববিদ্যালয়ে কোন বিভাগের ছাত্র ছিলেন?
উত্তর: আইন বিভাগের। (কিন্তু মনে রাখতে হবে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগে 'বঙ্গবন্ধু চেয়ার' অবস্থিত; আইন বিভাগে নয়।)
- ২০) বঙ্গবন্ধু ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে কত সালে, কেন বহিষ্কৃত হন?
উত্তর: ১৯৪৯ সালে চতুর্থ শ্রেণির কর্মচারীদের আন্দোলনে সংহতি প্রকাশ করায় তাকে বহিষ্কার করা হয়।
- ২১) কত সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বহিষ্কার আদেশ প্রত্যাহার করা হয়?
উত্তর: ২০১০ সালে।
- ২২) ১৯৪৯ সালের ২৩ জুন পূর্ব পাকিস্তান আওয়ামী মুসলিম লীগ প্রতিষ্ঠাকালীন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন পদে ছিলেন?
উত্তর: যুগ্ম সম্পাদক।
- ২৩) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আওয়ামী লীগের সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হন কবে?
উত্তর: ১৯৫৩ সালে।
- ২৪) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আওয়ামী লীগের সভাপতি পদে নির্বাচিত হন কবে?
উত্তর: ১৯৬৬ সালে।
- ২৫) যুক্তফ্রন্ট নির্বাচনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন আসনে বিজয়ী হন?
উত্তর: গোপালগঞ্জ আসনে।
- ২৬) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন মন্ত্রিসভায় সর্বকনিষ্ঠ মন্ত্রী ছিলেন?
উত্তর: ১৯৫৪ সালের যুক্তফ্রন্ট মন্ত্রিসভায়।
- ২৭) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৫৪ সালের যুক্তফ্রন্ট মন্ত্রিসভায় কোন মন্ত্রিসভায় কোন মন্ত্রণালয়ের দায়িত্বে ছিলেন?
উত্তর: কৃষি, বন ও সমবায় মন্ত্রী।
- ২৮) ১৯৬৪ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে গঠিত সম্মিলিত বিরোধী দলের নাম কী ছিল?
উত্তর: কথাইন্ড অপজিশন পার্টি।
- ২৯) শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধি কে দেন?
উত্তর: তৎকালীন ডাকসুর ডিপি তোফায়েল আহমেদ।
- ৩০) কোথায় শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধি দেওয়া হয়?
উত্তর: বেসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যানে)।
- ৩১) শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করা হয় কত সালে?
উত্তর: ১৯৬৯ সালের ২৩ ফেব্রুয়ারি।
- ৩২) কে শেখ মুজিবুর রহমানকে 'জাতির জনক' ঘোষণা করেন?
উত্তর: আ.স.ম. আব্দুর রব।
- ৩৩) শেখ মুজিবুর রহমানকে 'জাতির জনক' ঘোষণা করা হয় কোথায়?
উত্তর: পল্টন ময়দানে।
- ৩৪) শেখ মুজিবুর রহমানকে 'জাতির জনক' ঘোষণা করা হয় কবে?
উত্তর: ৩ মার্চ ১৯৭১।
- ৩৫) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'জাতির পিতা' হিসেবে স্বীকৃতি প্রদান করা হয় কবে?
উত্তর: ২০১১ সালে সংবিধানের পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে।
- ৩৬) শেখ মুজিবুর রহমানকে 'রাজনীতির কবি' বা 'Poet of Politics' উপাধিতে ভূষিত করে কে?
উত্তর: যুক্তরাষ্ট্রের বিখ্যাত ম্যাগাজিন 'নিউজউইক' (Newsweek)।
- ৩৭) শেখ মুজিবুর রহমানকে 'রাজনীতির কবি' বা 'Poet of Politics' উপাধিতে ভূষিত করা হয় কবে?
উত্তর: ১৯৭১ সালের ৫ এপ্রিল।
- ৩৮) নিউজউইক শেখ মুজিবুর রহমানকে 'রাজনীতির কবি' বা 'Poet of Politics' উপাধিতে ভূষিত করে কেন?
উত্তর: ১৯৭১ সালের ৭-ই মার্চের ঐতিহাসিক ভাষণের জন্য।
- ৩৯) শেখ মুজিবুর রহমানকে 'জুলিও কুরি পুরস্কার' প্রদান করে কে?
উত্তর: বিশ্ব শান্তি পরিষদ।
- ৪০) বিশ্ব শান্তি পরিষদ শেখ মুজিবুর রহমানকে 'জুলিও কুরি পুরস্কার' প্রদান করে কবে?
উত্তর: ১৯৭৩ সালের ২৩ মে।
- ৪১) বিশ্ব শান্তি পরিষদ শেখ মুজিবুর রহমানকে 'জুলিও কুরি পুরস্কার' প্রদানের ঘোষণা দেয় কবে?
উত্তর: ১৯৭২ সালের ১০ অক্টোবর।
- ৪২) বিশ্ব শান্তি পরিষদ শেখ মুজিবুর রহমানকে 'জুলিও কুরি পুরস্কার' প্রদান করে কেন?
উত্তর: বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় বিশেষ অবদানের জন্য।
- ৪৩) কে পূর্ব পাকিস্তানের নাম 'বাংলাদেশ' নামকরণ করেন?
উত্তর: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।

- ৪৪) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কবে পূর্ব পাকিস্তানের নাম 'বাংলাদেশ' নামকরণ করেন?
উত্তর: ১৯৬৯ সালের ৫ ডিসেম্বর।
- ৪৫) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোথায় ঐতিহাসিক ৭-ই মার্চের ভাষণ প্রদান করেন?
উত্তর: ঢাকার রেসকোর্স ময়দানে (বর্তমানে 'সোহরাওয়ার্দী উদ্যান' নামে পরিচিত)।
- ৪৬) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭-ই মার্চের ভাষণের মূল বিষয়বস্তু বা দাবি কয়টি ছিল?
উত্তর: ৪টি।
- ৪৭) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কখন স্বাধীনতার ঘোষণা দেন?
উত্তর: ১৯৭১ সালের ২৫ মার্চ মধ্যরাত অর্থাৎ ২৬ মার্চের প্রথম প্রহরে বঙ্গবন্ধু বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন।
- ৪৮) ১৯৭১ সালে পাকিস্তানি হানাদার বাহিনী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গ্রেপ্তার করে পাকিস্তানের কোন কারাগারে আটক রেখেছিল?
উত্তর: লায়ালপুরের মিয়ানওয়ালি কারাগারে।
- ৪৯) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পাকিস্তানের কারাগার থেকে মুক্তি পান কবে?
উত্তর: ১৯৭২ সালের ৮ জানুয়ারি।
- ৫০) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীন বাংলাদেশে ফিরে আসেন কবে?
উত্তর: ১৯৭২ সালের ১০ জানুয়ারি। যা বঙ্গবন্ধুর 'স্বদেশ প্রত্যাবর্তন দিবস' নামে পরিচিত।
- ৫১) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীন বাংলাদেশের রাষ্ট্রপতির দায়িত্ব গ্রহণ করেন কত তারিখে?
উত্তর: ১৯৭২ সালের ১০ জানুয়ারি।
- ৫২) ১৯৭১ সালে গঠিত অস্থায়ী সরকারে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পদ কী ছিল?
উত্তর: রাষ্ট্রপতি।
- ৫৩) বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতি কে ছিলেন?
উত্তর: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।
- ৫৪) বাংলাদেশের দ্বিতীয় প্রধানমন্ত্রী কে ছিলেন?
উত্তর: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। (প্রথম প্রধানমন্ত্রী ছিলেন তাজউদ্দিন আহমদ)
- ৫৫) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রথম বাঙালি নেতা হিসেবে জাতিসংঘের সাধারণ পরিষদে বাংলা ভাষায় বক্তৃতা দেন কত সালে, কত তারিখে?
উত্তর: ১৯৭৪ সালের ২৫ সেপ্টেম্বর (২৯তম অধিবেশনে)।
- ৫৬) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বপরিবারে নিহত হন কত তারিখে?
উত্তর: ১৯৭৫ সালের ১৫ আগস্ট। সেজন্য ১৫ আগস্টকে জাতীয় শোক দিবস হিসেবে পালন করা হয়।

- ৫৭) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাদুঘর কোথায় অবস্থিত?
উত্তর: ঢাকার দানমন্ডির ৩২ নম্বরে। (তবে মুক্তিযুদ্ধ জাদুঘর ঢাকার আগারগাঁও অবস্থিত)
- ৫৮) 'আমি হিমালয় দেখিনি, কিন্তু শেখ মুজিবকে দেখেছি।' - বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সম্পর্কে এই উক্তিটি কার?
উত্তর: ফিদেল ক্যাস্ট্রো।

৪.১১ মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্রের তালিকা

- ওরা ১১ জন (১৯৭২)- চামী নজরুল ইসলাম পরিচালিত (নোট: এটি মুক্তিযুদ্ধের উপর প্রথম বাংলা পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র)
- সঙ্গ্রাম- চামী নজরুল ইসলাম পরিচালিত (এই ছায়ার্ভবিত্তে বঙ্গবন্ধু অভিনয় করেছিলেন)
- হাঙ্গর নদীর মোনেড- চামী নজরুল ইসলাম পরিচালিত
- প্রবতারা- চামী নজরুল ইসলাম পরিচালিত
- জীবনচুলী- তানভীর মোকাম্মেল পরিচালিত
- আগামী- মোরশেদুল ইসলাম পরিচালিত
- আমার বন্ধু রাশেদ- মোরশেদুল ইসলাম পরিচালিত
- আশুনের পরশমণি- হুমায়ুন আহমেদ পরিচালিত
- শ্যামল ছায়া- হুমায়ুন আহমেদ পরিচালিত
- এক সাগর রক্তের বিনিময়ে- আলমগীর কবির পরিচালিত
- ধীরে বহে মেঘনা- আলমগীর কবির পরিচালিত
- মাটির ময়না- তারেক মাসুদ পরিচালিত
- আবার তোরা মানুষ হ - খান আতাউর রহমান
- একান্তরের যীশু- নাসির উদ্দীন ইউসুফ পরিচালিত
- গেরিলা - নাসির উদ্দীন ইউসুফ পরিচালিত

৪.১২ মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্য চিত্রের তালিকা

- Stop Genocide → জহির রায়হান
- A State is Born → জহির রায়হান
- Liberation Fighters → আলমগীর কবির
- 'মুক্তির গান'; 'মুক্তির কথা' → তারেক মাসুদ ও ক্যাথরিন মাসুদ।
বি.দ্র: জহির রায়হান 'Let there be Light' নামে একটি চলচ্চিত্র নির্মাণ শুরু করলেও বাংলাদেশের মুক্তিযুদ্ধ শুরু হওয়ার কারণে তা শেষ করতে পারেন নি।

৫. সভ্যতা ও সংস্কৃতি [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

কলেজ পর্যায়

- | | |
|---|--|
| <p>১. বাংলার সর্বপ্রাচীন জনপদ কোনটি? (১৭তম কলেজ নিবন্ধন-২০২২)
ক. পুন্ড্র খ. সমতট
গ. বাঢ় ঘ. হরিকেল উ. ক</p> <p>২. "বর্ধমান হাউজ" কোথায় অবস্থিত? (১৭তম কলেজ নিবন্ধন-২০২২)
ক. ঢাকা খ. কলকাতা
গ. পশ্চিমবঙ্গ ঘ. কুষ্টিয়া উ. ক</p> <p>৩. ঢাকার ঘোলাইখাল কে খনন করেন? (১৭তম কলেজ নিবন্ধন-২০২২)
ক. ইসলাম খান খ. সরফরাজ খান
গ. মুশিম কুলি খান ঘ. ঈশা খান উ. ক</p> <p>৪. ইউনেস্কো কবে সুন্দরবনকে বিশ্ব ঐতিহ্য হিসেবে ঘোষণা করে?
(১৭তম কলেজ নিবন্ধন-২০২২)
ক. ১৯৯৬ সাল খ. ১৯৯৭ সাল
গ. ১৯৯৮ সাল ঘ. ১৯৯৯ সাল উ. খ</p> <p>৫. মনপুরা '৭০ কী? (১৬তম কলেজ নিবন্ধন-২০১৯)
ক. একটি উপজেলা খ. একটি নদী বন্দর
গ. একটি উপন্যাস ঘ. একটি চিত্রশিল্প উ. ঘ</p> <p>৬. বাংলার প্রাচীর স্থান মহাস্থানগড় এর অবস্থান কোথায় ছিল?
(১৬তম কলেজ নিবন্ধন-২০১৯)
ক. মুন্সিগঞ্জ খ. কুমিল্লায়
গ. বগুড়ায় ঘ. ফরিদপুরে উ. গ</p> <p>৭. 'মহাস্থানগড়' কোন নদীর তীরে অবস্থিত? (১৫তম কলেজ নিবন্ধন-২০১৯)
ক. কপোতাক্ষ খ. যমুনা
গ. পদ্মা ঘ. করতোয়া উ. ঘ</p> <p>৮. 'মোদের গরব মোদের আশা, আ মরি বাংলা ভাষা'- গানের রচয়িতা কে? (১৫তম কলেজ নিবন্ধন-২০১৯)
ক. অতুল প্রসাদ সেন খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. কাজী নজরুল ইসলাম ঘ. কবি জসীম উদ্দিন উ. ক</p> <p>৯. বাংলাদেশে সাহিত্যে সর্বোচ্চ পুরস্কার কোনটি? (১৪তম কলেজ নিবন্ধন-২০১৭)
ক. একুশে পদক খ. স্বাধীনতা দিবস পুরস্কার
গ. বাংলা একাডেমি পুরস্কার ঘ. শিশু একাডেমি পুরস্কার উ. গ</p> <p>১০. বরেন্দ্র বলতে বোঝায় কোনটি? (১৪তম কলেজ নিবন্ধন-২০১৭)
ক. পূর্ববঙ্গ খ. পশ্চিমবঙ্গ
গ. উত্তরবঙ্গ ঘ. দক্ষিণবঙ্গ উ. গ</p> <p>১১. বাংলা নববর্ষ পহেলা বৈশাখ চালু করেন- (১৪তম কলেজ নিবন্ধন-২০১৭)
ক. লক্ষণ সেন খ. ইলিয়াস শাহ
গ. আকবর ঘ. বিজয় সেন উ. গ</p> | <p>১২. বাংলাদেশে মণিপুরি নাচ কোন অঞ্চলের ঐতিহ্য? (১৪তম কলেজ নিবন্ধন-২০১৭)
ক. গিলেটি খ. ময়ামনসিংহ
- লোহার মধ্যে শব্দ বাতাসের তুলনায়- ১৫ গুণ দ্রুত চলে।
- শব্দের তীক্ষ্ণতা নির্ভর করে- শব্দ তরঙ্গের বিস্তারের উপর।
- আল্ট্রাসোনোগ্রাফি হলো-ছোট তরঙ্গদৈর্ঘ্যের শব্দের দ্বারা ইমেজিং।
- শব্দের তীব্রতা পরিমাপ করা হয়- অডিওমিটারের মাধ্যমে।
- 'শব্দ সঞ্চরনের জন্য মাধ্যম প্রয়োজন' এটি প্রথম প্রমাণ করেন- অটো ডন গেরিক।

- ক শব্দের সহায়তায় নির্ভর করে বস্তু ন- বস্তু বস্তু।
- খ শব্দ সঞ্চরনে দ্রুত চলে- অর্ধ ও তেজ বাতাস।
- গ সমতল সম্পন্ন টান তারের দৈর্ঘ্য বিপরীত করে কম্পাংক হয়- অর্ধে।
- ঘ একটি শূন্য পাত্রের অর্ধতরঙ্গ তার পনি ছা পাত্রের চেয়ে বেশি শব্দ হয়, কারণ- বাতাসে শব্দ তরঙ্গের বিস্তার বেশি।
- ঙ কুর্কুর বিড়াল, চামচিকা জ্বাতে পায়- অস্বস্তিকর শব্দ।
- চ বায়ু অপেক্ষা পানিতে শব্দের বেগ- প্রায় ৪ গুণ বেশি।
- ছ তরঙ্গ দৈর্ঘ্য বাতাসে শব্দের তীব্রতা- তার।

১.১ (ঘ) বিভিন্ন প্রকার রশ্মি

- প্রশ্ন। তেজস্ক্রিয় পদার্থের মৌলিক রশ্মি কয়টি ও কী কী?
- উত্তর: ৩টি। যথাঃ আলফা রশ্মি, বিটা রশ্মি ও গামা রশ্মি।
- প্রশ্ন। কোন তেজস্ক্রিয় রশ্মির চার্জ বা আধান ধনাত্মক?
- উত্তর: আলফা রশ্মি। (মনে রাখুন, আলানিনের স্রেস পেরে আলফা ধনী হয়ে গেছে।)
- প্রশ্ন। কোন তেজস্ক্রিয় রশ্মির চার্জ বা আধান ঋণাত্মক?
- উত্তর: বিটা রশ্মি। (মনে রাখুন, বিটা রশ্মি কপে পড়ে বিটা-মারি হারিয়ে ফেলেছে।)
- প্রশ্ন। কোন তেজস্ক্রিয় চার্জ বা আধান নিরপেক্ষ?
- উত্তর: গামা রশ্মি। (মনে রাখুন, গামা রশ্মি গাধা বলে লাভ-ক্ষতি কিছু বোঝে না, বিপদের ভয়ে নিরপেক্ষ থাকে।)
- প্রশ্ন। গামা রশ্মিটি মূলত কোন ধরনের রশ্মি?
- উত্তর: গামা রশ্মি একটি তড়িৎ চুম্বকীয় রশ্মি। যা আধান নিরপেক্ষ অর্থাৎ এর চার্জ ও ভর নেই। এটি জীবজগতের জন্য সবচেয়ে ক্ষতিকর রশ্মি।
- প্রশ্ন। পারমাণবিক বিস্ফোরণের ফলে কোন তেজস্ক্রিয় রশ্মি উৎপন্ন হয়?
- উত্তর : গামা রশ্মি।
- প্রশ্ন। কোন রশ্মি শরীরের ত্বকে ভিটামিন-ডি তৈরি করতে সাহায্য করে?
- উত্তর : অতিবেগুনি রশ্মি বা আল্ট্রা ভায়োলেট রশ্মি।
- প্রশ্ন। সূর্য থেকে যে বিকীর্ণ তাপ আসে, তাকে কী বলে?
- উত্তর : অবলোহিত রশ্মি। (কিন্তু যদি 'তাপের' উল্লেখ না করে প্রশ্ন করা হয়, 'সূর্য থেকে কোন ক্ষতিকর রশ্মি আসে?' তখন উত্তর হবে, 'অতিবেগুনি রশ্মি বা আল্ট্রা ভায়োলেট রশ্মি।')
- প্রশ্ন। বৈদ্যুতিক চুলা থেকে যে বিকীর্ণ তাপ আসে, তাকে কী বলে?
- উত্তর : অবলোহিত রশ্মি।
- প্রশ্ন। কোন বিজ্ঞানী, কত সালে এক্স-রে আবিষ্কার করেন?
- উত্তর : বিজ্ঞানী রন্টজেন, ১৮৯৫ সালে এক্স-রে আবিষ্কার করেন।
- প্রশ্ন। আসল হীরা চেনার উপায় কী?
- উত্তরঃ এর ভিতর দিয়ে রঞ্জন রশ্মি যেতে পারে না।
- প্রশ্ন। রাডারে কোন তড়িৎ চৌম্বক তরঙ্গ ব্যবহার করা হয়?
- উত্তর : মাইক্রোওয়েভ।
- প্রশ্ন। গোয়েন্দা বিভাগে কোন রশ্মি ব্যবহার করা হয়?
- উত্তরঃ এক্স-রে বা রঞ্জন রশ্মি।

প্রশ্ন। ক্যাথোড রে বা ক্যাথোড রশ্মি কী?

উত্তরঃ একরাশি ইলেকট্রন।

প্রশ্ন। টিউমার, ক্যান্সার প্রভৃতি চিকিৎসায় কোন রশ্মি ব্যবহার করা হয়?

উত্তরঃ গামা রশ্মি।

প্রশ্ন। ক্যান্সার চিকিৎসায় গামা রশ্মির কোন বিকিরণ ব্যবহার করা হয়?

উত্তরঃ আইসোটোপ (মানে রাখুন, গামা তথা গামাকে আইসক্রিম

দিয়ে টোপ দেয়। অর্থাৎ আইসের টোপ)। ক্যান্সার চিকিৎসায়

সাধারণত কোবাল্ট ^{60}Co আইসোটোপ ব্যবহার করা হয়।

প্রশ্ন। কসমিক রে বা মহাজাগতিক রশ্মি কী?

উত্তরঃ কসমিক রে বা মহাজাগতিক রশ্মি মহাশূন্য থেকে আগত রশ্মি।

এটি মূলত একটি উচ্চ শক্তিসম্পন্ন ত্বরিত কণিকা; যার গঠনের ৯০%

হলো প্রোটন, ৯% আলফা পার্টিকেল আর বাকিটা ইলেকট্রন বা পজিট্রন।

প্রশ্ন। সবচেয়ে ছোট তরঙ্গ দৈর্ঘ্যের বিকিরণ কোনটি?

উত্তরঃ গামা রশ্মি।

প্রশ্ন। কোন রশ্মি জীবজগতের জন্য সবচেয়ে ক্ষতিকারক?

উত্তরঃ গামা রশ্মি। (গামা তথা গামা মানুষগুলো সমাজের জন্য

বোঝা, তাই এরা সবচেয়ে বেশি ক্ষতিকর। তাই বলা হয়, জ্ঞানী শত্রু

ভালো গাধা-মূর্খ বন্ধুর চেয়ে।)

প্রশ্ন। রঙিন টেলিভিশন থেকে ক্ষতিকর কোন রশ্মি নির্গত হয়?

উত্তরঃ মৃদু রঞ্জন রশ্মি।

ব্যাখ্যা: আমরা জানি, জীবজগতের জন্য সবচেয়ে ক্ষতিকর রশ্মি হলো

গামা রশ্মি। এখন কথা হলো, মানুষ যে পরিমাণ দৈনিক টিভি দেখে,

টেলিভিশন থেকে যদি গামা রশ্মি নির্গত হতো এতোদিনে সব মানুষ

ক্যান্সারে আক্রান্ত হয়ে মরে ভুত হয়ে যেত!

১.১ (ঙ) চৌম্বক ও অচৌম্বক পদার্থ

চৌম্বক: যে সকল বস্তুর আকর্ষণ ও দিক নির্দেশক ধর্ম আছে, তাকে চৌম্বক বলে। এখনো উল্লেখ্য যে, কোনো পদার্থকে চৌম্বকে পরিণত করলে এর ভর, ঘনত্ব, আয়তন বা উষ্ণতার কোনো কিছুই পরিবর্তন হয় না।

চৌম্বক পদার্থ: যে সকল পদার্থকে চৌম্বক আকর্ষণ করে এবং যাদেরকে চৌম্বকে পরিণত করা যায়, সে সকল পদার্থকে চৌম্বক পদার্থ বলে। সহজভাবে বলা যায়, লোহা ও লোহার যৌগ এবং লোহা ও ইস্পাত যুক্ত সংকর ধাতুসমূহকে চৌম্বক পদার্থ বলে।

চৌম্বক পদার্থগুলো মনে রাখার কৌশল: চলো নিকা-ই করি

চ= চৌম্বক পদার্থ

লো= লোহা

নি= নিকেল

কা= কোবাল্ট

ই= ইস্পাত

অচৌম্বক পদার্থ: যে সকল পদার্থকে চৌম্বক আকর্ষণ করে না এবং যাদেরকে চৌম্বকে পরিণত করা যায় না, সে সকল পদার্থকে অচৌম্বক পদার্থ বলে। এককথায় চৌম্বক পদার্থের বিপরীত হলো অচৌম্বক পদার্থ। অচৌম্বক পদার্থগুলো হলো: সোনা, রূপা, তামা, তামা, অ্যালুমিনিয়াম, স্টিল ইত্যাদি।

অচৌম্বক পদার্থগুলো মনে রাখার কৌশল : আলোর সোনার

স্টিল এর মতো।

আলোর = অ্যালুমিনিয়াম

সোনা = সোনা

র = রূপা

পি = পিতল

তা = তামা

স্টিল = স্টিল

১.১ (চ) পরমাণুর গঠন

- বস্তুর ধর্ম ধারণ করে এমন ক্ষুদ্রতম কণিকার নাম কী?
উত্তরঃ অণু
- বস্তুর ক্ষুদ্রতম কণা যা রাসায়নিক বিক্রিয়ায় অংশগ্রহণ না তার নাম কী?
উত্তরঃ পরমাণু।
- মৌলিক পদার্থের ক্ষুদ্রতম কণা যা রাসায়নিক বিক্রিয়া অংশগ্রহণ করে তার নাম কী?
উত্তরঃ পরমাণু।
- অণু ও পরমাণুর মধ্যে পার্থক্য কী কী?
উত্তরঃ মৌলিক পদার্থের ক্ষুদ্রতম কণা, যা আর ভাঙ্গা যায় না তাকে পরমাণু বলে। অপরদিকে, দুই বা ততোধিক পরমাণু মিলিত হয়ে যা গঠন করে, তাকে অণু বলে। অণু ও পরমাণু মধ্যে আরো কিছু পার্থক্য নিম্নে দেয়া হলোঃ

অণু	পরমাণু
মৌলিক ও যৌগিক পদার্থের বৈশিষ্ট্য রক্ষাকারী ক্ষুদ্রতম কণাকে অণু বলে।	মৌলিক পদার্থের বৈশিষ্ট্য রক্ষাকারী ক্ষুদ্রতম কণাকে পরমাণু বলে।
অণু সরাসরি রাসায়নিক বিক্রিয়ায় অংশ গ্রহণ করে না।	পরমাণু সরাসরি রাসায়নিক বিক্রিয়ায় অংশ গ্রহণ করে।

- কে সর্বপ্রথম পদার্থের ক্ষুদ্রতম অংশের নামকরণ করেন Atom?
উত্তরঃ ডেমোক্রিটাস।
- কোন মৌলিক গ্যাসের অণু এক-পরমাণুক?
উত্তরঃ নিক্রিয় গ্যাস।
- কোন মৌলের অণুতে দুইয়ের অধিক পরমাণু থাকে?
উত্তরঃ ওজোন (O_3), ফসফরাস (P_4), সালফার (S_8) ইত্যাদি।
- মৌলিক কণিকা কাকে বলে?
উত্তরঃ যে সব সূক্ষ্ম কণিকা দ্বারা পরমাণু গঠিত, তাদের মৌলিক কণিকা বা মূল কণিকা বলে।
- পরমাণবিক কণাগুলোর বৈশিষ্ট্য কী?
উত্তরঃ ওজন আছে, আয়তন আছে।
- স্থায়ী মূল কণিকা বলতে কী বুঝায়?
উত্তরঃ যেসব মূল কণিকা সব মৌলের পরমাণুতে থাকে তাদের স্থায়ী মূল কণিকা বলে।

১১. স্থায়ী মূল কণিকাগুলোর নাম কী?

উত্তরঃ ইলেকট্রন, প্রোটন ও নিউট্রন।

১২. মৌলিক কণিকাগুলোর কোনটির চার্জ বা আধান কীরূপ?

উত্তরঃ প্রোটন ধনাত্মক চার্জযুক্ত; ইলেকট্রন ঋণাত্মক চার্জযুক্ত; নিউট্রন চার্জবিহীন বা চার্জনরপেক্ষ।

[আসুন এই বিষয়টি একটি সুন্দর টেকনিকে মনে রাখি- 'প্রোটন' মানে 'পজিটিভ'; আর 'পজিটিভ' মানেই ধনাত্মক। আমরা জানি, 'নিউট্রাল' মানে 'নিরপেক্ষ'। অতএব 'নিউট্রন' চার্জনরপেক্ষ তথা চার্জবিহীন হবে এটাইতো স্বাভাবিক! প্রোটন যদি পজিটিভ হয় এবং নিউট্রন যদি 'নিউট্রাল' তথা নিরপেক্ষ হয়, তাহলে বাকিটি তথা 'ইলেকট্রন' ঋণাত্মক হবেই।]

১৩. পরমাণু চার্জ নিরপেক্ষ হয় কেন?

উত্তরঃ পরমাণুতে ইলেকট্রন ও প্রোটনের সংখ্যা সমান।


[উপরের প্রশ্নটি অনেকগুলো পরীক্ষাতে এসেছে। আসুন এই বিষয়টি একটি সুন্দর টেকনিকে মনে রাখি। আমরা ইতোমধ্যে জেনেছি যে, ইলেকট্রন ঋণাত্মক চার্জযুক্ত ও প্রোটন- ধনাত্মক চার্জযুক্ত। ধরুন, একজন লোকের পকেটে ৫০০ টাকা আছে, আরেকজন ঋণগ্রাস্ত লোকের ৫০০ টাকা ঋণ আছে। এখন ধনী লোকটি যদি ৫০০ টাকাই দিয়ে দেয় ঋণ পরিশোধের জন্য তাহলে দুজনের কেউই ধনাত্মক কিংবা ঋণাত্মক অবস্থায় থাকবে না। কেননা, এখানে ধনাত্মক ও ঋণাত্মক দুজনেরই টাকার সংখ্যা সমান। অর্থাৎ কারোরই চার্জ থাকবে না। দুজনই একত্রে চার্জ নিরপেক্ষ হয়ে যাবে!]

১৪. পরমাণুর নিউক্লিয়াস কী?

উত্তরঃ পরমাণুর একটি কেন্দ্র থাকে, যার নাম নিউক্লিয়াস। অর্থাৎ, পরমাণুর কেন্দ্রকে পরমাণুর নিউক্লিয়াস বলে।

১৫. পরমাণুর নিউক্লিয়াসে কোন মৌলিক কণিকাগুলো থাকে?

উত্তরঃ প্রোটন ও নিউট্রন।



চিত্র: পরমাণুর গঠন

[উপরের প্রশ্নটি অনেকগুলো পরীক্ষাতে এসেছে। কিন্তু পরীক্ষার হলে তালগোল পাকিয়ে যায়। আসুন এই বিষয়টি একটি মজার টেকনিক দিয়ে মনে রাখি। ধরুন, আপনার পরিবারে মূল সদস্য আছে ৩ জন। তার মাঝে একজন ইনকাম করে। আরেকজন কোনো ইনকাম করে না আবার পরিবার থেকে কোনো টাকা পয়সাও নেয় না; সে তার নিজের মতো করে চলে। কিন্তু তৃতীয়জন ইনকাম করে না আবার পরিবার থেকে অনেক টাকা পয়সা নিয়ে নষ্ট করে অর্থাৎ পরিবারকে ঋণাত্মক বানিয়ে দেয়। তখন আপনার বাবা মেজাজী মানুষ হলে যে ইনকাম করে (প্রোটন যা ধনাত্মক) তাকে খুব কাছে রাখবে। যে ইনকাম করে না আবার পরিবার থেকে কোনো টাকা পয়সাও নেয় না (নিউট্রন যা নিরপেক্ষ) তাকে মাঝে-মাঝে বকাঝকা দিলেও কাছেই রাখবে। কিন্তু যে ইনকাম করে না আবার পরিবার থেকে অনেক টাকা পয়সা নিয়ে নষ্ট করে (ইলেকট্রন যা

ঋণাত্মক) তাকে বকাঝকা দিয়ে ঘর থেকে বের করে দিলে এবং সে বাইরে বাইরে ঘুরবে। তার মানে ঘরের ভিতর তথা কেন্দ্রে থাকবে প্রোটন ও নিউট্রন আর বাইরে বাইরে ঘুরবে ইলেকট্রন।]

১৬. ইলেকট্রন কোথায় থাকে?

উত্তরঃ ইলেকট্রন নিউক্লিয়াসের বাইরে থাকে এবং তা নিউক্লিয়াসকে কেন্দ্র করে চারিদিকে বিভিন্ন কক্ষপথে ঘুরতে থাকে।

১৭. 'নিউট্রন' নামের তাৎপর্য কী?

উত্তরঃ আধানবিহীন (Neutral) হওয়ার কারণেই এই নামকরণ করা হয়।

১৮. পারমাণবিক সংখ্যা বলতে কী বোঝায়?

উত্তরঃ নিউক্লিয়াসে অবস্থিত প্রোটনের সংখ্যাকে মৌলের পারমাণবিক সংখ্যা বলে। (মানে রাখুন, প্রোটন পারমাণবিক)

১৯. পারমাণবিক ভর বলতে কী বোঝায়?

উত্তরঃ পরমাণুর নিউক্লিয়াসে বিদ্যমান প্রোটন ও নিউট্রনের মোট সংখ্যাকে পারমাণবিক ভর বলে।

২০. পারমাণবিক বল বলতে কী বোঝায়?

উত্তরঃ পরমাণুর নিউক্লিয়াসে বিদ্যমান প্রোটন ও নিউট্রনের বলকে পারমাণবিক বল বলে।

২১. প্রোটনের আবিষ্কারক কে?

উত্তরঃ রাদারফোর্ড। [মনে রাখুন, প্রোটন রাদারফোর্ড]

২২. কে নিউট্রন আবিষ্কার করেন?

উত্তরঃ চ্যাডউইক। [মনে রাখুন, সে নিউট্রন আবিষ্কারের বিষয়ে নিউটনের সাথে চ্যাট করেছে।]

২৩. ইলেকট্রনের আবিষ্কারক কে?

উত্তরঃ থমসন। [ইলেক্ট্রিসিটি (ইলেকট্রন) আবিষ্কার করতে গিয়ে তার জীবন থমকে (থমসন) গেছে]

২৪. কোন মৌলিক কণিকার ভর সবচেয়ে কম?

উত্তরঃ ইলেকট্রন। [সে ঋণগ্রাস্ত তাই!]

২৫. কোন মৌলিক কণিকার ভর সবচেয়ে বেশি?

উত্তরঃ নিউট্রন। [কারণ নিউটনের মস্তিষ্ক অনেক বড় ছিল তথা অনেক ভারী তাই এতো কিছু আবিষ্কার করতে পেরেছে!]

২৬. কোন মৌলের পরমাণুতে নিউট্রন নেই?

উত্তরঃ হাইড্রোজেন।

২৭. ঘর্ষণ, তাপ, রাসায়নিক প্রভৃতি প্রক্রিয়ায় সহজেই পরমাণু থেকে কোন মূল কণিকা নির্গত হয়?

উত্তরঃ ইলেকট্রন।

২৮. নিউক্লিয় শক্তি বলতে কী বোঝায়?

উত্তরঃ নিউক্লিয়াস ভেঙ্গে বা নিউক্লিয়াস বিভাজনের মাধ্যমে অথবা নিউক্লিয়াসকে একত্র করে যে শক্তি পাওয়া যায়, তাকে নিউক্লিয় শক্তি বা Nuclear Energy বলা হয়। অনেক সময় একে পারমাণবিক শক্তি তথা Atomic Energy নামেও অভিহিত করা হয়।

২৯. কিভাবে নিউক্লিয় শক্তি উৎপন্ন হয়?

উত্তরঃ পরমাণু হতে দুটি পদ্ধতিতে নিউক্লিয় শক্তি উৎপন্ন হয়। যথা-১. ফিউশন এবং ২. ফিশন।

৩০. ফিউশন বলতে কী বোঝায়?
উত্তর : যে প্রক্রিয়ায় একাধিক পরমাণু যুক্ত হয়ে নতুন পরমাণু গঠন করে, তাকে ফিউশন বলে। এই প্রক্রিয়ায় একাধিক হালকা পরমাণুর নিউক্লিয়াস একত্র হয়ে অপেক্ষাকৃত ভারী পরমাণুর নিউক্লিয়াস গঠন করে এবং অত্যধিক শক্তি নির্গত করে।
৩১. ফিশন বলতে কী বোঝায়?
উত্তর : যে প্রক্রিয়ায় ভারী পরমাণুর ভেঙ্গে তথা বিভাজনের মাধ্যমে প্রায় সমান ভরের দুটি নিউক্লিয়াস তৈরি করে এবং বিপুল পরিমাণ শক্তি নির্গত করে, তাকে ফিশন বলে।
[পরীক্ষার হলে ফিউশন আর ফিশন নিয়ে প্রায়ই স্বামেলা বাঁধে, এর সমাধান কী? সমাধান: একটু খেয়াল করুন, 'ফিউশন' শব্দটি ৪টি বর্ণের আর 'ফিশন' শব্দটি ৩টি বর্ণের সমন্বয়ে গঠিত। একাধিক পরমাণু যুক্ত একাধিক পরমাণু হয়ে করে নতুন পরমাণু গঠন করে, তাকে ফিউশন বলে। কয়েকটি যদি যুক্ত হয় তাহলে সেটি বড় হবে অতএব এটি ফিউশন। আবার প্রক্রিয়ায় ভারী পরমাণুর ভেঙ্গে ২টি পরমাণু গঠন করে তাকে ফিশন বলে। আচ্ছা, কোনো কিছু ভাঙ্গলে সেটি ছোট হয়ে যায় না? অতএব ছোটটি হবে ফিশন।]
৩২. পারমাণবিক বোমা কোন নীতির উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে?
উত্তর : ফিশন। (পরমাণু মানে ছোট। অতএব ছোটটি হবে। অর্থাৎ, ফিশন।)
৩৩. হাইড্রোজেন বোমা কোন নীতির উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে?
উত্তর : ফিউশন। (হাই (High) মানে বড়। অতএব বড়টি হবে। অর্থাৎ, ফিউশন।)
৩৪. সূর্যে কিভাবে শক্তি উৎপন্ন হয়?
উত্তর : সূর্যে পরমাণুর ফিউশনের মাধ্যমে শক্তি উৎপন্ন হয়। (সূর্য অনেক বড়। অতএব বড়টিটি হবে। অর্থাৎ, ফিউশন। এই প্রশ্নটি অনেক পরীক্ষাতে এসেছে। আশা করি আর ভুল হবে না।)
৩৫. পারমাণবিক বোমা তৈরিতে কোন তেজস্ক্রিয় মৌল ব্যবহৃত হয়?
উত্তর : ইউরেনিয়াম, প্রুটোনিয়াম।
৩৬. হাইড্রোজেন বা উদযান বোম তৈরিতে কী ব্যবহৃত হয়?
উত্তর : হাইড্রোজেনের আইসোটোপ ডিউটেরিয়াম ও ট্রাইটিয়াম। (মনে রাখতে হবে, হাইড্রোজেন বোমা পারমাণবিক বোমা থেকে অধিক শক্তিশালী ও বিধ্বংসী।)
৩৭. কে ফিশন আবিষ্কার করেন?
উত্তর : জার্মান বিজ্ঞানী অটোহ্যান; ১৯৩৯ সালে।
৩৮. পারমাণবিক ভর বা ওজনের আবিষ্কারক কে?
উত্তর : জন ডাল্টন।
৩৯. পারমাণবিক বোমার আবিষ্কারক/জনক কে?
উত্তর : ওপেনহেইমার। (বি.দ্র: অপশনে ওপেনহেইমার না থাকলে উত্তর হবে অটোহ্যান। কেননা, ফিশনের মাধ্যমে পারমাণবিক বোমা বানানো হয়। আর অটোহ্যান ফিশন আবিষ্কার করেছেন।)
৪০. 'পিওরি অব রিডেটিভিটি' বা 'আপেক্ষিক তত্ত্ব' এর প্রণেতা কে?
উত্তর : আলবার্ট আইনস্টাইন।
৪১. পারমাণবিক ভর বলতে কী বোঝায়?
উত্তর : নিউট্রন ও প্রোটনের ভর। অর্থাৎ, পরমাণুর নিউক্লিয়াসে যে দুটি মৌলিক কণা থাকে তাদের ভরই পারমাণবিক ভর। এজন্য পারমাণবিক ওজনও নিউট্রন ও প্রোটনের ওজনের সমান।
৪২. প্রতিটি ফিশনে কী পরিমাণ শক্তি উৎপন্ন হয়?
উত্তর : ২০০MeV।
৪৩. নিউক্লিয় রিয়াক্টর বা নিউক্লিয় চুল্লি কী?
উত্তর : নিউক্লিয় চেইন বিক্রিয়াকে যে যন্ত্রের মাধ্যমে নিয়ন্ত্রণ করা হয়, তার নাম নিউক্লিয় রিয়াক্টর বা নিউক্লিয় বিক্রিয়ক। একে পারমাণবিক চুল্লিও বলা হয়। অর্থাৎ, পারমাণবিক চুল্লির আরেক নাম নিউক্লিয় রিয়াক্টর।
৪৪. নিউক্লিয়ার রিয়াক্টরে গতি মছরক হিসেবে কী ব্যবহৃত হয়?
উত্তর : ক্যাডমিয়াম বা বোরন দণ্ড বা গ্রাফাইট।
৪৫. পারমাণবিক চুল্লিতে মডারেট হিসেবে ব্যবহৃত হয় কোনটি?
উত্তর : গ্রাফাইট।
৪৬. পারমাণবিক চুল্লিতে তাপ পরিবাহক হিসেবে কোন দ্রব্য ব্যবহৃত হয়?
উত্তর : সোডিয়াম।
৪৭. পারমাণবিক চুল্লিতে বহুল ব্যবহৃত জ্বালানী কোনটি??
উত্তর : ইউরেনিয়াম ^{২৩৫} বা U^{২৩৫}
৪৮. কোন মৌলের পরমাণুতে নিউট্রন নেই?
উত্তর : হাইড্রোজেন।
৪৯. পানির সংকেত কী?
উত্তর : H₂O।
৫০. ভারী পানির সংকেত কী?
উত্তর : D₂O।
৫১. ভারী পানি বলতে কী বোঝায়?
উত্তর : ডিউটেরিয়াম অক্সাইড।
৫২. তেজস্ক্রিয় (Radio) আইসোটোপ কাকে বলে?
উত্তর : যে সমস্ত আইসোটোপ তেজস্ক্রিয় ধর্ম প্রদর্শন করে তাদের তেজস্ক্রিয় বা রেডিও আইসোটোপ বলা হয়। যেমন: ইউরেনিয়াম, প্রুটোনিয়াম, রেডিয়াম ইত্যাদি।

পরীক্ষার হলে যেখানে ভুল হতে পারে-

- ☞ যে সকল পরমাণুর প্রোটন সংখ্যা সমান কিন্তু ভর সংখ্যা ভিন্ন, তাদের বলা হয় = আইসোটোপ
- ☞ যে সকল পরমাণুর নিউট্রন সংখ্যা সমান কিন্তু প্রোটন সংখ্যা ও ভর সংখ্যা ভিন্ন, তাদের বলা হয় = আইসোটোন।
- ☞ যে সকল পরমাণুর ভর সংখ্যা সমান কিন্তু প্রোটন সংখ্যা ভিন্ন, তাদের বলা হয় = আইসোবার।
- ☞ যে সকল পরমাণুর প্রোটন সংখ্যা ও ভর সংখ্যা সমান, তাদের বলা হয় = আইসোমার।

- ১) মনে রাখার সহজ টেকনিক: আইসোটোপ, আইসোটিন এবং আইসোবার, আইসোমার:
 - ১. আইসোটোপ এর শেষে "প" আছে, তাই প্রোটিন সংখ্যা সমান।
 - ২. আইসোটোন এর শেষে "টোন" আছে তাই নিউট্রন সংখ্যা সমান।
 - ৩. আইসোবার এর শেষে "বার" আছে তাই ভরসংখ্যা সমান।
 - ৪. আইসোমার এর প্রোটিন সংখ্যা ও ভর সংখ্যা সমান। দুজনই সমানে সমান টকর দিয়ে "মারামারি" করে। অর্থাৎ, দুজনই সমান হওয়াতে কেউ কাউকে ছাড় দেয় না।
- ২) মনে রাখার সহজ টেকনিক: জারণ-বিজারণ। জারণ বিক্রিয়ায় ইলেকট্রন ত্যাগ হয় নাকি গ্রহণ করে?
 - ১. মনে রাখুন: জারণ মানে ছাড়ান। মানে, ইলেকট্রন ত্যাগ। অর্থাৎ জারণ বিক্রিয়ায় ইলেকট্রন ত্যাগ হয়। বিজারণ তার বিপরীত অর্থাৎ গ্রহণ।
- ৩) মনে রাখার সহজ টেকনিক: জারক-বিজারক। জারক ইলেকট্রন গ্রহণ করে নাকি ত্যাগ করে?
 - ১. মনে রাখুন: জারক বিঘ্নন। জা-জারক, গ্রত-গ্রহণ। অর্থাৎ জারক গ্রহণ করে। বি-বিজারক, দান-দান। অর্থাৎ বিজারক দান করে।

১.১ (ছ) বিভিন্ন প্রকার পরিমাপক যন্ত্র

- অলটিমিটার- উচ্চতা নির্ণায়ক যন্ত্র
- আমিটার- বিদ্যুৎ প্রবাহ মাপক যন্ত্র
- অ্যানিমোমিটার- বাতাসের গতিবেগ ও শক্তি পরিমাপক যন্ত্র
- অডিওমিটার- শব্দের তীব্রতা নির্ণায়ক যন্ত্র
- ওডোমিটার- মোটর গাড়ির গতি নির্ণায়ক যন্ত্র
- ওহম মিটার- পরিবাহীর রোধ নির্ণায়ক যন্ত্র
- ক্যালরিমিটার- তাপ পরিমাপক যন্ত্র
- কার্ডিওগ্রাফ- হৃৎপিণ্ডের গতি নির্ণায়ক যন্ত্র
- ক্রোনোমিটার-সমুদ্রের দাঘিমা নির্ণায়ক যন্ত্র/সূক্ষ্ম সময় পরিমাপ করার যন্ত্র।
- ট্যাকোমিটার- উড়োজাহাজের গতি নির্ণায়ক যন্ত্র
- পেরিস্কোপ- সাবমেরিন থেকে সমুদ্রের ওপরের জাহাজ দেখার যন্ত্র
- ফ্যাদোমিটার- সমুদ্রের গভীরতা নির্ণায়ক যন্ত্র
- জোস্ট মিটার- বৈদ্যুতিক বিভব বা চাপ পরিমাপক যন্ত্র
- স্কেলোমিটার- বেগের পরিমাণ নির্ণায়ক যন্ত্র
- রিখটার স্কেল- ভূমিকম্পের তীব্রতা পরিমাপক যন্ত্র
- সিসমোগ্রাফ- ভূমিকম্প নির্ণায়ক যন্ত্র (কিন্তু রিখটার স্কেল ভূমিকম্পের তীব্রতা পরিমাপক যন্ত্র)
- সোলার স্ট্যান্ড- সূর্য ও অন্যান্য গ্রহের কৌণিক উন্নতি পরিমাপক যন্ত্র
- স্প্যাটোমিটার- দুধের বিস্কৃতা নির্ণায়ক যন্ত্র

- ম্যানোমিটার- গ্যাসের চাপ নির্ণায়ক যন্ত্র
- স্কিগমোম্যানোমিটার- মানবদেহের রক্তচাপ নির্ণায়ক যন্ত্র
- স্টেপোস্কোপ- দৃষ্টিপথ ও ফুসফুসের শব্দ নিরূপণ যন্ত্র
- পার্গোমিটার- উষ্ণতা পরিমাপক যন্ত্র
- স্পিডোমিটার- দ্রুতি পরিমাপক যন্ত্র
- রেইনগেজ- বৃষ্টি পরিমাপক যন্ত্র
- ব্যারোমিটার- বায়ুমণ্ডলের চাপ নির্ণায়ক যন্ত্র
- হাইড্রোমিটার- বায়ুতে অর্দ্রতা পরিমাপক যন্ত্র
- হাইড্রোমিটার- তরলের আপেক্ষিক গুরুত্ব বা ঘনত্ব নির্ণায়ক যন্ত্র
- হাইড্রোফোন- পানির তলায় শব্দ নিরূপণের যন্ত্র
- বৈদ্যুতিক মোটর- বিদ্যুৎ শক্তিকে যান্ত্রিক শক্তিতে রূপান্তর করে।
- জেনারেটর- যান্ত্রিক শক্তিকে তড়িৎ শক্তিতে রূপান্তরের যন্ত্র
- ট্রান্সফর্মার- উচ্চ বিভবকে নিম্ন বিভব ও নিম্ন বিভবকে উচ্চ বিভবে রূপান্তর করার যন্ত্র

পরীক্ষার হলে যেখানে ভুল হতে পারে-

- রঙিন টেলিভিশনে রঙ থাকে- ৩টি।
- রংধনুতে রঙ থাকে- ৭টি।
- রংধনু সৃষ্টির কারণ- বৃষ্টির কণা।
- রংধনু সৃষ্টির সময় পানির কণাগুলো- প্রিজমের মতো কাজ করে।
- কোনো বস্তু যখন সমস্ত আলো শোষণ করে, তখন বস্তুটিকে - কালো দেখাবে।
- কোনো বস্তু যখন সমস্ত কোনো আলোই শোষণ করে না, তখন বস্তুটিকে - সাদা দেখাবে।
- কোন রঙের কাপে চা তাড়াতাড়ি ঠাণ্ডা হয়- কালো।
- কোন রঙের কাপে চা বেশিক্ষণ গরম থাকে- সাদা।
- কোন আলোর তরঙ্গ দৈর্ঘ্য সবচেয়ে বেশি= লাল।
- কোন আলোর তরঙ্গ দৈর্ঘ্য সবচেয়ে কম= বেগুনি।
- কোন আলোর প্রতিসরণ সবচেয়ে বেশি= বেগুনি।
- কোন আলোর প্রতিসরণ সবচেয়ে কম= লাল।
- কোন আলোর বিক্ষেপণ সবচেয়ে বেশি = বেগুনি।
- কোন আলোর বিক্ষেপণ সবচেয়ে কম= লাল।
- সর্ববৃহৎ তরঙ্গ দৈর্ঘ্যের বিকিরণ কোনটি= বেতার তরঙ্গ।
- সবচেয়ে ক্ষুদ্র তরঙ্গ দৈর্ঘ্যের বিকিরণ কোনটি= গামা রশ্মি।
- লাল আলোতে নীল রঙের ফুল কেমন দেখায়= কালো।
- লাল আলোতে সবুজ রঙের ফুল কেমন দেখায়= কালো।
- লাল আলোতে লাল রঙের ফুল কেমন দেখায়= লাল।

- শীত ঋতুর মত শীত হওয়ায় ফুল, কাগজ, দেহাব
- কোন মতাবে শাকর, বেশ সবচেয়ে বেশি = জীবন মতাবে
- কোন মতাবে শাকর, বেশ সবচেয়ে কম = সবচেয়ে মতাবে
- কোন মতাবে শাকর, বেশ ফুল = শীত মতাবে (কাগজ শাকর, কোনো মতাবে হাতা সবচেয়ে গরম না)
- বস্তুর প্রত্যেক বস্তুর শাকর, বেশ, জন্ম হওয়া = বস্তু (কাগজ বস্তুর মতাবে হাতা)
- বস্তুর প্রত্যেক কোন শাকর, বেশ, জন্ম হওয়া = জন্ম (কাগজ বস্তুর মতাবে হাতা)
- কৃষ্ণ, বেগু উপরে দিকে উঠলে গরম ওজা পী হওয়া = জন্ম
- কৃষ্ণ, বেগু উপরে দিকে উঠলে গরম ওজা সবচেয়ে বেশি = বেশ প্রত্যেক (বিক্রমিক মতাবে) শাকর, বেশ, জন্ম হওয়া = জন্ম (কাগজ মতাবে) হাতা সবচেয়ে গরম হওয়া =
- কৃষ্ণ, বেগু উপরে দিকে উঠলে গরম ওজা সবচেয়ে কম = মিত্রীর প্রত্যেক (বিক্রমিক মতাবে) শাকর, বেশ, জন্ম হওয়া = জন্ম (কাগজ মতাবে) হাতা সবচেয়ে গরম হওয়া =
- বস্তু পানিতে ভাসে হওয়ার কারণ = হাতা বেশি
- পানিতে বস্তু পানিতে ভাসে হওয়া = হাতা
- কোন উষ্ণতার পানি হওয়া সবচেয়ে বেশি = সেরবিয়াম
- কোন হাতের গরম তাপ শাকর কমতা বেশি = কাগজ
- কোন হাতের তাপ শাকর কমতা কম = সাদা
- অক্সিজেন শীত হওয়ার কারণ = শীত প্রত্যেক বিবেচনা বেশি
- সাদার পানি শীত হওয়ার কারণ = শীত প্রত্যেক বিবেচনা
- সুন্দর ও সুন্দর সময় অক্সিজেন শাকর = শাকর প্রত্যেক বিবেচনা

- ১১) আলোর বিকসপনের কিছু ঘটনা:
- * অক্সিজেন শীত দেখায়
 - * সাদা শীত দেখায়
- ১২) আলোর প্রতিসরণের কিছু উদ্ভাষ কিছু ঘটনা:
- * পানিতে নৌকার বোটা বাঁকা দেখায়
 - * চাঁদ দিগন্তের কাছে অনেক বড় দেখায়
- ১৩) পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের কিছু ঘটনা:
- * মরীচিকা
 - * অপটিক্যাল ফাইবারে আলোক সংকেত
 - * হীরক উজ্জ্বল দেখায়

বি.দ্র: মনে রাখুন, যার তরঙ্গদৈর্ঘ্য কম তার প্রতিসরণ, বিকসপন, বিচ্যুতি বেশি হয় এবং যার তরঙ্গদৈর্ঘ্য বেশি তার প্রতিসরণ, বিকসপন, বিচ্যুতি কম হয়। অর্থাৎ উল্টোটি ঘটে। কম হলে বেশি, বেশি হলে কম।

১.২ রসায়ন

১.২ (ক) বিভিন্ন প্রকার গ্যাস ও জ্বালানি

- প্রঃ। গ্যাস কাকে বলে?
- উত্তর:। সর্বাংশ তাপমাত্রায় যেসব পদার্থ বায়বীয় অবস্থায় গ্যাস আকারে থাকে।
- প্রঃ। সবচেয়ে হালকা গ্যাস কোনটি?
- উত্তর:। হাইড্রোজেন।
- প্রঃ। সবচেয়ে ভারী গ্যাস কোনটি?
- উত্তর:। বেতন।
- প্রঃ। সক্রিয় গ্যাস কোনটি?
- উত্তর:। মোট সক্রিয় গ্যাস ৬টি। যথা: হিলিয়াম, নিয়ন, আর্গন, ক্রিপটন, জেনন, বেতন।
- প্রঃ। কোন মৌলটি সবচেয়ে বেশি সক্রিয়?
- উত্তর:। ফ্লোরিন।
- প্রঃ। সক্রিয় গ্যাসের মধ্যে কোনটি তেজস্ক্রিয়?
- উত্তর:। বেতন। (সবচেয়ে ভারী গ্যাস তো তাই তেজ বেশি)
- প্রঃ। সক্রিয় গ্যাসের তির কোন গ্যাস ব্যবহার করা হয়?
- উত্তর:। অর্গন ও নিয়ন।
- প্রঃ। সর্বাংশ বৈশ্বিক বাষ্পের তির কোন গ্যাস ব্যবহার করা হয়?
- উত্তর:। হাইড্রোজেন।
- প্রঃ। হাইড্রোজেন গ্যাস অশুদ্ধকৃত হালকা হওয়া সত্ত্বেও কেন ও উদ্ভাষায় কোন ফ্লোরিন গ্যাস ব্যবহার করা হয়?
- উত্তর:। ফ্লোরিন সক্রিয় গ্যাস হলে অক্সিজেন গরম না তাই। অর্থাৎ হাইড্রোজেন গ্যাস একটি দাহ্য গ্যাস তাই সংকেত অক্সিজেন গরম সজবনা থাকে।
- প্রঃ। ফ্লোরিন পানিতে ভাসার জন্য কোন গ্যাস ব্যবহার করা হয়?
- উত্তর:। ফ্লোরিন।
- প্রঃ। পানিবাহিক বোমা তৈরিতে কোন গ্যাস ব্যবহার করা হয়?
- উত্তর:। হাইড্রোজেন।
- প্রঃ। বিস্ফোরক করে যে গ্যাস বিক্রি করা হয় তার প্রধান উপাদান পী?
- উত্তর:। বিস্ফোরক।
- প্রঃ। পিসের গ্যাসে কোন গ্যাস ব্যবহার করা হয়?
- উত্তর:। হাইড্রোজেন।
- প্রঃ। বাজারে প্রস্তুত কের জাতীয় পানির বোতলে কোন গ্যাস থাকে?
- উত্তর:। অর্গন তাই-অক্সিজেন।
- প্রঃ। পটা ভিন থেকে কোন গ্যাস বের করা হয়?
- উত্তর:। হাইড্রোজেন সালফাইড।
- প্রঃ। প্রাকৃতিক গ্যাসের প্রধান উপাদান পী?
- উত্তর:। মিথেন।
- প্রঃ। প্রাকৃতিক গ্যাসে মিথেনের পরিমাণ কত?
- উত্তর:। ৮০%-৯০%।

প্রশ্ন। বায়ু দূষণের জন্য সবচেয়ে বেশি দায়ী কোন গ্যাস?

উত্তর : কার্বন মনোক্সাইড (CO)।

প্রশ্ন। সমুদ্রতীরে কোন গ্যাসের পরিমাণ সবচেয়ে বেশি থাকে?

উত্তর : নাইট্রোজেন।

প্রশ্ন। উদ্ভিদের প্রধান পুষ্টি উপাদান কোনটি?

উত্তর: নাইট্রোজেন।

প্রশ্ন। পানি চেলে কেরোসিনের আঙন নেভানো যায় না কেন?

উত্তর: কেরোসিন পানির চেয়ে হালকা।

প্রশ্ন। পানি দিয়ে পেট্রোলের আঙন নেভানো যায় না কেন?

উত্তর: পেট্রোল পানির চেয়ে হালকা।

প্রশ্ন। পেট্রোলিয়াম কী?

উত্তর: অসম্পৃক্ত হাইড্রোকার্বন যৌগের মিশ্রণ।

প্রশ্ন। প্রাণীর মলমূত্র থেকে ব্যাকটেরিয়ার ফারমেটেশন প্রক্রিয়ায় কী উৎপন্ন হয়?

উত্তর: মিথেন।

প্রশ্ন। বায়োগ্যাসের প্রধান কাঁচামাল কী?

উত্তর: গোবর ও পানি।

প্রশ্ন। বায়োগ্যাসে গোবর ও পানির অনুপাত কত?

উত্তর: ১ : ২।

প্রশ্ন। বায়োগ্যাস তৈরির পর যে অবশিষ্টাংশ থাকে তা কী হিসেবে ব্যবহার করার যায়?

উত্তর: সার হিসেবে ব্যবহার করা যায়।

প্রশ্ন। সিএফসি (CFC) গ্যাসের বাণিজ্যিক নাম কী?

উত্তর: ফ্রোন।

প্রশ্ন। রেফ্রিজারেটর বা এসির কম্প্রেসারে সাধারণ কোন গ্যাস ব্যবহার করা হয়?

উত্তর: ফ্রোন।

প্রশ্ন। বর্তমানে পরিবেশ-বান্ধব কোন গ্যাসটি রেফ্রিজারেটরের কম্প্রেসারে ব্যবহার করা হয়?

উত্তর: ফ্রোন গ্যাসটি পরিবেশ ও বায়ুমণ্ডলের জন্য ক্ষতিকর বিধায় বর্তমানে রেফ্রিজারেটরের কম্প্রেসারে টেট্রাফ্লুরো ইথেন ব্যবহার করা হয়।

প্রশ্ন। শক্তির প্রধান উৎস কী?

উত্তর: সূর্য।

প্রশ্ন। বায়ুমণ্ডলের মোট শক্তির কতভাগ সূর্য থেকে আসে?

উত্তর: ৯৯.৯৭%

প্রশ্ন। সূর্যে কোন গ্যাস রয়েছে?

উত্তর: হাইড্রোজেন ও হিলিয়াম।

প্রশ্ন। বায়ুমণ্ডলের প্রধান দুটি গ্যাসের নাম কী?

উত্তর: নাইট্রোজেন ও অক্সিজেন।

প্রশ্ন। বায়ুমণ্ডলে নাইট্রোজেনের পরিমাণ কত?

উত্তর: ৭৮.০২%।

প্রশ্ন। বায়ুমণ্ডলে অক্সিজেনের পরিমাণ কত?

উত্তর: ২০.৭১%।

প্রশ্ন। জীবাশ্ম জ্বালানি বলতে কী বোঝায়?

উত্তর: লক্ষ লক্ষ বছর আগে ভূমিকম্প বা অন্য কোনো কারণে জীবদেহ অর্থাৎ প্রাণী ও উদ্ভিদ মাটির নিচে চাপা পড়ে পৃথিবীর অভ্যন্তরের প্রচণ্ড তাপ ও চাপের ফলে যে জ্বালানির সৃষ্টি হয় তাকে জীবাশ্ম জ্বালানি বা Fossil Fuel বলে। আরো সহজভাবে বললে, মাটির নিচে থেকে যে সব জ্বালানি পাওয়া যায় সেগুলোই জীবাশ্ম জ্বালানি।

প্রশ্ন। জীবাশ্ম জ্বালানিগুলো প্রধানত কী কী?

উত্তর: প্রাকৃতিক গ্যাস, কয়লা, তেল, বিভিন্ন প্রকার পেট্রোলিয়াম ইত্যাদি।

প্রশ্ন। নবায়নযোগ্য জ্বালানি বলতে কী বোঝায়?

উত্তর: যে জ্বালানি বারবার ব্যবহার করা যায় অর্থাৎ নবায়ন করা যায়, সহজে নিঃশেষ হয় না, তাকে নবায়নযোগ্য জ্বালানি বলে।

প্রশ্ন। নবায়নযোগ্য জ্বালানিগুলো কী কী?

উত্তর: সৌরশক্তি বা সূর্যের আলো, বায়ু, বায়ুগ্যাস, পানি, সবুজ শ্রোত, নদীর শ্রোত, পারমাণবিক শক্তি ইত্যাদি।

প্রশ্ন। সৌরকোষ কী?

উত্তর: এটি এমন এক ধরনের ডিভাইস বা যান্ত্রিক কৌশল যা সৌরশক্তিকে যান্ত্রিক শক্তিতে রূপান্তর করে।

প্রশ্ন। সৌরকোষের সাথে কী যুক্ত করলে সৌরকোষের বিদ্যুৎ রপ্তে ব্যবহার করা যায়?

উত্তর: স্টোরেজ ব্যাটারি।

প্রশ্ন। সৌরকোষে কোন মৌল ব্যবহার করা হয়?

উত্তর: সিলিকন।

প্রশ্ন। 'ড্রাই আইস' কী?

উত্তর : হিমায়িত বা শুষ্ক কার্বন ডাই-অক্সাইড হলো 'ড্রাই আইস'। ড্রাই আইসের আসলে কোনো আইস তথা বরফ নয়। কার্বন ডাই-অক্সাইডকে খুব ঠান্ডার মধ্যে রেখে প্রচণ্ড চাপ প্রয়োগ করলে তা জল বাষ্পে পরিণত করে। যা দেখতে অনেকটা বরফের মতো কিন্তু হাত দিয়ে ধরলে হাত ভিজে না। তাই এই কারণে এর নামকরণ করা হয়েছে 'ড্রাই আইস'।

১.২ (খ) পদার্থ ও তাদের অবস্থান

- পদার্থ : যার ভর আছে, যা স্থান দখল করে অবস্থান করে তার পদার্থ বলে।
- পদার্থের অবস্থান : পদার্থ তিনটি অবস্থায় থাকতে পারে। যথা: কঠিন, তরল ও বায়বীয়। তাপ পদার্থের তিন অবস্থার রূপান্তরের কারণ। পানি একমাত্র পদার্থ যা প্রকৃতিতে কঠিন (বরফ), তরল (পানি) এবং বায়বীয় (জলীয় বাষ্প) তিনটি অবস্থাতেই পাওয়া যায়।
- কঠিন পদার্থ : কঠিন পদার্থের নির্দিষ্ট আকার ও আয়তন এক দৃঢ়তা আছে। আর অণুসমূহ পরস্পরের অতি সন্নিকটে অবস্থান করে। যেমন: বালু, পাথর, লবণ।
- তরল পদার্থ : তরল পদার্থের নির্দিষ্ট আয়তন আছে কিন্তু নির্দিষ্ট আকার নেই। তরল পদার্থের অণুসমূহ পরস্পরের সন্নিকটে থাকে, তবে তাদের মধ্যকার আকর্ষণ কঠিন পদার্থের মত প্রবল নয়। উদাহরণ: পানি, কেরোসিন।

- ০ বায়বীয় পদার্থ : বায়বীয় পদার্থের নির্দিষ্ট আকার ও আয়তন নেই। বায়বীয় পদার্থের অণুসমূহের দূরত্ব অনেক বেশি, তাই আকর্ষণ শক্তি অনেক কম। ফলে তারা মুক্তভাবে চলাচল করে।
উদাহরণ: নাইট্রোজেন, অক্সিজেন, মিথেন।
- ০ গলনাংক : যে অবস্থায় কোন পদার্থ কঠিন পদার্থ হতে তরল অবস্থায় পরিণত হয়, তাকে সে পদার্থের গলনাংক বলে। পানির গলনাংক ০° সেন্টিগ্রেড। কোনো কঠিন পদার্থ বিশুদ্ধ নাকি অশুদ্ধ তা গলনাংকের মাধ্যমে নির্ণয় করা যায়।
- ০ স্ফুটনাংক : যে তাপমাত্রায় কোন তরল পদার্থ ফুটে থাকে, তাকে সে পদার্থের স্ফুটনাংক বলে। পানির স্ফুটনাংক ১০০° সেন্টিগ্রেড। চাপ বৃদ্ধি পেলে স্ফুটনাংক বৃদ্ধি পায়, চাপ কমলে স্ফুটনাংক কমে। যে তাপে বস্তুর তাপমাত্রার পরিবর্তন না ঘটিয়ে শুধু অবস্থার পরিবর্তন ঘটায় সে তাপকে বলে- সুশুভাপ।
- ০ উর্ধ্বপাতন : কোনো কোনো ক্ষেত্রে কঠিন পদার্থকে উত্তপ্ত করলে তা তরলে রূপান্তরিত না হয়ে সরাসরি বাষ্প রূপান্তরিত হয়, এই প্রক্রিয়াকে উর্ধ্বপাতন বলে। যেমন: কপূর, গন্ধক, আয়োডিন, ন্যাপথালিন, নিশাদল, অ্যামোনিয়াম ক্রোমাইড, কার্বন ডাই অক্সাইড, আর্সেনিক, বেনজয়িক এসিড ইত্যাদি।
- ০ পদার্থের শ্রেণিবিভাগ : পদার্থকে ২ টি শ্রেণিতে ভাগ করা যায়। যথা- (১) মিশ্রণ ও (২) খাঁটি বস্তু।
- ০ মিশ্রণ : দুই বা ততোধিক পদার্থকে যে কোন অনুপাতে একত্রে মিশালে যদি তারা নিজ নিজ ধর্ম বজায় রেখে পাশাপাশি অবস্থান করে, তবে উক্ত সমাবেশকে মিশ্রণ বলে। বায়ু একটি মিশ্র পদার্থ।
- ০ খাঁটি বস্তু : খাঁটি বস্তু ২ভাগে বিভক্ত যথা-(ক) মৌল ও (২) যৌগ।
(ক) মৌল বা মৌলিক পদার্থ : যে পদার্থকে রাসায়নিকভাবে বিশ্লেষণ করলে অন্য কোন সহজ বস্তুতে রূপান্তরিত করা যায় না, তাকে মৌল বা মৌলিক পদার্থ বলে। যেমন: হাইড্রোজেন, অক্সিজেন, সোনা, তামা। পৃথিবীতে বর্তমানে মৌলিক পদার্থের সংখ্যা ১১৮টি। এদের মধ্যে বর্তমানে ৯৮টি প্রকৃতিতে পাওয়া যায়। কৃত্রিম উপায়ে প্রাপ্ত মৌলিক পদার্থের সংখ্যা ২০টি।
(খ) যৌগ বা যৌগিক পদার্থ : যে বস্তুকে রাসায়নিকভাবে বিশ্লেষণ করলে দুই বা ততোধিক মৌলিক পদার্থ পাওয়া যায়, তাকে যৌগ বা যৌগিক পদার্থ বলে। যেমন : পানি।
- ০ পদার্থের পরিবর্তন : পদার্থের পরিবর্তন দুই ধরনের। যথা- (১) ভৌত বা অবস্থাগত পরিবর্তন (২) রাসায়নিক পরিবর্তন।
- (১) ভৌত বা অবস্থাগত পরিবর্তন : যে পরিবর্তনের ফলে পদার্থের শুধু বাহ্যিক আকার বা অবস্থার পরিবর্তন হয় কিন্তু নতুন কোন পদার্থে পরিণত হয় না, তাকে ভৌত পরিবর্তন বলে। যেমন: পানিকে ঠাণ্ডা করে বরফে এবং তাপ দিয়ে জলীয় বাষ্পে পরিণত করা, একটি লোহার টুকরাকে ঘর্ষণ করে চুম্বকে পরিণত করা ও তাপ দিয়ে মোম গলানো।
- ০ ভৌত পরিবর্তনের উদাহরণ :
* লোহাকে চুম্বকে পরিণত করা।
* চিনিতে পানিকে দ্রবীভূত করা।

- * কঠিন মোমকে তাপে গলানো।
- * বৈদ্যুতিক বাত জ্বালানো।
- * পানিকে ঠাণ্ডা বরফে পরিণত করা।
- * পানিকে তাপ দিয়ে জলীয় বাষ্পে পরিণত করা।
- (২) রাসায়নিক পরিবর্তন : যে পরিবর্তনের ফলে এক বা একাধিক বস্তু প্রত্যেকে তার নিজস্ব সত্তা হারিয়ে সম্পূর্ণ নতুন ধর্ম বিশিষ্ট এক বা একাধিক নতুন বস্তুতে পরিণত হয়, তাকে রাসায়নিক পরিবর্তন বলে। যেমন: লোহার মরিচা ধরা, দুধকে ছানায় পরিণত করা, চাল সিদ্ধ করে ভাতে পরিণত করা ও দিয়াশলাইয়ের কাঠি জ্বালানো।
- ০ রাসায়নিক পরিবর্তনের উদাহরণ :
* লোহার মরিচা পড়া
* দুধকে ছানায় পরিণত করা
* মোমবাতির দহন
* দিয়াশলাইয়ের কাঠি জ্বালানো
* গাছের পাতায় খাদ্য তৈরি প্রক্রিয়া

১.২ (গ) পদার্থ সম্পর্কে কিছু গুরুত্বপূর্ণ তথ্য

- যার ভর আছে, জায়গা দখল করে এবং জড়তা আছে তাই পদার্থ।
- বহুরূপী মৌলিক পদার্থ- কার্বন (তবে কার্বন ছাড়াও সাধারণত বহুরূপতা দেখা যায়)
- কার্বন হলো- একটি বিজারক পদার্থ।
- কার্বন একটি -বহুরূপী মৌল।
- হীরক হলো - কার্বনের একটি রূপভেদ
- কার্বনের রূপভেদ হলো- হীরা/হীরক, গ্রাফাইট, গ্রাফিন
- প্রকৃতিতে সবচেয়ে শক্ত পদার্থ হলো - হীরক।
- হীরককে এক্সরের সাহায্যে চেনা যায়- আসল না নকল হীরা।
- যে মৌলের যৌগের সংখ্যা সবচেয়ে বেশি- কার্বন।
- কার্বন সবচেয়ে বেশি আছে- অ্যানথ্রাসাইড কয়লায়।
- হীরক উজ্জ্বল দেখায়- পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলনের জন্য।
- কাচ কাটতে ব্যবহৃত হয়- হীরা/হীরক।
- অধাতু হলেও বিদ্যুৎ পরিবহন করে- গ্রাফাইট।
- উড পেন্সিলের সীসরূপে ব্যবহৃত হয়- গ্রাফাইট।
- মসৃণকারক হিসেবে ব্যবহৃত হয়- গ্রাফাইট।
- নরম ও সাবানের মতো পিচ্ছিল হওয়ায় গ্রাফাইট ব্যবহৃত হয়- কলকজায় পিচ্ছিলকারক বা লুব্রিকেট হিসেবে।
- কয়লার মূল উপাদান- কার্বন।
- পীট কয়লার বৈশিষ্ট্য- নরম ও ভেজা।
- জৈব যৌগ হলো- কার্বন ও অন্যান্য মৌলের সমন্বয়ে গঠিত যৌগ।
- সাধারণ ড্রাইসেলে ধনাত্মক পাত হিসেবে ব্যবহৃত হয়- কার্বনদণ্ড।
- শুষ্ক কোষে ইলেকট্রন দান করে- কার্বনদণ্ড।
- পারমাণবিক চুল্লীতে নিউট্রনের গতি হ্রাসের জন্য মছুরক হিসেবে ব্যবহৃত হয়- গ্রাফাইট।

- কালো রং হিসেবে ছাপার কালিতে ব্যবহৃত হয়- ভূষা কয়লা।
- চিনি শোধন করতে ব্যবহৃত হয় - প্রাণিজ কয়লা।
- ধাতু নিষ্কাশনে ব্যবহৃত হয়- কাঠ কয়লা।
- ছাট বস্তু দুই প্রকার। যথা: মৌলিক ও যৌগিক পদার্থ।
- মৌলিক পদার্থ চার প্রকার। যথা : ধাতু, উপধাতু, অধাতু ও নিষ্ক্রিয় মৌল।
- যৌগিক পদার্থ দুই প্রকার। যথা : জৈব যৌগ ও অজৈব যৌগ।
- যে সকল বস্তুকে রাসায়নিকভাবে বিশ্লেষণ করে অন্য কোন সহজ বস্তুতে রূপান্তরিত করা যায় না, তাকে বলে- মৌলিক পদার্থ।
- এ পর্যন্ত অবিকৃত মৌলিক পদার্থের সংখ্যা- ১১৮ টি।
- প্রকৃতিতে প্রাপ্ত মৌলিক পদার্থের সংখ্যা- ৯৮ টি।
- প্রকৃতিতে প্রাপ্ত সবচেয়ে হালকা মৌল- হাইড্রোজেন।
- প্রকৃতিতে প্রাপ্ত সবচেয়ে ভারী মৌল- ইউরেনিয়াম।
- যে সব মৌল কখনো ধাতু কখনো অধাতুর ন্যায় আচরণ করে তাকে বলে- উপধাতু। যেমন : আর্সেনিক, বোরন, সিলিকন।
- তাপ ও বিদ্যুৎ সুপরিবাহী মৌলকে বলে- ধাতু।
- যেসব মৌল প্রধানত তাপ ও বিদ্যুৎ অপরিবাহী তাদের বলে- অধাতু।
- দুই বা ততোধিক পদার্থকে যে কোনো অনুপাতে মিশালে যদি তারা নিজ নিজ ধর্ম বজায় রেখে পাশাপাশি অবস্থান করে, তবে উক্ত সমাবেশকে বলে- মিশ্রণ।
- বায়ু একটি- মিশ্র পদার্থ।
- সবচেয়ে হালকা গ্যাস- হাইড্রোজেন।
- সবচেয়ে ভারী পদার্থ- তরল মারকারি বা পারদ।
- পানির ঘনত্ব সবচেয়ে বেশি- ৪ ডিগ্রি সেলসিয়াস।
- গলনাঙ্ক, স্ফুটনাঙ্ক এবং ঘনত্ব হলো- পদার্থের ভৌত ধর্ম।
- যেসব কঠিন পদার্থ উত্তপ্ত করলে সরাসরি বাষ্প পরিণত হয় তাকে বলে- উর্ধ্বপাতিত/উদ্বায়ী পদার্থ। যেমন : আয়োডিন, কর্পুর, নিশাদল।
- প্রকৃতিতে প্রাপ্ত সবচেয়ে কঠিন/শক্ত পদার্থ- হীরক।
- ফটোস্ট্যাট মেশিনে ব্যবহৃত মৌলিক পদার্থটির নাম- সেরিনিয়াম।

১.২ (ঘ) ধাতু ও অধাতু

ধাতু : যে মৌল সাধারণ অবস্থায় কঠিন, উজ্জ্বল ও চক্চকে, ওজনে ভারী, যাকে আঘাত করলে ধাতব শব্দ উৎপন্ন হয়, যা সাধারণত তাপ ও তড়িতের সুপরিবাহী এবং যা সর্বদা ধনাত্মক তড়িৎধর্মী তাদের ধাতু বলে। যেমন : সোডিয়াম, ক্যালসিয়াম, তামা (কপার), লোহা (আয়রন), অ্যালুমিনিয়াম, রূপা (সিলভার), সোনা (গোল্ড), দস্তা (জিঙ্ক), টিন ইত্যাদি।

ধাতু সম্পর্কিত বিভিন্ন তথ্য

১. প্রকৃতিতে প্রাপ্ত মৌলের মধ্যে ধাতু- ৭০টি।
২. সবচেয়ে হালকা ধাতু- লিথিয়াম।
৩. সবচেয়ে মূল্যবান ধাতু- প্রাটিনাম।
৪. কোন ধর্মের জন্যে ধাতুকে পাতলা পাতে পরিণত করা যায়- ঘাতসহতা।
৫. কোন ধর্মের জন্যে ধাতুকে সরু তারে পরিণত করা যায়- নমনীয়তা।
৬. কোন ধাতুর বিদ্যুৎ পরিবাহিতা বেশি- রূপা।
৭. সবচেয়ে সক্রিয় ধাতু- পটাসিয়াম।
৮. আঘাত করলে শব্দ হয় না- অ্যান্টিমনি।
৯. গলনাঙ্ক সবচেয়ে কম- পারদ।
১০. সবচেয়ে ভারী তরল- পারদ।
১১. তাড়াতাড়ি ক্ষয়প্রাপ্ত হয়- দস্তা।
১২. পানিতে ডাসে - সোডিয়াম।
১৩. যে ধাতু সাধারণ তাপমাত্রায় তরল অবস্থায় পাওয়া যায়- পারদ।
১৪. যে অধাতু সাধারণ তাপমাত্রায় তরল অবস্থায় পাওয়া যায়- ব্রোমিন।
১৫. পৃথিবী তৈরির প্রধান উপাদান হলো- সিলিকন।
১৬. ভূত্বকের প্রধান উপাদান হলো- অক্সিজেন।
১৭. ভূপৃষ্ঠে যে ধাতু সবচেয়ে বেশি পরিমাণে পাওয়া যায়- অ্যালুমিনিয়াম।

অধাতু : যে মৌল সাধারণ অবস্থায় তরল বা গ্যাসীয়, উজ্জ্বল বা চক্চকে নয়, ওজনে হালকা, গঠনে ভঙ্গুর, যাকে আঘাত করলে শব্দ উৎপন্ন হয় না, যা সাধারণত তাপ ও তড়িতের সুপরিবাহী এবং সর্বদা ঋণাত্মক তড়িৎধর্মী, তাদের অধাতু বলে। যেমন: অক্সিজেন, নাইট্রোজেন, ফ্লোরিন, সালফার (গন্ধক), কার্বন, ফসফরাস ইত্যাদি।

অধাতু সম্পর্কিত বিভিন্ন তথ্য

১. প্রাকৃতিক মৌলের মধ্যে অধাতু- ১৯টি।
 ২. সবচেয়ে সক্রিয় অধাতু- ফ্লোরিন।
 ৩. কোনটি বিজারক অধাতু- কার্বন।
 ৪. তাপ ও বিদ্যুৎ পরিবাহী অধাতু- গ্রাফাইট।
 ৫. যে অধাতু সাধারণ তাপমাত্রায় তরল অবস্থায় পাওয়া যায়- ব্রোমিন।
- [নোট: যে ধাতু সাধারণ তাপমাত্রায় তরল অবস্থায় পাওয়া যায়- পারদ।]
- নিষ্ক্রিয় মৌল :** যে সমস্ত মৌল কোনো রাসায়নিক বিক্রিয়ায় অংশগ্রহণ করে না, তাদের নিষ্ক্রিয় মৌল বলে। যেমন: হিলিয়াম, নিয়ন, আর্গন, ক্রিপটন, জেনন, রেডন ইত্যাদি।

ধাতু ও অধাতুদের কিছু ব্যতিক্রম

□ ধাতুর ব্যতিক্রম:

- সাধারণ তাপমাত্রায় তরল ধাতু : পারদ
- ওজনে হালকা ধাতু : সোডিয়াম, লিথিয়াম, পটাসিয়াম
- হাইড্রোজেনের চেয়েও কম তড়িৎধনাত্মক ধাতু : তামা, সোনা, রূপা

□ অধাতুর ব্যতিক্রম:

- সাধারণ তাপমাত্রায় তরল অধাতু : ব্রোমিন
- সাধারণ তাপমাত্রায় কঠিন ও উজ্জ্বল অধাতু : আয়োডিন, হীরক

- তড়িৎ ধনাত্মক অধাতু : হাইড্রোজেন
- তড়িৎ পরিবহণ করে এমন অধাতু : গ্রাফাইট, গ্যাস কার্বন
- গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক বেশি এমন অধাতু : কার্বন, বোরন, সিলিকন
- ওজনে ভারী এমন অধাতু : আয়োডিন

ধাতু ও অধাতুর পার্থক্য

- (১) ধাতু সাধারণ অবস্থায় কঠিন, উজ্জ্বল, চক্চকে, তবে ব্যতিক্রম হিসেবে পারদ ধাতু হলেও তরল। অপরদিকে, অধাতু সাধারণ অবস্থায় তরল বা গ্যাসীয় হয় এবং অনুজ্জ্বল, তবে ব্যতিক্রম হিসেবে আয়োডিন অধাতু হলেও কঠিন।
- (২) ধাতু প্রসারণশীল এবং ওজনে ভারী ও আঘাত করলে ধাতব শব্দ উৎপন্ন হয়। পক্ষান্তরে, অধাতু প্রসারণশীল নয়, হালকা এবং আঘাত করতে শব্দ উৎপন্ন হয় না।
- (৩) ধাতু সাধারণত ধনাত্মক তড়িৎধর্মী। পক্ষান্তরে, অধাতু সাধারণত ঋণাত্মক তড়িৎধর্মী। তবে ব্যতিক্রম হিসেবে হাইড্রোজেন অধাতু হলেও তড়িৎধনাত্মক।
- (৪) ধাতুর গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক সাধারণত বেশি হয়। পক্ষান্তরে, অধাতুর গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক সাধারণত কম হয়।
- (৫) ধাতুগুলো তাপ ও তড়িৎের সুপরিবাহী। পক্ষান্তরে, অধাতুগুলো তাপ ও তড়িৎের কুপরিবাহী। তবে ব্যতিক্রম হিসেবে গ্রাফাইট, গ্যাসকার্বন অধাতু হলেও তড়িৎ পরিবহণ করে।
- (৬) ধাতুগুলো অক্সিজেনের সাথে বিক্রিয়া করে ক্ষারীয় অক্সাইড গঠন করে। পক্ষান্তরে, অধাতুগুলো অক্সিজেনের সাথে বিক্রিয়া করে অম্লিক অক্সাইড গঠন করে।

পরীক্ষার হলে যেখানে ভুল হতে পারে

- প্রশ্ন। আমরা যে চক দিয়ে লিখি তা কী?
উত্তরঃ ক্যালসিয়াম কার্বনেট।
- প্রশ্ন। টুথপেস্টের প্রধান রাসায়নিক উপাদান কী?
উত্তরঃ চক পাউডার (৩০%) ও সাবান (১৫%)।
- প্রশ্ন। ব্রিচিং পাউডারের রাসায়নিক নাম কী?
উত্তরঃ ক্যালসিয়াম ক্লোরাইডোপোক্সাইট, $(Ca(OCl)Cl)$ ।
- প্রশ্ন। বেকিং পাউডার কী?
উত্তরঃ সেডিয়াম বাই কার্বনেট, অ্যালুমিনিয়াম সালফেট ও পটাসিয়াম হাইড্রোজেন টারট্রেটের মিশ্রণ। এই মিশ্রণকে উত্তপ্ত করলে কার্বন ডাই অক্সাইড গ্যাস নির্গত হয় বলে পাউরুটি, কেক, বিস্কুট ইত্যাদি প্রস্তুত করার কাজে এটি ব্যবহৃত হয়। এর প্রভাবে এই সমস্ত খাদ্য উপাদান ফুলে উঠে। বেকিং পাউডারের মূল উপাদান সেডিয়াম বাই কার্বনেট।
- প্রশ্ন। ফিটকিরি বা পটাস এলাম এর রাসায়নিক নাম কী?
উত্তরঃ পটাসিয়াম অ্যালুমিনিয়াম সালফেট।
- প্রশ্ন। কোন যৌগ 'দার্শনিকের উল' নামে পরিচিত?
উত্তরঃ জিংক অক্সাইড।
- প্রশ্ন। চাইনিজ হোয়াইট কি?
উত্তরঃ জিংক অক্সাইড, যা সাদা রঙ হিসেবে ব্যবহৃত হয়।

- প্রশ্ন। ধাতুর দ্রব্যের উপর জিংক ডাস্টের প্রলেপ দেওয়াকে কী বলে?
উত্তরঃ শেয়ার ডাইজিং।
- প্রশ্ন। সাপের বিষে কী থাকে?
উত্তরঃ জিংক সালফাইড।
- প্রশ্ন। মরিচা কী?
উত্তরঃ মরিচা হচ্ছে প্রধানত পানিযুক্ত ফেবিক অক্সাইড।
- প্রশ্ন। ফুলস্ গোষ্ঠ বা নির্বোধের সোনা বলতে কী বোঝায়?
উত্তরঃ আয়রন ডি সালফাইড।
- প্রশ্ন। ইস্পাত কী?
উত্তরঃ ইস্পাত হলো লোহার সংকর ধাতু। এতে লোহার সাথে সুনিয়ন্ত্রিত পরিমাণ কার্বন মেশানো হয়। ইস্পাতে কার্বনের পরিমাণ শতকরা ০.১৫-১.৫%।
- প্রশ্ন। স্টেইনলেস স্টিল কী?
উত্তরঃ স্টেইনলেস স্টিল হলো লোহার সংকর ধাতু। এতে লোহার সাথে মেশানো হয় ক্রোমিয়াম, নিকেল ও কার্বন।
- প্রশ্ন। স্পাইজেল কী?
উত্তরঃ লোহা, ম্যাঙ্গানিজ ও কার্বনের মিশ্রণ।
- প্রশ্ন। কাসা বা ব্রোঞ্জ (Bronze) কী?
উত্তরঃ তামার একটি সংকর ধাতু। এতে ৯০% তামা ১০% টিন থাকে।
- প্রশ্ন। পিতল বা ব্রাস (Brass) কি?
উত্তরঃ একটি সংকর ধাতু। এতে তামা ৬০% ও দস্তা (জিঙ্ক) ৪০% রয়েছে।
- প্রশ্ন। টেস্টিং স্ট এর রাসায়নিক নাম কী?
উত্তরঃ মনোসোডিয়াম গ্লুটামেট।
- প্রশ্ন। চুনা বা লাইমের রাসায়নিক নাম কী?
উত্তরঃ ক্যালসিয়াম অক্সাইড, CaO ।
- প্রশ্ন। চুনাপাথর বা পাথরের রাসায়নিক নাম কী?
উত্তরঃ ক্যালসিয়াম কার্বনেট, $CaCO_3$ ।
- প্রশ্ন। সবচেয়ে সক্রিয় অধাতু কোনটি?
উত্তরঃ ফ্লোরিন।
- প্রশ্ন। কোন অধাতু তাপ ও বিদ্যুৎ পরিবহনে সক্ষম?
উত্তরঃ গ্রাফাইট।
- প্রশ্ন। কোন মৌলিক ধাতু সাধারণ তাপমাত্রায় তরল অবস্থায় থাকে?
উত্তরঃ পারদ।
- প্রশ্ন। কোন মৌলিক অধাতু সাধারণ তাপমাত্রায় তরল অবস্থায় থাকে?
উত্তরঃ ব্রোমিন।
- প্রশ্ন। কোন মৌলের যৌগের সংখ্যা সবচেয়ে বেশি?
উত্তরঃ কার্বন।
- প্রশ্ন। স্বর্ণের খাদ বের করতে কোন এসিড ব্যবহার করা হয়?
উত্তরঃ নাইট্রিক এসিড।
- প্রশ্ন। কাপড় কাঁচা সোডার রাসায়নিক নাম কী?
উত্তরঃ সোডিয়াম কার্বনেট।
- প্রশ্ন। খাবার লবণের রাসায়নিক নাম কী?
উত্তরঃ সোডিয়াম ক্লোরাইড।

প্রশ্ন। কোন ধাতুর ব্যবহার সবচেয়ে বেশি?

উত্তর : লোহা।

প্রশ্ন। গ্যালভানাইজিং কী?

উত্তর : লোহাব উপর দস্তার (জিংকের) প্রলেপ দেয়াকে গ্যালভানাইজিং বলে।

প্রশ্ন। ইলেকট্রোপ্রোটিন বা তড়িৎ প্রলেপন কাকে বলে?

উত্তর : তড়িৎ বিশ্লেষণ পদ্ধতির সাহায্যে একটি ধাতুর উপর পাতলা প্রলেপ দেওয়ার প্রক্রিয়াকে ইলেকট্রোপ্রোটিন বলে।

প্রশ্ন। প্রকৃতিতে সবচেয়ে শক্ত পদার্থ কোনটি?

উত্তর : হীরক।

প্রশ্ন। ঢলাই লোহা কী?

উত্তর : এতে লোহার সাথে ২-৪.৫৬% কার্বন থাকে। একে কাস্ট আয়রন বা পিগ আয়রনও বলে।

প্রশ্ন। প্রাস্টার অব প্যারিস কাকে বলে?

উত্তর : শুষ্ক ক্যালসিয়াম সালফেট। এটি ভাঙ্গা হাড়ের চিকিৎসায় রোগীর ভাঙ্গা স্থানে প্রাস্টারের কাজে ব্যবহৃত হয়।

প্রশ্ন। ওয়াটার গ্যাস কী?

উত্তর : কার্বন মনোক্সাইড ও হাইড্রোজেন গ্যাসের মিশ্রণ।

প্রশ্ন। বহুসূত্রী মৌল কোনটি?

উত্তর : কার্বন।

প্রশ্ন। নাইট্রাস গ্যাস কী?

উত্তর : নাইট্রাস অক্সাইড। নাইট্রাস অক্সাইডের সংকেত হলো N_2O ।

প্রশ্ন। এসিড বৃষ্টির জন্য মূলত কোন গ্যাসটি দায়ী?

উত্তর : সালফার ডাই-অক্সাইড, যা শিল্প অঞ্চলে বেশি দেখা যায়।

প্রশ্ন। অক্সোয়াজিন বা রাজ-অক্স কাকে বলে?

উত্তর : গাঢ় নাইট্রিক এসিড ও গাঢ় হাইড্রোক্লোরিক এসিডের মিশ্রণ।

প্রশ্ন। কোন এসিডকে রাসায়নিক পদার্থসমূহের রাজা বলা হয়?

উত্তর : সালফিউরিক এসিড।

প্রশ্ন। 'ফুইড অব লাইম' বলা হয় কাকে? উত্তর : পানিকে।

❖ প্রকৃতিতে প্রাপ্ত সবচেয়ে হালকা মৌল = হাইড্রোজেন।

❖ প্রকৃতিতে প্রাপ্ত সবচেয়ে ভারী মৌল = ইউরেনিয়াম।

❖ সবচেয়ে হালকা গ্যাস = হাইড্রোজেন।

❖ সবচেয়ে ভারী গ্যাস = রেডন।

❖ প্রোটিন = ধনাত্মক চার্জযুক্ত।

❖ ইলেকট্রন = ঋণাত্মক চার্জযুক্ত।

❖ নিউট্রন = চার্জবিহীন।

❖ সবচেয়ে হালকা ধাতু = লিথিয়াম।

❖ সবচেয়ে ভারী ধাতু = পারদ।

❖ সবচেয়ে মূল্যবান ধাতু = প্রাটিনাম।

❖ সবচেয়ে সক্রিয় ধাতু = পটাশিয়াম।

❖ যে ধাতু পানিতে ভাসে = সোডিয়াম।

❖ যে ধাতু আঘাতে শব্দ হয় না = অ্যান্টিমনি।

❖ যে ধাতু স্বাভাবিক অবস্থায় তরল = পারদ।

❖ যে অধাতু স্বাভাবিক অবস্থায় তরল = ব্রোমিন।

❖ প্রাণিজগতের জন্য সবচেয়ে ক্ষতিকর রশ্মি = গামা রশ্মি।

❖ রঙিন টেলিভিশন থেকে নির্গত হয় = মৃদু রশ্মন রশ্মি।

❖ উদ্ভিদ দেহের বিভিন্ন অংশে বিভিন্ন রূপে জমা থাকে - শর্করা উদ্ভিদদেহে শর্করা জমা থাকে- স্টার্চ রূপে; কিন্তু প্রাণীতে অতিরিক্ত শর্করা জমা থাকে- গ্লাইকোজেন রূপে।

❖ *দিন-বাঘি, জোয়ার-ভাটা সংঘটিত হয় = অহ্নিক গতির ফলে (একটু চিন্তা করুন, 'অহ্ন' অর্থ দিন। প্রতিদিন একবার বা একবার দিন হয়। প্রতিদিন কিন্তু জোয়ার-ভাটা হয়; ফলে একবার হয় এমন নয়।)

❖ ঋতু পরিবর্তিত হয় = বার্ষিক গতির ফলে। (একটু চিন্তা করুন বার্ষিক অর্থ 'বছর'। বছরে কিন্তু একবারই ঋতু পরিবর্তন হয় যেমন- বছরে একবারই বসন্তকাল আসে। প্রতিদিন আসে না।)

❖ যে সকল পরমাণুর প্রোটিন সংখ্যা সমান কিন্তু ভর সংখ্যা ভিন্ন তাদের বলা হয় = আইসোটোপ (আইসোটোপ এর শেষে 'প' আছে, তাই প্রোটিন সংখ্যা সমান)

❖ যে সকল পরমাণুর নিউট্রন সংখ্যা সমান কিন্তু প্রোটিন সংখ্যা ভিন্ন তাদের বলা হয় = আইসোটোন (আইসোটোন এর শেষে 'টন' আছে তাই নিউট্রন সংখ্যা সমান)

❖ যে সকল পরমাণুর ভর সংখ্যা সমান কিন্তু প্রোটিন সংখ্যা ভিন্ন তাদের বলা হয় = আইসোবার (আইসোবার এর শেষে 'ব' আছে তাই ভরসংখ্যা সমান)

❖ যে সব পরমাণুর পারমাণবিক সংখ্যা ও ভর সংখ্যা সমান তাদের বলা হয় = আইসোমার। (আইসোমার এর শেষে 'ম' আছে তাই পারমাণবিক সংখ্যা ও ভর সংখ্যা সমানে সমান হয় মারামারি করে!)

১.৩ জীববিজ্ঞান

১.৩ (ক) কোষ

প্রশ্ন। কোষ কাকে বলে?

উত্তর : কোষ হলো জীবদেহের গঠন ও কাজের একক।

প্রশ্ন। মানবদেহের সবচেয়ে ছোট কোষ কোনটি?

উত্তর : স্নেহকণিকা।

প্রশ্ন। এককোষী প্রাণীর উদাহরণ কোনটি?

উত্তর : ব্যাকটেরিয়া, অ্যামিবা, ম্যালেরিয়া জীবাণু ইত্যাদি।

প্রশ্ন। ক্যান্সারের কারণ কী?

উত্তর : কোষের অস্বাভাবিক বৃদ্ধি।

প্রশ্ন। কোষের পাওয়ার হাউস বা কোষের প্রাণশক্তি বলা হয় কত?

উত্তর : মাইটোকন্ড্রিয়াকে। (কিন্তু কোষের মস্তিষ্ক বলা হয় নিউক্লিয়াসকে।)

প্রশ্ন। মাইটোকন্ড্রিয়ার রাসায়নিক উপাদান কী?

উত্তর : ৭৩% প্রোটিন অর্থাৎ আমিষ, ২৫-৩০% লিপিড। এছাড়া মাইটোকন্ড্রিয়াতে সামান্য পরিমাণে DNA, RNA, ক্যালসিয়াম ও ম্যাগনেসিয়াম থাকে।

- প্রশ্ন : মাইটোকন্ড্রিয়ার প্রধান উপাদান কী?
 উত্তর : প্রোটিন বা অম্লি।
- প্রশ্ন : শ্বসনের শক্তি উৎপাদনকারী শ্বসন প্রক্রিয়া কোথায় সংগঠিত হয়?
 উত্তর : মাইটোকন্ড্রিয়ায়।
- প্রশ্ন : মাইটোকন্ড্রিয়ার মূল কাজ কী?
 উত্তর : শ্বসনের মাধ্যমে শক্তি উৎপাদন করা।
- প্রশ্ন : কোন কোষে মাইটোকন্ড্রিয়ায় অনুপস্থিত?
 উত্তর : অদি কোষে।
- প্রশ্ন : প্রাণিদেহে অতিরিক্ত খাদ্য সঞ্চিত থাকে কীরূপে?
 উত্তর : গ্লাইকোজেন রূপে।
- প্রশ্ন : প্রাণিদেহের দীর্ঘতম কোষ কোনটি?
 উত্তর : নিউরন।
- প্রশ্ন : সকল সজীব কোষে কোনটি থাকে?
 উত্তর : সাইটোপ্লাজম।
- প্রশ্ন : অম্লি সংশ্লেষণ করে কে?
 উত্তর : রাইবোজোম। এজন্যই রাইবোজোমকে 'প্রোটিন ফ্যাক্টরি' বলা হয়।
- প্রশ্ন : কোষ গহবর থাকে কোথায়?
 উত্তর : উদ্ভিদ কোষে।
- প্রশ্ন : কোষের মস্তিষ্ক বা কোষের সকল প্রকার জৈবনিক ক্রিয়া বিক্রিয়া নিয়ন্ত্রণ করে কে?
 উত্তর : নিউক্লিয়াস।
- প্রশ্ন : কোন কোষে নিউক্লিয়াস থাকে না?
 উত্তর : লোহিত কণিকা, অণুচক্রিকা ইত্যাদি।
- প্রশ্ন : কোন কোষে একাধিক নিউক্লিয়াস থাকে?
 উত্তর : পেশীকোষে। (এই জন্যই পলিটিশিয়ানরা পেশীশক্তির কথা বেশ বলে। পেশীশক্তির শক্তি বেশি!)
- প্রশ্ন : বহু নিউক্লিয়াসযুক্ত কোষকে কী বলে?
 উত্তর : সিনোসাইট।

১.৩ (খ) প্রাস্টিড

- প্রশ্ন : প্রাস্টিড কাকে বলে?
 উত্তর : উদ্ভিদকোষে বিদ্যমান বর্ণযুক্ত বা বর্ণহীন এবং অন্যান্য বৈশিষ্ট্য সম্পন্ন যে অঙ্গাণুর উপস্থিতির কারণে উদ্ভিদের পাতা, ফুল ও ফলের বর্ণে বৈচিত্র্য পরিলক্ষিত হয় তাকে প্রাস্টিড বলে।
- প্রশ্ন : প্রাস্টিড কত প্রকার?
 উত্তর : তিন প্রকার। যথা: ১। ক্লোরোপ্রাস্ট (সবুজ প্রাস্টিড) ২। ক্রোমোপ্রাস্ট (রঙ্গিন প্রাস্টিড) ৩। লিউকোপ্রাস্ট (বর্ণহীন)।
- প্রশ্ন : সাইটোপ্লাজমে অবস্থিত অঙ্গাণুগুলোর মধ্যে কোনটি সবচেয়ে বড়?
 উত্তর : প্রাস্টিড।
- প্রশ্ন : ক্লোরোপ্রাস্ট সবুজ কোন?
 উত্তর : ক্লোরোপ্রাস্টের ভিতর সবুজ বর্ণকণিকা ক্লোরোফিল বেশি থাকে তাই ক্লোরোপ্রাস্ট সবুজ।
- প্রশ্ন : গাছের পাতা সবুজ কেন?
 উত্তর : ক্লোরোফিলের জন্য।

- প্রশ্ন : কোন প্রাস্টিডের জন্য পাপড়ি, ফুল, ফল, বীজ, প্রভৃতি রঙিন হয়?
 উত্তর : ক্রোমোপ্রাস্ট।
- প্রশ্ন : পাকা ফলের রঙ হলুদ হয় কোন রাসায়নিক পদার্থ বেশি হলে?
 উত্তর : জ্যান্থোফিল বেশি হলে।
- প্রশ্ন : ক্লোরোপ্রাস্টের কাজ কী?
 উত্তর : সালোক সংশ্লেষণ প্রক্রিয়ায় খাদ্য প্রস্তুত করা।
- প্রশ্ন : লিউকোপ্রাস্টের কাজ কী?
 উত্তর : খাদ্য সঞ্চয় করা।
- প্রশ্ন : যে প্রক্রিয়ায় সবুজ উদ্ভিদ সূর্যালোকের উপস্থিতিতে কার্বন ডাই-অক্সাইড ও পানি মাধ্যমে শর্করা বা কার্বহাইড্রেট উৎপন্ন করে তাকে কী বলে?
 উত্তর : সালোকসংশ্লেষণ।
- প্রশ্ন : সালোকসংশ্লেষণের মাধ্যমে উদ্ভিদ গ্রহণ করে কোনটি?
 উত্তর : কার্বন ডাই-অক্সাইড।
- প্রশ্ন : সালোকসংশ্লেষণের মাধ্যমে উদ্ভিদ ত্যাগ করে কোনটি?
 উত্তর : অক্সিজেন।
- প্রশ্ন : কীসের মাধ্যমে উদ্ভিদ খাবার তৈরি করে?
 উত্তর : সালোকসংশ্লেষণের মাধ্যমে।
- প্রশ্ন : খাবার তৈরির জন্য উদ্ভিদ বায়ু থেকে কোনটি গ্রহণ করে?
 উত্তর : কার্বন ডাই-অক্সাইড।
- প্রশ্ন : জলজ উদ্ভিদ ও স্থলজ উদ্ভিদের মধ্যে কোনটিতে সালোক সংশ্লেষণ বেশি হবে?
 উত্তর : জলজ উদ্ভিদে।
- প্রশ্ন : সালোকসংশ্লেষণ কোথায় ঘটে?
 উত্তর : প্রাস্টিডে।
- প্রশ্ন : সালোকসংশ্লেষণের ফলে কী তৈরি হয়?
 উত্তর : শর্করা জাতীয় খাদ্য উৎপন্ন হয়।
- প্রশ্ন : সালোকসংশ্লেষণের ফলে উপজাত হিসেবে কী তৈরি হয়?
 উত্তর : অক্সিজেন ও পানি।
- প্রশ্ন : কোন আলোতে সালোকসংশ্লেষণ বেশি হয়?
 উত্তর : লাল আলোতে
- প্রশ্ন : কোন আলোতে সালোকসংশ্লেষণ হয় না?
 উত্তর : সবুজ ও হলুদ আলোতে।

১.৩ (গ) জেনেটিক্স

- প্রশ্ন : প্রাণী জগতের উৎপত্তি ও বংশ সম্বন্ধীয় বিদ্যাকে কী বলে?
 উত্তর : জেনেটিক্স। [বি.দ্র: যদি প্রশ্ন করা হতো, 'প্রাণী জগতের উৎপত্তি ও ক্রমবিকাশ সম্বন্ধীয় বিদ্যাকে কী বলে? তখন উত্তর হতো, 'ইভোলিউশন'। কেননা, ইংরেজি 'Evolution' শব্দের অর্থ 'ক্রমবিকাশ' বা 'ক্রমবিবর্তন'।]
- প্রশ্ন : জীবের বংশগতির বাহক কোনটি?
 উত্তর : ক্রোমোসোম। (কিন্তু জীবের চারিত্রিক বৈশিষ্ট্যের প্রকৃত ধারক ও বাহক হলো DNA)

প্রশ্ন: ক্রোমোসোম কাকে বলে?

উত্তর : নিউক্লিয়াসে সূতার ন্যায় লম্বা জট পাকানো তন্তুসমূহকে ক্রোমোসোম বলে। অন্যভাবে বললে, নিউক্লিয়াসের ভিতর অবস্থিত নিউক্লিওপ্রোটিন দ্বারা গঠিত যেসব তন্তুর জীবের যাবতীয় বৈশিষ্ট্য বংশ পরম্পরায় বহন করে, তাকে ক্রোমোসোম বলে।

প্রশ্ন: ক্রোমোসোম কত প্রকার?

উত্তর : দুই প্রকার। যথা : ক) অটোসোম, খ) সেক্স ক্রোমোসোম।

প্রশ্ন: অটোসোম কাকে বলে?

উত্তর : যে সকল ক্রোমোসোম জীবের দৈহিক বৈশিষ্ট্য নিয়ন্ত্রণ করে, তাকে অটোসোম বলে।

প্রশ্ন: সেক্স ক্রোমোসোম কাকে বলে?

উত্তর : যে সকল ক্রোমোসোম জীবের যৌন বৈশিষ্ট্য নিয়ন্ত্রণ করে তথা মানবদেহে লিঙ্গ নির্ধারণ করে তাকে সেক্স ক্রোমোসোম বলে।

প্রশ্ন: মানুষের দেহকোষে ক্রোমোসোম সংখ্যা কত?

উত্তর : ২৩ জোড়া বা ৪৬টি। (২২ জোড়া অটোসোম এবং ১ জোড়া সেক্স ক্রোমোসোম।)

প্রশ্ন: ক্রোমোসোমের রাসায়নিক গঠন কী?

উত্তর : ক্রোমোসোম মূলত নিউক্লিক এসিড- DNA, RNA এবং হিস্টোন ও ননহিস্টোন প্রোটিন দ্বারা গঠিত।

প্রশ্ন: DNA বলতে কী বোঝায়?

উত্তর : DNA হলো একই নিউক্লিক এসিড, যা জীবদেহের গঠন ও ক্রিয়াকলাপ নিয়ন্ত্রণের জীনগত নির্দেশ ধারণ করে।

প্রশ্ন: DNA এর পূর্ণরূপ কী?

উত্তর : Deoxyribonucleic Acid.

প্রশ্ন: RNA এর পূর্ণরূপ কী?

উত্তর : Ribonucleic Acid.

প্রশ্ন: কোষের কোথায় DNA থাকে?

উত্তর : নিউক্লিয়াসে।

প্রশ্ন: DNA-তে কী কী নাইট্রোজেন বেস থাকে?

উত্তর : অ্যাডেনিন, গুয়ানিন, সাইটোসিন ও থাইমিন।

প্রশ্ন: RNA-তে কী কী নাইট্রোজেন বেস থাকে?

উত্তর : অ্যাডেনিন, গুয়ানিন, সাইটোসিন ও ইউরাসিল।

বি.দ্র: DNA-তে ইউরাসিল নেই; আবার RNA-তে থাইমিন নেই। আর বাকি তিনটি নাইট্রোজেন বেস একই।

প্রশ্ন: জিন কী?

উত্তর : জিন DNA-এর একটি অংশ; যা জীবের বংশগতির মৌলিক ভিত্তি ও কার্যকরী একক। জিনের রাসায়নিক গঠন উপাদানকে বলা হয় DNA।

প্রশ্ন: DNA-এর ডাবল হেলিক্স মডেল বা দ্বি-হেলিক্স কাঠামো আবিষ্কার করেন কে?

উত্তর : ওয়াটসন ও ক্রিক।

প্রশ্ন: বংশগতির দুটি সূত্র প্রদান করেন কে?

উত্তর : ধর্মযাজক গ্রেগর জোহান মেন্ডেল। সেজন্য তাঁকে জেনেটিক্স বা বংশগতির জনক বলা হয়।

প্রশ্ন: জেনেটিক ইঞ্জিনিয়ারিং কী?

উত্তর : জেনেটিক ইঞ্জিনিয়ারিং হলো প্রাণী ও উদ্ভিদের বংশ বিবিক বিয়য়ক বিজ্ঞান। সাধারণত একটি কোষ থেকে কোনো সুনির্দিষ্ট ইঞ্জিনিয়ারিং নিয়ে অন্য কোষে স্থাপন ও কর্মক্ষম করার পদ্ধতিকে জেনেটিক ইঞ্জিনিয়ারিং বলে।

প্রশ্ন: উচ্চ ফলনশীল শস্য বা বীজ উৎপাদনে কোন প্রযুক্তি ব্যবহৃত হয়?

উত্তর : জেনেটিক ইঞ্জিনিয়ারিং

প্রশ্ন: জেনেটিক ইনফরমেশনের মূল একক কী?

উত্তর : অনুলিখন।

প্রশ্ন: কোন প্রক্রিয়ায় একটি DNA অণু থেকে আরেকটি DNA তৈরি হয়?

উত্তর : অনুলিখন।

প্রশ্ন: টিস্যু কালচার কী?

উত্তর : উদ্ভিদের যে কোনো সজীব কোষ বিশিষ্ট অঙ্গ থেকে জীবিত অবস্থায় কৃত্রিম উপায়ে পূর্ণাঙ্গ উদ্ভিদ জন্মানোর প্রযুক্তিকে টিস্যু কালচার বলে। এই প্রযুক্তির মূল উদ্দেশ্য হলো উদ্ভিদের অঙ্গ থেকে নতুন উৎপাদন করা।

প্রশ্ন: ক্লোনিং কী?

উত্তর : কোনো জীব থেকে সম্পূর্ণ অযৌন প্রক্রিয়ায় হুবহু আরেকটি জীব সৃষ্টির প্রক্রিয়াকে ক্লোনিং বলে। ক্লোনিং এর উদাহরণ হল ড. ইয়ান উইলমুটকে।

প্রশ্ন: সর্বপ্রথম ক্লোনিং এর মাধ্যমে কোন প্রাণীর জন্ম দেয়া হয়?

উত্তর : ভেড়া। এই ভেড়ার নাম দেওয়া হয় 'ডলি'।

১.৩ (ঘ) মানবদেহ ও রক্ত

প্রশ্ন: মানবদেহের রাসায়নিক দৃঢ় বলা হয় কোনটিকে?

উ: হরমোনকে।

প্রশ্ন: মানবদেহের তাপমাত্রা নিয়ন্ত্রণ করে কোনটি?

উত্তর : হাইপোথ্যালামাস

প্রশ্ন: একটি পূর্ণাঙ্গ শিশু কোষকে কী বলা হয়?

উত্তর : নিউরন

প্রশ্ন: মানুষের চিন্তার সাথে মস্তিষ্কের যে অংশের সম্পর্ক, তার নাম কী বলা হয়?

উত্তর : সেরিব্রাম

প্রশ্ন: রক্ত কাকে বলে?

উত্তর : রক্ত হলো এক ধরনের তরল যোজক কলা, যা রক্ত কণিকার রক্তরসের সমন্বয়ে গঠিত।

প্রশ্ন: রক্তের ভিতর রক্ত কণিকা ও রক্তরসের পরিমাণ কত?

উত্তর : রক্ত কণিকা ৪৫% এবং রক্তরস ৫৫%।

প্রশ্ন: রক্ত কণিকা কত প্রকার ও কী কী?

উত্তর : ৩ প্রকার। যথা- লোহিত কণিকা, শ্বেত কণিকা ও অণুচক্রিক

প্রশ্ন: কোন রক্ত কণিকা ফ্যাগোসাইটিস প্রক্রিয়ায় জীবাণু ধ্বংস করে?

উত্তর : শ্বেত কণিকা।

প্রশ্ন: কোন রক্ত কণিকা অক্সিজেন ও কার্বন ডাই-অক্সাইড বহন করে?
 উত্তর: লোহিত কণিকা।

প্রশ্ন: কোন রক্ত কণিকায় নিউক্লিয়াস নেই?
 উত্তর: লোহিত কণিকা।

প্রশ্ন: কোন রক্ত কণিকা অপ্র-ক্ষারের সমতা রক্ষা করে?
 উত্তর: লোহিত কণিকা।

প্রশ্ন: হিমোগ্লোবিন কোথায় থাকে?
 উত্তর: লোহিত কণিকা।

প্রশ্ন: হিমোগ্লোবিন কী?
 উত্তর: হিমোগ্লোবিন এক প্রকার শ্বাস রঞ্জক পদার্থ। এটি হিম নামক গঠিত রঞ্জক ও গ্লোবিন নাম আমিষের সমন্বয়ে গঠিত।

প্রশ্ন: হিমোগ্লোবিনে ৪% হিম ও ৯৬% গ্লোবিন থাকে। হিমের উপাদান হলো লৌহ আর গ্লোবিনের উপাদান হলো আমিষ। এজন্য বলা হয় হিমোগ্লোবিনের প্রধান উপাদান হলো আমিষ।

প্রশ্ন: কিসের কারণে রক্ত লাল হয়?
 উত্তর: হিমোগ্লোবিনের কারণে।

প্রশ্ন: অক্সিজেনের সাথে কে বিক্রিয়া করে?
 উত্তর: হিমোগ্লোবিন।

প্রশ্ন: কোনটি হিমোগ্লোবিন তৈরিতে সাহায্য করে?
 উত্তর: আমিষ জাতীয় খাবার।

প্রশ্ন: হিমোগ্লোবিনের কাজ কী?
 উত্তর: অক্সিজেন ও কার্বন ডাই-অক্সাইড বহন করা।

প্রশ্ন: কী হলে লোহিত কণিকার সংখ্যা স্বাভাবিকের তুলনায় হ্রাস পায়?
 উত্তর: অ্যানিমিয়া বা রক্তশূন্যতা।

প্রশ্ন: কী হলে লোহিত কণিকার সংখ্যা স্বাভাবিকের তুলনায় বৃদ্ধি পায়?
 উত্তর: পলিসাইথিমিয়া।

প্রশ্ন: কী হলে শ্বেত কণিকার সংখ্যা স্বাভাবিকের তুলনায় বৃদ্ধি পায়?
 উত্তর: লিউকোমিয়া। যার অপর নাম ব্লাড ক্যান্সার।

প্রশ্ন: অনুচক্রিকার কাজ কী?
 উ: রক্ত জমাট বাধায়।

প্রশ্ন: ব্লাড ক্যান্সার কেন হয়?
 উ: রক্তে শ্বেত কণিকার সংখ্যা অস্বাভাবিকভাবে বেড়ে গেলে।

প্রশ্ন: জীবাণু ধ্বংস করে কে দেহের প্রকৃতিগত আত্মরক্ষায় অংশ নেয়?
 উত্তর: শ্বেত কণিকা।

প্রশ্ন: রক্তনালীর অভ্যন্তরে রক্ত জমাট বেঁধে যাওয়াকে কী বলে?
 উত্তর: থ্রম্বোসিস।

প্রশ্ন: কিসের জন্য দেহের অভ্যন্তরে রক্ত জমাট বাঁধে না?
 উত্তর: রক্তে হেপারিন থাকার কারণে।

প্রশ্ন: Rh ফ্যাক্টর হলো-
 উত্তর: লোহিত রক্ত কণিকায় এক ধরনের অ্যান্টিজেন থাকে তাকে 'রেনাস ফ্যাক্টর' বা Rh ফ্যাক্টর বলে।

প্রশ্ন: যে সব মানুষের রক্তে Rh ফ্যাক্টর অনুপস্থিত তাদের কী বলে?
 উত্তর: Rh- (আরএইচ নেভেটিভ)

প্রশ্ন: অ্যান্টি Rh কোনটি ধ্বংস করে?
 উত্তর: লোহিত কণিকা।

প্রশ্ন: রক্তরসে কত ভাগ পানি থাকে?
 উত্তর: প্রায় ৯০%।

প্রশ্ন: একজন পূর্ণ বয়স্ক মানুষের দেহে রক্তের পরিমাণ কত?
 উত্তর: ৫-৬ লিটার। অর্থাৎ, একজন মানুষের মোট ওজনের ৭% হলো রক্ত।

প্রশ্ন: রক্ত কোন ধরনের টিস্যু নিয়ে গঠিত?
 উত্তর: ভাজক।

প্রশ্ন: দেহকোষ রক্ত হতে কী গ্রহণ করে?
 উত্তর: অক্সিজেন ও খাদ্যসার (গ্লুকোজ, অ্যামাইনো এসিড, ফ্যাটিএসিড ইত্যাদি)।

প্রশ্ন: দেহকোষ হতে রক্ত কী গ্রহণ করে?
 উত্তর: বর্জ্য পদার্থ (কার্বন ডাই-অক্সাইড বা CO₂ ইউরিয়া, ইউরিক এসিড ইত্যাদি)

প্রশ্ন: মানবদেহে হিমোগ্লোবিন রক্তের কোথায় থাকে?
 উত্তর: লোহিত রক্ত কণিকায়।

প্রশ্ন: সাদা বা বর্ণহীন রক্ত বিশিষ্ট প্রাণীর নাম লিখ?
 উত্তর: তেলাপোকা বা আরশোলা।

প্রশ্ন: ব্লাড গ্রুপ বা রক্তের গ্রুপ কে আবিষ্কার করেন?
 উত্তর: কার্ল ল্যান্ডস্টেইনার।

প্রশ্ন: মানব দেহের রক্ত সঞ্চালন চক্র আবিষ্কার করেন কে?
 উ: উইলিয়াম হার্ভে।

প্রশ্ন: কোন গ্রুপকে সর্বজনীন দাতা বলা হয়?
 উত্তর: O গ্রুপ।

প্রশ্ন: কোন রক্ত গ্রুপকে সর্বজনীন গ্রহীতা বলতে বলে?
 উত্তর: AB গ্রুপকে।

প্রশ্ন: নাড়ীর স্পন্দন প্রবাহিত হয়-
 উত্তর: ধমনীর ভিতর দিয়ে।

প্রশ্ন: ধমনী কাজ কী?
 উত্তর: অক্সিজেনযুক্ত রক্ত হৃৎপিণ্ড হতে দেহের বিভিন্ন অংশে পরিবহন করা।

প্রশ্ন: লিউকোমিয়া বা ব্লাড ক্যান্সার হলে কোন রক্ত কণিকা বেড়ে যায়?
 উত্তর: শ্বেত কণিকা।

প্রশ্ন: রক্ত চাপ কী?
 উত্তর: প্রবাহমান রক্তনালীর গায়ে যে পার্শ্বচাপ প্রয়োগ করে, তাকে রক্তচাপ বলে।

প্রশ্ন: রক্তচাপ কত প্রকার ও কী কী?
 উত্তর: রক্তচাপ দুই প্রকার যথা: সিস্টোলিক রক্তচাপ, ডায়াস্টোলিক রক্তচাপ।

প্রশ্ন: সিস্টোলিক চাপ বলতে কী বোঝায়?
 উ: হৃৎপিণ্ডের সংকোচন চাপ।

প্রশ্ন: ডায়াস্টোলিক চাপ বলতে কী বোঝায়?
 উ: হৃৎপিণ্ডের প্রসারণ।

প্রশ্ন: স্বাভাবিক রক্তচাপ কত?
 উত্তর: সিস্টোলিক = ১১০-১৪০ মিঃ মিঃ পারদ।
 ডায়াস্টোলিক = ৬০-৯০ মিঃ মিঃ পারদ।

- প্রশ্ন: পেরিকার্ডিয়াম পর্দা দ্বারা আবৃত থাকে কোনটি?
উত্তর: হৃৎপিণ্ড।
- প্রশ্ন: মানব দেহের হৃৎপিণ্ড কত প্রকারে বিশিষ্ট?
উ: চার প্রকারে বিশিষ্ট।
- প্রশ্ন: কোন প্রণীত ওটি হৃৎপিণ্ড রয়েছে?
উত্তর: ক্যান্টিন হিস; অক্সিগেন ইত্যাদি।
- প্রশ্ন: মানব দেহের সর্ববৃহৎ গ্রন্থি কোনটি?
উত্তর: যকৃত।
- প্রশ্ন: মানবদেহের সর্ববৃহৎ অস্থি কোনটি?
উত্তর: হিমব।
- প্রশ্ন: মানবদেহের সবচেয়ে কঠিন শক্ত অস্থি কোনটি?
উত্তর: এনামেল।
- প্রশ্ন: মানবদেহের সর্ববৃহৎ অস্ত্র কোনটি?
উত্তর: বৃক।
- প্রশ্ন: মানব দেহের ক্ষুদ্রতম অস্থির নাম কী?
উ: স্ট্রিপিস।
- প্রশ্ন: মানব দেহের সর্বাপেক্ষা দৃঢ় ও দীর্ঘ অস্থি কোনটি?
উ: বৃক অস্থি।
- প্রশ্ন: মানবদেহের সবচেয়ে কঠিন অংশের নাম কী?
উত্তর: এনামেল।
- প্রশ্ন: বাতাবিক অবস্থায় একজন মানুষের উপর প্রতি বর্ষ ইচ্ছিতে বায়ুর চাপ কত?
উ: ১৫ পাতল।
- প্রশ্ন: বক্সে লেহিত বক্সিকা তৈরি হয়?
উ: অস্থিমজ্জায়।
- প্রশ্ন: মানবদেহে হাড়ের সংখ্যা কত?
উ: ২০৬টি।
- প্রশ্ন: মানবদেহে মোট কশেরুকার সংখ্যা কত?
উ: ৩৩ টি।
- প্রশ্ন: মানুষের দুধের/শিশুর দাঁতের সংখ্যা কত?
উ: ২০ টি।
- প্রশ্ন: লেহিত বক্স কণিকার গড় আয়ু কত দিন?
উ: ১২০ দিন।
- প্রশ্ন: স্বেত বক্স কণিকার গড় আয়ু কত দিন?
উ: ১-১৫ দিন।
- প্রশ্ন: অনুচক্রিকার গড় আয়ু কত দিন?
উ: ৫-১০ দিন।
- প্রশ্ন: বক্স শূন্যতা বলতে বুঝায় কী?
উ: বক্সে হিমোগ্লোবিনের পরিমাণ কমে যাওয়া।
- প্রশ্ন: বিলিরুবিন কোথায় তৈরি হয়?
উ: যকৃতে।
- প্রশ্ন: বিলিরুবিন কোথায় সঞ্চিত থাকে?
উ: স্প্লিনে।

- প্রশ্ন: কোন বক্স কণিকা ভেঙে বিলিরুবিন উৎপন্ন হয়?
উ: লেহিত বক্স কণিকা।
- প্রশ্ন: কিতনিব কার্বকরী একক কী?
উ: নেফরন।
- প্রশ্ন: নবভাস সিস্টেমের স্ট্রাকচারাল ও ফাংশনাল ইউনিটের কী নাম?
উ: নিউরন। (এটি মস্তিষ্কের সাথে জড়িত।)
- প্রশ্ন: নিউরন কী?
উ: স্নায়ু কলার প্রতিটি কোষকে নিউরন বলে।
- প্রশ্ন: স্নায়ু কোষের বর্ধিত অংশকে কি বলে?
উ: এক্সেন।
- প্রশ্ন: মূত্রের ঝাঁজালো গন্ধের দায়ী পদার্থের নাম কী?
উ: এমোনিয়া।
- প্রশ্ন: মূত্র হলুদ দেখায় কেন?
উ: বিলিরুবিনের জন্য।
- প্রশ্ন: অ্যামাইনো এসিড ইউরিয়ার পৰিণত হয় কোথায়?
উ: যকৃতে।
- প্রশ্ন: পিঙ্করস অগ্ন্যাশয় রসের সাথে মিলিত হয় কোথায়?
উ: ডিওডেনাম।
- প্রশ্ন: চোখের জল নিঃসৃত হয় কোথা থেকে?
উ: লেক্রিমাল গ্রন্থি থেকে।
- প্রশ্ন: শরীর থেকে বর্জ্য পদার্থ ইউরিয়া বের করে দেয় কোন অঙ্গ?
উ: কিতনি বা বৃক।
- প্রশ্ন: থাইরয়েড গ্রন্থি হতে নিঃসৃত হরমোনের নাম কী?
উ: থাইরক্সিন।
- প্রশ্ন: চোখের মধ্যে সবচেয়ে সংবেদনশীল অংশের নাম কি?
উ: রেটিনা।
- প্রশ্ন: যকৃত বা পেশী কোষে অতিরিক্ত গ্লুকোজ জমা থাকে কিরূপে?
উ: গ্লাইকোজেন রূপে।
- প্রশ্ন: প্রোটিন জাতীয় খাদ্যের প্রধান কাজ কী?
উ: দেহের ক্ষয় পূরণ ও বৃদ্ধি জাতীয় কাজ করা।
- প্রশ্ন: কোন হরমোনের অভাবে স্নায়ু ও পেশীর অস্থিরতা বেড়ে যায়?
উ: প্যারাথরমোন।
- প্রশ্ন: ভয় পেলে গায়ের লোম খাড়া হয় কোন হরমোনের অভাবে?
উ: অ্যাড্রিনালিন।
- প্রশ্ন: দাড়ি গোঁফ গজায় কোন হরমোনের জন্য?
উ: টেস্টোস্টেরন।
- প্রশ্ন: জীবন রক্ষাকারী হরমোন কোনটি?
উ: অ্যালাডোস্টেরন।
- প্রশ্ন: ফসফরাস বেশি থাকে কোন অঙ্গে?
উ: অস্থিতে।
- প্রশ্ন: খাদ্য দ্রব্য সবচেয়ে বেশি শোষিত হয় পোস্টিক নলীর কোন অংশে?
উ: ক্ষুদ্রান্তে।

প্রশ্ন: প্রতি মিনিটে হৃৎপিণ্ডের স্বাভাবিক গড় স্পন্দন কত?

উ: ৭২।

প্রশ্ন: মানুষ সাদা ও কালো হয় কোন হরমোনের কারণে?

উ: মেলানিন।

প্রশ্ন: মানুষের মস্তিষ্কের ওজন কত?

উ: ১.৩৬ কেজি।

প্রশ্ন: মস্তিষ্কের ধমনী ছিঁড়ে রক্তপাত হওয়াকে কী বলে?

উ: স্ট্রোক।

প্রশ্ন: মানুষের মস্তিষ্কের ধমনী ছিঁড়ে গেলে বা মস্তিষ্কে রক্ত চলাচলে বাধাত ঘটলে কী হবে?

উ: স্ট্রোক।

প্রশ্ন: মানুষের হৃৎপিণ্ডে বা হাটে করোনারী আর্টারি রক্ত সরবরাহ বন্ধ হয়ে গেলে বা ব্যাঘাত ঘটলে কী হবে?

উ: হার্ট আটাক। [নোট: অর্থাৎ, মস্তিষ্কের সাথে জড়িত 'স্ট্রোক, কিন্তু হৃৎপিণ্ডের সাথে জড়িত 'হার্ট আটাক']

প্রশ্ন: এনজিওপ্রাস্টি কী?

উত্তর: হৃৎপিণ্ডের বন্ধ শিরা বেলুনের সাহায্যে ফুলানো।

প্রশ্ন: পরিপাক তন্ত্রের সবচেয়ে শক্তিশালী ক্ষিত অংশের নাম কী?

উ: পাকস্থলী।

প্রশ্ন: রোগ জীবাণু ধ্বংস করতে সাহায্য করে কোন রস?

উ: পিত্তরস।

প্রশ্ন: হরমোন কোন গ্রন্থি থেকে নিঃসৃত হয়?

উত্তর: অন্তঃক্ষরা গ্রন্থি থেকে।

প্রশ্ন: কোন হরমোন রক্তে গ্লুকোজের পরিমাণ বাড়ায়?

উ: গ্লুকোজ।

প্রশ্ন: রক্তে গ্লুকোজের পরিমাণ কমায় কোনটি?

উ: ইনসুলিন।

প্রশ্ন: চিনির বিপাক ক্রিয়া নিয়ন্ত্রণকারী হরমোনের নাম কী?

উ: ইনসুলিন।

প্রশ্ন: লথা হওয়ার জন্য কোন হরমোন দায়ী?

উ: থ্রোপ হরমোন।

প্রশ্ন: প্রথমে কি ধরনের বায়ু ফুসফুসে প্রবেশ করে?

উ: অক্সিজেন মিশ্রিত।

প্রশ্ন: রক্তের চাপ কোথায় সবচেয়ে কম?

উ: শিরায়।

প্রশ্ন: কোনটি শিশু কালে অপসারণ করলে বামনত্ব হয়?

উ: পিটুইটারি।

প্রশ্ন: শ্বসনের সময় দেহ হতে কি নির্গত হয়?

উ: কার্বন ডাই-অক্সাইড।

প্রশ্ন: মাইটোসিস কোথায় সংগঠিত হয়?

উ: দেহ কোষে।

প্রশ্ন: রক্তে পোহিত ও শ্বেত কণিকার অনুপাত কত?

উ: ৭০০ : ১।

প্রশ্ন: দেহের শক্তির প্রধান মাধ্যম কী?

উ: শ্বসন।

প্রশ্ন: দেহে মেলানিনের প্রধান কাজ কি?

উ: সূর্য রশ্মির ক্ষতিকর প্রভাব থেকে দেহকে রক্ষা করা। দেহে মেলানিনের উপস্থিতির কারণে মানুষের গায়ের রঙ কালো বা ফর্সা হয়।

প্রশ্ন: কোন গ্রন্থির রসে রক্তে গ্লুকোজ হ্রাস পায়?

উ: অগ্ন্যাশয়।

প্রশ্ন: রক্তে প্রয়োজনের অতিরিক্ত গ্লুকোজ পাওয়া গেলে কোন রোগ বোঝা যায়?

উ: ডায়াবেটিস।

প্রশ্ন: চোখে আলো প্রবেশ করে কোন অংশ দিয়ে?

উ: কর্ণিয়া।

প্রশ্ন: ইনসুলিন কোথায় তৈরি হয়?

উ: অগ্ন্যাশয়ে।

প্রশ্ন: মানবদেহের মিশ্র গ্রন্থির উদাহরণ কোনটি?

উ: অগ্ন্যাশয়।

প্রশ্ন: ইনসুলিন অগ্ন্যাশয়ের কোথায় তৈরি হয়?

উ: বিটা কোষে।

প্রশ্ন: পাকস্থলী থেকে নিঃসৃত রসের নাম কী?

উ: পাচক রস।

প্রশ্ন: পাকস্থলীতে কোন এসিড থাকে?

উ: হাইড্রোক্লোরিক এসিড।

প্রশ্ন: শর্করা জাতীয় খাদ্যের পরিপাক কোথায় শুরু হয়?

উ: মুখে।

প্রশ্ন: আমিষ বা স্নেহ জাতীয় খাদ্যের পরিপাক কোথায় শুরু হয়?

উ: পাকস্থলীতে।

প্রশ্ন: এনজাইম কী দিয়ে তৈরি?

উ: এক ধনের আমিষ তথা প্রোটিন।

প্রশ্ন: আমিষ জাতীয় খাদ্য পরিপাক করে কোন জারক রস?

উ: পেপসিন।

প্রশ্ন: আমিষ জাতীয় খাদ্য পরিপাকের ফলে কী উৎপন্ন হয়?

উ: অ্যামাইনো এসিড ও ক্ষুদ্র ক্ষুদ্র পেপটাইড।

প্রশ্ন: কার্বোহাইড্রেট তথা শর্করা জাতীয় খাদ্য পরিপাকের ফলে কী উৎপন্ন হয়?

উ: গ্লুকোজ, ফুক্টোজ ও গ্যালোকটোজ।

প্রশ্ন: চর্বি বা লিপিড জাতীয় খাদ্য পরিপাকের ফলে কী উৎপন্ন হয়?

উ: ফ্যাটি এসিড ও মনোগ্লিসারাইড।

প্রশ্ন: ক্যালসিয়ামের বিপাক নিয়ন্ত্রণকারী হরমোনের নাম কী?

উ: প্যারাথরমোন ও ক্যালসিটোনিন।

প্রশ্ন: রক্তে ক্যালসিয়ামের পরিমাণ বাড়ায় কোন হরমোন?

উ: প্যারাথরমোন।

প্রশ্ন: মানুষের লালারসে কোন এনজাইম থাকে?

উ: টায়ালিন।

প্রশ্ন: কোন রকম রস পাকস্থলীতে দুগ্ধ জমাট বাঁধায়?

উ: বেদিন।

প্রশ্ন: কোন রস শর্করা ও আমিষ উভয়কে পরিপাক করে?

উ: অগ্ন্যাশয় রস।

প্রশ্ন: জন্ডিস রোগে দেহের কোন অংশে আক্রান্ত হয়?

উ: জিভাব

প্রশ্ন: ইনসুলিন কী?

উ: এক ধরনের হরমোন।

প্রশ্ন: ইনসুলিন নিঃসৃত হয় কোথা থেকে?

উ: অগ্ন্যাশয় থেকে।

প্রশ্ন: বহুমূত্র বা ডায়াবেটিস রোগে কোন হরমোন দরকার?

উ: ইনসুলিন।

প্রশ্ন: মানব দেহে রাসায়নিক দূত হিসেবে কাজ করে কে?

উ: হরমোন।

প্রশ্ন: মানবদেহে পানির পরিমাণ কত?

উ: ৬০%-৭০%। সেজন্য প্রতিদিন একজন মানুষকে দৈনিক ২-৩ লিটার পানি পান করা প্রয়োজন।

প্রশ্ন: মানবদেহের স্বাভাবিক উষ্ণতা বা তাপমাত্রা কত?

উ: ৯৮.৪ ফারেনহাইট।

প্রশ্ন: দেহের বিপাকীয় বর্জ্য পদার্থ অপসারণের প্রক্রিয়াকে কী বলে?

উ: রেচন

প্রশ্ন: দেহ থেকে বর্জ্য পদার্থ ইউরিয়া বের করে দেয় কোনটি?

উ: কিউনি

১.৩ (ঙ) বিভিন্ন প্রকার কালচার (চাষ)

- এখানে সব ধরনের কালচার না দিয়ে কেবল পরীক্ষায় আসার মতো বাছাই করে Important culture-গুলো দেয়া হলো-
- এপিকালচার (Apiculture) = মৌমাছি পালন বিজ্ঞান
- এভিকালচার (Aviculture) = পাখি পালন বিজ্ঞান
- পিসিকালচার (Pisciculture) = মৎস্যচাষ বিজ্ঞান
- সেরিকালচার (Sericulture) = রেশম চাষ বিষয়ক বিজ্ঞান
- প্রনকালচার (Prawn culture) = চিংড়ি চাষ বিষয়ক বিজ্ঞান
- ফ্রগকালচার (Frog culture) = ব্যাঙ চাষ বিষয়ক বিজ্ঞান
- পার্ল কালচার (Pearl culture) = মুক্তা চাষ বিষয়ক বিজ্ঞান
- হর্টিকালচার (Horticulture) = উদ্যান পালন বিদ্যা
- অ্যানিম্যাল হাজব্যান্ড্রি (Animal husbandry) = গবাদি পশুপালন বিদ্যা
- পোল্ট্রি ফার্মিং (Poultry farming) = হাঁস মুরগি পালন বিদ্যা

১.৩ (চ) বিজ্ঞান সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিদ্যা

- আন্থ্রোপোলজি- মানুষের উৎপত্তি ও বিকাশ সম্পর্কিত বিদ্যা।
- জেনেটিক্স- জীনতত্ত্ব ও বংশগতি সম্পর্কিত বিদ্যা।
- ইভোলিউশন- বিবর্তন ও অভিব্যক্তি সম্পর্কিত বিদ্যা।
- ইকোলজি- পরিবেশ ও জীবদেহের সম্পর্ক বিষয়ক বিদ্যা/বাস্তুসংস্থান বিদ্যা।
- টক্সিকোলজি- বিষবিষয়ক বিদ্যা।
- ইপিডিমিওলজি- রোগতত্ত্ব সম্পর্কিত বিদ্যা।
- অস্টিওলজি- হাড় বিষয়ক বিদ্যা।
- নিউরোলজি- স্নায়ু সম্পর্কিত চিকিৎসা বিদ্যা।
- নোফোলজি- রেচন সম্পর্কিত চিকিৎসা বিদ্যা।
- ফাইকোলজি- শৈবাল সম্পর্কিত বিদ্যা।
- মাইকোলজি- ছত্রাক সম্পর্কিত বিদ্যা।
- মাইক্রোবায়োলজি- অণুজীব বিষয়ক বিদ্যা।
- বায়োলজি- জীব বিষয়ক বিদ্যা।
- জুলজি- প্রাণী সম্পর্কিত বিদ্যা
- জিওলজি- ভূতত্ত্ব বিষয়ক বিদ্যা।
- সোসিওলজি- সমাজ সম্পর্কিত বিদ্যা
- হাইড্রোলজি- ভূপৃষ্ঠ ও ভূগর্ভস্থ পানি সম্পর্কিত বিদ্যা।
- আর্কিওলজি- প্রত্নতত্ত্ব বিদ্যা।
- পমোলজি- ফলগাছ চাষাবাদ বিদ্যা।
- হেলমিনথোলজি- কৃমি সম্পর্কিত বিদ্যা।
- এমব্রায়োলজি- জ্ঞান সম্পর্কিত বিদ্যা।
- হারপেটোলজি- উভচর ও সরীসৃপ বিষয়ক বিদ্যা।
- ভাইরোলজি- ভাইরাস সম্পর্কিত বিদ্যা।
- ক্যাপার সংক্রান্ত বিদ্যা- অঙ্কোলজি
- ইকথায়োলজি- মাছ সম্পর্কিত বিদ্যা।
- অরনিথোলজি- পাখি সম্পর্কিত বিদ্যা।

পরীক্ষার হলে যেখানে ভুল হতে পারে

- কোন রক্তের গ্রুপকে সর্বজনীন দাতা বলে= O গ্রুপ।
- কোন রক্তের গ্রুপকে সার্বজনীন গ্রহীতা বলে= AB গ্রুপ।
- হৃদপিণ্ডের প্রকোষ্ঠের সংকোচনকে বলা হয়= সিস্টোল।
- হৃদপিণ্ডের প্রকোষ্ঠের প্রসারণকে বলা হয়= ডায়াস্টোল।
- এপিকালচার বলতে কি বোঝায়?= মৌমাছি পালন।

২. স্বাস্থ্য, সাধারণ রোগ ব্যাধি ও চিকিৎসা [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

কলেজ পর্যায়

- কোনটিতে বোবটের ব্যবহার করা হয়? (১৭তম কলেজ নিবন্ধন-২০২২)
ক. জাটিল সার্জারি চিকিৎসায়
খ. ব্যক্তির স্বাক্ষর শনাক্তকরণে
গ. মতুম জাতের বীজ উৎপাদনে
ঘ. টেনিস বলের আকৃতি তৈরিতে **উ. ক**
- চিকনতনিয়া রোগটি কোন মাধ্যমবাহিত রোগ? (১৪তম কলেজ নিবন্ধন-২০১৭)
ক. পানিবাহিত **খ. পতঙ্গবাহিত**
গ. বায়ুবাহিত **ঘ. রক্তবাহিত** **উ. খ**
- করোনাভী প্রথমস অসুখটি- (১৪তম কলেজ নিবন্ধন-২০১৭)
ক. যকৃতের **খ. হৃৎপিণ্ডের**
গ. অগ্ন্যাশয়ের **ঘ. কিডনীর** **উ. খ**
- নিচের কোনটিকে আদর্শ খাদ্য বলে? (১৪তম কলেজ নিবন্ধন-২০১৭)
ক. ভাত **খ. মাছ**
গ. দুধ **ঘ. ফল** **উ. গ**
- সম্প্রতি বাংলাদেশে কোন বিরল রোগে আক্রান্ত রোগীর সন্ধান পাওয়া গিয়াছে? (১৩তম কলেজ নিবন্ধন-২০১৬)
ক. এ্যান্ড্রাক্স **খ. ট্রিমান**
গ. চিকন ওনিয়া **ঘ. ল্যাসা জ্বর** **উ. খ**
- 'ডাউন সিনড্রোম' বলতে বুঝানো হয়- (১৩তম কলেজ নিবন্ধন-২০১৬)
ক. গর্ভস্থ শিশুর অপরিণত বিকাশ **খ. ধানগাছের বিশেষ রোগ**
গ. নৈতিক অবক্ষয়ের লক্ষণ
ঘ. ফলের অপরিণত বিকাশ **উ. ক**
- হাড় ও দাঁতকে মজবুত করে কোনটি? (১২তম কলেজ নিবন্ধন-২০১৫)
ক. ক্যালসিয়াম **খ. আয়োডিন**
গ. আয়রন **ঘ. পটাশিয়াম** **উ. ক**
- কোন ভিটামিনের অভাবে স্কার্ভি রোগ হয়? (১০ম কলেজ নিবন্ধন-২০১৪)
ক. ভিটামিন 'এ' **খ. ভিটামিন 'বি'**
গ. ভিটামিন 'সি' **ঘ. ভিটামিন 'ডি'** **উ. গ**
- ডেঙ্গু জ্বরের বাহক- (১০ম কলেজ নিবন্ধন-২০১৪)
ক. ডিলেক্স মশা **খ. এনোফিলিস মশা**
গ. এডিস মশা **ঘ. পুরুষ মশা** **উ. গ**
- ইনসোমনিয়া একটি- (৯ম কলেজ নিবন্ধন-২০১৩)
ক. নিদ্রাহীনতাজনিত রোগ **খ. স্নায়ুরোগ**
গ. চোখের রোগ **ঘ. কোনোটাই নয়** **উ. ক**
- কোনটির সংক্রমণে যক্ষ্মা রোগ হয়? (৯ম কলেজ নিবন্ধন-২০১৩)
ক. ভাইরাস **খ. ব্যাকটেরিয়া**
গ. ছত্রাক **ঘ. প্রোটোজোয়া** **উ. খ**

- গাছের পাতা বেগুনি রং ধারণ করে কোন কারণে? (৮ম কলেজ নিবন্ধন-২০১২)
ক. পৌষের অভাবে **খ. ফসফরাসের অভাবে**
গ. ম্লোকোজের অভাবে **ঘ. কোনটিই নয়** **উ. খ**
- কে প্রমাণ করেন যে অ্যাসোফিলিস মশা ম্যালেরিয়া জ্বরের জন্য দায়ী? (৭ম কলেজ নিবন্ধন-২০১১)
ক. স্যার আইজ্যাক গিটটম **খ. এডিসন**
গ. লুই পাস্তর **ঘ. স্যার রোগান্ড রস** **উ. গ**
- ম্যালেরিয়ার ঔষধ 'কুইনিন' কোন গাছ থেকে পাওয়া যায়? (৭ম কলেজ নিবন্ধন-২০১১)
ক. মীম গাছ **খ. পাথরকুচি**
গ. সিনকোনা **ঘ. তুলসী গাছ** **উ. গ**
- দুধের রং সাদা হয় কেন? (৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০)
ক. প্রোটিনের জন্য **খ. কার্বোহাইড্রেটের জন্য**
গ. মিনারেলের জন্য **ঘ. ফ্যাটের জন্য** **উ. ক**
- কোন হরমোনের অভাবে শিশু বামন হয়? (৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০)
ক. থাইরক্সিন **খ. ফাইরক্সিন**
গ. অ্যাডরেনালিন **ঘ. গ্যাস্টিন** **উ. ক**
- অ্যান্ড্রাক্স রোগের টিকা আবিষ্কার করেন- (৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০)
ক. ডারউইন **খ. মার্কনী**
গ. লুইপাস্তর **ঘ. আলেকজান্ডার** **উ. গ**
- কোন ভিটামিনের অভাবে রাতকানা রোগ হয়? (৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০)
ক. ভিটামিন-এ **খ. ভিটামিন-বি**
গ. ভিটামিন-সি **ঘ. ভিটামিন-ডি** **উ. ক**

স্কুল পর্যায়

- বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) করোনা ভাইরাসের দাওরিক নাম দিয়েছে- (১৭তম স্কুল নিবন্ধন ২০২২)
ক. করোনা-১ **খ. কোভিড-১৯**
গ. করোনা ভাইরাস **ঘ. SARS-COV-1** **উ. খ**
- কোন হরমোনের অভাবে গলগণ্ড রোগের সৃষ্টি হয়? (১৭তম স্কুল নিবন্ধন ২০২২)
ক. থাইরক্সিন **খ. ইনসুলিন**
গ. গ্রুকাগন **ঘ. করটিসোল** **উ. ক**
- AIDS রোগের জন্য নিচের কোন ভাইরাসটি দায়ী? (১৬তম স্কুল নিবন্ধন ২০১৯)
ক. SARS **খ. র্যাবিস**
গ. HIV **ঘ. ইবোলা** **উ. গ**
- কচু খেলে গলা চুলকায় কারণ কচুতে আছে- (১২তম স্কুল নিবন্ধন ২০১৯)
ক. ক্যালসিয়াম অক্সালেট **খ. ক্যালসিয়াম কার্বনেট**
গ. ক্যালসিয়াম ফসফেট **ঘ. ক্যালসিয়াম সালাফেট** **উ. ক**

৫. চিকনগুনিয়ার বাহক কোনটি?
ক. ত্র্যানোফিলিস খ. কিউলোজ
গ. এডিস ঘ. সকল ধরনের মশা উ. গ
৬. ক্যান্সার চিকিৎসায় ব্যবহৃত গামা বিকিরণের উৎস হলো-
[১৪তম স্কুল নিবন্ধন ২০১৭]
ক. আইসোটোন খ. আইসোটোপ
গ. আইসোবার ঘ. রাসায়নিক পদার্থ উ. খ
৭. জ্বাঙ্ক ফুডে নিচের কোন দ্রব্যের আধিক্য থাকে? [১৪তম স্কুল
নিবন্ধন ২০১৭]
ক. চর্বি খ. ভিটামিন
গ. শর্করা ঘ. আমিষ উ. ক
৮. হিউম্যান প্যাপিলোমা কি? [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. ছত্রাক খ. ব্যাক্টেরিয়া
গ. ভাইরাস ঘ. অণুজীব উ. গ
৯. ইনসুলিন কে আবিষ্কার করেন? [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. ফ্রেডেরিক হপকিন্স খ. আলেকজান্ডার ফ্লেমিং
গ. গেরহার্ড ডোমাক ঘ. অ্যাড ওয়ার্ড জেনার উ. *
- ব্যাখ্যা : অপশনে সঠিক উত্তর নেই ১৯২১ সালে ইনসুলিন আবিষ্কার
কানাডীয় চিকিৎসা বিজ্ঞানী ফ্রেডেরিক বেস্টিং এবং তার সহকারী
চার্লস এইচ বেস্ট। ১৯২২ সালে ইনসুলিনের ব্যবহার শুরু হয়।
১০. কিসের অভাবে গলগণ্ড রোগ হয়? [১৩তম স্কুল নিবন্ধন ২০১৬]
ক. আমিষ খ. শর্করা
গ. আয়োডিন ঘ. ভিটামিন উ. গ
১১. আমিষ বেশি আছে কোনটিতে? [১২তম স্কুল নিবন্ধন ২০১৫]
ক. মুগ ডাল খ. মসুর ডাল
গ. খাসির মাংস ঘ. ইলিশ মাছ উ. খ
১২. কোন ভিটামিনের অভাবে স্কার্ভি রোগ হয়? [১২তম স্কুল নিবন্ধন
২০১৫]
ক. ভিটামিন এ খ. ভিটামিন বি
গ. ভিটামিন সি ঘ. ভিটামিন ডি উ. গ
১৩. তেঁতুলে কোন ধরনের এসিড থাকে? [১১তম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. সাইট্রিক এসিড খ. টারটারিক এসিড
গ. এসকরবিক এসিড ঘ. ফসফরিক এসিড উ. খ
১৪. ইনসুলিনের অভাবে কী রোগ হয়? [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. রাতকানা খ. রিকেট
গ. ডায়াবেটিস ঘ. স্কার্ভি উ. গ
১৫. পেনিসিলিন আবিষ্কার করেন- [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. আলেকজান্ডার ফ্লেমিং খ. লুই পাস্তুর
গ. আইকম্যান ঘ. উইলিয়াম হার্ভে উ. ক
১৬. সহজে সর্দিকাশি হয় কোন ভিটামিনের অভাবে? [১০ম স্কুল নিবন্ধন ২০১৪]
ক. ভিটামিন-ই খ. ভিটামিন-কে
গ. ভিটামিন-সি ঘ. ভিটামিন-বি উ. গ
১৭. কোন ভিটামিনের অভাবে রাতকানা রোগ হয়? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. ভিটামিন-এ খ. ভিটামিন-বি
গ. ভিটামিন-সি ঘ. ভিটামিন-ডি উ. ক

১৮. কচুশাক বিশেষভাবে মূল্যবান যে উপাদানের জন্য তা কোনটি?
[৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. ফসফরাস খ. লৌহ
গ. ক্যালসিয়াম ঘ. আয়োডিন উ. খ
১৯. নিউমোনিয়া রোগে আক্রান্ত হয় মানবদেহের কোন অঙ্গ? [৯ম
স্কুল নিবন্ধন ২০১৩]
ক. ফুসফুস খ. যকৃত
গ. পিওথলি ঘ. হৃৎপিণ্ড উ. ক
২০. সুঘম খাদ্যের উপাদান কয়টি? [৯ম স্কুল নিবন্ধন ২০১৩]
ক. ৫ টি খ. ৬ টি
গ. ৭ টি ঘ. ৮ টি উ. ক
২১. কোন ডালের সাথে ল্যাথারিজম রোগের সম্পর্ক আছে? [৯ম স্কুল
নিবন্ধন ২০১৩]
ক. মসুর খ. খেসারী
গ. ছোলা ঘ. মুগ উ. খ
২২. কোন উপাদানের ঘাটতি থেকে ডায়াবেটিস রোগ হয়? [৯ম স্কুল
নিবন্ধন ২০১৩]
ক. হিমোগ্লোবিন খ. বিলিরুবিন
গ. ইনসুলিন ঘ. গ্রাইকোজেন উ. গ
২৩. মানবদেহে HIV প্রবেশ করার কতদিনের মধ্যে শরীরে
এইডসের লক্ষণ দেখা যায়? [৮ম স্কুল নিবন্ধন ২০১২]
ক. ১ মাস থেকে ২ মাস খ. ১ বছর থেকে ২ বছর
গ. ৬ মাস থেকে ১০ বছর ঘ. ৩ মাস থেকে ৪ মাস উ. গ
২৪. দুধে থাকে কোন এসিড? [৭ম স্কুল নিবন্ধন ২০১১]
ক. ফোলিক এসিড খ. টারটারিক এসিড
গ. ল্যাকটিক এসিড ঘ. সাইট্রিক এসিড উ. গ
২৫. মেরাসমাস রোগের ফলে কী হয়? [বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]
ক. পেশী ও মেদ ক্ষয় হয় খ. দেহের ওজন বৃদ্ধি পায়
গ. দেহের অস্বাভাবিক বৃদ্ধি ঘটে
ঘ. রক্তনালী সরু হয়ে পড়ে উ. ক
২৬. হেপাটাইটিস 'বি' ভাইরাস শরীরের কোথায় আক্রমণ করে?
[বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]
ক. ফুসফুস খ. হৃৎপিণ্ড
গ. যকৃত ঘ. অগ্ন্যাশয় উ. গ
২৭. পেনিসিলিয়াম আবিষ্কার করেন কে? [বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০]
ক. রবার্ট হুক খ. টমাস এডিসন
গ. আলেকজান্ডার ফ্লেমিং ঘ. জেমস্ ওয়াট উ. গ

স্কুল পর্যায়-২

১. সূর্য কিরণ থেকে কোন ভিটামিন পাওয়া যায়? [১৪তম স্কুল-২
নিবন্ধন ২০১৭]
ক. ভিটামিন 'এ' খ. ভিটামিন 'বি'
গ. ভিটামিন 'ই' ঘ. ভিটামিন 'ডি' উ. ঘ
২. এডিস মশা নিচের কোন রোগটির বাহন? [১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭]
ক. গোদ রোগ খ. ম্যালেরিয়া
গ. চিকুনগুনিয়া ঘ. ফাইলেরিয়া উ. গ

৩. কোন খাদ্যে পচন ধরে না? / ১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬/
 ক. ফল
 গ. দুধ
 উ. খ
 খ. মধু
 ঘ. চাল
৪. ভিটামিন সি-এর অভাবে কোন রোগ হয়? / ১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬/
 ক. রাতকানা
 গ. স্কার্ভি
 উ. গ
 খ. বেরিবেরি
 ঘ. রিকেটস
৫. নিউমোনিয়া রোগে আক্রান্ত হয় মানবদেহের কোথায়? / ১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬/
 ক. ফুসফুস
 গ. কিডনী
 উ. ক
 খ. যকৃত
 ঘ. প্লীহা
৬. আইসিডিডিআর, বি হাসপাতালে কোন রোগের চিকিৎসা হয়? / ১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬/
 ক. ম্যালেরিয়া
 গ. নিউমোনিয়া
 উ. ঘ
 খ. যক্ষ্মা
 ঘ. কলেরা
৭. পানিতে কোন ভিটামিন দ্রবণীয়? / ১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫/
 ক. A ও B
 গ. A ও C
 উ. খ
 খ. B ও C
 ঘ. B ও D
৮. সূর্য কিরণ থেকে কোন ভিটামিন পাওয়া যায়? / ১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪/
 ক. ভিটামিন 'এ'
 গ. ভিটামিন 'ই'
 উ. ঘ
 খ. ভিটামিন 'বি'
 ঘ. ভিটামিন 'ডি'

২.১ স্বাস্থ্য

প্রশ্ন। কোন খাদ্যকে আদর্শ খাদ্য বলা হয়?

উত্তর : দুধ।

প্রশ্ন। কোন খাদ্য উপাদান থেকে শক্তি পাওয়া যায়?

উত্তর : শর্করা, আমিষ ও লেহু।

প্রশ্ন। একজন পূর্ণবয়স্ক ব্যক্তির দৈনিক গড়ে কত ক্যালরি শক্তির প্রয়োজন?

উত্তর : ২২০০ ক্যালরি।

প্রশ্ন। আমাদের দেশে একজন পূর্ণবয়স্ক ব্যক্তির দৈনিক গড়ে কত ক্যালরি শক্তির প্রয়োজন?

উত্তর : ২৫০০ ক্যালরি।

প্রশ্ন। শর্করা জাতীয় খাদ্য শরীরে কোন কাজে ব্যয় হয়?

উত্তর : দেহের বৃদ্ধির জন্য

প্রশ্ন। অতিরিক্ত শর্করা জাতীয় খাদ্য উদ্ভিদদেহে কী হিসেবে জমা থাকে?

উত্তর : স্টার্চ হিসেবে।

প্রশ্ন। অতিরিক্ত শর্করা জাতীয় খাদ্য প্রাণিদেহে কী হিসেবে জমা থাকে?

উত্তর : গ্লাইকোজেন হিসেবে।

প্রশ্ন। মানবদেহে গ্লাইকোজেন কোথায় জমা থাকে?

উত্তর : যকৃতে (লিভারে) ও পেশীতে।

প্রশ্ন। খাদ্য কাকে বলে?

উত্তর : যা খেলে শরীরে শক্তি হয়, শরীরের ক্ষয়পূরণ করে এবং শরীরের বৃদ্ধি ঘটে তাকে খাদ্য বলে।

প্রশ্ন। সুখম খাদ্যের উপাদান কয়টি?

উত্তর : ৬টি। যথা- শর্করা, আমিষ, লেহু, ভিটামিন, খনিজ দ্রবণ এবং পানি।

প্রশ্ন। সুখম খাদ্যে শর্করা, আমিষ ও লেহুজাতীয় খাবারের অনুপাত কত?

উত্তর : ৪ : ১ : ১।

প্রশ্ন। কার্বোহাইড্রেটে (শর্করায়) C, H এবং O-এর (কার্বন, হাইড্রোজেন এবং অক্সিজেন) অনুপাত কত?

উত্তর : ১ : ২ : ১।

প্রশ্ন। কার্বোহাইড্রেট হলো-

উত্তর : কার্বন, হাইড্রোজেন ও অক্সিজেনের সমন্বয়ে গঠিত।

প্রশ্ন। আমিষ হলো-

উত্তর : কার্বন, হাইড্রোজেন, অক্সিজেন ও নাইট্রোজেনের সমন্বয়ে গঠিত।

প্রশ্ন। আমিষে নাইট্রোজেনের হার কত?

উত্তর : ১৬%।

প্রশ্ন। জীবদেহের শক্তির প্রধান উৎস হিসেবে কাজ করে কোনটি?

উত্তর : কার্বোহাইড্রেট বা শর্করা।

প্রশ্ন। দুধের শ্বেতসার অংশকে কী বলে।

উত্তর : ল্যাক্টোজ।

প্রশ্ন। দুধের প্রোটিনের নাম কী?

উত্তর : কেসিন।

প্রশ্ন। দুধে কোন ভিটামিন নেই?

উত্তর : ভিটামিন সি।

প্রশ্ন। ডিমে কোন ভিটামিন নেই?

উত্তর : ভিটামিন সি।

প্রশ্ন। অ্যামাইনো এসিড কী?

উত্তর : প্রোটিনের মূল গাঠনিক একক।

প্রশ্ন। দেহে আমিষ বা প্রোটিনের প্রধান কাজ কী?

উত্তর : দেহের বৃদ্ধি সাধন ও ক্ষয়পূরণ করা এবং কোষ গঠনে সহায়তা করা।

প্রশ্ন। দেহ গঠনে কোন উপাদানের প্রয়োজন সবচেয়ে বেশি?

উত্তর : আমিষ বা প্রোটিন জাতীয় খাবার।

প্রশ্ন। রোগ প্রতিরোধের ক্ষমতা বাড়ায় প্রধানত কোনটি?

উত্তর : ভিটামিন।

প্রশ্ন। আমিষ বা প্রোটিনের মূল উপাদান কী?

উঃ নাইট্রোজেন।

প্রশ্ন। জীব কোষের কোন স্থানে প্রোটিন বা আমিষ সংশ্লেষণ হয়?

উত্তর : রাইবোজোম।

প্রশ্ন। Natural Protein-এর কোড নাম কী?

উত্তর : Protein P-49।

প্রশ্ন। আমিষ জাতীয় খাবারের অভাবে কী রোগ হয়?

উত্তর : কোয়াশিয়রকর ও মেরাসমাস।

প্রশ্ন। কোলেস্টেরল কী?

উত্তর : এক ধরনের অস্পৃক্ত অ্যালকোহল।

- প্রশ্ন। কোলেস্টেরলের উৎস কী?
উত্তর : ডিমের কুসুম, কলিজা, মগজ, গরুর মাংস, খাসির মাংস ইত্যাদি।
- প্রশ্ন। মানব দেহে শতকরা কতভাগ খনিজ লবণ থাকে?
উত্তর : ৪%।
- প্রশ্ন। কোন শাকে লৌহের পরিমাণ সবচেয়ে বেশি?
উত্তর : কচু শাক।
- প্রশ্ন। মানবদেহে লৌহের কাজ কী?
উত্তর : হিমোগ্লোবিনের হিম অংশ তৈরিতে লৌহ অপরিহার্য।
- প্রশ্ন। লৌহের অভাবে কী রোগ হয়?
উত্তর : রক্তশূন্যতা।
- প্রশ্ন। হাড় ও দাঁত গঠনে কোন কোন মৌল গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে?
উত্তর : ক্যালসিয়াম ও ফসফরাস।
- প্রশ্ন। মানুষের শরীরের কোন অঙ্গে বেশির ভাগ ফসফেট রয়েছে?
উত্তর : হাড়।
- প্রশ্ন। কোন হরমোন তৈরিতে আয়োডিনের প্রয়োজন হয়?
উত্তর : থাইরয়েড।
- প্রশ্ন। দেহের বৃদ্ধিকারক হরমোন কোনটি?
উত্তর : থাইরক্সিন।
- প্রশ্ন। কোন মৌল দাঁতের ক্ষয়রোধ করে?
উত্তর : ফ্লুরাইড।
- প্রশ্ন। কোন খাবারে সবচেয়ে বেশি পটাসিয়াম পাওয়া যায়?
উত্তর : ডাব।
- প্রশ্ন। কন্ডায় কোন উপাদান বেশি থাকে?
উত্তর : লৌহ, পটাসিয়াম।
- প্রশ্ন। মানবদেহে অ্যান্টিবডি'র কাজ কী?
উত্তর : রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করা।
- প্রশ্ন। সর্বাধিক স্নেহ জাতীয় খাদ্য কোনটি?
উত্তর : দুধ।
- প্রশ্ন। মায়ের দুধে কোন খাদ্য উপাদান নেই?
উত্তর : লৌহ।
- প্রশ্ন। কোনটিকে 'খাদ্যপ্রাণ' বলা হয়?
উত্তর : ভিটামিন।
- প্রশ্ন। পানিতে দ্রবণীয় ভিটামিনগুলো কী কী?
উত্তর : Vit-B, Vit-C।
- প্রশ্ন। Vit-C এর অন্য নাম কী?
উত্তর : অ্যাসকরবিক এসিড।
- প্রশ্ন। আমাদের দেশে প্রাপ্ত সবচেয়ে বেশি Vit-C সমৃদ্ধ ফলের নাম কী?
উত্তর : পেয়ারা।
- প্রশ্ন। ডিমে কোন ভিটামিন নেই?
উত্তর : Vit-C।
- প্রশ্ন। Vit-C এর অভাবে কি রোগ হয়?
উত্তর : স্কার্ভি।

- প্রশ্ন। কোন খাদ্যে Vit-A সবচেয়ে বেশি?
উত্তর : গাজর।
- প্রশ্ন। কোন খাদ্যে Vit-C সবচেয়ে বেশি?
উত্তর : পেয়ারা।
- প্রশ্ন। কোনটিতে আমিষের পরিমাণ সবচেয়ে বেশি?
উত্তর : ভটকী মাছ।
- প্রশ্ন। কোন আলোক রশ্মি Vit-D তৈরিতে সাহায্য করে?
উত্তর : আর্দ্রাভায়োলেট রশ্মি বা অতিবেগুনী রশ্মি।
- প্রশ্ন। চা পাতায় কোন ভিটামিন থাকে?
উত্তর : ভিটামিন-বি কমপ্লেক্স।
- প্রশ্ন। হাড় ও দাঁত তৈরির জন্য কোন ভিটামিন প্রয়োজন?
উত্তর : ভিটামিন-ডি।
- প্রশ্ন। কঁচুশাকে কোন উপাদান সবচেয়ে বেশি থাকে?
উত্তর : লৌহ।
- প্রশ্ন। আয়োডিনের মূল উৎস কী?
উত্তর : পানি ও মাটি।
- প্রশ্ন। খাবারের বিভিন্ন উপাদানের মধ্যে আয়োডিনের মূল উৎস কী?
উত্তর : খাবার লবণ।
- প্রশ্ন। কোথায় সবচেয়ে বেশি আয়োডিন থাকে?
উত্তর : সমুদ্রের পানিতে কিংবা সামুদ্রিক মাছে।

২.২ সাধারণ রোগ ব্যাধি

- প্রশ্ন। যে সব অণুজীব রোগ সৃষ্টি করে তাদের কী বলা হয়?
উ : প্যাথোজেনিক।
- প্রশ্ন। ভেট্টর কী?
উ : যে সকল প্রাণী এক মানবদেহ থেকে অন্য মানবদেহে রোগ জীব বহন করে, তাদের ভেট্টর বলে।
- প্রশ্ন। বন্যার পর কোন রোগের প্রাদুর্ভাব বেশি দেখা দেয়?
উ : ডায়রিয়া।
- প্রশ্ন। ডাক্তাররা কেন ডায়রিয়া রোগীকে বেশি করে ডাব খাওয়ার পরামর্শ দেন?
উ : ডাবের পানিতে প্রচুর পরিমাণে পটাসিয়াম থাকে যা ডায়রিয়া রোগীর জন্য অনেক উপকারী।
- প্রশ্ন। নরমাল স্যালাইন কী?
উ : সোডিয়াম ক্লোরাইডের ০.৯% জলীয় দ্রবণ।
- প্রশ্ন। শরীরের কোনো স্থান পুড়ে গেলে তৎক্ষণিকভাবে কী করা উচিত?
উ : তৎক্ষণাৎ পরিষ্কার ঠান্ডা পানি দিয়ে ধুয়ে ফেলা।
- প্রশ্ন। কোনো বিষধর সাপ কামড় দিলে ক্ষতস্থান কেমন দেখায়?
উ : বড় বড় দুটি দাঁতের দাগ থাকে।
- প্রশ্ন। অ্যান্টিবায়োটিক কী?
উ : যে ঔষুধ ব্যাক্টেরিয়া ধ্বংস করে তাকে অ্যান্টিবায়োটিক বলে।

প্রশ্ন: অ্যান্টিবায়োটিক কে আবিষ্কার করেন?

উ: আলোকজেন্ডার ফ্রেমিং

প্রশ্ন: কোথেকে আলোকজেন্ডার ফ্রেমিং অ্যান্টিবায়োটিক আবিষ্কার করেন?

উ: পেনিসিলিয়াম নামক ছত্রাক থেকে।

প্রশ্ন: অ্যান্টিবায়োটিক পেনিসিলিন ঔষুধ তৈরি হয়-

উ: ছত্রাক থেকে।

প্রশ্ন: ভায়রাস কী?

উ: এক প্রকার যৌন উদ্ভেজক ঔষুধ; যার আসল নাম হলো সিলভেনাফিল।

প্রশ্ন: 'শিপরলিনা' কী?

উ: শৈবাল জাতীয় এক প্রকার খাদ্য ও ঔষুধ।

প্রশ্ন: শাছের জন্য অপরিহার্য ভিটামিন কয়টি?

উ: ১০টি।

প্রশ্ন: হু-অভ্যুজরের পানি ব্যবহারের ক্ষতিকর দিক কী?

উ: আর্সেনিক দূষণ।

প্রশ্ন: আর্সেনিক দূষণের প্রধান কারণ কী?

উ: হু-তাত্তিক।

প্রশ্ন: বাংলাদেশে কত সালে পরিবার পরিকল্পনা কর্মসূচি গ্রহণ করা হয়?

উ: ১৯৭৬ সালে।

প্রশ্ন: বাংলাদেশে সম্প্রসারিত টিকাদান কর্মসূচি কবে চালু হয়?

উ: ১৯৭৯ সালে।

প্রশ্ন: সম্প্রসারিত টিকাদান কর্মসূচির আওতায় বিনামূল্যে কতটি টিকা করা হয়?

উ: ১০টি।

প্রশ্ন: বর্তমানে রোবটকে কোন ধরনের চিকিৎসায় ব্যবহার করা হচ্ছে?

উ: জটিল সার্জারি চিকিৎসায়

প্রশ্ন: জন্মের অন্যতম কারণ কী?

উ: হেপটাইটিস গোত্রের ভাইরাস।

প্রশ্ন: হেপটাইটিস ভাইরাস কোথায় আক্রমণ করে?

উ: লিভার বা যকৃতে।

প্রশ্ন: কখন, কীভাবে 'হেপটাইটিস-বি'-এর টিকা নেয়া যায়?

উ: প্রথম ডোজ টিকা নেওয়ার এক মাস পর দ্বিতীয়টি এবং প্রথম ডোজ নেওয়ার দিন থেকে ছয় মাস পর তৃতীয় ডোজটি নিতে হয়। তিনটি ডোজ সম্পন্ন হওয়ার পর রক্ত পরীক্ষার মাধ্যমে নিশ্চিত হতে হয় যে টিকা নেওয়ার ফলে রক্তে ভাইরাসের বিরুদ্ধে পর্যাপ্ত রোগপ্রতিরোধ ক্ষমতা গড়ে উঠেছে কি না। তিনটি ডোজ সম্পন্ন হওয়ার পর পর্যাপ্ত রোগপ্রতিরোধ ক্ষমতা গড়ে না উঠলে পাঁচ বছর পর চতুর্থ ডোজ (বুস্টার ডোজ) নিতে হয়।

প্রশ্ন: কখন 'হেপটাইটিস-বি' এর টিকা নিতে পারে?

উ: জন্মের পর থেকে ৭০ বছর বয়স পর্যন্ত যে কেউ এই টিকা নিতে পারে। তবে কেউ যদি পূর্বেই হেপটাইটিস-বি রোগে আক্রান্ত হয়ে যায় তাহলে সে আর হেপটাইটিস-বি টিকা নিতে পারবে না। আবার কোনো মায়ের হেপটাইটিস-বি দেহে থাকলে নবজাতক জন্মের ১২ ঘণ্টার মধ্যে অর্থাৎ যত দ্রুত সম্ভব ড্যাকসিন ও এইচ.বি.আই.জি (HBIG) শর্ট নিতে হবে।

প্রশ্ন: জন্ডিস বা হেপটাইটিস এর কারণ কি?

উ: Hepatitis A, B, C, D, E virus.

প্রশ্ন: কোন হেপটাইটিস ভাইরাস বেশি খারাপ?

উ: হেপটাইটিস-B, হেপটাইটিস-C (Chronic Hepatitis) এর জন্য দায়ী।

প্রশ্ন: খাদ্য, পানির মাধ্যমে ছড়ায় কোন হেপটাইটিস ভাইরাস?

উ: Hepatitis -A, Hepatitis-E.

প্রশ্ন: রক্ত, যৌন সংগমের মাধ্যমে ছড়ায় কোন Hepatitis ভাইরাস?

উত্তরঃ Hepatitis- B, C, D.

প্রশ্ন: Chronic Hepatitis হলে ক্ষতি কী হয়?

উত্তরঃ লিভার সিরোসিস বা লিভার ক্যান্সার হয়ে মানুষ মারা যেতে পারে।

প্রশ্ন: AIDS রোগীর মৃত্যুর কারণ কি?

উ: মানুষের রোগ প্রতিরোধ ক্ষমতা হ্রাস পেয়ে দীর্ঘে দীর্ঘে মৃত্যুর মুখে পতিত হয়।

প্রশ্ন: HIV/AIDS কী ধরনের রোগ?

উ: HIV/AIDS একটি ভাইরাসজনিত রোগ।

প্রশ্ন: HIV দ্বারা কী বোঝায়?

উ: Human Immunodeficiency Virus

প্রশ্ন: AIDS দ্বারা কী বোঝায়?

উ: Acquired Immune Deficiency Syndrome

প্রশ্ন: HIV/AIDS হলে কী হয়?

উ: HIV/AIDS হলে মানুষ রোগ প্রতিরোধ ক্ষমতা হারিয়ে ফেলে দীর্ঘে দীর্ঘে মৃত্যুর মুখে পতিত হয়।

প্রশ্ন: AIDS এর জন্য কোন ভাইরাস দায়ী?

উত্তরঃ HIV ভাইরাস(Human Immunodeficiency Virus)।

প্রশ্ন: AIDS কিভাবে ছড়ায়?

উ: এইডস প্রধানত তিন ভাবে ছড়ায়ঃ

• HIV+ve রোগীর রক্ত কোন সুস্থ মানুষের শরীরে প্রবেশ করলে। যেমনঃ এইডস রোগীর রক্ত গ্রহণ, এইডস রোগীর ব্যবহৃত সিরিঞ্জ ব্যবহার করা ইত্যাদি।

• HIV+ve রোগীর সাথে যৌন সংগম।

• HIV+ve মায়ের কাছে থেকে অমবার মাধ্যমে বাচ্চাব শরীরে প্রবেশ করতে পারে।

প্রশ্ন: বর্তমানে কোন ঔষুধ এইডস রোগীদের চিকিৎসায় ব্যবহার করা হচ্ছে?

উ: এন্টিভোপাইমেডিন।

প্রশ্ন: জলাতঙ্ক রোগের কারণ কী?

উ: Rabies virus.

প্রশ্ন: জলাতঙ্ক রোগ কেন হয়?

উত্তরঃ কুকুর, বিড়াল, শিয়াল, বাঘ, সিংহ, বেজি ইত্যাদির কামড় থেকে জলাতঙ্ক হতে পারে।

প্রশ্ন: ডেঙ্গু জ্বরের কারণ কী?

উ: Dengue virus.

প্রশ্ন: ডেঙ্গু জ্বরের বাহক কে?

উত্তরঃ Aedes aegypti নামক মশা।

প্রশ্ন: কোন মশা কী রোগের বাহক হিসেবে কাজ করে?

উত্তর: এডিস মশা; ডেঙ্গু জ্বর

অ্যানোফিলিস মশা; ম্যালেরিয়া

প্রশ্ন: ডেঙ্গু জ্বরের লক্ষণ কী?

উত্তর: উচ্চ জ্বর, পেশী, হাড় ও মাথা ব্যথা ও শরীরের বিভিন্ন স্থান হতে রক্তপাত হতে পারে। এ রোগ রোগীর মৃত্যুও হতে পারে।

প্রশ্ন: কোন জাইরাসকে হিট্ট টাইরাস বলে?

উত্তর: রেবিস।

প্রশ্ন: নিপাহ জাইরাসের প্রধান বাহক কি?

উত্তর: বাদুড়।

প্রশ্ন: নিউমোনিয়া কী?

উত্তর: ফুসফুসের প্রদাহকে নিউমোনিয়া বলে।

প্রশ্ন: নিউমোনিয়ার কারণ কী?

উত্তর: নিউমোনিয়ার কারণ নিম্নরূপঃ

ক) ব্যাক্টেরিয়া, খ) ভাইরাস, গ) গোলকুমি।

প্রশ্ন: ডিপথেরিয়া রোগে দেহের কোন অংশ আক্রান্ত হয়?

উত্তর: গলা।

প্রশ্ন: কৃষ্ণরোগের লক্ষণ কী?

উত্তর: ত্বকে বিশেষ ধরনের ক্ষতে ব্যাধীনতা।

প্রশ্ন: কিসের অভাবে ডায়াবেটিস হয়?

উত্তর: ইনসুলিনের অভাবে।

প্রশ্ন: ইনসুলিন আবিষ্কার করেন কে?

উত্তর: ফ্রেডরিক গ্র্যান্ট বেকিং ও চার্লস এইচ বেস্ট।

প্রশ্ন: কত সালে ইনসুলিন আবিষ্কার করা হয়?

উত্তর: ১৯২১ সালে।

প্রশ্ন: কত সালে ইনসুলিনের ব্যবহার শুরু হয়?

উত্তর: ১৯২২ সালে।

প্রশ্ন: ইনসোমনিয়া কোন ধরনের রোগ?

উত্তর: নিদ্রাহীনতাজনিত রোগ। এটি বেশিভাগ ক্ষেত্রে বয়স্কদের মাঝে দেখা যায়।

২.৩ জেনে নিন কিসের অভাবে কোন রোগ হয়-

১। কিসের অভাবে মানুষের কোয়াশিয়কর রোগ হয়?

উত্তর: আমিষের।

২। কোন ভিটামিনের অভাবে স্কার্ভি রোগ হয়?

উত্তর: ভিটামিন সি।

৩। কোন ভিটামিনের অভাবে রাতকানা রোগ হয়?

উত্তর: ভিটামিন এ [মনে রাখুন, রাতে না দেখে এ এ করে।]

৪। কোন ভিটামিনের অভাবে বেরিবেরি রোগ হয়?

উত্তর: ভিটামিন বি।

৫। কোন ভিটামিনের অভাবে রিকেটস রোগ হয়?

উত্তর: ভিটামিন ডি।

৬। আয়োডিনের অভাবে কি রোগ হয়?

উত্তর: গলগণ্ড রোগ।

৭। কোনটির অভাবে রক্তশূন্যতা দেখা দেয়?

উত্তর: হিমোগ্লোবিনের অভাবে।

৮। কোন ভিটামিনের অভাবে রক্তশূন্যতা দেখা দেয়?

উত্তর: ভিটামিন-বি_{১২}।

৯। চর্মরোগ হয় কিসের অভাবে?

উত্তর: চর্বি বা গ্লেহ।

১০। কিসের অভাবে ঠোঁটে ও জিহ্বায় ঘা হয়?

উত্তর: ভিটামিন বি_{১২}।

১১। কোন ভিটামিন রক্ত জমাট বাঁধতে সাহায্য করে?

উত্তর: ভিটামিন 'কে'। [মনে রাখুন এইভাবে, কে এখানে রক্তের জমাট বাঁধালো?]

১২। পানি কম পান করলে কী রোগ হয়?

উত্তর: কোষ্ঠকাঠিন্য।

১৩। ভিটামিন 'পি' এর অভাবে কোন কোন রোগের সৃষ্টি হয়?

উঃ ওজন কমে যাওয়া, মুখে ঘা, স্কার্ভি হয়ে থাকে।

১৪। ভিটামিন 'ডি' এর অভাবে কোন কোন রোগের সৃষ্টি হয়?

উঃ কঁজো হওয়া, শিশুদের রিকেটস রোগ, দাঁতের ক্ষয় ইত্যাদি হয়ে থাকে।

১৫। ভিটামিন 'ই' এর অভাবে কোন কোন রোগের সৃষ্টি হয়?

উঃ গর্ভস্থ সন্তানের মৃত্যু, অসময়ে গর্ভপাত ও গর্ভস্রাব, দৃষ্টি ও ধমনীর কর্মক্ষমতা হ্রাস পাওয়া ইত্যাদি হয়ে থাকে।

১৬। কিসের অভাবে প্রজনন ক্ষমতা হ্রাস পায়?

উঃ ভিটামিন-ই এর অভাবে।

১৭। কিসের অভাবে অধিক রক্তক্ষরণ হয়?

উঃ ভিটামিন-কে এর অভাবে।

১৮। কিসের অভাবে পেলেগ্রা হয়?

উঃ ভিটামিন বি-৩।

১৯। কিসের অভাবে টিটেনি হয়?

উঃ ক্যালসিয়ামের অভাবে।

২০। কিসের অভাবে দাঁতের ক্ষয়রোগ হয়?

উঃ ফ্লুরাইডের অভাবে।

২১। কিসের অভাবে হাইপোগ্লাইসেমিয়া হয়?

উঃ রক্তের গ্লুকোজের অভাবে।

২.৪ জেনে নিন কোন রোগ কিসের মাধ্যমে ছড়ায়-

- ইবোলা ভাইরাস - শূকর
- জিকা ভাইরাস - এডিস ইজিপ্টি নামের মশার কামড়ে।
- চিকুনগুনিয়া- এডিস মশা
- ডেঙ্গু জ্বর - এডিস ইজিপ্টি মশা (ফ্লাডি ভাইরাস)
- অ্যানথ্রাক্স (জীবাণু অস্ত্র) - গরু
- ফাইলেরিয়া/গোঁদরোগ - কিউলেব্র মশা
- ম্যালেরিয়া - অ্যানোফিলিস মশা
- বার্ড ফ্লু - মুরগিসহ অন্যান্য পাখি
- নিপাহ ভাইরাস - বাদুড়
- জলাতঙ্ক - কুকুর, বিড়াল
- সোয়াইন ফ্লু - শূকর

২.৫ ব্যাক্টেরিয়া দ্বারা সৃষ্ট বিভিন্ন প্রকার রোগ

☞ মনে রাখার স্পেশাল টেকনিক: নিউ মার্কেটের ডিপ কলে কোট টাই ধুইলে আমার যক্ষ্মা, কাশি হবে।

- ☞ এবার মিলিয়ে নিন-
 - ☞ নিউমার্কেটের - নিউমোনিয়া
 - ☞ ডিপ - ডিপথেরিয়া
 - ☞ কলে - কলেরা
 - ☞ কোট - কুষ্ঠ রোগ
 - ☞ টাই- টাইফয়েড
 - ☞ ধুইলে - ধনুষ্টংকার
 - ☞ আমার - আমাশয়
 - ☞ যক্ষ্মা - যক্ষ্মা
 - ☞ কাশি- হুপিংকাশি

২.৬ ভাইরাস দ্বারা সৃষ্ট রোগ

☞ মনে রাখার স্পেশাল টেকনিক: হায়! হায়! দেশে বসন্ত এলো ভাইকে ইনফ্লুয়েঞ্জা জ্বরে পেল।

- ☞ এবার মিলিয়ে নিন-
 - ☞ হায় = হাম
 - ☞ হায় = হার্পিস
 - ☞ দেশে = ডেঙ্গু
 - ☞ বসন্ত = বসন্ত
 - ☞ এল = এইডস
 - ☞ ভাইকে = ভাইরাস হেপাটাইটিস
 - ☞ ইনফ্লুয়েঞ্জা = ইনফ্লুয়েঞ্জা
 - ☞ জ্বরে = জ্বর
 - ☞ পেল = পোলিও।

বিশেষভাবে মনে রাখতে হবে, HIV(AIDS) একটি ভাইরাসজনিত রোগ।

২.৭ টেকনিকে মনে রাখুন ভিটামিনের নাম

- পানিতে দ্রবণীয় Vitamin-B এবং Vitamin-C (বাচ্চা (বা-B, চ্যা-C) পোলাপান পানিতে সহজে ডুবে যায়! অথবা মনে রাখতে পারেন ভিসি পানিতে ডুবে মারা গেছে।)
- পানিতে অদ্রবণীয় ভিটামিন- ADEK (ভিটামিন-এ, ডি, ই, কে)
- তেল/স্নেহ পদার্থে দ্রবণীয় ভিটামিন- ADEK (ভিটামিন-এ, ডি, ই, কে)
- যকৃতে জমা থাকে ভিটামিন- ADEK (ভিটামিন-এ, ডি, ই, কে)
- ডিম ও দুধে ভিটামিন 'সি' থাকে না।
- বৃষ্টির পানি, চা, কফিতে 'ভিটামিন-বি কমপ্লেক্স' থাকে। [সবসময় বৃষ্টির পানি পাওয়া, চা-কফি বানানো জটিল বা কমপ্লেক্স বিষয় নয় কি?]
- মাছের তেল, ডিমের কুসুম, মাখনে Vitamin-D থাকে।
- সূর্যের আলো Vitamin-D উৎপাদনে সহায়তা করে।

২.৮ বিভিন্ন ভিটামিনের নাম ও তাদের অভাবে কী কী রোগ হয়-

- ☞ ভিটামিন A: ভিটামিন A এর অভাবে রাতকানা হয়, দেহের বৃদ্ধি ব্যাহত হয়, ত্বক খসখসে হয়, স্নায়ুতন্ত্রের ক্ষতি হয়।
- ☞ ভিটামিন B₁: ভিটামিন B₁ এর অভাবে বেরিবেরি রোগ হয়, হাত পা ফুলে যায়, ক্ষুধা মন্দা, স্নায়ু দুর্বল, দেহের সার্বিক বৃদ্ধি ব্যাহত হয়।
- ☞ ভিটামিন B₂: ভিটামিন B₂ এর অভাবে মুখে, জিহ্বায় ও ঠোঁটের কোণে ঘা হয়। চুল উঠতে থাকে।
- ☞ ভিটামিন B₁₂: ভিটামিন B₁₂ এর অভাবে রক্তশূন্যতা হয়, বৃদ্ধি ব্যাহত হয় ও আন্ত্রিক শোষণে ব্যাঘাত ঘটে।
- ☞ ভিটামিন C: ভিটামিন C এর অভাবে দাঁতের গোঁড়া ফুলে উঠে, দাঁত থেকে রক্ত পড়ে বা দাঁত পুঁজ জমে, সহজে সর্দি-কাশি হয় এবং এর অভাবে স্কার্ভি রোগ হয়।
- ☞ ভিটামিন D: ভিটামিন D এর অভাবে শিশুদের রিকেটস রোগ হয়। এই ভিটামিনের অভাবে অস্থি ও দাঁতের বিকৃতি ঘটে।
- ☞ ভিটামিন E: ভিটামিন E এর অভাবে বন্ধ্যাত্ব ও জনন অঙ্গের বৃদ্ধি ব্যাহত হয়।
- ☞ ভিটামিন K: ভিটামিন K এর অভাবে রক্ত জমাট বাঁধে না। ফলে কাটা স্থান বা ক্ষত থেকে ক্রমাগত রক্তক্ষরণ হতে থাকে।
- বিভিন্ন ফলমূলে কী এসিড থাকে তা বিভিন্ন পরীক্ষায় বহুবার এসেছে আর বহু বার আসবেও। গুছিয়ে পড়লে মনে থাকবে বেশি দিন। তাই নিচে গুছিয়ে দেয়া হয়েছে-

২.৯ জেনে নিন কোন খাদ্যে কোন এসিড থাকে-

খাদ্যের নাম	এসিডের নাম
তেঁতুল	টারটারিক এসিড।
টমেটো	অক্সালিক এসিড।
আঙ্গুর	সাইট্রিক এসিড।
কলা	ম্যালিক এসিড ও সাইট্রিক এসিড।
লেবু	সাইট্রিক এসিড।
দুধ	ল্যাক্টিক এসিড।
কমলালেবু	সাইট্রিক এসিড।
সিরকা	এসিটিক এসিড।
আনারস	ম্যালিক এসিড।
আমলকি	এসকরবিক এসিড।
আপেল	ম্যালিক এসিড।
কচুশাক	লৌহ।
গাজর	ম্যালিক এসিড।
ডাব	পটাশিয়াম।

৩. পরিবেশ বিজ্ঞান সংশ্লিষ্ট কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২

কলেজ পর্যায়

১. SMOG হচ্ছে- (১৬তম কলেজ নিবন্ধন-২০১৯)
ক. সিগারেটের ধোয়া খ. কুয়াশা
গ. কালোধোয়া ঘ. দূষিত বাতাস উ. ঘ
২. ওজোনস্তর ক্ষয়ের জন্য দায়ী কোনটি? (১৩তম কলেজ নিবন্ধন-২০১৬)
ক. CO₂ খ. SO₂
গ. CO ঘ. CFC উ. ঘ
৩. সূর্য হতে পৃথিবীতে আলো এসে পৌছাতে সময় লাগে প্রায়- (১৩তম কলেজ নিবন্ধন-২০১৬)
ক. ৭ মিনিট খ. ৮ মিনিট
গ. ৯ মিনিট ঘ. ১০ মিনিট উ. খ
৪. বায়ু দূষণের জন্য প্রধানত দায়ী- (১৩তম কলেজ নিবন্ধন-২০১৬)
ক. অক্সিজেন খ. নাইট্রোজেন
গ. কার্বন মনোক্সাইড ঘ. কার্বন ডাইঅক্সাইড উ. ঘ
৫. সমুদ্র বায়ু কখন প্রবল বেগে প্রবাহিত হয়? (১১তম কলেজ নিবন্ধন-২০১৪)
ক. শেষরাতে খ. মধ্যাহ্নে
গ. অপরাহ্নে ঘ. সবসময় উ. গ
৬. পৃথিবীকে সমান দুই অংশে ভাগ করেছে কোন রেখা? (১০ম কলেজ নিবন্ধন-২০১৪)
ক. সমান্তর রেখা খ. নিরক্ষরেখা
গ. মেরুরেখা ঘ. দ্রাঘিমা রেখা উ. খ
৭. কোন তারিখে উত্তর গোলার্ধে দিন সবচাইতে বড় এবং রাত সবচাইতে ছোট হয়? (৯ম কলেজ নিবন্ধন-২০১৩)
ক. ২১ মার্চ খ. ২১ জুন
গ. ২৩ জুলাই ঘ. ২১ সেপ্টেম্বর উ. খ
৮. শ্বেত বামন (White Dwarf) কি? (৮ম কলেজ নিবন্ধন-২০১২)
ক. ইউরোপের একটি উপজাতি
খ. একটি উপন্যাস
গ. একটি পাহাড়ের নাম
ঘ. মৃত তারা উ. ঘ
৯. শান্ত সাগর কোথায় অবস্থিত? (৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০)
ক. বুধগ্রহ খ. পৃথিবীতে
গ. চাঁদে ঘ. শনিগ্রহে উ. গ

স্কুল পর্যায়

১. প্রাকৃতিক সবচেয়ে বেশি পাওয়া যায় কোন ধাতু? (১৬তম স্কুল নিবন্ধন ২০১৯)
ক. পোহা খ. দস্তা
গ. পটাশিয়াম ঘ. অ্যালুমিনিয়াম উ. ঘ

২. বায়ুমণ্ডলে কোন গ্যাস সর্বাধিক পরিমাণে পাওয়া যায়? (১২ম স্কুল নিবন্ধন ২০১৯)
ক. অক্সিজেন খ. কার্বন ডাই অক্সাইড
গ. নাইট্রোজেন ঘ. হাইড্রোজেন উ. গ
৩. মাল গ্রহ কাকে বলা হয়? (১৩তম স্কুল নিবন্ধন ২০১৬)
ক. মঙ্গল গ্রহ খ. বুধ গ্রহ
গ. বৃহস্পতি গ্রহ ঘ. শনি গ্রহ উ. ক
৪. কোনো দেশের ভারসাম্য রক্ষার জন্য সেই দেশের কতজন বনভূমি থাকা প্রয়োজন? (১২তম স্কুল নিবন্ধন ২০১৫)
ক. শতকরা ২০ ভাগ খ. শতকরা ২৫ ভাগ
গ. শতকরা ৩০ ভাগ ঘ. শতকরা ৩৫ ভাগ উ. ক
৫. নিচের কোনটি জীবাশ্ম জ্বালানি নয়? (১১তম স্কুল নিবন্ধন ২০১৪)
ক. পেট্রোল খ. কয়লা
গ. প্রাকৃতিক গ্যাস ঘ. বায়োগ্যাস উ. ক
৬. কোন গ্যাস ওজোনস্তর ক্ষয়ের জন্য দায়ী? (১০ম স্কুল নিবন্ধন ২০১৪)
ক. CO₂ খ. CH₄
গ. CFC ঘ. N₂ উ. গ
৭. কোনো দেশের পরিবেশ রক্ষার জন্য মোট ভূমির শতকরা কত ভাগ বনভূমি থাকা প্রয়োজন? (৯ম স্কুল নিবন্ধন ২০১৩)
ক. ২৫ খ. ৩০
গ. ৩৫ ঘ. ৪০ উ. ক
৮. পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধির জন্য দায়ী কোনটি? (৯ম স্কুল নিবন্ধন ২০১২)
ক. নাইট্রোজেন খ. মিথেন
গ. কার্বন ডাই অক্সাইড ঘ. নাইট্রাস গ্যাস উ. গ
৯. কত বছর পর পর হ্যালির ধূমকেতু দেখা যায়? (৮ম স্কুল নিবন্ধন ২০১২)
ক. ৫৬ বছর খ. ৬৫ বছর
গ. ৭৬ বছর ঘ. ৮৫ বছর উ. গ
১০. Meteorology কী সম্বন্ধীয় বিজ্ঞান? (৮ম স্কুল নিবন্ধন ২০১২)
ক. বিয় সম্পর্কিত বিদ্যা
খ. উদ্যান বিষয়ক বিজ্ঞান
গ. পরিবেশের সাথে জীবের সম্পর্ক সম্বন্ধীয় বিজ্ঞান
ঘ. আবহাওয়া ও জলবায়ু সম্বন্ধীয় বিজ্ঞান উ. ঘ
১১. ভূপৃষ্ঠের সৌরদীপ্ত ও অন্ধকারাচ্ছন্ন অংশের সংযোগস্থলকে বলে- (৮ম স্কুল নিবন্ধন ২০১২)
ক. উষা খ. গোম্বলি
গ. গুরুবৃত্ত ঘ. ছায়াবৃত্ত উ. ঘ
১২. গ্রিনহাউজ প্রভাব সৃষ্টির জন্য বিভিন্ন গ্রিন হাউজ গ্যাসগুলোর মধ্যে কোনটি অন্যতম?
ক. নাইট্রাস অক্সাইড খ. সি. এফ. সি
গ. মিথেন ঘ. কার্বন ডাই-অক্সাইড উ. ঘ


১৩. মহাশূন্য থেকে পৃথিবীতে আগত রশ্মির কণাকে কী বলে?
 বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০।
- ক. আলফা রশ্মি খ. বিটা রশ্মি
 গ. কস্মিক রশ্মি ঘ. গামা রশ্মি উ. গ

স্কুল পর্যায়-২

১. সবচেয়ে বড় দিন কোনটি? (১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬)
- ক. ২২ ডিসেম্বর খ. ২১ মার্চ
 গ. ২৩ সেপ্টেম্বর ঘ. ২১ জুন উ. ঘ
২. কোনটি মিন হাউজ গ্যাস নয়? (১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪)
- ক. নাইট্রাস অক্সাইড খ. কার্বন ডাই-অক্সাইড
 গ. ক্লোরোফ্লোরো কার্বন ঘ. নাইট্রোজেন উ. ঘ
৩. বায়ুমণ্ডল অক্সিজেনের পরিমাণ কত? (১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪)
- ক. ২০.০১% খ. ২১.০১%
 গ. ২০.৭১% ঘ. ২১.৭১% উ. গ

৩.১ বায়ুমণ্ডল

- ▶ বায়ুমণ্ডল বলতে কী বোঝায়?
 উত্তর: ভূ-পৃষ্ঠের চারপাশে বেষ্টিত করে যে বায়ুর আবরণ আছে, তাকে বায়ুমণ্ডল বলে।
- ▶ বায়ুমণ্ডলের বয়স কত?
 উত্তর: প্রায় ৩৫ কোটি বছর।
- ▶ বায়ুমণ্ডলের গভীরতা কত?
 উত্তর: বায়ুমণ্ডলের গভীরতা প্রায় ১০,০০০ কিলোমিটার। তবে বায়ুমণ্ডলের প্রায় ৯৭% ভূপৃষ্ঠ থেকে ৩০ কিলোমিটার এর মধ্য সীমাবদ্ধ।
- ▶ বায়ুর ঘনত্ব কোথায় সবচেয়ে বেশি?
 উত্তর: বায়ুর চাপের কারণে সমুদ্রপৃষ্ঠে বায়ুর ঘনত্ব সবচেয়ে বেশি এবং ওপরের দিকে ঘনত্ব খুবই কম।
- ▶ বায়ুমণ্ডল ভূপৃষ্ঠের সঙ্গে লেপ্টে থাকে কেন?
 উত্তর: পৃথিবীর মাধ্যাকর্ষণ শক্তির জন্য।
- ▶ বায়ুমণ্ডলের স্তর কয়টি ও কী কী?
 উত্তর: বায়ুমণ্ডল যে সমস্ত উপাদানে গঠিত তাদের বৈশিষ্ট্যের ভিত্তিতে ভূপৃষ্ঠ থেকে ওপরের দিকে একে ৫টি স্তরে ভাগ করা হয়। যথা:
 ১. ট্রোপোমণ্ডল (Troposphere)
 ২. স্ট্রাটোমণ্ডল (Stratosphere)
 ৩. মেসোমণ্ডল (Mesosphere)
 ৪. তাপমণ্ডল (Thermosphere)
 ৫. এক্সোমণ্ডল (Exosphere)



চিত্র : বায়ুমণ্ডলের স্তরবিভাগ

[তথ্যসূত্র: ভূগোল ও পরিবেশ, নবম-দশম শ্রেণি, পৃ.৭০]

- ▶ ট্রোপোমণ্ডল কী এবং এর গভীরতা কত?
 উত্তর: ভূ-পৃষ্ঠের নিকটতম বায়ুস্তরকে বলে ট্রোপোমণ্ডল। মেঘ, বৃষ্টিপাত, বজ্রপাত, বায়ুপ্রবাহ, ঝড়, তুষারপাত, শিশির, কুয়াশা সবকিছু এই স্তরে সৃষ্টি হয়। এ স্তরের গভীরতা মেরু এলাকায় ৮ কিলোমিটার এবং নিরক্ষীয় এলাকায় ১৬ থেকে ১৯ কিলোমিটার।
- ▶ আবহাওয়া ও জলবায়ুজনিত যাবতীয় প্রক্রিয়ার বেশির ভাগ বায়ুমণ্ডলের কোন স্তরে ঘটে?
 উত্তর: ট্রোপোমণ্ডলে।
- ▶ স্ট্রাটোমণ্ডল কী?
 উত্তর: বায়ুমণ্ডলের দ্বিতীয় স্তরটির নাম স্ট্রাটোমণ্ডল যা ওপরের দিকে প্রায় ৫০ কিলোমিটার পর্যন্ত বিস্তৃত।
- ▶ ওজন (O_3) স্তর বায়ুমণ্ডলের কোন স্তরে অবস্থিত?
 উত্তর: স্ট্রাটোমণ্ডলে।
- ▶ মেসোমণ্ডল কী?
 উত্তর: স্ট্রাটোবিরতির ওপরের স্তর থেকে প্রায় ৮০ কিলোমিটার পর্যন্ত বিস্তৃত অংশকে মেসোমণ্ডল বলে।
- ▶ তাপমণ্ডল কী?
 উত্তর: মেসোবিরতির উপরে প্রায় ৫০০ কিলোমিটার পর্যন্ত বিস্তৃত বায়ুস্তরকে তাপমণ্ডল বলে। এই মণ্ডলে বায়ুস্তর অত্যন্ত হালকা ও চাপ ক্ষীণ। তাপমণ্ডলের নিম্ন অংশকে আয়নমণ্ডল (Ionosphere) বলে।
- ▶ বেতার তরঙ্গ কোথায় প্রতিফলিত হয়?
 উত্তর: আয়নোমণ্ডলে।
- ▶ বায়ুমণ্ডলের কোন স্তরে উচ্চ ও কস্মিক কণার সন্ধান পাওয়া গিয়েছে?
 উত্তর: আয়নোমণ্ডলের উর্ধ্বস্তরে।
- ▶ এক্সোমণ্ডল কী?
 উত্তর: তাপমণ্ডলের উপরে প্রায় ৯৬০ কিলোমিটার পর্যন্ত যে বায়ুস্তর আছে তাকে এক্সোমণ্ডল বলে। এই স্তরে হিলিয়াম ও হাইড্রোজেন গ্যাসের প্রাধান্য দেখা যায়।

▶ বায়ুর উপাদানগুলো কী কী?

উত্তর: বায়ুমণ্ডলের উপাদানগুলোকে মূলত ৩টি ভাগে ভাগ করা যায়। যথা:

ক) গ্যাসীয় উপাদান:

নাইট্রোজেন (N ₂)	৭৮.০২%
অক্সিজেন (O ₂)	২০.৭১%
কার্বন ডাই অক্সাইড (CO ₂)	০.০৩%
ওজোন (O ₃)	০.০০০১%
আরগন (Ar)	০.৮০%
নিয়ন (Ne)	০.০০১৮%
হিলিয়াম (He)	০.০০০৫%
ক্রিপটন (Kr)	০.০০০১২%
জেনন (Xe)	০.০০০০৯%
হাইড্রোজেন (H ₂ O)	০.০০০০৫%
নাইট্রাস অক্সাইড (N ₂ O)	০.০০০০৫%
মিথেন (CH ₄)	০.০০০০২%

(বি.দ্র: আমাদের মনে রাখতে হবে যে, কার্বন, রেডন, ফসফরাস বায়ুমণ্ডলের উপাদান নয়।)

খ) জলীয় বাষ্প গ) ধূলিকণা

▶ কৃত্রিম উপগ্রহ বায়ুমণ্ডলের কোন স্তরে স্থাপন করা হয়?

উত্তর: তাপমণ্ডলে।

▶ রকেট বায়ুমণ্ডলের কোন স্তরে দিয়ে চলাচল করে?

উত্তর: তাপমণ্ডল। তবে উড়োজাহাজ চলাচল করে স্ট্রাটোস্ফিয়ার দিয়ে।

▶ বায়ু দূষণকারী পদার্থগুলো প্রধানত বায়ুমণ্ডলের কোন স্তরে অবস্থান করে?

উত্তর: ট্রোপোস্ফিয়ারে অর্থাৎ বায়ুমণ্ডলের প্রথম স্তরে, যা ভূ-পৃষ্ঠের সবচেয়ে নিকটবর্তী।

▶ পৃথিবীর আবহাওয়া গঠনকারী বেশিরভাগ ঘটনা বায়ুমণ্ডলের কোন স্তরে ঘটে থাকে?

উত্তর: ট্রোপোস্ফিয়ারে অর্থাৎ বায়ুমণ্ডলের প্রথম স্তরে, যা ভূ-পৃষ্ঠের সবচেয়ে নিকটবর্তী।

▶ বায়ুমণ্ডলের কোন গ্যাস সূর্যের অতিবেগুনী রশ্মি পৃথিবীতে আসতে বাধা দেয়?

উত্তর: ওজোন

[বি.দ্র: বায়ুমণ্ডল, জলবায়ু ও পরিবেশ বিষয়ে বিস্তারিত দেখুন এই বইয়ের ভূগোল, পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা অংশে।]

৩.২ গ্রিন হাউজ গ্যাস

প্রশ্ন। 'গ্রিন হাউজ' বলতে কী বোঝায়?

উত্তর: কাঁচের ঘরকে বোঝায়। শীত প্রধান দেশে তীব্র ঠান্ডা থেকে উদ্ভিদকে রক্ষা করতে এই কাঁচের ঘরে চারা লাগানো হয়।

প্রশ্ন। যে সকল গ্যাস গ্রিন হাউজ প্রতিক্রিয়ার জন্য দায়ী, তাদের বস-
উত্তর: গ্রিন হাউজ গ্যাস।

প্রশ্ন। গ্রিন হাউজ কয়টি ও কী কী?

উত্তর: গ্রিন হাউজ গ্যাস মোট ৬টি। যথা: CO₂, CH₄, CFC, O₃, N₂O, H₂O।

১। কার্বন ডাই-অক্সাইড (CO₂) = প্রায় ৪৯%।

২। মিথেন (CH₄) = প্রায় ১৯%।

৩। CFC (ক্লোরোফ্লোরোকার্বন) = প্রায় ১৭%।

৪। ওজোন (O₃) = প্রায় ৮%।

৫। নাইট্রাস অক্সাইড (N₂O) = প্রায় ৪%।

৬। জলীয় বাষ্প (H₂O) = প্রায় ২%।

প্রশ্ন। প্রধান দুটি গ্রিন হাউজ গ্যাস কী কী?

উত্তর: কার্বন ডাই-অক্সাইড ও মিথেন। (মনে রাখতে হবে, পৃথিবীর উষ্ণতার জন্য দায়ী- কার্বন ডাই অক্সাইড। কিন্তু ওজোন স্তর ক্ষয়ের জন্য/ফাঁটলে জন্য দায়ী- CFC)।

প্রশ্ন। গ্রিন হাউজ ইফেক্টের জন্য প্রধানত দায়ী কোন গ্যাস?

উত্তর: কার্বন ডাই-অক্সাইড।

প্রশ্ন। সিএফসি গ্যাস কত বছর পর্যন্ত সক্রিয় থাকে

উত্তর: ৮০ বছর-১৭০ বছর।

প্রশ্ন। কোন গ্যাস সূর্য থেকে আগত ক্ষতিকর অতি বেগুনী রশ্মি শোষণ করে?

উত্তর: ওজোন।

☞ গ্রিন হাউজ প্রতিক্রিয়া অস্তিত্বের পক্ষে সর্বপ্রথম জোসেফ ফুরিয়ার যুক্তি পেশ করেন।

☞ স্যাভান্তে আরহেনিয়াস ১৮৯৬ সালে এটি সম্পূর্ণভাবে বিস্তারিতভাবে গ্রিন হাউজ গ্যাসের অস্তিত্ব প্রমাণ করেন এবং তিনি ১৮৯৬ সালে সর্বপ্রথম "Green House" শব্দটি ব্যবহার করেন।

☞ গ্রিন হাউজ প্রতিক্রিয়ার সৃষ্টির জন্য মেঘ হচ্ছে প্রধান অগ্যাসীয় উপাদান যা অবলোহিত রশ্মি শোষণ ও নির্গত করে।

☞ সৌরজগতে পৃথিবী ছাড়াও শুক্র গ্রহে ও টাইটান উপগ্রহে (শনির উপগ্রহ) এই গ্রিন হাউজ প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়। যার মধ্যে শুক্রতে সবচেয়ে বেশি পরিলক্ষিত হয়। কারণ শুক্রের বায়ুমণ্ডল কার্বন ডাই-অক্সাইড দ্বারা গঠিত।

☞ 'Green Climate Fund' গঠন করা হয় ২০১০ সালে। এটি ২০০৯ সালের কোপেনহেগেনের COP-15 সম্মেলনের মাধ্যমে গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪. তথ্য, যোগাযোগ ও প্রযুক্তি [কলেজ, স্কুল ও স্কুল পর্যায়-২]

প্রথমে এক নজরে দেখে নেওয়া যাক বিগত কলেজ পর্যায়, স্কুল পর্যায় ও স্কুল পর্যায়-২ নিবন্ধন পরীক্ষায় তথ্য, যোগাযোগ ও প্রযুক্তি বিষয়ে কী ধরনের প্রশ্ন এসেছে-

কলেজ পর্যায়

১. প্রোগ্রাম থেকে কপি করা ডেটা কোথায় সংরক্ষিত থাকে? (১৭তম কলেজ নিবন্ধন-২০২২)

ক. হার্ডডিস্ক	খ. RAM	
গ. ক্রিপবোর্ড	ঘ. ROM	উ. গ
২. বাংলাদেশের প্রথম ইন্টারনেট সার্চ ইঞ্জিন কোনটি? (১৬তম কলেজ নিবন্ধন-২০১৯)

ক. পিপীলিকা	খ. দোয়েল	
গ. পদ্মা	ঘ. অনুসন্ধান	উ. ক
৩. কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদান প্রযুক্তিকে কী বলা হয়? (১৫তম কলেজ নিবন্ধন-২০১৯)

ক. ইন্টারকম	খ. ইন্টারনেট	
গ. ই-মেইল	ঘ. ইন্টারস্পীড	উ. খ
৪. কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদান প্রযুক্তিকে কী বলা হয়? (১৪তম কলেজ নিবন্ধন-২০১৭)

ক. ইন্টারকম	খ. ইন্টারনেট	
গ. ই-মেইল	ঘ. ইন্টারস্পীড	উ. খ
৫. ফেসবুক প্রতিষ্ঠা করা হয় কত সালে? (১৩তম কলেজ নিবন্ধন-২০১৬)

ক. ২০০০	খ. ২০০৩	
গ. ২০০৪	ঘ. ২০০৫	উ. গ
৬. কম্পিউটারের মূল মেমোরি তৈরি হয় কি দিয়ে? (১২তম কলেজ নিবন্ধন-২০১৫)

ক. আয়রন	খ. সিলিকন	
গ. কার্বন	ঘ. অ্যালুমিনিয়াম	উ. খ
৭. নিচের কোন বিষয়টির সাথে কম্পিউটার সম্পৃক্ত? (১১তম কলেজ নিবন্ধন-২০১৪)

ক. ফ্যান্স	খ. ই-মেইল	
গ. টেলিফোন	ঘ. টেলিভিশন	উ. খ
৮. বাংলাদেশের প্রথম 'সার্চ ইঞ্জিন'- (১০ম কলেজ নিবন্ধন-২০১৪)

ক. পিপীলিকা	খ. ফড়িং	
গ. মৌমাছি	ঘ. দোয়েল	উ. ক
৯. নিম্নের কোনটি দিয়ে কম্পিউটার কমান্ড বা নির্দেশ দেয়? (১০ম কলেজ নিবন্ধন-২০১৪)

ক. সিপিইউ	খ. কী বোর্ড	
গ. প্রিন্টার	ঘ. মনিটর	উ. খ

১০. UNIX কি? (৯ম কলেজ নিবন্ধন-২০১৩)

ক. এক ধরনের সফটওয়্যার	
খ. একটি অপারেটিং সিস্টেম	
গ. একটি গ্রাফিক্স প্রোগ্রাম	
ঘ. এক ধরনের প্যাকেজ প্রোগ্রাম	উ. খ
১১. প্রথম কম্পিউটার প্রোগ্রামার কে? (৮ম কলেজ নিবন্ধন-২০১২)

ক. চার্লস ব্যাবেজ	খ. বিল গেটস
গ. অ্যাডা আগাস্টা	ঘ. কেউ নয়
	উ. গ
১২. ইন্টারনেটের জনক কে? (৭ম কলেজ নিবন্ধন-২০১১)

ক. Charles Babej	খ. Vinton Gray Cerf
গ. Vinton Gray	ঘ. Bill Gates
	উ. খ
১৩. টুইটার কী? (৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০)

ক. এক প্রকার সামাজিক নেটওয়ার্কিং	
খ. এক প্রকার সফটওয়্যার	
গ. এক প্রকার কম্পিউটার প্রোগ্রাম	
ঘ. এক প্রকার কম্পিউটার ভাইরাস	উ. ক
১৪. নিচের কোনটি বাংলা লেখার সফটওয়্যার? (৬ষ্ঠ কলেজ নিবন্ধন-২০১০)

ক. বিজয়	খ. সুলেখা
গ. সুতনী	ঘ. রূপসা
	উ. ক

স্কুল পর্যায়

১. দৃষ্টিহীনদের জন্য আবিষ্কৃত বাংলায় প্রথম সফটওয়্যার এর নাম কী? (১৭তম স্কুল নিবন্ধন ২০২২)

ক. আইলিপ	খ. আইসাইট
গ. আইডট	ঘ. আইলাইট
	উ. খ
২. বৈদ্যুতিক সংযোগ বিচ্ছিন্ন হয়ে গেলে কোন মেমোরি থেকে তথ্য চলে যায়? (১৭তম স্কুল নিবন্ধন ২০২২)

ক. ROM	খ. Secondary storage
গ. RAM	ঘ. কোনোটিই নয়
	উ. গ
৩. GIS-এর পূর্ণরূপ কোনটি? (১৭তম স্কুল নিবন্ধন ২০২২)

ক. Geographic Information System	
খ. Geological information System	
গ. Geographic Integrated System	
ঘ. Geological Integrated System	উ. ক
৪. SMS এর পূর্ণরূপ কী? (১৬তম স্কুল নিবন্ধন ২০১৯)

ক. Short Message Service	
খ. Short Mail Service	
গ. Simple Message Service	
ঘ. Simple Mail Service	উ. ক

৫. কম্পিউটারের স্থায়ী স্মৃতিশক্তি কোনটি? (১৫তম স্কুল নিবন্ধন ২০১৯)
ক. RAM খ. ROM
গ. হার্ডডিস্ক ঘ. অপারেটিং সিস্টেম উ. খ
৬. স্ক্যানার কী ধরনের ডিভাইস? (১৪তম স্কুল নিবন্ধন ২০১৭)
ক. ইনপুট খ. মেমোরি
গ. আউটপুট ঘ. প্রসেসিং উ. ক
৭. সুইফট কোডের সংখ্যা কত? (১০তম স্কুল নিবন্ধন ২০১৬)
ক. ৬ খ. ৮
গ. ১০ ঘ. ১২ উ. খ
৮. HTML এর পূর্ণরূপ কী? (১০তম স্কুল নিবন্ধন ২০১৬)
ক. High Time Made up Language
খ. Hyper Test Multi Language
গ. Hyper Text Markup Language
ঘ. High Teller Maximum Language উ. গ
৯. http-এর সংক্ষিপ্ত রূপ কোনটি? (১১তম স্কুল নিবন্ধন ২০১৪)
ক. Hyper Text Transfer Protocol
খ. High Test Termination Procedure
গ. Harvard Teletext Proof
ঘ. Highest Times Technical Professional উ. ক
১০. ROM-এর পূর্ণ অর্থ কী? (১০ম স্কুল নিবন্ধন ২০১৪)
ক. Random Only Memory
খ. Read Only Memory
গ. Radio Only Memory
ঘ. Ranging One Memory উ. খ
১১. গোলক ভরাট করা খাতা পড়তে পারে কোন ইনপুট ডিভাইস?
(৮ম স্কুল নিবন্ধন ২০১২)
ক. বারকোড বিডার খ. স্ক্যানার
গ. ও এম আর ঘ. ওয়েব ক্যাম উ. গ
১২. ইন্টারনেট কত সালে শুরু হয়? (৮ম স্কুল নিবন্ধন ২০১২)
ক. ১৯৫৯ সালে খ. ১৯৬৯ সালে
গ. ১৯৭৯ সালে ঘ. ১৯৮৯ সালে উ. খ
১৩. ল্যাপটপ কি? (৮ম স্কুল নিবন্ধন ২০১২)
ক. ছোট কুকুর খ. পর্বতারোহণ সামগ্রী
গ. বাদ্যযন্ত্র ঘ. ছোট কম্পিউটার উ. ঘ
১৪. ১ মেগাবাইট = কত কিলোবাইট? (৭ম স্কুল নিবন্ধন ২০১১)
ক. ১০০০ খ. ৫১২
গ. ১০২৬ ঘ. ১০২৪ উ. ঘ
১৫. কম্পিউটারের মস্তিষ্ক বলা হয় কোন অংশকে? (৬ষ্ঠ স্কুল নিবন্ধন ২০১০)
ক. সিপিইউ (CPU) খ. মনিটর
গ. কীবোর্ড ঘ. মাউস উ. ক

১৬. ই-কমার্স কী? (বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০)

ক. নতুন বাজারজাতকরণ পদ্ধতি খ. পরিবহণ ব্যবস্থা
গ. প্রেষণাদানের নতুন পদ্ধতি ঘ. বাণিজ্যিক ব্যাংকিং উ. ক

১৭. কম্পিউটারে কাজের গতি কী দ্বারা প্রকাশ করা হয়? (বিশেষ শিক্ষক নিবন্ধন-২০১০)

ক. মিনিট খ. ন্যানো সেকেন্ড
গ. সেকেন্ড ঘ. ঘণ্টা উ. খ

স্কুল পর্যায়-২

১. WIMAX-এর পূর্ণ কী? (১৫তম স্কুল-২ নিবন্ধন ২০১৯)
ক. Worldwide Interoperability for Microwave Access
খ. Worldwide Internet for Microwave Access
গ. Worldwide Interconnection for Microwave Access
ঘ. কোনোটিই নয় উ. ক
২. কম্পিউটারের স্থায়ী স্মৃতিকে বলে- (১৪তম স্কুল-২ নিবন্ধন ২০১৭)
ক. ROM খ. RAM
গ. Hard Disc ঘ. Compact Disc উ. ক
৩. কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদানের প্রযুক্তিকে কী বলা হয়? (১৩তম স্কুল-২ নিবন্ধন ২০১৬)
ক. ই-মেইল খ. ইন্টারকম
গ. ইন্টারনেট ঘ. টেলিগ্রাম উ. গ
৪. সামাজিক যোগাযোগ মাধ্যম 'ফেসবুক' এর প্রতিষ্ঠাতা কে? (১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫)
ক. স্টিফেন হকিংস খ. মার্ক জুকারবার্গ
গ. মার্টিন কুপার ঘ. আলেকজান্ডার উ. খ
৫. Mouse (মাউস) একটি- (১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫)
ক. Software খ. Output device
গ. Input device ঘ. Input output device উ. গ
৬. VDU এর পূর্ণরূপ হচ্ছে- (১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫)
ক. Video Display Unit খ. Video Device Unit
গ. Visual Display Unit ঘ. Visual Device Unit উ. গ
৭. সিরিয়াল পোর্ট মাউসে পিন থাকে- (১২তম স্কুল-২ নিবন্ধন ২০১৫)
ক. ৯টি খ. ১০টি
গ. ১১টি ঘ. ১২টি উ. ক
৮. গুগল কী? (১১তম স্কুল-২ নিবন্ধন ২০১৪)
ক. সার্চ ইঞ্জিন খ. সফটওয়্যার প্রতিষ্ঠান
গ. ওয়েব সাইট ঘ. হার্ডওয়্যার প্রতিষ্ঠান উ. ক
৯. সামাজিক যোগাযোগের মাধ্যম 'ফেসবুক' এর প্রতিষ্ঠাতা
হচ্ছেন- (১০ম স্কুল-২ নিবন্ধন ২০১৪)
ক. বিল গেটস খ. টিম বার্নার্স লি
গ. মার্ক জুকারবার্গ ঘ. এন্ডি গ্রোড উ. গ

8.1 কম্পিউটার

❏ **কম্পিউটার (Computer):** কম্পিউটার হলো এক প্রকার গণনাকারী যন্ত্র, যার সহজে হিসাব-নিকাশ, গণনা করা যায়। কম্পিউটারে পুনরাবৃত্তিমূলক কাজ করা সুবিধাজনক। তবে কম্পিউটারের কোনো বুদ্ধিমত্তা নেই, তাই কম্পিউটারে প্রদত্ত ইনপুট তথা ডেটার উপর এর আউটপুট তথা ফলাফল নির্ভর করে। এখানে উল্লেখ্য যে, বিশ্বের প্রথম গণনাযন্ত্রের নাম হলো 'অ্যাবাকাস'।

❏ কম্পিউটারের বৈশিষ্ট্য:

১. কম্পিউটার হলো এক প্রকার গণনাকারী তথা হিসাব-নিকাশকারী যন্ত্র
২. কম্পিউটারের কোনো বুদ্ধিমত্তা নেই
৩. কম্পিউটারের কোনো আবেগ-অনুভূতি নেই
৪. কম্পিউটার তার ইনপুটের উপর নির্ভর করে নির্ভুলভাবে হিসাব-নিকাশ করতে পারে
৫. কম্পিউটারে প্রদত্ত ইনপুট তথা ডেটার উপর এর আউটপুট তথা ফলাফল নির্ভর করে
৬. পুনরাবৃত্তিমূলক কাজ করার জন্য কম্পিউটার বেশি সুবিধাজনক
৭. কম্পিউটার মূলত হার্ডওয়্যার ও সফটওয়্যার - এই উপাদানের সমষ্টি।

❏ কম্পিউটার সংগঠন (Computer Architecture):

কম্পিউটারের সংগঠন বলতে বোঝায় কম্পিউটারের সাংগঠনিক কাঠামো এবং এর সাংগঠনিক উপাদান যেমন: সিপিইউ, মেমোরি, স্টোরেজ ইত্যাদির মধ্যকার আন্তঃসম্পর্ককে। এককথায়, কম্পিউটারের যন্ত্রাংশগুলোকে সঠিকভাবে স্থাপন করে যন্ত্রাংশগুলোর মধ্যে পারস্পরিক সংযোগ স্থাপনকেই কম্পিউটার সংগঠন বলে। কম্পিউটার সংগঠন প্রধানত দুই প্রকার। যথা:

- ১) হার্ডওয়্যার (Hardware)
- ২) সফটওয়্যার (Software)

❏ কম্পিউটার হার্ডওয়্যার (Computer Hardware):

কম্পিউটারের হার্ডওয়্যার বলতে বোঝায় কম্পিউটারের বিভিন্ন যন্ত্রাংশকে। কম্পিউটারের সাংগঠনিক কাঠামোর যে সকল যন্ত্রপাতি আমরা দেখতে পারি, স্পর্শ করতে পারি, যার বস্তুগত আয়তন আছে, তার সমষ্টিকেই কম্পিউটারের হার্ডওয়্যার বলে।

কম্পিউটার কাজ করে আই-পি-ও-এস (I-P-O-S Cycle) সাইকেলের মাধ্যমে। এটি প্রথমে তথ্য (Data) গ্রহণ করে বিভিন্ন ইনপুট ডিভাইসের মাধ্যমে। এরপর তথ্যের (Data) প্রক্রিয়াকরণ (Processing) করে সিপিইউ (Central Processing Unit) নামের সিস্টেম ডিভাইসের মাধ্যমে এবং ফলাফল প্রকাশ করে আউটপুট ডিভাইস (Output Device) এর মাধ্যমে। আর এই সমস্ত ডিভাইসগুলোকে বলে হার্ডওয়্যার।

মূলত হার্ডওয়্যার ছাড়া কম্পিউটারের সফটওয়্যার অচল ও অকার্যকর। হার্ডওয়্যারকে প্রাথমিক তিনভাগে ভাগ করা যায়-

অচল, এর কোন মূল্য নেই। কম্পিউটারের কম্পিউটার হার্ডওয়্যারকে প্রাথমিকভাবে তিন ভাগ করা যায়। যথা:

- ১। ইনপুট ডিভাইস
- ২। কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ ইউনিট (সিপিইউ)
- ৩। আউটপুট ডিভাইস

❏ **সফটওয়্যার (Software) :** কোনো সমস্যা সমাধান বা কার্য সম্পাদনের উদ্দেশ্যে কম্পিউটারের ভাষায় ধারাবাহিকভাবে লিখিত সুশৃঙ্খল নির্দেশনাবলির সমষ্টিকে প্রোগ্রাম বলে। প্রোগ্রাম বা প্রোগ্রাম সমষ্টি যা কম্পিউটারের হার্ডওয়্যার এবং ব্যবহারকারীর মধ্যে সম্পর্ক সৃষ্টির মাধ্যমে হার্ডওয়্যারকে কর্মক্ষম রাখে, তাকে সফটওয়্যার বলে। সফটওয়্যার এক অদৃশ্য শক্তি, যা ছাড়া কম্পিউটারের হার্ডওয়্যার অর্থহীন।

8.2 কম্পিউটারের স্মৃতি (Computer Memory)

❏ **কম্পিউটারের মেমোরি:** কম্পিউটার সিস্টেমে স্থায়ী বা অস্থায়ীভাবে ডেটা ও প্রোগ্রাম সংরক্ষণের জন্য ব্যবহৃত মাধ্যম বা ধারককে মেমোরি বলে। মেমোরির যে নির্দিষ্ট অবস্থানে ডেটা সংরক্ষিত হয় তাকে মেমোরি অ্যাড্রেস বলা হয় এবং প্রতিটি সুনির্দিষ্ট স্থানকে মেমোরি সেল বলা হয়। মেমোরি মূলত অর্ধ-পরিবাহী (Semi-conductor) তৈরি করা হয়।

❏ কম্পিউটারের মেমোরি প্রধানত ২ প্রকার। যথা-

১. প্রাইমারি মেমোরি (Primary Memory) বা প্রধান স্মৃতি। প্রাইমারি মেমোরি হলো RAM ও ROM।
২. সেকন্ডারি মেমোরি (Secondary Memory) বা সহায়ক স্মৃতি। সেকন্ডারি মেমোরি হলো হার্ড ডিস্ক, ফ্লাস ডিস্ক, ফ্লপি ডিস্ক, সিডি, ডিভিডি ইত্যাদি।

☉ প্রধান মেমোরি এবং প্রধান মেমোরির প্রকারভেদঃ

কম্পিউটারের যে স্মৃতি বা মেমোরি সরাসরি কেন্দ্রীয় প্রক্রিয়াকরণ অংশের সাথে যুক্ত থাকে এবং কোনো তথ্য বা নির্দেশকে গ্রহণমুখ যন্ত্রের সাহায্যে গ্রহণ করার পর প্রক্রিয়াকরণের জন্য সংরক্ষণ করে থাকে, তাইকে প্রধান মেমোরি বলে। অর্থাৎ, যে মেমোরি সিপিইউ-এর গাণিতিক যুক্তি অংশের সাথে সংযুক্ত, তাকে প্রধান মেমোরি (Main Memory) বলে। প্রধান মেমোরিকে প্রাথমিক মেমোরি (Primary Memory)-ও বলা হয়। প্রধান মেমোরিকে অত্যন্ত দ্রুতগতিসম্পন্ন হতে হয়। এজন্য এর ধারণ ক্ষমতা তুলনামূলকভাবে কম হয় কিন্তু খরচ অনেক বেশি হয়ে থাকে। মাইক্রোকম্পিউটার বা পার্সোনাল কম্পিউটারে অর্ধপরিবাহী মেমোরি (Semi-conductor Memory) ব্যবহার করা হয়। অর্ধপরিবাহী বা সেমিকন্ডাক্টর পদার্থ দিয়ে তৈরি বলেই একে অর্ধপরিবাহী বা Semi-conductor Memory-ও বলা হয়। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, কম্পিউটারের সিস্টেম ইউনিটে র‍্যাম এবং র‍ম মাদারবোর্ডে সাথে সংযুক্ত থাকে। এই অর্ধপরিবাহী বা Semi-conductor Memory তথা প্রধান মেমোরি দুই প্রকারঃ

- ১) র‍্যাম (Random Access Memory= RAM)
- ২) র‍ম (Read Only Memory= ROM)

☐ **র‍্যাম/ প্রধান/ প্রাথমিক/ Volatile মেমোরি :** Random Access Memory এর সংক্ষিপ্তরূপ হলো RAM। র‍্যামে তথ্য পড়া ও লেখা উভয় কাজই সম্পাদন করা যায় বলে একে লিখন-পঠন স্মৃতি বা Read Write Memory-ও বলা হয়। মাদারবোর্ডের সঙ্গে সরাসরি সংযুক্ত যে মেমোরিতে Read (পঠন) এবং write (লিখন) দুটি কাজই সম্পন্ন করা যায়, সে মেমোরিকে র‍্যাম বলা হয়। এটি একটি অস্থায়ী মেমোরি। কম্পিউটারে যতক্ষণ বিদ্যুৎ প্রবাহ থাকে, ততক্ষণ র‍্যামে তথ্যসমূহ সংরক্ষিত থাকে। বিদ্যুৎ প্রবাহ বন্ধ হওয়ার সাথে সাথে র‍্যাম তার সমস্ত তথ্য মুছে ফেলে। এজন্য র‍্যামকে কম্পিউটারের অস্থায়ী বা Volatile Memory-ও বলা হয়। আবার র‍্যামকে প্রধান সংরক্ষক (Main Storage) এবং কোর স্টোরেজ (Core Storage) নামেও অভিহিত করা হয়ে থাকে। RAM হচ্ছে কম্পিউটারের কর্ম এলাকা। মাইক্রোপ্রসেসর প্রাথমিকভাবে র‍্যাম এলাকার প্রয়োজনীয় তথ্য জমা করে। মাইক্রোপ্রসেসর সরাসরি র‍্যামের নানা অবস্থান বা ঠিকানা থেকে তথ্য সংগ্রহ করে বা তথ্য প্রক্রিয়াজাত করে। এখানে সরাসরি (Random) তথ্য সংগ্রহের জন্য যাওয়া যায় (Access) বলে, একে Random Access Memory বলে। র‍্যামের Failure ঝুঁকি অনেক বেশি। RAM-কে 'Random Access Memory' বলা হয়; কারণ কম্পিউটারের প্রসেসর RAM-এর যে কোনো জায়গা থেকে সরাসরি তথ্য-উপাত্ত সংগ্রহ করতে পারে।

☐ **ড্রাম মেমোরি:** DRAM এর পূর্ণ নাম Dynamic Random Access Memory। ধারক (Capacitor) ব্যবহার করে এই ধরনের র‍্যাম তৈরি করা হয়। প্রতিটি আইসি চিপে একটি ধারক ও একটি ট্রানজিস্টর থাকে। বিদ্যুৎ প্রবাহ থাকা অবস্থানেও ধারকের চার্জ ধীরে ধীরে নষ্ট হয়ে যায়। তাই কয়েক মিলি সেকেন্ড পর পর ড্রাম কন্ট্রোলারের সাহায্যে প্রত্যেক মেমোরি কোষে লেখা তথ্য নতুন করে লিখতে হয় কম্পিউটারের পরিভাষায় একে মেমোরি রিফ্রেশিং (Memory Refreshing) বলা হয়।

☐ **রম (ROM)/Non-Volatile:** Read Only Memory-এর সংক্ষিপ্ত রূপ হলো ROM। এটি একটি স্থায়ী প্রধান মেমোরি। রমের স্মৃতিতে রক্ষিত তথ্যসমূহ কেবল ব্যবহার করা যায় কিন্তু সংযোজন, সংশোধন বা পরিবর্তন করা যায় না। তাই একে Read Only Memory- ROM বলা হয়। কম্পিউটারে নিয়ন্ত্রণমূলক কাজের জন্য মাইক্রোপ্রসেসরে বিশেষ ধরনের মেমোরির ব্যবস্থা রয়েছে; তাকে রম বলে। কোনো কম্পিউটার চালু করার জন্য প্রয়োজনীয় প্রোগ্রাম অর্থাৎ চালু করার নির্দেশনাবলি রম স্মৃতিতে স্থায়ীভাবে সংরক্ষিত থাকে। এক্ষেত্রে এসব নির্দেশ যতবার প্রয়োজন রম চিপ থেকে ততবার পাঠ করা যায়; কিন্তু এতে নির্দেশ প্রবেশ করানো যায় না। তবে বর্তমানে এটা মুছে পুনঃপুনঃ প্রোগ্রাম করা যায় এমন রমও আছে। বিদ্যুৎ সরবরাহ বন্ধ হলে রমে রক্ষিত তথ্যাদি মুছে যায় না। এখানেই রম-এর সাথে র‍্যামের মূল পার্থক্য। অর্থাৎ, রম হলো একপ্রকার 'Non-Volatile Memory' কিন্তু র‍্যাম হলো 'Volatile Memory'।

8.৩ মেমোরির ধারণক্ষমতা (Storage Capacity)

কম্পিউটার মেমোরিতে ডেটা সংরক্ষণের পরিমাণকে মেমোরির ধারণক্ষমতা বলে। একে প্রকাশ করা হয় বাইট, কিলোবাইট, মেগাবাইট, গিগাবাইট ইত্যাদি দ্বারা।

1 বাইট (Byte)	8 বিট (Bit)
1 নিবল (Nibble) বা অর্ধ বাইট	4 বিট (Bit)
1 কিলোবাইট (KB)	1024 বাইট বা 2^{10} বাইট
1 মেগাবাইট (MB)	1024 কিলোবাইট বা 2^{20} বাইট
1 গিগাবাইট (GB)	1024 মেগাবাইট বা 2^{30} বাইট
1 টেরাবাইট (TB)	1024 গিগাবাইট বা 2^{40} বাইট
1 পিটাবাইট (PB)	1024 টেরাবাইট বা 2^{50} বাইট

8.8 ইনপুট-আউটপুট ডিভাইস (Input-Output Device)

☐ **ইনপুট ডিভাইস:** যে ডিভাইসগুলোর সাহায্যে কম্পিউটারে কোন ডেটা ইনপুট দেয়া, তাকে ইনপুট ডিভাইস বা কম্পিউটারের গ্রহণ মুখ বলা হয়। অর্থাৎ, এসব ডিভাইস দ্বারা কম্পিউটার কোনো ডেটা গ্রহণ করে।

☐ **আউটপুট ডিভাইস:** যে ডিভাইসগুলোর সাহায্যে কম্পিউটার কোন আউটপুট প্রদান করে, তাকে আউটপুট ডিভাইস বা কম্পিউটারে বহির্গমন মুখ বলা হয়। অর্থাৎ, এসব ডিভাইস দ্বারা কম্পিউটার কোন ডেটা প্রসেসিংয়ের পর বের করে দেয় বা প্রদর্শন করে।

তবে আমরা MICR এর মাধ্যমে মুদ্রিত কোনো লেখাকে সরাসরি ইনপুট হিসেবে ব্যহার করতে পারি। আবার এমন কিছু ডিভাইস আছে, যা একই সাথে ইনপুট এবং আউটপুট ডিভাইসের কাজ করতে পারে। যেমন-

যে ডিভাইসগুলো শুধু ইনপুট ডিভাইস হিসেবে কাজ করে	যে ডিভাইসগুলো শুধু আউটপুট ডিভাইস হিসেবে কাজ করে
*** Keyboard	*** Monitor (LCD Monitor, LED Monitor)
*** Mouse	*** Plotter
*** Scanner	* Projector
*** Joy Stick	** Speaker
** Light Pen	** Headphone
*** OMR	*** Printer (Inkjet Printer, Laser Printer, Dot Matrix Printer)
**OCR	* Film Recorder
**MICR	* Microfiche
**Microphone	* Visual Display Unit(VDU)
**Sensor	
**Webcam	
**Barcode Reader	
*Punch Card Reader	
*Digitizer	
*Magnetic Tape Drive	
*Graphics Tablet	

যে ডিভাইসগুলো ইনপুট এবং আউটপুট উভয় ডিভাইস হিসেবে কাজ করে

*** Touch Screen	*** Modem
** Camera	** Digital Camera,
** Smartphone	* TV
* Tape Recorder	* Network Card
* VCR, VCP, VTR	

8.৫ কম্পিউটার রক্ষণাবেক্ষণ (Computer Maintenance)

কম্পিউটার ভাইরাস (Computer VIRUS) : কম্পিউটার ভাইরাস এক ধরনের ক্ষতিকর প্রোগ্রাম বা সফটওয়্যার, যা কম্পিউটারের ক্ষতি করার তৈরি করা হয়। VIRUS-এর পূর্ণরূপ হলো 'Vital Information Resources Under Seize' অর্থাৎ 'গুরুত্বপূর্ণ উৎসগুলো বাজেয়াপ্ত করা হয়েছে'। ভাইরাস স্বয়ংক্রিয়ভাবে নির্বাহ, সংক্রমণ, নিজস্ব সংখ্যাবৃদ্ধি করতে পারে। এই প্রোগ্রাম এমন কিছু নির্দেশ বহন করে যা কম্পিউটারের সিপিইউ কর্তৃক গ্রহণ করে কম্পিউটারকে অস্বাভাবিক, অগ্রহণযোগ্য এবং ক্ষতিকর কাজ করতে বাধ্য করে। কম্পিউটার ভাইরাস আবিষ্কৃত হয়েছিল ১৯৭১ সালে।

অ্যান্টি-ভাইরাস (Anti-Virus): ভাইরাসের বিপরীত প্রোগ্রাম সফটওয়্যার হলো অ্যান্টি-ভাইরাস। অ্যান্টি-ভাইরাস মূলত এক ধরনের ভাইরাস প্রতিষেধক সফটওয়্যার বা প্রোগ্রাম, যা কোনো কম্পিউটার বা ডিভাইসের ভাইরাসকে সনাক্ত করতে পারে এবং তাকে আক্রান্ত কম্পিউটার থেকে মুছে ফেলতে বা ভাইরাস মুক্ত করতে পারে। এজন্য অ্যান্টি-ভাইরাসকে বলা হয় 'Utility Software'। অর্থাৎ অ্যান্টি-ভাইরাস হলো এক প্রকার 'Utility Software'। বর্তমানে প্রচলিত কিছু জনপ্রিয় ও কার্যকরী এন্টি-ভাইরাস সফটওয়্যার হলো- Kaspersky, McAfee, Norton, Panda, Avast, Symantec, AVIRA, Bitdefender, eSet, AVG ইত্যাদি।

হ্যাকিং (Hacking): প্রোগ্রাম রচনা ও প্রয়োগের মাধ্যমে অনুমতি ব্যতীত কোনো কম্পিউটার নেটওয়ার্কে প্রবেশ করে অন্যের কম্পিউটার ব্যবহার করা বা পুরোপুরি কম্পিউটার সিস্টেমকে ফাঁকি দিয়ে কম্পিউটার সিস্টেম বা নেটওয়ার্কে কোনো ক্ষতি করাকে হ্যাকিংক বলা হয়। আর যে হ্যাকিং করে তাকে হ্যাকার বলা হয়।

ব্যাক-আপ (Backup): যে সব ক্ষেত্রে বহুল পরিমাণে ডেটা সংরক্ষণ ও প্রক্রিয়াকরণের কাজ করা হয়, সেসব ক্ষেত্রে বিকল্প পন্থা হিসেবে ডাটার ছবছ বা অবিকল কপি ব্যাক-আপ রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ এক্ষেত্রে কোনো কারণে সেকেন্ডারি স্টোরেজ ডিভাইস নষ্ট হয়ে গেলে বা ভাইরাসজনিত কারণে ডাটা হারিয়ে গেলে বা বিকৃত হলে ব্যাক-আপ কপি থেকে ডেটাকে পুনরুদ্ধার করা যায়। সাধারণত স্টোরেজ ডিভাইস যেমন-হার্ড ডিস্ক, ফ্লপি ডিস্ক, কম্প্যাট ডিস্ক বা টোম্বক টেপে ডাটা বা প্রোগ্রাম, ব্যাক-আপ কপি রাখা হয়। ব্যাক-আপ কমান্ডের সাহায্যে ডস এবং উইন্ডোজ উভয় পরিবেশের প্রোগ্রাম, ডেটা বা পুরো সিস্টেমকে ব্যাক-আপ করা যায়। Restore কমান্ডের সাহায্যে ফাইল পুনরুদ্ধার করা সম্ভবপর হয়।

ফায়ারওয়াল (Firewalls): ফায়ারওয়াল (Firewall) হলো এক বিশেষ নিরাপত্তা ব্যবস্থা যা এক নেটওয়ার্ক থেকে আরেক নেটওয়ার্কে ডেটা প্রবাহ নিয়ন্ত্রণ করে। ডেটা প্রবাহের সময় এটি ডেটা পরীক্ষা করে দেখে যে এর ওই গন্তব্যে যাওয়ার অনুমতি (Authorized access) আছে কিনা, থাকলে সেটিকে যেতে দেয়। অনির্দিষ্ট (Unauthorized) বা অবাঞ্ছিত ব্যবহারকারীর (Intruder) হাত থেকে কম্পিউটার সিস্টেমকে রক্ষা করা বা সাইবার আক্রমণ এড়াতে ফায়ারওয়াল ব্যবহার করা হয়। ফায়ারওয়ালকে বিশেষ কিছু বৈশিষ্ট্য সম্পন্ন একটি সিস্টেম হিসেবে গণ্য করা হয় যার সাহায্যে ব্যবহারকারীকে সংরক্ষিত কোন নেটওয়ার্কে প্রবেশ করার অনুমতি প্রদান করা কিংবা বাধা প্রদান করা হয়। ফায়ারওয়াল প্রটোকল সিস্টেমে সাধারণত নেটওয়ার্কে ভিতর থেকে বাইরের সবকিছু ব্যবহার করা যায়, তবে অন্য কোন অনির্দিষ্ট ব্যবহারকারী এই নেটওয়ার্কে প্রবেশ করতে পারে না। শুধু বৈধ ব্যবহারকারীগণ এটি ব্যবহার করতে পারেন। যেমন- কোন একটি ওয়েবসাইট সেই সব ডোমেইন বিশিষ্ট প্রতিষ্ঠান ব্যবহার করতে পারবে যারা এর সাথে চুক্তিবদ্ধ। বর্তমানে বিভিন্ন ধরণের ফায়ারওয়াল আছে যা বিভিন্ন লেভেলে নিরাপত্তা প্রদান করে থাকে। তাদের মধ্যে সিম্পল ট্রাফিক লগিং সিস্টেম (Simple Traffic Logging Systems), আইপি প্যাকেট স্ক্রিনিং রাউটার (IP Packet Screening Routers), হার্ডেন্ড ফায়ারওয়াল হোস্ট (Hardened Firewall Host), প্রক্সি অ্যাপ্লিকেশন গেটওয়ে (Proxy Application Gateways) উল্লেখযোগ্য। সবচেয়ে বেশি গ্রহণযোগ্য ফায়ারওয়াল হলো অভ্যন্তরীণ নেটওয়ার্ক ও ইন্টারনেটের মাঝে একটি কম্পিউটার বা রাউটার ব্যবহার করে সমস্ত ট্রাফিক পর্যবেক্ষণ বা নিয়ন্ত্রণ করা। সাধারণত লোকাল এরিয়া নেটওয়ার্ক-এর ক্ষেত্রে এটি বেশি ব্যবহৃত হয়। তবে মনে রাখতে হবে যে, Firewall এবং Fireware কখনো এক জিনিস নয়। ফায়ারওয়াল (Fireware) হলো কম্পিউটার তৈরি করার সময় কম্পিউটার নির্মাণকারী কোম্পানি কম্পিউটারের সাথে যে প্রোগ্রাম বা সফটওয়্যার ইন্সটল করে দেয় এবং যা ব্যবহারকারী কোনোরূপ পরিবর্তন করতে পারে না তাকে ফায়ারওয়াল (Fireware) বলে।

ডিস্ক ডিফ্রাগমেন্টেশন (Disk Defragmentation): কম্পিউটার হার্ড ডিস্ক অত্যধিক ব্যবহারের ফলে হার্ড ডিস্কের লেখাগুলো বিভিন্ন জায়গায় ছড়িয়ে ছিটিয়ে যায়। এ অবস্থাকে হার্ড ডিস্ক অসজ্জিত বা Defrag বলে। তখন কম্পিউটারকে কোনো কিছু পড়তে বললে অপেক্ষাকৃত সময় প্রয়োজন হয়। এ অবস্থায় ডিস্কের সর্বোচ্চ কার্যকারিতা নিশ্চিত করতে Disk Defragmentation কমান্ডটি ব্যবহার করা হয়। Defragmentation কমান্ডটি ফাইলের তথ্যাবলিকে সাজিয়ে ওছিয়ে পুনরায় লিপিবদ্ধ করে; ফলে কোন ফাইল পড়তে গেলে কম্পিউটারের অপেক্ষাকৃত কম সময়ের প্রয়োজন হয়। এক কথায়, কম্পিউটারের অসজ্জিত হার্ডডিস্ককে সাজিয়ে গতি বৃদ্ধি করার পদ্ধতিকে Disk Defragmentation বলা হয়।

হার্ডডিস্ক ফরম্যাটিং (Hard Disk Formatting): কম্পিউটারে লাগানো হার্ডডিস্কটি নতুন অবস্থায় ফরম্যাট করা থাকে। ডিস্ককে তথ্য ধারণের উপযোগী করাকে ফরম্যাট বলে। ডিস্ককে

ফরমেট করায় তাতে সূক্ষ্ম ট্র্যাক তৈরি হয়। এ ট্র্যাকে ডিস্ক তথ্য ধারণ করে। ফরমেট করা কোন ডিস্কের মধ্যে প্রোগ্রাম বা ডেটা রাখার পর আবার ডিস্ক ফরমেট করা হলে ঐ ডিস্কের আগের সব তথ্য হারিয়ে যায়, যা আর পুনরায় ফিরে পাওয়া যায় না। আমাদের মনে রাখতে হবে যে, Hard Disk Formatting দ্বারা ডিস্ককে তথ্য ধারণের উপযোগী করা হয়; কিন্তু Disk Defragmentation দ্বারা ডিস্কের অসঙ্গিত ফাইলকে সাজানো হয়।

৪.৬ ইন্টারনেট (Internet)

☐ **ইন্টারনেট** : International Network এর সংক্ষিপ্ত রূপ হলো 'Internet'। আন্তর্জাল বা ইন্টারনেট হলো এমন এক ধরনের টেলিযোগাযোগ প্রযুক্তি, যা সারা বিশ্বজুড়ে বিস্তৃত, পরস্পরের সাথে সংযুক্ত কম্পিউটার নেটওয়ার্কের সমষ্টি; যেখানে IP (Internet Protocol) এর মাধ্যমে ডাটা বা তথ্য আদান-প্রদান করা যায়। সংক্ষেপে বলতে গেলে, টেলিযোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে কম্পিউটার থেকে কম্পিউটারে তথ্য আদান-প্রদানের প্রযুক্তিকে ইন্টারনেট বলা হয়। ১৯৬৯ সালে যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা দপ্তর Advance Research Projects Agency Network (ARPAnet) চালু করে। ARPAnet-এর জনক বলা হয় লিকলাইডারকে (Licklider)। তবে Internet-এর জনক বলা হয় ভিন্টন গ্রে সার্ককে (Vinton Gray Cerf)। এই ARPAnet হলো কম্পিউটার নেটওয়ার্ক জগতে মানুষের প্রথম পদক্ষেপ। ইন্টারনেটের ব্যাপক ব্যবহার ১৯৯০ সাল থেকে। ১৯৯০ সালেই ইন্টারনেট শব্দটি ব্যবহৃত হয় এবং তা ব্যাপকভাবে পরিচিতি হতে থাকে। বর্তমানে বিশ্বে ইন্টারনেট ব্যবহারে শীর্ষ দেশ হলো চীন; দ্বিতীয় হলো ভারত এবং তৃতীয় হলো যুক্তরাষ্ট্র (মনে রাখুন সহজে- চীন ও ভারত জনসংখ্যায় বিশ্বে প্রথম ও দ্বিতীয় যথাক্রমে। তাই এসব দেশে ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যাও বেশি)। বিশ্বে প্রথম ইন্টারনেট চালু হয় ১৯৬৯ সালে এবং বাংলাদেশে প্রথম ইন্টারনেট চালু হয় ১৯৯৬ সালে (টেকনিমে মনে রাখুন: ১৯৬৯ এর শেষের দুটি ডিজিট ওল্টো করে লিখলে ১৯৯৬ পাওয়া যায়!)। তবে সারা বিশ্বে বাণিজ্যিকভাবে ইন্টারনেট চালু হয় ১৯৯৩ সালে। মনে রাখতে হবে যে, 'ইন্টারনেটের SMS' বলা হয় সামাজিক যোগাযোগ সাইট 'Twitter'-কে।

☐ **LAN Card: Network Interface Card (NIC)**, লোকাল এরিয়ার একাধিক কম্পিউটারের মধ্যে যে নেটওয়ার্কিং করা হয় সেটিকে বলে LAN অর্থাৎ Local Area Network। LAN কানেকশনের জন্য যে ডিভাইস বা কার্ড ব্যবহার করা হয় সেটিকে LAN Card বলে।

☑ **ইন্টারনেট সংযোগ নিতে যা যা প্রয়োজন হয়:**

১. **কম্পিউটার** : ইন্টারনেট সংযোগের জন্য অপারেটিং সিস্টেমসহ কম্পিউটার এবং প্রয়োজনীয় সফটওয়্যারের প্রয়োজন হয়।

২. **মডেম (Modem)**: মডেম হলো এমন একটি ডিভাইস যা অ্যানালগ সিগন্যালকে ডিজিটাল সিগন্যালে এবং ডিজিটাল সিগন্যালকে অ্যানালগ সিগন্যালে পরিণত করে। মডেমের মাধ্যমে কম্পিউটারকে ইন্টারনেটের সঙ্গে সংযোগ স্থাপন করা হয়।
৩. **সফটওয়্যার**: ইন্টারনেট ব্যবহার করার জন্য এর কাজের ধরন অনুযায়ী বিভিন্ন ধরনের সফটওয়্যারের দরকার হয়।
৪. **আইএসপি (ISP)**: Internet Service Provider-এ সংক্ষিপ্তরূপ হলো ISP। ইন্টারনেট সার্ভিস তথা সেবাপ্রদানকারী প্রতিষ্ঠানকে ISP বলা হয়। তাদের কাজ হলো সাধারণ গ্রাহককে ইন্টারনেটের সংযোগ ও এ সংক্রান্ত সব ধরনের সেবা প্রদান করা। সাধারণত আইএসপিদের নিজস্ব ASAT এবং সার্ভার থাকে। বাংলাদেশে Internet এর সেবাপ্রদানকারী এক্সপ্লিট ISP হলো অগ্নি সিস্টেম, আইএসএন, গ্রামীণ সাইবার স্টে, প্রশিকা নেট ইত্যাদি।

৪.৭ ওয়্যারলেস কমিউনিকেশন সিস্টেম (Wireless Communication System)

☐ **ওয়্যারলেস কমিউনিকেশন সিস্টেম**: কোনো প্রকার Wire তার ব্যবহার না করেই ডেটা বা তথ্য আদান-প্রদান তথা যোগাযোগ করার পদ্ধতিকে ওয়্যারলেস কমিউনিকেশন সিস্টেম বলে। এর সাহায্যে বিশ্বের যেকোন প্রান্তে অবস্থান করেই একে অন্যের সঙ্গে বিভিন্ন প্রকার যোগাযোগ যেমন- কথা বলা, টেক্সট মেসেজিং, চ্যাট, ভিডিও কনফারেন্স ইত্যাদি খুব সহজেই করা যায়। বর্তমানে ২ ধরনের ওয়্যারলেস কমিউনিকেশন দেখা যায়। যথা- ক. হটস্পট ব. মোবাইল নেটওয়ার্ক।

☐ **হটস্পট (Hotspot)** : হটস্পট এক ধরনের ওয়্যারলেস নেটওয়ার্ক যা মোবাইল, কম্পিউটার ও ডিভাইস যেমন: স্মার্ট ফোন, পিডিএ, ট্যাব, নেটবুক বা ল্যাপটপ ইত্যাদিতে ইন্টারনেট সংযোগ সরবরাহ করে। বর্তমানে সবচেয়ে জনপ্রিয় তিনটি হটস্পট প্রযুক্তি হল- ১. ব্লুটুথ (Bluetooth), ২. ওয়াই-ম্যাক্স (WiMAX), ও ওয়াই-ফাই (Wi-Fi)

☐ **ব্লুটুথ (Bluetooth)** : ব্লুটুথ হলো এক ধরনের Personal Area (PAN), যা স্বল্প দূরত্বে ডেটা আদান-প্রদানে ব্যবহৃত হয়। ব্লুটুথ এর দূরত্ব সাধারণত ১০ থেকে ১০০ মিটারের মধ্যে হয়ে থাকে। ব্লুটুথ প্রযুক্তিতে কম ক্ষমতাসম্পন্ন বেতার তরঙ্গ তথা Radio Wave ব্যবহার করা হয়। Bluetooth এর স্ট্যান্ডার্ড হলো IEEE 802.15

☐ **ওয়াই-ফাই (Wi-Fi)** : Wi-Fi এর পূর্ণরূপ হলো Wireless Fidelity (ওয়্যারলেস ফিডেলিটি)। Wi-Fi হচ্ছে এক ধরনের জনপ্রিয় তারবিহীন প্রযুক্তি, যা রেডিও ওয়েভ ব্যবহার করে কোম্পিউটারিক ডিভাইসকে উচ্চগতি ইন্টারনেট সংযোগ কিংবা কম্পিউটার নেটওয়ার্কের মাধ্যমে ডেটা ও তথ্য আদান-প্রদান করতে পারে। এর স্ট্যান্ডার্ড হলো IEEE 802.11। এটি WiMAX তুলনায় দীর্ঘগতিসম্পন্ন তারবিহীন প্রযুক্তি।

□ **ওয়াই-ম্যাক্স (WiMAX):** Wi-Fi ও Bluetooth এর তুলনায় WiMAX হলো দ্রুতগতিসম্পন্ন একটি তারবিহীন যোগাযোগ প্রযুক্তি। WiMAX এর পূর্ণরূপ হলো Worldwide Interoperability for Microwave Access। ওয়াইম্যাক্স মূলত একটি উচ্চ গতির ব্রডব্যান্ড যোগাযোগ প্রযুক্তি, যা কিন্তুত অঞ্চলে দ্রুতগতির তারবিহীন ইন্টারনেট সেবা প্রদান করে। WiMAX এটি প্রযুক্তিগতভাবে IEEE 802.16 নামে পরিচিত। সারা বিশ্বে WiMAX চালু হয় ২০০১ সালে; আর বাংলাদেশে WiMAX চালু হয় ২০০৯ সালে।

8.৮ ই-মেইল (E-mail)

ই-মেইল: Electronic Mail এর সংক্ষিপ্ত রূপ হচ্ছে 'E-mail'। রোটোলিনসন হলেন 'E-mail' এর আবিষ্কারক। ই-মেইলের মূল কাজ হচ্ছে একটি কম্পিউটার হতে অন্য কম্পিউটারে বা ফ্যাক্স মেশিনে তথ্য প্রেরণ বা গ্রহণ করা; অথবা প্রেরণ-গ্রহণ দুটিই করা।

□ **ই-মেইল ঠিকানা (E-mail Address):** ই-মেইল ঠিকানা হল ইন্টারনেটের মাধ্যমে যোগাযোগ করার একটি Address বা ঠিকানা। যেমন, কারো কাছে কোনো চিঠি পৌছাতে হলে তার একটি পোস্টাল ঠিকানা থাকা লাগে, ঠিক তেমনিভাবে কেউ ই-মেইলের মাধ্যমে তথ্য আদান-প্রদান করতে চাইলে তার একটি E-mail ঠিকানা থাকা আবশ্যিক। এ ঠিকানা User name@Domain নিয়ে গঠিত হয়। যেমন; mizan35bcs@gmail.com একটি E-mail ঠিকানা।

এখানে উল্লেখ্য যে, E-mail ঠিকানাটি @ চিহ্ন (at sign) দ্বারা দুইভাগে বিভক্ত। প্রথম ভাগে অর্থাৎ @ চিহ্নের আগের অংশে User name অর্থাৎ ব্যবহারকারীর ঠিকানা থাকে। E-mail ঠিকানায় @ চিহ্নের পরের অংশটি হলো Domain name। ডোমেইন নেইম (.) চিহ্ন দ্বারা কয়েকটি অংশে বিভক্ত হয়ে থাকে। @ চিহ্নের পরের প্রথম শব্দটিকে হোস্ট মেশিনের নেইম বলা হয়। উক্ত ঠিকানায় gmail হল হোস্ট মেশিনের নেইম। ১৯৭২ সালে ই-মেইল ঠিকানায় সর্বপ্রথম @ চিহ্ন (at sign) ব্যবহৃত হয়। @ চিহ্ন (at sign) ব্যতীত বর্তমানে কোনো E-mail Address হতে পারে না। অর্থাৎ, @ চিহ্নটি ই-মেইলের ঠিকানায় অবশ্যই থাকতে হবে। যদিও ১৯৭১ সালে ই-মেইল ব্যবস্থা চালু হয়; কিন্তু ই-মেইল ঠিকানায় @ চিহ্ন (at sign)-টি সর্বপ্রথম ব্যবহার করা হয় ১৯৭২ সালে।

□ **ই-মেইল সার্ভার (E-mail Server):** নেটওয়ার্কের যে কম্পিউটারটি যা ভার্যুয়াল পোস্ট অফিস হিসেবে কাজ করে তাকে ই-মেইল সার্ভার বা সংক্ষেপে মেইল সার্ভার বলে। মেইল সার্ভারে POP বা IMAP এবং STMP প্রোটোকল ব্যবহার করা হয়।

□ **ই-মেইল পাঠানো:**

⇒ **Cc:** Cc এর পূর্ণরূপ হলো Carbon copy। ই-মেইলের Cc ঘরে সে সব ঠিকানা টাইপ করা হয়, যাদের নিকট প্রেরক ই-মেইল কপি পাঠাতে চায়। এখানে ই-মেইল ঠিকানাগুলো পরপর কমা দিয়ে টাইপ

করতে হয়। এক্ষেত্রে যতজনের নিকট প্রেরক ই-মেইলটি পাঠিয়ে, তা ই-মেইল গ্রহণকারী সবাই জানতে পার।

⇒ **Bcc:** Bcc এর পূর্ণরূপ হলো Blind carbon copy। Bcc এর ঘরে সেসব ঠিকানা টাইপ করা হয় যাদেরকে প্রেরক ই-মেইল কপি পাঠাতে চায় কিন্তু প্রাপকদের জানাতে চায় না কাকে কাকে এর কপি পাঠানো হয়েছে। Cc এবং Bcc এর কাজ প্রায় একই রকম তবে Cc যাদের উল্লেখ থাকে ই-মেইলের প্রাপক ডকুমেন্টের শেষে তাদেরকে প্রত্যেকের ঠিকানা ছাপানো অবস্থায় দেখতে পায়। অর্থাৎ প্রাপক ই-মেইলটি পেয়ে বুঝতে পারে কাকে কাকে এর কপি প্রেরণ করা হয়েছে। কিন্তু Bcc তে টাইপ করা ঠিকানাসমূহ ডকুমেন্টের সাথে যাবে না। ফলে প্রাপক জানতে পারবে না কাকে কাকে প্রেরক এই ই-মেইলটি পাঠিয়েছেন।

⇒ **অ্যাটচমেন্ট (Attachment):** অ্যাটচমেন্ট ই-মেইল সিস্টেমেরই একটি অংশবিশেষ। একটি আলাদা ফাইল কোনো ই-মেইলের সঙ্গে সংযুক্ত করে পাঠাতে চাইলে ই-মেইলের 'Attachment' অপশনে ক্লিক করে সেই ফাইলকে যুক্ত করতে হয়। অ্যাটচমেন্ট ফাইল বিভিন্ন রকমের হতে পারে। যেমন- ওয়ার্ড ছবি, ভিডিও, ডকুমেন্ট, পাওয়ারপয়েন্ট ফাইল ইত্যাদি।

⇒ **Spam Mail:** ভুল এবং অযাচিত মেইলকে Spam Mail বলে। যেকোনো Email আইডিতে Spam নামে একটি ফোল্ডার থাকে; ভুল এবং অযাচিত মেইল সেখানে জমা হয়।

বিভিন্ন ধরনের ওয়েব মেইল (Web mail) বা ওয়েব বেজড মেইল (Web based mail) সেবা-

- জিমেইল (Gmail)
- ইয়াহুমেইল/ওয়াইমেইল (Yahoomail/Ymail)
- হটমেইল (Hotmail)
- এওএলমেইল (AOLmail)


8.৯ কম্পিউটার সফটওয়্যার (Computer Software)

□ **সফটওয়্যার (Software):** কোনো সমস্যা সমাধানের উদ্দেশ্যে সম্পাদনের অনুক্রমে সাজানো নির্দেশনাবলিকে প্রোগ্রাম বলা হয়। যে প্রোগ্রাম বা প্রোগ্রামের সমষ্টি কম্পিউটারের হার্ডওয়্যার এবং ইউজারের মধ্যে সম্পর্ক সৃষ্টির মাধ্যমে হার্ডওয়্যারকে কর্মক্ষম করে, তাকে সফটওয়্যার বলে। সফটওয়্যার এক অদৃশ্য শক্তি, যা ছাড়া হার্ডওয়্যার অকার্যকর। তাই কম্পিউটারের প্রাণ বলা হয় সফটওয়্যারকে। তবে মোবাইল ডিভাইসের প্রাণ বলা হয় অ্যাপকে (App)।

□ **সফটওয়্যারের প্রকারভেদ:** সফটওয়্যারের কাজের প্রকৃতি অনুসারে কম্পিউটার সফটওয়্যারকে প্রধানত ২ ভাগে ভাগ করা যায়। যথা-

- ক. সিস্টেম সফটওয়্যার (System Software)
- খ. ব্যবহারিক সফটওয়্যার (Application Software)

☐ **সিস্টেম সফটওয়্যার (System Software):** সিস্টেম সফটওয়্যার হলো এমন কতগুলো প্রোগ্রামের সমষ্টি, যেগুলোর মাধ্যমে কম্পিউটার সকল হার্ডওয়্যার ও সফটওয়্যার নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান এবং কার্যকর করতে সহায়তা করে। সিস্টেম সফটওয়্যার ছাড়া কম্পিউটার পরিচালনা করা অসম্ভব। এটি কম্পিউটার ইউজারের সঙ্গে সফটওয়্যার ও হার্ডওয়্যারের যোগাযোগ স্থাপন করে দেয়। সেজন্য সিস্টেম সফটওয়্যারকে 'অপারেটিং সিস্টেম' নামেও অভিহিত করা হয়। অর্থাৎ, সিস্টেম সফটওয়্যারের আরেক নাম এগুলো 'অপারেটিং সিস্টেম'। এখানে উল্লেখ্য যে, কম্পিউটারের যে ডিসকে সিস্টেম সফটওয়্যার থাকে তাকে 'স্টার্ট আপ ডিস্ক' বলা হয়।



☐ সিস্টেম সফটওয়্যারের প্রকারভেদ: আধুনিক কম্পিউটারে ব্যবহৃত হয় এমন সিস্টেম সফটওয়্যার নানান ধরনের হতে পারে। যেমন-

- ১) অপারেটিং সিস্টেম (Operating System)
- ২) ডিভাইস ড্রাইভার বা সফটওয়্যার ড্রাইভার (Device Driver or Software Drive)
- ৩) ইউটিলিটি প্রোগ্রাম (Utility Program)

১) **অপারেটিং সিস্টেম (Operating System):** প্রত্যেক কম্পিউটারে অবশ্যই একটি অপারেটিং সিস্টেম থাকতে হয়। অপারেটিং সিস্টেম হলো এমন কতগুলো প্রোগ্রামের সমষ্টি যেগুলো কম্পিউটারের সকল হার্ডওয়্যার ও সফটওয়্যারকে নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান এবং কম্পিউটারের সিস্টেমের সকল কার্যক্রম সক্রিয় ও কার্যকর করার মাধ্যমে কম্পিউটারের হার্ডওয়্যারের সাথে ব্যবহারকারীর সংযোগ স্থাপন করে। অপারেটিং সিস্টেমের কেন্দ্রীয় অংশকে 'কারনেল' বলা হয়।

২) **ডিভাইস ড্রাইভার সফটওয়্যার ড্রাইভার (Device Driver or Software Drive):** হাইলেভেল যেসব প্রোগ্রাম কোনো হার্ডওয়্যার ডিভাইসের সাথে উভয়মুখী যোগাযোগের মাধ্যমে তাকে পরিচালনা করে এবং তার সামর্থ্যকে কাজে লাগায় তাকে ডিভাইস ড্রাইভার বা সফটওয়্যার ড্রাইভার বলা হয়।

উদাহরণস্বরূপ বলা যায় যে, বাজার থেকে নতুন কেনা কোনো স্ক্যানার কম্পিউটারে লাগিয়ে স্ক্যান করতে হলে ঐ স্ক্যানারের ডিভাইস ড্রাইভার বা সফটওয়্যার ড্রাইভার ইন্সটল করতে হবে।

৩) **ইউটিলিটি প্রোগ্রাম (Utility Program):** কম্পিউটারকে বিভিন্ন প্রকার ভাইরাস থেকে সুরক্ষা, রক্ষণাবেক্ষণ, ডেটা ও প্রোগ্রামের ব্যাক-আপ, ডিজাস্টার রিকোভারিসহ বিভিন্ন ধরনের কাজের সুবিধা প্রদানকারী প্রোগ্রামকে ইউটিলিটি সফটওয়্যার বলা হয়। ইউটিলিটি সফটওয়্যারের উৎকৃষ্ট উদাহরণ হলো অ্যান্টিভাইরাস সফটওয়্যার। নিম্নে আরো কিছু গুরুত্বপূর্ণ ইউটিলিটি সফটওয়্যারের উদাহরণ দেয়া হলো-

- ✓ ডিস্ক ডিফ্রাগমেন্টেশন (Disk Defragmentation)
- ✓ ফাইল হ্যান্ডেলার (File Handler)
- ✓ লিংকার প্রোগ্রাম (Linker Program)
- ✓ লাইব্রেরি প্রোগ্রাম (Library Program)
- ✓ সর্ট-মার্জ প্রোগ্রাম (Sort-Merge Program)
- ✓ অ্যান্টিভাইরাস সফটওয়্যার (Anti-virus software)

☐ **অ্যাপ্লিকেশন সফটওয়্যার/ব্যবহারিক সফটওয়্যার:** ব্যবহারিক কোনো কার্য বা সমস্যা সমাধানের জন্য ব্যবহৃত প্রোগ্রামকে ব্যবহারিক সফটওয়্যার বা অ্যাপ্লিকেশন প্রোগ্রাম তথা Application Software বলে। অ্যাপ্লিকেশন সফটওয়্যারকে ২ ভাগে ভাগ করা যায়। যথা-

- ক) কাস্টমাইজড বা ব্যবহারকারী লিখিত প্রোগ্রাম (Customized Software)
- খ) প্যাকেজ সফটওয়্যার প্রোগ্রাম (Package Software)

১) **কাস্টমাইজড বা ব্যবহারকারী লিখিত প্রোগ্রাম (Customized Software):** ব্যবহারকারী নিজে কোনো কার্য সম্পাদনের উদ্দেশ্যে বা কোনো সমস্যা সমাধানের উদ্দেশ্য নিয়ে যে অ্যাপ্লিকেশন প্রোগ্রাম তৈরি করে থাকেন, তাকে কাস্টমাইজড বা ব্যবহারকারী লিখিত প্রোগ্রাম বলে। যেমন: কোনো একটি কোম্পানি তার হিসাব-নিকাশ সম্পাদন করার জন্য একজন দক্ষ প্রোগ্রামার দিয়ে একটি একাউন্টিং সফটওয়্যার তৈরি করলো। এ একাউন্টিং সফটওয়্যারটি ঐ কোম্পানির জন্য একটি কাস্টমাইজড একাউন্টিং সফটওয়্যার।

২) **প্যাকেজ সফটওয়্যার (Package Software) :** বিভিন্ন ধরনের ব্যবহারিক কাজের জন্য তৈরি করা যেসব প্রোগ্রাম বাজারে কিনতে পাওয়া যায়, তাকে প্যাকেজ সফটওয়্যার বা প্যাকেজ প্রোগ্রাম বলে। বাণিজ্যিকভাবে সফলতা লাভের জন্য বড় বড় সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান ক্রেতাদের চাহিদার দিকে লক্ষ্য রেখে বিভিন্ন ধরনের প্যাকেজ সফটওয়্যার তৈরি করে থাকে। তবে সাধারণ ব্যবহারকারীরা এ সব প্যাকেজ সফটওয়্যারের কোনরূপ পরিবর্তন, পরিমার্জন, সংযোজন বা বিয়োজন করতে পারেন না। গুরুত্বপূর্ণ কয়েকটি প্যাকেজ সফটওয়্যারের উদাহরণ দেয়া হলো- MS Word, MS Excell

8.10 বাংলা লেখার সফটওয়্যার

'বিজয়' হলো কম্পিউটারে বাংলা লেখার জন্য পূর্ণাঙ্গ প্রথম সফটওয়্যার। বিজয়ের উদ্ভাবক হলেন মোস্তফা জব্বার। এটি ১৯৮৮ সালে প্রথম রিলিজ করেন অ্যাপেলের মেকিনটশ কম্পিউটারের জন্য। অবশ্য পরে অন্যান্য কম্পিউটারে ব্যবহারের উপযোগী করা হয়। এর পর ২০০৩ সালে মেহেদি হাসান উদ্ভাবন করেন বাংলা লেখার সফটওয়্যার 'অঙ্গ'। এই 'অঙ্গ' সফটওয়্যারের কারণে ইন্টারনেটে বাংলা লেখালেখি বেশ সহজলভ্য ও জনপ্রিয় হয়ে ওঠে। অতএব, বিজয়, অঙ্গ হলো বাংলা লেখার দুটি জনপ্রিয় সফটওয়্যার। মনে রাখুন- সুতনী, সুলেখা, রূপসা ইত্যাদি হলো বাংলা লেখার ফন্ট।

উল্লেখ্য যে, দৃষ্টিহীনদের জন্য আবিষ্কৃত বাংলায় প্রথম সফটওয়্যারের নাম 'আইসাইট'। বাংলায় প্রথম সার্চ ইঞ্জিনের নাম 'পিপীলিকা'।

- নিচের কোনটি বাংলা লেখার সফটওয়্যার?

ক. সুতনী	খ. রূপসা	
গ. বিজয়	ঘ. সুলেখা	উত্তর : (গ)
- নিচের কোনটি বাংলা লেখার সফটওয়্যার?

ক. সুতনী	খ. অঙ্গ	
গ. রূপসা	ঘ. সুলেখা	উত্তর : (খ)
- বাংলা লেখার সফটওয়্যার 'বিজয়' এর উদ্ভাবক কে?

ক. মেহেদি হাসান	খ. হানিফ মিয়া	
গ. মোস্তফা জব্বার	ঘ. রফিকুল ইসলাম	উত্তর : (গ)

8.11 সামাজিক যোগাযোগ সাইট

- ফেইসবুক:** বিশ্বের সবচেয়ে জনপ্রিয় সামাজিক যোগাযোগ সাইট হলো- ফেইসবুক। এখানে ছবি, ভিডিও, টেক্সট সবই শেয়ার করা যায়। এটি ২০০৪ সালে মার্ক জুকামবার্গ প্রতিষ্ঠা করেন। ফেইসবুকের সদর দপ্তর ক্যালিফোর্নিয়া, যুক্তরাষ্ট্র।
- ইউটিউব:** ইউটিউব হলো বিশ্বের সবচেয়ে জনপ্রিয় ভিডিও শেয়ারিং সাইট। ইউটিউবের সহ-প্রতিষ্ঠাতা হলেন বাংলাদেশি বংশোদ্ভূত জাবেদ করিম। তিনি চ্যাড হার্লি ও স্টিভেন চেনের সাথে মিলিভাবে ২০০৫ সালে ইউটিউব প্রতিষ্ঠা করেন। ইউটিউবের সদর দপ্তর ক্যালিফোর্নিয়া, যুক্তরাষ্ট্র।
- ইন্সটাগ্রাম:** ছবি শেয়ারিং এর জন্য বিশ্বের সবচেয়ে জনপ্রিয় সামাজিক যোগাযোগ সাইট হলো- ইন্সটাগ্রাম। ইন্সটাগ্রাম প্রতিষ্ঠিত হয়- ২০১০ সালে। এটির বর্তমান মালিকানা ফেইসবুক কর্তৃপক্ষের। এর সদর দপ্তর ক্যালিফোর্নিয়া, যুক্তরাষ্ট্র।
- লিংকডইন:** পেশাজীবীদের অন্যতম জনপ্রিয় সামাজিক যোগাযোগ সাইট হলো - লিংকডইন।
- টুইটার:** টুইটার হলো একটি মাইক্রোব্লগ ও অন্যতম জনপ্রিয় সামাজিক যোগাযোগ সাইট।

■ **টিকটক:** টিকটক হলো চীন ভিত্তি ব্লগ দৈর্ঘ্যের ভিডিও শেয়ারিং এর অন্যতম জনপ্রিয় সামাজিক যোগাযোগ সাইট।

*বি.দ্র: মনে রাখবেন- 'উইকিপিডিয়া' হলো একটি উন্মুক্ত বিশ্বকোষ। এটি কোনো সামাজিক যোগাযোগ সাইট বা সার্চ ইঞ্জিন নয়। আর বাংলাদেশের প্রথম সামাজিক যোগাযোগ সাইট হলো- বেশতো। এটি ২০১৩ সালে যাত্রা শুরু করে।

১. নিচের কোনটি অন্য তিনটি থেকে আলাদা ওয়েবসাইট?

- | | |
|-----------|----------------|
| ক. ফেসবুক | খ. ইউটিউব |
| গ. টুইটার | ঘ. ইন্সটাগ্রাম |

উত্তর : (খ)। ইউটিউব হলো একটি ভিডিও শেয়ারিং সাইট। অন্যদিকে, ফেসবুক, টুইটার, ইন্সটাগ্রাম হলো সামাজিক যোগাযোগ সাইট।

২. নিচের কোনটি সামাজিক যোগাযোগ সাইট নয়?

- | | | |
|----------------|----------------|-------------|
| ক. ফেসবুক | খ. টুইটার | |
| গ. উইকিপিডিয়া | ঘ. ইন্সটাগ্রাম | উত্তর : (গ) |

8.12 কম্পিউটারের গুরুত্বপূর্ণ Abbreviation

- ** DOCSIS- Data Over Cable Service Interface Specification
- ** PC- Personal Computer
- ** OS- Operating System
- * DOS- Disk Operating System
- * OSI- Open Systems Interconnection
- *** DB- Database
- ** DBMS- Database Management System
- *** CMS- Content Management System
- *** CSS- Cascading Style Sheet
- ** IC- Integrated Circuit
- * QUEL- Query Language
- *** SQL- Structured Query Language
- *** PDF- Portable Document File
- *** BIOS- Basic Input Output System
- *** IPOS- Input, Processing, Output and Storage
- ** Cc- Carbon Copy
- ** Bcc- Blind Carbon Copy
- *** RAM- Random Access Memory
- ** DRAM- Dynamic Random Access Memory
- ** SRAM- Static Random Access Memory
- *** ROM- Read Only Memory
- ** PROM- Programmable Read Only Memory
- ** SSD- Solid State Device
- ** CD-ROM: Compact Disc Read Only Memory
- *** LAN- Local Area Network
- ** MAN- Metropolitan Area Network
- *** WAN- Wide Area Network

- * WLAN- Wireless Local Area Network
- ** PAN- Personal Area Network
- *** VPN- Virtual Private Network
- ** LCD- Liquid Crystal Display
- ** LED- Light Emitting Diode
- ** GPU- Graphics Processing Unit
- *** CPU- Central Processing Unit
- *** ALU- Arithmetic Logic Unit
- *** FTP- File Transfer Protocol
- ** SMTP- Simple Mail Transfer Protocol
- *** HTTP- Hypertext Transfer Protocol
- *** HTTPS- Hypertext Transfer Protocol Secure
- *** HTML- Hypertext Markup Language
- ** XHTML- Extensible Hypertext Markup Language
- ** XML- Extensible Markup Language
- *** OMR- Optical Mark Reader
- *** OCR- Optical Character Recognition
- *** MICR- Magnetic Ink Character Recognition (Reader)
- *** ISP- Internet Service Provider
- *** GUI- Graphical User Interface
- *** ASCII- American Standard Code for Information Interchange
- *** SPSS- Statistical Package for the Social Sciences
- *** POST- Power-On Self Test
- *** USB- Universal Serial Bus
- ** WWW- World Wide Web
- ** W3C- World Wide Web Consortium
- *** WiFi- Wireless Fidelity
- ** WiMAX- Worldwide Interoperability for Microwave Access
- ** IP- Internet Protocol
- ** IP Address- Internet Protocol Address
- *** TCP- Transmission Control Protocol
- *** WAP- Wireless Application Protocol
- *** ATM – Automated Teller Machine
- *** VoIP- Voice over Internet Protocol
- ** POP- Post Office Protocol
- *** VIRUS- Vital Information Resources Under Seize
- ** CD- Compact Disc
- ** DVD- Digital Video Disc
- *** UPS- Uninterruptible Power Supply
- *** IPS- Instant Power Supply
- * E-mail: Electronic Mail
- * E-Commerce: Electronic Commerce
- * M-Commerce: Mobile Commerce
- * DPI- Dot per Inch
- *** URL- Uniform Resource Locator
- ** IBM- International Business
- *** PDA- Personal Digital Assistant
- *** VLSI-Very Large Scale integration
- *** NIC- Network Interface Card
- ** VDU- Video Display Unit
- ** VGA- Video Graphics Array
- ** CRT- Cathode Ray Tube
- ** PCI- Peripheral Component Interconnect
- ** BCD- Binary Coded Decimal
- ** ARPANET- Advanced Research Projects Network Agency
- ** Internet- International Network
- ** ICANN- The International Corporation for Assigned Names and Numbers
- ** DNS- Domain Name System
- ** TLD- Top Level Domain
- ** IMAP- Inter Message Access Protocol
- ** CDMA- Code Division Multiple Access
- ** RFID- Radio Frequency Identification
- * EDGE- Enhanced Data rates for GSM Evolution
- *** GPRS- General Packet Radio Service
- *** GPS- Global Positioning System
- ** GSM- Global System for Mobile Communications
- * GIS- Geographic Information System
- ** HSPA- High Speed Packet Access
- ** HD- High Definition
- *** HDMI- High Definition Multimedia Interface
- *** SIM- Subscriber Identity Module
- *** SMS- Short Message Service
- *** MMS- Multimedia Message Service
- ** PAL- Phase Alternation by Line
- ** UMTS- Universal Mobile Telecommunication System
- ** DSLR- Digital Single-Lens Reflex
- ** Pixel- Picture Element
- ** 3G- 3rd Generation
- ** 4G- 4th Generation
- *** CAD- Computer-Aided Design
- ** CADD- Computer-Aided Design and Drafting
- ** API- Application Programming Interface
- *** EFT- Electronic Fund Transfer
- *** IMEI- International Mobile Equipment Identity
- ** SWIFT- The Society for Interbank Financial Telecommunication

সাম্প্রতিক সাধারণ জ্ঞান : বাংলাদেশ

জাতীয় বাজেট ২০২৩-২০২৪

বাংলাদেশের জাতীয় বাজেট থেকে প্রায়ই প্রশ্ন থাকে। তাই ২০২৩-২৪ সালের অর্থবছরের বাজেটের শুধু গুরুত্বপূর্ণ অংশটুকু দিলাম (সব পড়ে মাথা নষ্ট করবেন না!)।

- ❖ তম: ৫৩তম বাজেট (একটি অন্তর্বর্তীকালীন বাজেটসহ)
- ❖ বাজেট ঘোষণা/উপস্থাপন করা হয়: ১ জুন, ২০২৩।
- ❖ জাতীয় সংসদে বাজেট পাশ : ২৬ জুন, ২০২৩।
- ❖ বাজেট কার্যকর : ১ জুলাই, ২০২৩।
- ❖ বাজেটের আকার: ৭,৬১, ৭৮৫ কোটি টাকা (জিডিপি এর ১৫.২০%)
- ❖ বৈদেশিক অনুদান : ৩,৯০০ কোটি টাকা।
- ❖ বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (ADP) বরাদ্দ : ২ লাখ ৬৩ হাজার কোটি টাকা। (বাজেটের ৩৪.৫%)
- ❖ জিডিপি এর আকার ধরা হয়েছে: ৫০,০৬,৭৮২ কোটি টাকা।
- ❖ জিডিপি প্রবৃদ্ধির হার ধরা হয়েছে : ৭.৫%
- ❖ মূল্যস্ফীতির হার ধরা হয়েছে : ৬.০০%
- ❖ সবচেয়ে বেশি বাজেট বরাদ্দ: জনপ্রশাসন খাতে
- ❖ দ্বিতীয় সর্বোচ্চ বরাদ্দ : শিক্ষা ও প্রযুক্তি খাতে
- ❖ করমুক্ত সাধারণ আয়সীমা (ব্যক্তি শ্রেণি) : ৩ লক্ষ ৫০ হাজার টাকা; মহিলা ও ৬৫+ বয়সীদের জন্য করমুক্ত আয়সীমা ৪ লক্ষ টাকা।
- ❖ দেশে বৈধ চ্যানেলে রেমিট্যান্স পাঠালে নগদ ২.৫% প্রণোদনা

অর্থনৈতিক সমীক্ষা ২০২৩

অর্থনৈতিক সমীক্ষা প্রায়ই প্রশ্ন থাকে। তাই অর্থনৈতিক সমীক্ষা ২০২৩-এর শুধু গুরুত্বপূর্ণ অংশটুকু দিলাম (সব পড়ে মাথা নষ্ট করবেন না!)

- ১। মোট জনসংখ্যা: ১৬৯.৮৩ মিলিয়ন বা ১৬.৯৮৩ কোটি।
- ২। জনসংখ্যা বৃদ্ধির হার: ১.৩০%
- ৩। পুরুষ-মহিলা অনুপাত: ৯৮.১ : ১০০
- ৪। জনসংখ্যার ঘনত্ব: ১,১৫৩ জন (প্রতি বর্গ কিলোমিটারে)
- ৫। এক বছরের কম বয়সী শিশু মৃত্যুহার: ২২ জন (প্রতি হাজারে)
- ৬। প্রত্যাশিত গড় আয়ু: ৭২.৩ বছর
- ৭। সাক্ষরতার হার: ৭৬.৪%
- ৮। দারিদ্র্যের হার: ১৮.৭%
- ৯। চরম দারিদ্র্যের হার: ৫.৬০%
- ১০। GDP প্রবৃদ্ধির হার: ৬.০৩%
- ১১। গড় মূল্যস্ফীতি: ৭.৫%
- ১২। চলতি মূল্যে মাথাপিছু আয়: ২, ৭৬৫ মার্কিন ডলার
- ১৩। চলতি মূল্যে মাথাপিছু জিডিপি: ২, ৬৫৭ মার্কিন ডলার
- ১৪। চলতি মূল্যে জিডিপি'র পরিমাণ: ৪৪, ৩৯, ২৭৩ কোটি টাকা
- ১৫। স্থির মূল্যে জিডিপি'র পরিমাণ: ৩২, ১৮, ০৩১ কোটি টাকা

- ১৬। GDP-তে কৃষি খাতের অবদান: ১১.৩৮% (প্রবৃদ্ধি : ২.৬১%)
- ১৭। GDP-তে শিল্প খাতের অবদান: ৩৫.৫৫% (প্রবৃদ্ধি : ৮.১৮%)
- ১৮। GDP-তে সেবা খাতের অবদান: ৫৩.০৭% (প্রবৃদ্ধি : ৫.৮৪%)
- ২০। মোট শ্রমশক্তি : ৭.৩৪ কোটি

সর্বজনীন পেনশন কর্মসূচি

১. 'সর্বজনীন পেনশন ব্যবস্থাপনা বিল-২০২৩' জাতীয় সংসদে পাশ হয়- ২৪ জানুয়ারি, ২০২৩
২. নতুন করে 'জাতীয় পেনশন কর্তৃপক্ষ' হবে গঠিত হয়? - ২ এপ্রিল, ২০২৩। ১ জন নির্বাহী চেয়ারম্যান ও ৪ জন সদস্য। অর্থাৎ মোট ৫ সদস্য বিশিষ্ট। তাদের পদের মেয়াদ ৩ বছর করে।
৩. 'সর্বজনীন পেনশন স্কিম বিধিমালা, ২০২৩' জারি করা হয়- ১৩ আগস্ট, ২০২৩।
৪. সর্বজনীন পেনশন কর্মসূচির উদ্বোধন করা হয়- ১৭ আগস্ট, ২০২৩
৫. কত সালের মধ্যে সবার জন্য সর্বজনীন পেনশন ব্যবস্থা বাধ্যতামূলক করা হবে- ২০৩০ সালের মধ্যে
৬. সর্বজনীন পেনশন স্কিমে মোট কত ধরনের স্কিম রয়েছে- ৪ ধরনের
৭. বাংলাদেশে কত বছর থেকে কত বছর বয়স পর্যন্ত সর্বজনীন পেনশন ব্যবস্থা চালুর উদ্যোগ নিয়েছে সরকার- ১৮-৫০ বছর বয়সীদের জন্য। তবে কেউ পেনশন পলিসি গ্রহণ করলে ৬০ বছর বয়স অতিক্রম করলে পেনশন পাওয়া শুরু করবেন।
৮. সর্বজনীন পেনশন সুবিধার আওতায় জমানো অর্ধের কত শতাংশ পর্যন্ত ঋণ সুবিধা পাওয়া যাবে- ৫০% পর্যন্ত

মুজিববর্ষ ও বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী

- প্রশ্ন: মুজিববর্ষের সময়কাল কত?
উত্তর : ১৭ মার্চ ২০২০-৩১ মার্চ ২০২২।
- প্রশ্ন: মুজিব শতবর্ষের লোগোটির ডিজাইনার কে?
উত্তর : সব্যসাচী হাজারা।
- প্রশ্ন: বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এর লোগোর ডিজাইনার কে?
উত্তর : রামেন্দ্র মজুমদার ও প্রদীপ চক্রবর্তী
- প্রশ্ন: 'মুজিববর্ষ'র থিম সং এর রচয়িতা (গীতিকার) কে?
উত্তর : কামাল আবদুল নাসের চৌধুরী (কবি কামাল চৌধুরী)
- প্রশ্ন: 'মুজিববর্ষ'র থিম সং এর সুরকার কে? উত্তর : নকীব খান
- প্রশ্ন: 'মুজিববর্ষ' উপলক্ষে ইউনেস্কো কর্তৃক প্রবর্তিত 'UNESCO-Bangladesh Bangabandhu Sheikh Mujibur Rahman International Prize for the Creative Economy' এর আর্থিকমূল্য কত ডলার?
উত্তর : ৫০ হাজার ডলার। [এটি প্রতি ২ বছর পর পর দেয়া হবে তরুণদের অর্থনীতির ক্ষেত্রে সৃজনশীল অবদানের জন্য।]

বঙ্গবন্ধু স্যাটেলাইট

➤ বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর গুরুত্বপূর্ণ প্রশ্ন ও উত্তর-

প্রশ্ন: বাংলাদেশের প্রথম স্যাটেলাইটের নাম কী?

উঃ বঙ্গবন্ধু স্যাটেলাইট-১। (কিন্তু বাংলাদেশের প্রথম ন্যানো স্যাটেলাইটের নাম- ব্র্যাক অঘোষা)

প্রশ্ন: বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণ করা হয় কবে?

উঃ ১২ মে, ২০১৮ সালে। (বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ উৎক্ষেপণ করা হবে ২০২৩ সালে)

প্রশ্ন: বিশ্বের কততম দেশ হিসেবে বাংলাদেশ স্যাটেলাইটের যুগে প্রবেশ করলো?

উঃ ৫৭তম দেশ।

প্রশ্ন: 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-২' কোন ধরনের স্যাটেলাইট?

উত্তর : ভূ-পৃষ্ঠ পর্যবেক্ষণ স্যাটেলাইট। ইংরেজিতে যাকে বলে 'Earth Observation Satellite' (EOS)। 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১' ছিল মূলত 'কমিউনিকেশন স্যাটেলাইট'।

প্রশ্ন: 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-২' কবে উৎক্ষেপণ করা হবে?

উত্তর : ২০২৩ সালের ডিসেম্বরে

শীর্ষ ও সর্বনিম্ন জেলা ও বিভাগ

ক্র্যাটারি	শীর্ষ/বৃহত্তম		সর্বনিম্ন/ক্ষুদ্রতম	
সাক্ষরতা	শীর্ষ বিভাগ	ঢাকা	সর্বনিম্ন বিভাগ	ময়মনসিংহ
সাক্ষরতা	শীর্ষ জেলা	পিরোজপুর	সর্বনিম্ন জেলা	জামালপুর
জনসংখ্যা বৃদ্ধি	শীর্ষ বিভাগ	ঢাকা	সর্বনিম্ন বিভাগ	বরিশাল
জনসংখ্যা বৃদ্ধি	শীর্ষ জেলা	গাজীপুর	সর্বনিম্ন জেলা	বাগেরহাট

বাংলাদেশ বিষয়াবলির অতি গুরুত্বপূর্ণ সাম্প্রতিক প্রশ্ন

- ২০২৩ সালের বর্ষপণ্য (প্রোডাক্ট অব দ্য ইয়ার) কোনটি? - পাটজাত পণ্য।
- স্মার্ট বাংলাদেশের স্তম্ভ কয়টি? - স্মার্ট বাংলাদেশের ৪টি স্তম্ভ বা ভিত্তি। সেগুলো হলো- ১। স্মার্ট সিটিজেন, ২। স্মার্ট সোসাইটি, ৩। স্মার্ট ইকোনমি ও ৪। স্মার্ট গভর্নমেন্ট।
- কত সালের মধ্যে বাংলাদেশকে 'স্মার্ট বাংলাদেশ' হিসেবে গড়ে তোলা হবে? - ২০৪১ সালের মধ্যে।

- বাংলাদেশে প্রথমবারের মতো 'খাদ্য ও কৃষি সংস্থা' (FAO) ও ৩৬তম এশিয়া-প্যাসিফিক অঞ্চলের সম্মেলন (APRC) ক অনুষ্ঠিত হয়- ৮-১১ মার্চ, ২০২২।
- হাইকোর্ট 'জয় বাংলা'কে 'জাতীয় স্লোগান' হিসেবে ঘোষণা করে চূড়ান্ত রায় প্রদান করে কবে? - ১০ মার্চ ২০২০।
- 'জয় বাংলা'কে 'জাতীয় স্লোগান' হিসেবে মন্ত্রিসভায় অনুমোদন দেয়- ২ মার্চ ২০২২।
- বাংলাদেশকে শতভাগ বিদ্যুতায়নের দেশ ঘোষণা করা হয়- ২ মার্চ, ২০২২।
- বর্তমানে দেশে স্থলবন্দর কতটি? - ২৫টি।
- দেশের ২৫তম স্থল বন্দরের নাম কী? - মুজিবনগর স্থলবন্দর মেহেরপুর।
- বর্তমানে দেশে নদীবন্দর কতটি? - ৪৩টি। ৪৩তম নদীবন্দর নাজিবগঞ্জ স্থলবন্দর, পাবনা।
- বর্তমানে দেশে উপজেলার সংখ্যা কতটি? - ৪৯৫টি। ৪৯৫তম উপজেলা- 'ভাসার উপজেলা', মাদারীপুর।
- বর্তমানে দেশের গ্যাসক্ষেত্র কয়টি? - ২৯টি।
- বাংলাদেশের ২৯তম গ্যাসক্ষেত্রের নাম কী? - ইলিশা-১, ভেলা।
- বর্তমানে (১৫ সেপ্টেম্বর, ২০২৩ পর্যন্ত) দেশের জিআই পণ্য- ১৭টি। দেশের ১৭তম জিআই পণ্য কোনটি? - নাটোরের কাঁচাগোল্লা।
- এখন পর্যন্ত কতটি অর্থনৈতিক অঞ্চলকে সরকার অনুমোদন দিয়েছে? - ৯৭টি।
- 'মারমা-বাংলা অভিধান'- এর সংকলক কে- জুয়েল বড়ুয়া
- বাংলাদেশের সবচেয়ে বড় বায়ু বিদ্যুৎ কোথায় স্থাপন করা হবে- কক্সবাজার
- নাটোরের 'দিঘাপাতিয়া রাজবাড়ি' এর নাম থেকে 'উত্তরা গণকর্ষ' নামকরণ করেন কে- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান (১৯৭২ সালে)
- নাটোরের 'দিঘাপাতিয়া রাজবাড়ি' নির্মাণ করেন- দয়্যারাম রায় (১৭৯৫ সালে)
- বাংলাদেশে প্রথম 'আশ্রয়ণ প্রকল্প' চালু হয় কত সালে- ১৯৯৭ সালে। কক্সবাজার জেলার সেন্ট মার্টিনে প্রথম চালু করা হয়।
- 'আশ্রয়ণ প্রকল্প-২' চালু করা হয় কবে- ২০১০ সালে
- সেন্ট মার্টিন ও তার আশেপাশের কত বর্গ কিলোমিটার এলাকাকে 'সেন্ট মার্টিন প্রটেক্টেড এরিয়া' হিসেবে ঘোষণা করা হয়- ১,৭৪৩ বর্গ কিলোমিটার
- বাংলাদেশে প্রধান নির্বাচন কমিশনার ও অন্যান্য কমিশনার হতে ন্যূনতম কত বছর বয়সী হতে হবে- ৫০ বছর।
- বাংলাদেশের সবচেয়ে বড় ও আধুনিক আভার পাসের নাম কী- সুরসঙ্গক
- বাংলায় দেশের সর্বপ্রথম ইন্টারনেট ব্রাউজারের নাম কী? - দুর্গ

৬. আইসিটি শিল্পের বিকাশের জন্য সারাদেশে স্থাপিত হচ্ছে-
২৮টি হাইটেক পার্ক
৭. প্রকাশিতব্য গ্রন্থ 'বঙ্গবন্ধুর স্মৃতিকথা'-এর রচয়িতা- বঙ্গবন্ধু
শেখ মুজিবুর রহমান।
৮. কারাগার থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান লিখিত চিঠিপত্র
নিয়ে সংকলিত গ্রন্থের নাম কী?- চিঠিপত্র : শেখ মুজিবুর
রহমান।
৯. বঙ্গবন্ধুর ২০০টি ভাষণ সংকলিত বই 'ভায়েরা আমার' গ্রন্থের
ভূমিকা লিখেন কে?- মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা
১০. "My Father, My Bangladesh" গ্রন্থের লেখক কে?-
মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা
১১. বঙ্গবন্ধু মানমন্দির কোথায় নির্মাণ/বঙ্গবন্ধু মহাকাশ অবলোকন
কেন্দ্র করা হবে?- ভাঙ্গা, ফরিদপুর।
১২. "BANGABANDHU SHEIKH MUJIBUR
RAHMAN : Philosophy, Politics and Policies"
নামক গ্রন্থের লেখক কে- অধ্যাপক রেহমান সোবহান ও
অধ্যাপক রওনক জাহান
১৩. "Mujib : The Making of a Nation" নামক বঙ্গবন্ধুর
জীবনীভিত্তিক চলচ্চিত্রটির পরিচালক কে- ভারতের বিখ্যাত
চলচ্চিত্র নির্মাতা শ্যাম বেনেগাল
১৪. বঙ্গবন্ধুকে নিয়ে বাংলাদেশ-ভারতের যৌথ প্রযোজনায় নির্মিত
চলচ্চিত্রের নাম কী- "মুজিব : একটি জাতির রূপকার"
(চলচ্চিত্রটির পরিচালক- ভারতের বিখ্যাত চলচ্চিত্র নির্মাতা
শ্যাম বেনেগাল)
১৫. 'বঙ্গবন্ধু লাইভ ম্যাংগো' মির্জিয়াম কোথায় অবস্থিত- শিবগঞ্জ,
চাপাইনবাবগঞ্জ
১৬. 'বঙ্গবন্ধু সামরিক জাদুঘর' কোথায় অবস্থিত- বিজয় সরণি,
ঢাকা (উদ্বোধন করা হয়- ৬ জানুয়ারি ২০২২)
১৭. 'শেখ হাসিনা ধরলা সেতু' সেতুবন্ধন করেছে- কুড়িগ্রাম ও
লালমনিরহাট জেলাকে
১৮. শেখ কামাল ইন্টারন্যাশনাল স্পোর্টস কমপ্লেক্স কোথায় নির্মিত
হচ্ছে- কক্সবাজার
১৯. 'শেখ হাসিনা নকশিপল্লি' অবস্থিত- জামালপুর জেলায়।
২০. প্রস্তাবিত 'প্রাস্টিক নগরী' হবে- ঢাকার কেরানীগঞ্জে
২১. প্রস্তাবিত 'পোশাক শিল্প পার্ক' নির্মিত হবে- মুন্সিগঞ্জের
গজারিয়া থানা বাউশিয়াতে।
২২. বাংলাদেশের 'ট্যানারি শিল্প নগরী' অবস্থিত- ঢাকার সাভারে।
২৩. দেশের প্রথম পোষাপ্রাণীর হাসপাতাল- ঢাকার পূর্বাচলে অবস্থিত।
২৪. বাংলাদেশের সর্বাধুনিক কমপ্লেক্স 'বঙ্গবন্ধু কমপ্লেক্স' নির্মিত হচ্ছে-
সিলেটে
২৫. জাতীয় ডেটা সেন্টার বা তথ্যভাণ্ডার- কালিয়াকৈর, গাজীপুর।
২৬. যে তিনটি অর্থনৈতিক অঞ্চল বা 'ইকোনমিক জোন' নিয়ে
'বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগর' গঠিত- ফেনী, মিরসরাই ও সিতাকুণ্ড।
২৭. 'নিকলী হাওর' অবস্থিত- কিশোরগঞ্জ।
২৮. মুক্তিযুদ্ধভিত্তিক ভাস্কর্য 'বীর'- নিকুঞ্জ গেট, ঢাকায় অবস্থিত;
নকশাকার- হাজ্জাজ কায়সার।
২৯. দেশের বৃহত্তম যুদ্ধ বিমানঘাঁটির নাম- বিমানবাহিনী বঙ্গবন্ধু
৩০. 'বানৌজা শেখ মুজিব নৌঘাঁটি' অবস্থিত- ঢাকার খিলক্ষেত।
৩১. সরকার ঘোষিত দেশের প্রথম আধুনিক থানা- ঢাকার
হাতিরঝিল থানা
৩২. বাংলাদেশে আশ্রিত শিশুদের লেখাপড়ার দায়িত্বে জাতিসংঘের
যে সংস্থাটি কাজ করছে- ইউনিসেফ
৩৩. হাইকোর্ট বিভাগ প্রকৃতির কোন উপাদানকে জীবন্ত সত্তা
(লিগ্যান্ড প্যারসন) ঘোষণা করেছে- নদ-নদীকে।
৩৪. বাংলাদেশের চতুর্থ সমুদ্রবন্দর ও প্রথম গভীর সমুদ্রবন্দর
নির্মিত হচ্ছে- কক্সবাজার জেলার মহেশখালী উপজেলার
মাতারবাড়িতে।
৩৫. নির্মিতব্য বাংলাদেশের প্রথম গভীর সমুদ্রবন্দর মাতারবাড়ি
সমুদ্রবন্দর নির্মাণে বাংলাদেশকে আর্থিক ও কারিগরি সহায়তা
করছে কোন দেশ- জাপান
৩৬. বাংলাদেশের দীর্ঘতম রানওয়ে হতে যাচ্ছে- কক্সবাজার
আন্তর্জাতিক বিমানবন্দরে
৩৭. ঢাকা, চট্টগ্রাম ও সিলেটের পর সরকার ৪র্থ আন্তর্জাতিক
বিমানবন্দর নির্মাণ করছে- কক্সবাজার আন্তর্জাতিক বিমানবন্দর
৩৮. বাংলাদেশে 'বে-টার্মিনাল' নির্মিত হচ্ছে- চট্টগ্রাম বন্দরে। বে-
টার্মিনালকে বলা হচ্ছে - 'আজ এবং আগামীর বন্দর'।
বঙ্গোপসাগরের বুকে ২,৫০০ একর জায়গার উপর এই টার্মিনাল
নির্মিত হচ্ছে।
৩৯. 'বঙ্গবন্ধু বস্ত্র ও পাট জাদুঘর' স্থাপিত হবে- নরায়ণগঞ্জ জেলার
রূপগঞ্জ থানার তারাবোয়
৪০. 'দ্য স্ট্যাচু অব স্পিচ অ্যান্ড ফ্রিডম' নামের বঙ্গবন্ধুর ভাস্কর্যটি
অবস্থিত- ঝিনাইদহ জেলার কালিগঞ্জ উপজেলায়। (উচ্চতা:
১২৩ ফুট। স্থপতি- কীর্তিবাস রায় ও আজাদ রানা)
৪১. বাংলাদেশ সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক
অনুমোদিত দেশের প্রথম 'গ্রিনবন্ড' হলো- সাজেদা ফাউন্ডেশন
৪২. বিশ্বের প্রথম দেশ হিসেবে কোন দেশ 'সিঙ্গেল-ইউজ প্রাস্টিক'
এর ব্যবহার নিষিদ্ধ করে- বাংলাদেশ
৪৩. বর্তমানে সরকারি তালিকামুক্ত মুক্তিযোদ্ধাদের মাসিক সম্মানী
ভাতা- ২০ হাজার টাকা
৪৪. 'অসমাপ্ত আত্মজীবনী' অবলম্বনে নির্মিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রের
নাম- চিরঞ্জীব মুজিব (পরিচালক- নজরুল ইসলাম)
৪৫. মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সম্প্রতি যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ড
অঙ্গরাজ্যে উদ্বোধন করেন- 'বাংলাদেশ হাউজ' এর।

৬৬. সম্প্রতি 'বাংলাদেশ রোড' এর উদ্বোধন করা হয়- দক্ষিণ সুদানের রাজধানী জুবা।
৬৭. বিশ্বের দীর্ঘতম মেরিন ড্রাইভ নির্মিত হচ্ছে- চট্টগ্রামের মিরসরাই থেকে কক্সবাজার পর্যন্ত প্রায় ২৫০ কিলোমিটার দৈর্ঘ্যের মেরিন ড্রাইভ।
৬৮. বাংলাদেশে পরীক্ষামূলকভাবে ৫জি চালু হয়- ১২ ডিসেম্বর ২০২১ (চালু করে- টেলিটক বাংলাদেশ লিমিটেড)
৬৯. বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধ নিয়ে ইংরেজি ভাষায় নির্মিতব্য প্রথম পূর্ণাঙ্গ চলচ্চিত্রের নাম- জ্যা কুয়ে ১৯৭১ (পরিচালক- ফখরুল আরেফীন খান)
৭০. বাংলাদেশের একমাত্র 'Living Entity' পর্যাদাপ্রাপ্ত নদী - তুরাগ নদী
৭১. বাংলাদেশ তৃতীয় সাবমেরিন ক্যাবল 'SEA-ME-WE 6' কনসোর্টিয়ামে যুক্ত হবে কবে- ২০২৪ সালে (এই বিষয়ে চুক্তি স্বাক্ষরিত হয় ২৩ সেপ্টেম্বর ২০২১)
৭২. সর্বশেষ নিয়োগপ্রাপ্ত জাতীয় অধ্যাপক (৩০ আগস্ট, ২০২২)- এম কিউ কে তালুকদার
৭৩. আলোচিত ঘুমধুম ও তুমকু সীমান্ত কোথায় অবস্থিত- নাইক্ষ্যছড়ি, বান্দরবান জেলা। (এটি মিয়ানমারের সীমান্তবর্তী)
৭৪. বাংলাদেশের প্রথম ৬ লেন-বিশিষ্ট সেতুর নাম কী- মধুমতি সেতু (মধুমতি নদীর উপর নির্মিত। এই সেতুর পূর্ব পাড়ে গোপালগঞ্জের কাশিয়ানী উপজেলা এবং পশ্চিম পাশে নড়াইলের লোহাগড়া উপজেলা অবস্থিত। মধুমতি সেতুর দৈর্ঘ্য ৬৯০ মিটার।
৭৫. বাংলাদেশের শেয়ারবাজারে প্রথমবারের মতো সরকারি বন্ডের লেনদেন শুরু হয় কবে- ১০ অক্টোবর ২০২২।
৭৬. বাংলাদেশ কত সাল পর্যন্ত ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশসমূহে স্ক্রুমুক্ত রপ্তানি সুবিধা পাবে?- ২০২৯ সালে।
৭৭. ২০২২ সালে কোন দেশ বাংলাদেশের সাথে ভিসা অব্যাহতি চুক্তি কার্যকর করে?- ওমান।
৭৮. মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রথম কোন দুটি জেলাকে প্রথম ভূমিহীন ও গৃহহীনমুক্ত ঘোষণা করেন?- মাগুরা ও পঞ্চগড় জেলাকে।
৭৯. বাংলাদেশের প্রথম 'স্মার্ট উপজেলা' হিসেবে কোন উপজেলাকে ঘোষণা করা হয়- শিবচর উপজেলা, মাদারীপুর।
৮০. বাংলাদেশের সবচেয়ে বড় কমলাভিত্তিক বিদ্যুৎকেন্দ্র কোনটি?- পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্র। এটি বর্তমানে বাংলাদেশের সর্ববৃহৎ তাপবিদ্যুৎ কেন্দ্রও বটে।
৮১. বাংলাদেশের সবচেয়ে বড় সৌরবিদ্যুৎ প্রকল্প কোনটি?- গাইবান্ধার সুন্দরগঞ্জ উপজেলায় অবস্থিত 'তিস্তা সোলার লিমিটেড'। (উৎপাদন ক্ষমতা: ২০০ মেগাওয়াট। নির্মিত হয়েছে ৬৫০ একর জমির উপর। উল্লেখ্য যে, দেশের প্রথম সরকারি সৌর বিদ্যুৎ কেন্দ্রের নাম- 'কাপ্তাই সৌর বিদ্যুৎ কেন্দ্র', রাঙামাটি জেলা।)
৮২. বাংলাদেশের প্রথম ও বিশ্বের সর্ববৃহৎ জলবায়ু উষ্ণতা আশ্রয়কেন্দ্র উদ্বোধন করা হয় কোথায়?- কক্সবাজার জেলায় 'খুরুশকুল আশ্রয়ণ প্রকল্প'
৮৩. জলবায়ু গবেষণায় বাংলাদেশের প্রথম ক্রাইমেট সেন্টার কোথায় অবস্থিত?- শ্রীপুর, গাজীপুর।
৮৪. জলবায়ু গবেষণায় বাংলাদেশের প্রথম ক্রাইমেট সেন্টার এর যাত্রা শুরু হয় কবে?- ১ অক্টোবর ২০২২।
৮৫. বাংলাদেশের হালদা নদীর বর্তমান নাম কী?- বঙ্গবন্ধু নদসং হেরিটেজ।
৮৬. বর্তমানে বাংলাদেশ ব্যাংকের গভর্নরদের অবসরের সর্বোচ্চ বয়সীমা কত?- ৬৭ বছর (পূর্বে ছিল- ৬৫ বছর)
৮৭. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কোন চলচ্চিত্রে অভিনয় করেছিলেন?- চাষী নজরুল ইসলাম পরিচালিত 'সংগ্রাম' চলচ্চিত্রে।
৮৮. দেশের সপ্তম ব্যাংক নোট কত টাকা মূল্যমানের?- ২০০ টাকা। (বাজারে ছাড়ে ১৭ মার্চ ২০২০ সালে)
৮৯. বাংলাদেশে প্রথম পরিবেশবান্ধব e-SIM (Embedded SIM) চালু করে কোন মোবাইল অপারেটর?- গ্রামীণফোন (৭ মার্চ)
৯০. বাংলাদেশ 'নিউ ডেভেলপমেন্ট ব্যাংক' (NDB) এর সদস্যপদ লাভ করে- ১৬ সেপ্টেম্বর ২০২১।
৯১. ২০২২ সালে 'গ্লোবাল অ্যান্ডেসডের ফর ডায়াবেটিস' উপাধিতে ভূষিত হন কে?- মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
৯২. 'জয় বাংলা' চলচ্চিত্রের পরিচালক কে?- কাজী হায়াৎ
৯৩. বাংলাদেশের ২২তম ও বর্তমান রাষ্ট্রপতি কে?- মোহাম্মদ শাহাবুদ্দিন চুপ্পু (জন্ম: পাবনা জেলায়)।
৯৪. দেশের বর্তমান ও ২৪তম প্রধান বিচারপতি- ওবায়দুল হাসান
৯৫. বাংলাদেশে আর্জেন্টিনা দূতাবাস পুনরায় চালু হয়- ২৭ ফেব্রুয়ারি, ২০২৩। (প্রথম চালু করেছিল ১৯৭৪ সালে পরে আর্জেন্টিনার সামরিক সরকার ১৯৭৮ সালে দূতাবাসটি বন্ধ করে দিয়েছিল)
৯৬. ২০২৩ সালে কোন সংস্থার শীর্ষ সম্মেলনে 'গেস্ট অফিস' হিসেবে বাংলাদেশ অন্তর্ভুক্ত হয়?- জি-২০। ২০২৩ সালের ৯-১০ সেপ্টেম্বর তারিখে ১৮তম 'G-20' শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয় ভারতের নয়া দিল্লির প্রগতি ময়দানে।
৯৭. ২০২৩ সালে কোন বিশ্ববিদ্যালয় বঙ্গবন্ধুকে মরণোত্তর 'ডক্টর অব লজ' ডিগ্রি প্রদান করে- ঢাকা বিশ্ববিদ্যালয়।
৯৮. ২০২২ সালের ১৯ নভেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের কততম সমাবর্তন অনুষ্ঠিত হয়?- ৫৩তম।

৯৯. ২০২২ সালের ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫৩তম সমাবর্তনে কাকে 'ডক্টর অব লজ' ডিগ্রি প্রদান করা হয়? - ফরাসি অর্থনীতিবিদ ডা. জেন টেরোল। তিনি সমাবর্তনের প্রধান বক্তা ছিলেন।
১০০. সম্প্রতি বাংলাদেশের বিজ্ঞানী কোন ফলের জীবনরহস্য উন্মোচন করেন? - কাঁঠালের জীবনরহস্য অধ্যাপক তোফাজ্জল ইসলামের নেতৃত্বে।
১০১. ১৯৭১ সালে বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে অবদানের জন্য ২০২২ সালে কাকে 'মুক্তিযুদ্ধ মৈত্রী সম্মাননা' বা 'ফ্রেন্ডস অব লিবারেশন ওয়ার অনার' প্রদান করা হয়? - এডওয়ার্ড টেড কেনেডি।
১০২. বাংলাদেশ-ভারত মৈত্রী পাইপলাইনের দৈর্ঘ্য কত? - ১৩০ কিলোমিটার।
১০৩. বাংলাদেশের জাতীয় সংসদে 'আয়কর বিল, ২০২৩' পাস হয় কবে? - ১৮ জুন, ২০২৩।
১০৪. ব্রিটিশ সাময়িকী 'দি ইকোনোমিস্ট' ২৪ মে, ২০২৩ তারিখে কাকে 'এশিয়ার আয়রন লেডি' হিসেবে সম্বোধন করে? - প্রধানমন্ত্রী শেখ হাসিনা
১০৫. ২০২৩ সালের ২২ মার্চ তারিখে বাংলাদেশ কোন দেশের সঙ্গে ট্রানজিট চুক্তি স্বাক্ষর করে? - ভুটানের সঙ্গে
১০৬. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'জুলিও কুরি পদক' প্রাপ্তির ৫০ বছর উদযাপন করা হয় কবে? - ২৩ মে, ২০২৩ সালে
১০৭. বাংলাদেশের কোথায় প্রথম নলেজ পার্ক এর ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়? - বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ
১০৮. বাংলাদেশের কোথায় বৃহত্তর পাটকল কোথায় অবস্থিত? - গোপালগঞ্জ জেলার মকসুদপুর উপজেলায়। নাম : পাটকল আকিজ জুট মিলস।
১০৯. বাংলাদেশ ও ভারতের মধ্যে রূপিতে লেনদেন শুরু হয় কবে? - ১১ জুলাই ২০২৩।
১১০. এশীয় উন্নয়ন ব্যাংকের (ADB) প্রথম বাংলাদেশি ভাইস প্রেসিডেন্ট হিসেবে নিয়োগ পান কে? - ফাতিমা ইয়াসমিন।
১১১. দেশের প্রথম নারী হিসাব মহানিয়ন্ত্রক (CGA) কে? - ফাহিমদা ইসলাম।
১১২. ২০২২-২৩ অর্থবছরে দেশের গড় মূল্যস্ফীতি কত? - ৯.০২%।
১১৩. ২০২৩ সালের জরিপ অনুযায়ী, দেশে প্রায়োগিক সাক্ষরতার হার (৭+) কত? - ৬২.৯২%।
১১৪. ২০২২ সালের খানা আয় ও ব্যয় জরিপ অনুযায়ী, উচ্চ দারিদ্র্যের হারে শীর্ষ বিভাগ কোনটি? - বরিশাল।
১১৫. ২০২২ সালের খানা আয় ও ব্যয় জরিপ অনুযায়ী, উচ্চ দারিদ্র্যের হার কম কোন বিভাগে? - খুলনা।
১১৬. বাংলাদেশের প্রথম টাকার ও মুদ্রার নকশাকার কে? - কে জি মুস্তাফা।
১১৭. দেশের একক বৃহত্তম পয়ঃশোধনাগার কেন্দ্র কোথায় অবস্থিত? - খিলগাঁও, ঢাকা।
১১৮. দেশের বৃহত্তম রাবার ড্যাম নির্মাণ করা হচ্ছে কোথায়? - চাঁপাইনবাবগঞ্জ।
১১৯. পদ্মা সেতুতে পরীক্ষামূলকভাবে Electronic Toll Collection (ETC) কার্যক্রম চালু হয় কবে? - ৫ জুলাই ২০২৩।
১২০. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কিশোর বয়সের কাহিনি নিয়ে নির্মিত চলচ্চিত্রের নাম কী? - দুঃসাহসী খোকা (পরিচালক মুশফিকুর রহমান গুলজার)।
১২১. শেখ ফজিলাতুন নেছা মুজিবকে নিয়ে নির্মিত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের নাম কী? - বঙ্গমাতা।
১২২. চ্যানেল ২৪-এ দেশে প্রথম বারের মতো কৃত্রিম বুদ্ধিমত্তার (AI) রোবট সংবাদ পাঠিকার নাম কী? - অপরাজিতা।
১২৩. দেশের একমাত্র চতুর্দেশীয় স্থলবন্দর কোনটি? - বাংলাবান্ধা স্থলবন্দর (তেঁতুলিয়া, পঞ্চগড়)।
১২৪. হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল কবে উদ্বোধন করা হবে? - ৭ অক্টোবর ২০২৩।
১২৫. বৈজ্ঞানিক পদ্ধতিতে নির্মিত বাংলাদেশের প্রথম উদ্যানের নাম কী? - চৈতন্য নার্সারি ও ফোরটার্নস গার্ডেন, জামালপুর।
১২৬. দেশের দ্বিতীয় এলিভেটেড এক্সপ্রেসওয়ের নাম কী? - চট্টগ্রাম এলিভেটেড এক্সপ্রেসওয়ে।
১২৭. দেশের তৃতীয় চা নিলাম কেন্দ্র কোথায় অবস্থিত? - পঞ্চগড়।
১২৮. দেশের প্রথম শুষ্ক নীতি গেজেট আকারে প্রকাশিত হয় কবে? - ১০ আগস্ট ২০২৩।
১২৯. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল উদ্বোধন করা হবে কবে? - ২৮ অক্টোবর ২০২৩।
১৩০. জাতিসংঘের কোন সংস্থা ২০২৩ সালে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে 'ইউএন বাংলা ফন্ট' নামে বাংলা ইউনিকোড ফন্ট উন্মুক্ত করে? - জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি)
১৩১. রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র অবস্থিত- ঈশ্বরদী, পাবনা
১৩২. বাংলাদেশের প্রথম পাতাল রেলের পথের দৈর্ঘ্য: ৩১.২৪ কি.মি. এবং স্টেশনের সংখ্যা- ২২টি
১৩৩. সম্প্রতি ২ দিনের সফরে ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁ ঢাকায় আসেন কবে? - ১০ সেপ্টেম্বর, ২০২৩ ঢাকা ত্যাগ করেন ১১ সেপ্টেম্বর। ৩৩ বছর পর কোনো ফরাসি প্রেসিডেন্ট ঢাকায় সফরে এসেছেন। উক্ত সফরে ২টি চুক্তি স্বাক্ষরিত হয়। বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ উৎক্ষেপণ ও স্থানীয় সরকার প্রকল্পে ঋণ প্রদানে এই ২টি চুক্তি স্বাক্ষরিত হয়।

সাম্প্রতিক সাধারণ জ্ঞান : আন্তর্জাতিক

ভারতের চন্দ্রাভিযান

- ভারতের 'চন্দ্রযান-৩' কবে উৎক্ষেপণ করা হয়? - ১৪ জুলাই ২০২৩; অন্ধ্রপ্রদেশের শ্রীহরিকোটায় সতীশ ধাওয়ান স্পেস সেন্টার থেকে এটি উৎক্ষেপণ করা হয়। চাঁদের বুকে অবতরণ করে- ২৩ আগস্ট, ২০২৩। ভারতের 'চন্দ্রযান-৩' ল্যান্ডারের নাম 'বিক্রম' এবং মুন রোভারের নাম 'প্রজ্ঞান'। উল্লেখ্য যে, ২০০৮ সালে প্রথম ভারত 'চন্দ্রাভিযান-১' উৎক্ষেপণ করেছিল।
- বিশ্বের প্রথম চাঁদের দক্ষিণ মেরুতে অবতরণ করে কোন দেশ? - ভারত। তবে, চাঁদের বুকে পা রাখা দেশ হিসেবে ভারতের অবস্থান -৪র্থ। এর আগে যুক্তরাষ্ট্র, রাশিয়া ও চীন চাঁদের বুকে পা রেখেছে। উল্লেখ্যে, সম্প্রতি চাঁদের দক্ষিণ মেরুতে বিজ্ঞানীরা পানির অস্তিত্ব খুঁজে পয়েছেন।
- ভারতের মহাকাশ গবেষণা সংস্থার নাম- Indian Space Research Organisation (ISRO); প্রতিষ্ঠিত হয়- ১৯৬৯ সালে। বেঙ্গালুর, কর্ণাটক। ভারতের মহাকাশ গবেষণার পথিকৃৎ বিজ্ঞানী বিক্রম সারাভাই এর প্রতিষ্ঠাতা।

রাশিয়া-ইউক্রেন যুদ্ধ

- প্রশ্ন: সম্প্রতি রাশিয়া কবে ইউক্রেনে হামলা চালায়/যুদ্ধ শুরু হয়?
উত্তর: ২৪ ফেব্রুয়ারি, ২০২২।
- প্রশ্ন: রাশিয়া ও ইউক্রেন যুদ্ধের কেন্দ্রবিন্দু কোন অঞ্চল?
উত্তর: পূর্ব ইউক্রেনের দানবাস অঞ্চল।
- প্রশ্ন: রাশিয়া-ইউক্রেন যুদ্ধে ইউক্রেনের আলোচিত শহরগুলো কী কী?
উত্তর: ক্রিমিয়া, দোনেৎস্ক, লুহানস্ক, বারদিয়ানস্ক, মারিউপোল, খারকিভ, খেরসন, ওডেসা, মিকোলাইভ, চেরনিহিভ, ইরপিন, মাকারিভ, বুচা।
- প্রশ্ন: ইউক্রেনে রাশিয়ার গণহত্যা চালানোর অভিযোগে জাতিসংঘের কোন সংস্থা থেকে রাশিয়ার সদস্যপদ বাতিল করা হয়?
উত্তর: UNHRC (United Nations Human Rights Council. এটি ২০০৬ সালে প্রতিষ্ঠা করা হয়। এর সদর দপ্তর জেনেভা, সুইজারল্যান্ড)
- প্রশ্ন: রাশিয়া-ইউক্রেন যুদ্ধকালে কৃষ্ণসাগরে ডুবে যাওয়া যুদ্ধজাহাজটির নাম কী?
উত্তর: মস্কভা
- প্রশ্ন: 'অলভিয়া সমুদ্রবন্দর' কোথায় অবস্থিত?
উত্তর: কৃষ্ণসাগর, ইউক্রেন।
- প্রশ্ন: আলোচিত ওডেসা বন্দর কোথায় অবস্থিত?
উত্তর: ইউক্রেনে। এই কৃষ্ণসাগরের তীরবর্তী একটি বন্দর।
- প্রশ্ন: ২০১৪ সালের ১৮ মার্চ রাশিয়া ইউক্রেনের পূর্বাঞ্চলের কোন দ্বীপ দখল করে নেয়?

উত্তর: ক্রিমিয়া উপদ্বীপ। এটি কৃষ্ণ সাগরে অবস্থিত। এর আয়তন ২৭,০০০ বর্গ কিলোমিটার। ক্রিমিয়া উপদ্বীপকে ১৯৫৪ সালে নিকিতা ক্রুশ্চেভ এক ডিক্রির মাধ্যমে ইউক্রেনকে উপহার দেন। ২০১৪ সালের ১৮ মার্চ রাশিয়া ক্রিমিয়া উপদ্বীপকে দখল করে নেয় এবং আনুষ্ঠানিকভাবে রাশিয়ার সাথে ক্রিমিয়া উপদ্বীপকে যুক্ত করে। ২০১৪ সালের ২১ মার্চ। 'সেভাস্তোপোল বন্দর' কৃষ্ণসাগরের তীরে অবস্থিত ক্রিমিয়ার একটি বন্দর। বর্তমানে এখানে রাশিয়ার সামরিক নৌ-ঘাঁটি রয়েছে।

প্রশ্ন: রাশিয়া ও ক্রিমিয়া সংযোগকারী সেতুর নাম কী?

উত্তর: কার্চ সেতু।

প্রশ্ন: রাশিয়া-ইউক্রেন যুদ্ধকে কেন্দ্র করে রাশিয়া কোন দুটি দেশে তাদের বিদ্যুৎ সরবরাহ বন্ধ করে দিয়েছে?

উত্তর: প্রথমে ফিনল্যান্ডে; দ্বিতীয় দেশ হিসেবে লিথুয়ানিয়ার বিদ্যুৎ সরবরাহ বন্ধ করে দেয় রাশিয়া।

প্রশ্ন: ইউক্রেন-রাশিয়া যুদ্ধ শুরু হওয়ার পর ইউক্রেনের প্রেসিডেন্ট জ়াদিমির জেলেনস্কি প্রথম কোন দেশ সফর করেন?

উত্তর: যুক্তরাষ্ট্র।

প্রাণঘাতী নতুন ভাইরাস করোনা

- প্রশ্ন: চীনে করোনাভাইরাস প্রথম সংক্রমণ করে কবে?
উত্তর: ৩১ ডিসেম্বর ২০১৯ সালে।
- প্রশ্ন: বিশ্ব স্বাস্থ্য সংস্থা 'করোনাভাইরাস' এর আনুষ্ঠানিক কী নাম দিয়েছে?
উত্তর: 'COVID-19'
- প্রশ্ন: 'COVID-19' এর মূল নাম কী?
উত্তর: SARS-CoV-2
- প্রশ্ন: 'COVID-19' কোন ধরনের ভাইরাস?
উত্তর: RNA
- প্রশ্ন: চীনের কোন শহরে সর্বপ্রথম করোনাভাইরাস প্রথম সংক্রমণ করে?
উত্তর: ছবেই প্রদেশের রাজধানী উহান শহরে

বিশ্বের গুরুত্বপূর্ণ সাম্প্রতিক সম্মেলন

- প্রশ্ন: স্বল্পোন্নত দেশসমূহের (LDCs) ৫ম জাতিসংঘ সম্মেলন কবে ও কোথায় অনুষ্ঠিত হয়?
উত্তর: ৫-৯ মার্চ, ২০২৩; কাতারের রাজধানী দোহাতে।
- প্রশ্ন: ২৬তম কমনওয়েলথ শীর্ষ সম্মেলন কবে অনুষ্ঠিত হয়?
উত্তর: ২০-২৬ জুন ২০২২; কিগালি, রুয়ান্ডা।
- প্রশ্ন: ২৭তম জাতিসংঘ বিশ্ব জলবায়ু পরিবর্তন সম্মেলন (COP-27) কবে অনুষ্ঠিত হয়?
উত্তর: ৬-২০ নভেম্বর ২০২২; শারম আল শেখ, মিসর।
- প্রশ্ন: ২৮তম জাতিসংঘ বিশ্ব জলবায়ু পরিবর্তন সম্মেলন (COP-28) কবে অনুষ্ঠিত হবে?
উত্তর: ৩০ নভেম্বর-১২ ডিসেম্বর ২০২৩; সংযুক্ত আরব আমিরাতে।

শিক্ষক নিবন্ধন Analysis

- প্রশ্ন: ৪৯তম জি-৭ সম্মেলন অনুষ্ঠিত হবে অনুষ্ঠিত হয়?
